উপনিষদাবলী।

মূল, অন্বয়, টিপ্পনী ও ভগবৎপূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করা-
চার্য্যকৃতভাষ্যানুযায়ী অনুবাদসহিত

সপ্তম খণ্ড।

শ্রীহরিপদচট্টোপাধ্যায় সম্পাদিত

বঙ্গীয়ব্রাহ্মণসভা-বিদ্যালয়াধ্যাপক—
কাব্য-ব্যাকরণ-স্মৃতি-সাংখ্য-বেদান্ততীর্থোপাধিক—
পণ্ডিতশ্রীযুক্তনরেন্দ্রনাথ সিদ্ধান্তশাস্ত্রি-
কর্ত্তৃক সংশোধিত।

২নং হরীতকীবাগান শাস্ত্রপ্রকাশ-কার্য্যালয়
হইতে সম্পাদক কর্ত্তৃক প্রকাশিত।

১৩২৭

গ্রন্থসূচী

ও

অনুবাদক পণ্ডিতগণের নাম।

শ্বেতাশ্বতরোপনিষৎ ।

ওঁ সহ নাববতু সহ নৌ ভুনক্তু সহ বীর্য্যং করবাবহৈ ॥ তেজস্বিনাবধীতমস্তু, মা বিদ্বিষাবহৈ ॥ ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥

১। ওঁ ব্রহ্মবাদিনো বদন্তি ॥ কিং কারণং ব্রহ্ম কুতঃ স্ম জাতা জীবাম কেন ক্ব চ সংপ্রতিষ্ঠাঃ। অধিষ্ঠিতাঃ কেন সুখেতরেষু বর্ত্তামহে ব্রহ্মবিদো ব্যবস্থাম্।

ব্যাখ্যা। ব্রহ্মবাদিনঃ (ব্রহ্মবদনশীলাঃ) বদন্তি (বিচার-)—কিং ব্রহ্ম কারণম্ [অথবা কালাদিঃ] ? [কিং ব্রহ্ম নিমিত্তকারণম্ উত উপাদানম্, অথবা উভয়ম্ ইতি বা প্রশ্নঃ] : (কস্মাৎ) স্ম। (বয়ম্) জাতাঃ (উৎপন্নাঃ) ? কেন বয়ং সৃষ্টাঃ সন্তঃ] জীবাম। ক্ব (কুত্র) চ সংপ্রতিষ্ঠাঃ লয়কালে স্থিতাঃ) ? ব্রহ্মবিদঃ (হে ব্রহ্মজ্ঞাঃ !) [বয়ম্] অধিষ্ঠিতাঃ (নিয়মিতাঃ) সুখেতরেষু (সুখদুঃখেষু) ব্যবস্থাং নিয়মং) বর্ত্তামহে (অনুবর্ত্তামহে)।

অনুবাদ। ব্রহ্মবাদিগণ বলিয়া থাকে যে, এই জগতের কারণ কি ব্রহ্ম, না কালাদি [অথবা] ব্রহ্ম জগতের নিমিত্ত কারণ, কিংবা উপাদান কারণ অথবা উভয়বিধ কারণ? আমরা কোথা হইতে উৎপন্ন হইয়াছি, অর্থাৎ কার্য্য-কারণরূপে বর্ত্তমান আমাদের উৎপত্তির হেতু কে? কাহার দ্বারা আমরা জীবন ধারণ করিতেছি? হে ব্রহ্মবিদগণ! আমরা কাহার দ্বারা নিয়মিত হইয়া সুখে এবং দুঃখে ব্রহ্মবাদীদিগের ব্যবস্থার অনুসরণ করিতেছি?

২। কালস্বভাবো নিয়তির্যদৃচ্ছা ভূতানি যোনিঃ পুরুষ ইতি চিন্ত্যাম্। সংযোগ এষাং নত্বাত্মভাবাদাত্মাপ্যনীশঃ সুখদুঃখহেতোঃ।

ব্যাখ্যা। [ইদানীং কালাদীনি ব্রহ্মকারণবাদপ্রতিপক্ষভূতানি বিচারবিষয়ত্বেন দর্শয়তি—] কালঃ (সর্ব্বভূতানাং বিপরিণামহেতুঃ) স্বভাবঃ (পদার্থানাং প্রতিনিয়তা শক্তিঃ, যথা অগ্নেঃ ঔষ্ণ্যম্) নিয়তিঃ (যথা অগ্নিঃ ঊর্দ্ধমেব জ্বলতি, বায়ুস্তির্য্যগেব পবতে ইতি নিয়মরূপা) যদৃচ্ছা (আকস্মিকী প্রাপ্তিঃ) ভূতানি (আকাশাদীনি) পুরুষঃ (আত্মা) [বা] যোনিঃ

(কারণম্) ইতি (এবং) চিন্ত্যং (নিরূপণীয়ম্)। [তত্র কালাদীনাম্ অকারণত্বং দর্শয়তি] এষাং (কালাদীনাং পুরুষান্তানাং) সংযোগঃ (সম্বন্ধঃ, সংহতিঃ) ন তু (ন এব কারণম্), আত্মভাবাৎ (আত্মনঃ চেতনস্য সত্ত্বাৎ) [আত্মা তর্হি কারণং স্যাদত আহ] আত্মা (জীবঃ) অপি অনীশঃ (অস্বতন্ত্রঃ ন কারণমিত্যর্থঃ)। [কুতঃ?] সুখদুঃখহেতোঃ (সুখদুঃখ-হেতুভূতস্য পুণ্যাপুণ্যলক্ষণস্য কর্ম্মণো বিদ্যমানত্বাৎ কর্ম্মপারবশ্যেনাস্বাতন্ত্র্যাচ্চ) [অতো জীবো ন কারণং কিন্তু স্বতন্ত্রং ব্রহ্ম এব]।

অনুবাদ। [ব্রহ্মকারণবাদের প্রতিকূল কালাদি যে কারণ নহে, তাহা প্রদর্শন করিতেছেন]। কাল, স্বভাব, নিয়তি, যদৃচ্ছা, আকাশাদি ভূতসমূহ কিংবা আত্মা বা মনঃ কারণ কি না নিরূপণ করিতে হইবে। কালাদির সংযোগও কারণ হইতে পারে না, যেহেতু চেতন আত্মা বিদ্যমান রহিয়াছে। তবে যদি বল, জীবই কারণ হইবে, তাহা বলিতে পার না, কারণ জীব সুখ ও দুঃখের কারণীভূত পুণ্য অপুণ্য কর্ম্মের অধীন, সুতরাং স্বতন্ত্র ব্রহ্মই জগতের একমাত্র কারণ।

তাৎপর্য্য। কাল—সমস্ত ভূতের পরিণামকারণ, কারণ,কালে সমস্ত বস্তুই পরিণাম প্রাপ্ত হয়। স্বভাব — পদার্থসমূহের প্রতিনিয়ত শক্তি, যেমন অগ্নির ঊর্দ্ধ-দিকে জ্বলন, বায়ুর বক্রগমন ইত্যাদি। যদৃচ্ছা— কাকতালীয়বৎ আকস্মিক উৎপত্তি। কাল হইতে পুরুষ পর্য্যন্ত এই ছয়টী বস্তু কারণ কিনা, ইহাই হই-তেছে প্রশ্ন। অথবা যোনিকে একটী পক্ষ ধরিয়া সাতটী প্রশ্ন। যোনি শব্দের অর্থ পৃথিবী। আর ইহাদের সংযোগ অপর একটী পক্ষ, তাহা হইলে মোট আটটি পক্ষ হয়। ইহারা প্রত্যেকে কারণ হইতে পারে না এবং মিলিত হইয়াও পারে না; কেন না,চেতন আত্মা থাকিতে অন্য বস্তুর অসত্ত্বহেতু অন্য বস্তু কারণ হইতে পারে না। জীব যদ্যপি চেতন, তথাপি কর্ম্মের অধীন, ইচ্ছা করিলেই সুখ পায় না এবং অনিচ্ছা থাকিলেও দুঃখকে ত্যাগ করিতে পারে না। সুতরাং পরাধীন জীব জগতের কর্ত্তা নহে, স্বতন্ত্র ব্রহ্মকেই জগতের কারণ বলিতে হইবে।

৩। তে ধ্যানযোগানুগতা অপশ্যন্দেবাত্মশক্তিং

স্বগুণৈর্নিগূঢ়াম্। যঃ কারণানি নিখিলানি তানি কালাত্মযুক্তান্যধিতিষ্ঠত্যেকঃ।

ব্যাখ্যা। [এবং পক্ষান্তরাণি নিরাকৃত্য প্রমাণান্তরাগোচরে বস্তুনি প্রকারান্তরমপশ্যন্তো ধ্যানযোগানুগমেন পরমমূলকারণং স্বয়মেব প্রতিপেদিরে ইত্যাহ—] তে (ব্রহ্মবিদঃ) ধ্যানযোগানুগতাঃ (ধ্যানং - চিত্তৈকাগ্র্যং তদেব যোগস্তম্ অনুগতাঃ প্রাপ্তাঃ সন্তঃ) স্বগুণৈঃ (প্রকৃতিকার্য্যভূতৈঃ পৃথিব্যাদিভিঃ) নিগূঢ়াং (সংবৃতাং) দেবাত্মশক্তিং (দেবস্য দ্যোতনাদিযুক্তস্য পরমেশ্বরস্য আত্মভূতা যা শক্তিঃ তাং কারণরূপেণ) অপশ্যন্ (দদর্শ)। যঃ (চেতনঃ) একঃ (অদ্বিতীয়ঃ) তানি (প্রসিদ্ধানি) কালাত্মযুক্তানি (কালাত্মসহিতানি নিখিলানি (সকলানি) কারণানি (কালাদীনি অধিতিষ্ঠতি (অধিষ্ঠায় বর্ত্ততে)।

অনুবাদ। [এইরূপে কালাদি পক্ষ নিরাকরণ করিয়া প্রমাণান্তের অবিষয়ভূত বস্তুতে প্রকারান্তর না দেখিয়া তাঁহারা ধ্যানযোগের দ্বারা স্বয়ং পরম কারণকে জানিয়াছিলেন,তাহাই বলিতেছেন—] ব্রহ্মবিদ্গণ ধ্যানরূপ যোগ প্রাপ্ত হইয়া সত্ত্ব, রজঃ ও তমগুণের দ্বারা আবৃত পরমেশ্বরের আত্মভূত শক্তিকে

কারণরূপে দেখিয়াছিলেন,—যিনি অদ্বিতীয় চৈতন্য-স্বরূপে কালাদিযুক্ত স্বভাবাদি সমস্ত কারণের অধিষ্ঠাতা হইয়া বিরাজমান রহিয়াছেন।

তাৎপর্য্য। ব্রহ্মবাদিগণ জগৎকারণের বিচারে প্রবৃত্ত হইয়া ধ্যানরূপ যোগের সাহায্যে পরমকারণকে জানিতে পারিয়াছিলেন। তখন তাঁহারা জানিতে পারিলেন, অদ্বিতীয় ব্রহ্মই জগতের একমাত্র কারণ, তবে ব্রহ্মের আত্মভূত মায়াগুণ—সত্ত্ব, রজঃ ও তমের দ্বারা আবৃত থাকায় সকলের অনুভূতি হয় না, ধ্যান-যোগের এমনি মহিমা যে, সে আবরণ ছুটিয়া গেল, তখন তাঁহারা জগতের কারণ ব্রহ্মের সাক্ষাৎ লাভ করিলেন। পূর্ব্বে কালাদিকে কারণ বলিয়া যে আশঙ্কা করিয়াছিলেন, তখন আর তাহা থাকিল না; কারণ তাঁহারা দেখিলেন, কালাদি সকল পদার্থের অধিষ্ঠাতা ব্রহ্মই, সুতরাং তাঁহাকেই কারণ বলিতে হইবে।

৪। তমেকনেমিং ত্রিবৃতং ষোড়শান্তং শতার্দ্ধারং

বিংশতিপ্রত্যরাভিঃ। অষ্টকৈঃ ষড়্ভির্বিশ্বরূপৈকপাশং ত্রিমার্গভেদং দ্বিনিমিত্তৈকমোহম্।

ব্যাখ্যা। [ইদানীং ব্রহ্মচক্রং দর্শয়তি।] একনেমিং (একা কারণাবস্থা নেমিরিব নেমিঃ সর্ব্বাধারো যস্যাধিষ্ঠাতুরদ্বিতীয়স্য পরমাত্মনঃ তম্) ত্রিবৃতং (ত্রিভিঃ সত্বরজস্তমোভিঃ প্রকৃতিগুণৈঃ বৃতং) ষোড়শান্তং (ষোড়শকো বিকারঃ—পঞ্চভূতানি একাদশেন্দ্রিয়াণি অন্তঃ অবসানং বিস্তারসমাপ্তির্যস্য আত্মনঃ তম্) শতার্দ্ধারং (পঞ্চাশৎ প্রত্যয়ভেদা বিপর্য্যয়াশক্তিতুষ্টিসিদ্ধ্যাখ্যাঃ অরা ইব যস্য তং,তত্র পঞ্চ বিপর্য্যয়ভেদাঃ, অষ্টাবিংশতিরশক্তিঃ, নবধা তুষ্টিঃ,অষ্টধা সিদ্ধিঃ ইতি পঞ্চাশৎ) বিংশতিপ্রত্যরাভিঃ (দশ ইন্দ্রিয়াণি,তেষাঞ্চ বিষয়া দশ পূর্ব্বোক্তানাম্ অরাণাং প্রত্যরাঃ তৈঃ) ষড়্ভিঃ অষ্টকৈঃ (প্রকৃত্যাদ্যষ্টকৈঃ) [যুক্তং] বিশ্বরূপৈকপাশং (স্বর্গপুত্রাদিবিষয়ভেদাদ্ বিশ্বরূপঃ নানারূপঃ একঃ কামাখ্যঃ পাশঃ যস্য তম্) ত্রিমার্গভেদং (ধর্ম্মাধর্ম্মজ্ঞানমার্গভেদা অস্য ইতি) দ্বিনিমিত্তৈকমোহং (দ্বয়োঃ পুণ্যপাপয়োঃ নিমিত্তৈকঃ মোহঃ অস্য ইতি) তম্ (পরমেশ্বরম্) [ব্রহ্মবাদিনঃ অপশ্যন্]।

অনুবাদ। যদ্যপি ব্রহ্ম এক ও অদ্বিতীয়, তথাপি মায়া দ্বারা নানারূপ প্রাপ্ত হইয়াছেন। ব্রহ্মবাদিগণ তাঁহাকে চক্রের ন্যায় নিরূপণ করিতেছেন।

যে চক্রের অবিদ্যাই নেমি; সত্ত্ব, রজঃ ও তমঃ—এই গুণত্রয় দ্বারা আবৃত, পঞ্চ মহাভূত এবং একাদশ ইন্দ্রিয় এই ষোড়শ বিকার যাহার নাভিচ্ছিদ্রবেষ্টন, পাঁচটী বিপর্য্যয়, অষ্টাবিংশতি অশক্তি, নয়টী তুষ্টি ও আটটী সিদ্ধি এই পঞ্চাশটী যাহার অর। দশ ইন্দ্রিয়-বৃত্তি এবং দশটী বিষয় এই বিংশতিটী প্রত্যর অর্থাৎ নাভিস্থ ক্ষুদ্র অরযুক্ত, ভূম্যাদি প্রকৃত্যষ্টক ত্বঙ্মাংসাদি ধাত্বষ্টক, অণিমাদি ঐশ্বর্য্যাষ্টক, ধর্ম্মাদি ভাবাষ্টক, ব্রহ্মাদি দেবাষ্টক ও দয়াদি গুণাষ্টক এই ছয়টী অষ্টকযুক্ত নানারূপ কামই উহার একমাত্র পাশ, অর্থাৎ বন্ধনরজ্জু; ধর্ম্ম, অধর্ম্ম ও জ্ঞান এই তিনটী মার্গ, সুখ ও দুঃখরূপ নিমিত্তই যাহার মোহ।

তাৎপর্য্য—পূর্ব্বে যে সচ্চিদানন্দ ব্রহ্মকে জগতের উৎপত্তি, স্থিতি এবং লয়ের কারণ বলিয়া স্থির করিয়াছিলেন, তাঁহাকে এখন বৈরাগ্যের নিমিত্ত চক্ররূপে নিরূপণ করিতেছেন। চক্র হইলে তাহার নেমি চাই, বলয়াকার কাষ্ঠবিশেষের নাম নেমি, তাহা হইতেছে অবিদ্যা। অবিদ্যার দ্বারা চেতন আত্মা

সংসারমণ্ডলে ঘুরিয়া বেড়াইতেছেন, শতার্দ্ধ শব্দের অর্থ পঞ্চাশ। সাংখ্যশাস্ত্রে পাঁচটী বিপর্য্যয়, আঠাইশটী অশক্তি, নয়টী তুষ্টি এবং আটটী সিদ্ধির বিষয় বর্ণিত আছে, এই পঞ্চাশটী পদার্থ যাহার অর। ইহার বিস্তৃত বিবরণ সাংখ্যে বা শাঙ্করভাষ্যে দ্রষ্টব্য। ভূমি জল, অগ্নি বায়ু, আকাশ, মনঃ, বুদ্ধি এবং অহঙ্কার এই আটটীর নাম প্রকৃত্যষ্টক। ত্বক্ ও চর্ম্ম, মাংস, রক্ত, মেদঃ, অস্থি, মজ্জা ও শুক্র এই আটটীর নাম শুক্রাষ্টক। অণিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব ও কামাবসায়িত্ব এই আটটীর নাম অণিমাদ্যৈশ্বর্য্যাষ্টক। ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য, ঐশ্বর্য্য, অধর্ম্ম, অজ্ঞান, বৈরাগ্য ও অনৈশ্বর্য্য এই আটটীর নাম ভাবাষ্টক। ব্রহ্মা, প্রজাপতি, দেব, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস, পিতা ও পিশাচ এই আটটীর নাম দেবাষ্টক; দয়া, ক্ষমা, অনসূয়া শৌচ, অনায়াস, মঙ্গল, অকার্পণ্য ও অস্পৃহা এই আটটীর নাম গুণাষ্টক, এই ছয় প্রকার অষ্টকের দ্বারা তিনি সম্বদ্ধ হন।

৫। পঞ্চস্রোতোঽম্বুং পঞ্চযোন্যুগ্রবক্রাং পঞ্চ-

প্রাণোর্ম্মিং পঞ্চবুদ্ধ্যাদিমূলান্ । পঞ্চাবর্ত্তাং পঞ্চদুঃখৌঘ-বেগাং পঞ্চাশদ্ভেদাং পঞ্চপর্ব্বামধীমঃ ।

ব্যাখ্যা । [পূর্ব্বং চক্ররূপেণ দর্শিতম্ ইদানীং নদীরূপেণ দর্শয়তি -] পঞ্চস্রোতোম্বুং (পঞ্চস্রোতাংসি চক্ষুরাদীনি জ্ঞানেন্দ্রিয়াণি অম্বূনি জলস্থানীয়ানি যস্যাঃ তাং নদীম্ [অধীম ইতি সর্ব্বত্র সম্বধ্যতে] পঞ্চযোন্যুগ্রবক্রাং পঞ্চযোনিভিঃ কারণভূতৈঃ পঞ্চভূতৈঃ উগ্রাং বক্রাঞ্চ) পঞ্চপ্রাণোর্ম্মিং (পঞ্চপ্রাণাঃ কর্ম্মেন্দ্রিয়াণি বা ঊর্ম্ময়ঃ যস্যাঃ তাং) পঞ্চবুদ্ধ্যাদিমূলাং (পঞ্চবুদ্ধীনাং চক্ষুরাদিজন্যানাং জ্ঞানানাম্ আদিঃ কারণং মনঃ এব মূলং কারণং যস্যাঃ তাং) পঞ্চাবর্ত্তাং (পঞ্চ শব্দাদয়ঃ বিষয়া আবর্ত্তস্থানীয়া যেষু বিষয়েষু প্রাণিনঃ নিমজ্জন্তীতি যস্যাঃ তাং) পঞ্চদুঃখৌঘবেগাং (পঞ্চ গর্ভদুঃখ-জন্মদুঃখ-জরা-দুঃখ-ব্যাধি-দুঃখ মরণ-দুঃখান্যেব ওঘবেগঃ যস্যা তাং) পঞ্চাশদ্ভেদাং (পঞ্চাশৎ অক্ষরভেদা যস্যাঃ তাং) পঞ্চপর্ব্বাম্ (অবিদ্যাস্মিতারাগদ্বেষাভিনিবেশাঃ পঞ্চ ক্লেশাঃ পর্ব্বাণি যস্যাঃ তাম্) [বয়ম্] অধীমঃ (স্মরামঃ)।

অনুবাদ । [পূর্ব্বে চক্ররূপে প্রদর্শিত হইয়াছে, এখন নদীরূপে প্রদর্শিত হইতেছে] চক্ষুরাদি পাঁচটী জ্ঞানেন্দ্রিয় যাহার জলস্থানীয়, যাহা পৃথিব্যাদি

পঞ্চভূতের দ্বারা উগ্র এবং বক্র, পাঁচ কর্ম্মেন্দ্রিয় যাহার তরঙ্গ, পাঁচটী জ্ঞানেন্দ্রিয়ের মূল যে মনঃ তাহা যাহার মূল,শব্দাদি পাঁচটী বিষয় যাহার আবর্ত্ত, অর্থাৎ ঘূর্ণি, পাঁচটী দুঃখ যাহার বেগ, পঞ্চাশৎ অক্ষর যাহার ভেদ, অবিদ্যাদি পাঁচটী ক্লেশ যাহার পর্ব্ব—এইরূপ চিৎ-নদীকে আমরা স্মরণ করি।

তাৎপর্য্য—সকলের অধিষ্ঠানভূত আত্মা পূর্ব্বমন্ত্রে চক্ররূপে নিরূপিত হইয়াছে, এখন অত্যন্ত বৈরাগ্যের জন্য তাহা আবার নদীরূপে বর্ণিত হইতেছে। স্রোতঃ গুলি যেমন সর্ব্বদা প্রবাহিত হয়, সেইরূপ চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্—এই পাঁচটী জ্ঞানেন্দ্রিয় পাঁচটী বিষয়ে নিরন্তর নিপতিত হইতেছে, এই জন্য স্রোতের সহিত ইহাদের উপমা দেওয়া হইয়াছে। উগ্র শব্দের অর্থ দুস্তর অথবা শব্দাদিবিষয় হইতে নিরোধ করা যায় না। নিষিদ্ধ বিষয়ে গমন করে বলিয়া বক্র। প্রাণাদির দ্বারা বুদ্ধির প্রসার হয়, এই জন্য কর্ম্মেন্দ্রিয় বা প্রাণাদি পাঁচটী তরঙ্গস্থানীয়। আবর্ত্ত অর্থাৎ জলঘূর্ণি যেমন নৌকাদি ভ্রমণ করায়, সেইরূপ শব্দ,স্পর্শ রূপ,

রস ও গন্ধ এই পাঁচটী বিষয়, জীবকে ঘুরাইয়া লইয়া বেড়ায়, অতএব তাহারা আবর্ত্তস্থানীয়। গর্ভদুঃখ, জন্মদুঃখ,জরাদুঃখ,ব্যাধিদুঃখ ও মরণদুঃখ এই পাচটীও জলবেগ অর্থাৎ জলবৃদ্ধিস্থানীয়। পঞ্চাশদ্দলগামী চিত্তে পঞ্চাশ প্রকার বৃদ্ধি হয়। এই জন্য তাহার ভেদ পঞ্চাশটী অথবা পঞ্চাশটী অক্ষর যাহার ভেদ। অবিদ্যা, অস্মিতা, রাগ,দ্বেষ ও অভিনিবেশ এই পাচটী পর্ব্ব।

৬। সর্ব্বাজীবে সর্ব্বসংস্থে বৃহন্তে তস্মিন্ হংসো ভ্রাম্যতে ব্রহ্মচক্রে। পৃথগাত্মানং প্রেরিতারং চ মত্বা জুষ্টস্ততস্তেনামৃতত্ত্বমেতি।

ব্যাখ্যা। [এবং তাবৎ নদীরূপেণ ব্রহ্মচক্ররূপেণ চ কার্য্য-কারণাত্মকং ব্রহ্ম সপ্রপঞ্চমিহাভিহিতম্। ইদানীমস্মিন্ কার্য্য-কারণাত্মকব্রহ্মচক্রে কেন বা সংসরতি কেন বা মুচ্যতে ইতি সংসারমোক্ষহেতুম্ অধ্যানম্ প্রদর্শনায়াহ—] হংসঃ (হন্তি গচ্ছতি ইতি জীবঃ) সর্ব্বাজীবে (সর্ব্বেষাম্ আজীবনম্ অস্মিন্ ইতি) সর্ব্বসংস্থে (সর্ব্বেষাং সংস্থা মরণং স্থিতির্বা যস্মিন্ তৎ সর্ব্ব-সংস্থং তস্মিন্) বৃহন্তে (বৃহতি) অস্মিন্ (প্রকৃতে) ব্রহ্মচক্রে (ব্রহ্মণশ্চিদানন্দৈকরসস্য অজ্ঞানবিলাসে সংসারচক্রে) আত্মানং

(জীবাত্মানং) প্রেরিতারঞ্চ (প্রেরকঞ্চ ঈশ্বরং) পৃথক্ (ভেদেন) মত্বা (জ্ঞাত্বা) ভ্রাম্যতে (অনাত্মভূতং দহাদিম্ আত্মানং মন্যমানঃ সুরনরতির্য্যগাদিভেদভিন্ননানাযোনিষু ভ্রমতে) [তর্হি কেন মুচ্যতে ? তদাহ—] ততঃ (সাক্ষাৎকারাৎ) তেন (ঈশ্বরেণ) জুষ্টঃ (সেবিতঃ স্বাত্মাভেদেন পরমাং প্রীতিং নীতঃ) অমৃতত্বং (স্বয়ংপ্রকাশপরমানন্দরূপম্ অবিদ্যালেশশূন্যম্) এতি (গচ্ছতি) ।

অনুবাদ। [নদীরূপে এবং ব্রহ্মচক্ররূপে কারণরূপ ব্রহ্ম বিস্তৃতভাবে বলা হইয়াছে, এখন কোনটী মুক্তির কারণ এবং কোনটী বা সংসারের কারণ তাহা বলা যাইতেছে] জীব সর্ব্বদা এই ব্রহ্মচক্রে নর, পশু, তির্য্যগাদিরূপে ভ্রমণ করিতেছে, যে চক্র সকলের জীবনস্বরূপ, যাহাতে সকলের স্থিতি ও লয় হইয়া থাকে, যাহা অতীব বৃহৎ, জীবের গতাগতির একমাত্র কারণ,—ঈশ্বর হইতে আপনাকে ভিন্নভাবে জানা এবং ঈশ্বরকে প্রেরক বলিয়া জানা। জীব বিবেচনা করে—ঈশ্বর আমার প্রেরক এবং আমি তাহা হইতে ভিন্ন। এইরূপ জানিয়া জীব সংসারে

নানারূপে বিচরণ করিতেছে। যখন তাঁহার তত্ত্ব-সাক্ষাৎকার ঘটে, ঈশ্বরের কৃপায় নিজকে ঈশ্বর হইতে অভিন্ন দর্শন করে, তখন সে মুক্ত হয়।

তাৎপর্য্য—দ্বৈতবাদিগণ এই শ্রুতির অন্যরূপ ব্যাখ্যা করেন। তাঁহারা বলেন—পৃথক্ শব্দের অর্থ ভেদ, ঈশ্বর হইতে জীব ভিন্ন এইরূপ জানিয়া মুক্তি লাভ করেন। তাহা কখনই সঙ্গত হয় না। তাহা হইলে এই গ্রন্থের সহিত এবং ভেদনিন্দাবোধক অন্য শ্রুতির সহিত ইহার বিরোধ ঘটে। ভেদজ্ঞানের দ্বারা কখনই মুক্তি হইতে পারে না।

৭। উদ্গীতমেতৎ পরমং তু ব্রহ্ম তস্মিংস্ত্রয়ং সুপ্রতিষ্ঠাক্ষরং চ। অত্রান্তরং ব্রহ্মবিদো বিদিত্বা লীনা ব্রহ্মণি তৎপরা যোনিমুক্তাঃ।

ব্যাখ্যা। [যেন জুষ্টাঽমৃতত্বমেতি তৎ নিরূপচরিতং ব্রহ্ম ইত্যাহ] এতৎ (প্রকৃতং) তু (এব) পরমম্ (উৎকৃষ্টং) ব্রহ্ম উদ্গীতং (সর্ব্বেষু বেদেষু উচ্চৈঃ অধিকত্বেন গীতং কথিতম্) তস্মিন্ (পরমে ব্রহ্মণি) [অবিদ্যাদশায়াং] ত্রয়ং (বেদত্রয়ম্, অথবা বক্ষ্যমাণং ভোগ্যং, ভোক্তা, প্রেরয়িতা চেতি ত্রয়ং)

সুপ্রতিষ্ঠাক্ষরং (প্রণবাক্ষরং) চ [বর্ত্ততে]। অত্র (জগৎকারণে ব্রহ্মণি) বেদবিদঃ (বেদার্থজ্ঞানবন্তঃ) অন্তরং (প্রপঞ্চাদ্ ভেদং) বিদিত্বা (ব্রহ্মসাক্ষাৎকারেণ জ্ঞাত্বা) ব্রহ্মণি লীনাঃ (লয়ং গতাঃ) তৎপরাঃ (সমাধিপরাঃ সন্তঃ) যে নিমুক্তাঃ (গর্ভ-জন্মজরামরণসংসারভয়ান্মুক্তাঃ) [ভবন্তি]।

অনুবাদ। [যাঁহার অনুগ্রহে জীব মুক্তি-লাভ করেন, সেই ব্রহ্মকে বলিতেছেন—] এই পরম ব্রহ্ম সকল বেদে সর্ব্বাগ্রে কীর্ত্তিত হইয়া থাকেন। [অবিদ্যাবস্থায়] তাঁহাতে বেদত্রয় এবং ওঁকার প্রতিষ্ঠিত রহিয়াছে। ব্রহ্মবিদ্‌গণ প্রপঞ্চ হইতে ভিন্নভাবে ব্রহ্মকে অবগত হইয়া ব্রহ্মরূপে অবস্থান করতঃ সমাধিপরায়ণ হইয়া সংসারভয় হইতে বিমুক্ত হন।

তাৎপর্য্য—ভাষ্যকার 'ত্রয়ম', পদের অর্থ, ভোক্তা, ভোগ্য ও প্রেরিতা বলিয়াছেন। শঙ্করানন্দ লোহিত, শুক্ল ও কৃষ্ণরূপ অথবা 'জন্ম-স্থিতি বিনাশ' রূপ এই অর্থ করিয়াছেন, কিন্তু নারায়ণ বেদত্রয় বলিয়াছেন, তাহাই অনুবাদে লিখিত

হইয়াছে। ভাষ্যকার—'সুপ্রতিষ্ঠা' পদের অর্থ শোভন প্রতিষ্ঠা করিয়াছেন। কিন্তু শঙ্করানন্দ 'সুপ্রতিষ্ঠা' স্থলে 'স্বপ্রতিষ্ঠা' পাঠ গ্রহণ করিয়া "স্বস্মিন্ আত্মনি আশ্রয়ত্বেন বিষয়ত্বেন চ প্রতিষ্ঠা যস্যা অবিদ্যায়াঃ সা স্বপ্রতিষ্ঠা' অর্থাৎ স্বস্বরূপ আত্মাতে আশ্রয়ত্ব ও বিষয়ত্বরূপে অবিদ্যা প্রতিষ্ঠিত রহিয়াছে.—এইরূপ অর্থ করিয়াছেন। এইমতে অবিদ্যার আশ্রয় এবং বিষয় আত্মা, আত্মাতে অবিদ্যা আশ্রিত এবং আত্মাকে জানি না—এইরূপ আত্ম-বিষয়ক অবিদ্যা। ভামতীকার বাচস্পতিমিশ্র বলেন, অবিদ্যার আশ্রয় জীব ও বিষয় ব্রহ্ম। কিন্তু নারায়ণ 'সুপ্রতিষ্ঠাক্ষরং' একটি পদ ধরিয়া তাহার 'প্রণবাক্ষরং' এইরূপ ব্যাখ্যা করিয়াছেন।

৮। সংযুক্তমেতৎ ক্ষরমক্ষরং চ ব্যক্তাব্যক্তং ভরতে বিশ্বমীশঃ। অনীশশ্চাত্মা বুধ্যতে ভোক্তৃভাবাজ্জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্ব্বপাশৈঃ।

ব্যাখ্যা। [ননু অদ্বিতীয়ে পরমাত্মনি অভ্যুপগম্যমানে জীবেশ্বরয়োরপি বিশ্বাধারভাবাৎ লীনা ব্রহ্মণি ইতি জীবানাং

ব্রহ্মৈকত্বপরা লয়শ্রুতিরনুপপন্না ইত্যাশঙ্ক্য ব্যবহারাভাগাবস্থায়াং জীবেশ্বরয়োরুপাধিতো বিভাগং দর্শয়িত্বা তদ্বিজ্ঞানাদ্ অমৃতত্বং দর্শয়তি] ঈশঃ (ঈশ্বরঃ) এতৎ ক্ষরং (বিনাশি অক্ষরম্ (অবিনাশি) ব্যক্তাব্যক্তং (ব্যক্তং বিকারজাতম্, অব্যক্তং কারণং) সংযুক্তং (পরস্পরসংযুক্তং কার্য্যকারণাত্মকং) বিশ্বং ভরতে (ধারয়তি)। অনীশঃ চ (অনীশ্বরশ্চ) আত্মা (জীবঃ) ভোক্তৃভাবাৎ (সুখ-দুঃখাদীনাং ভোক্তৃত্বাৎ) বধ্যতে (বদ্ধঃ ভবতি), দেবং (পরমাত্মানং) জ্ঞাত্ব (বিদিত্বা) সর্ব্বপাশৈঃ (সর্ব্বেভ্যঃ অবিদ্যাকামকর্ম্মাদিভ্যঃ বন্ধনেভ্যঃ) মুচ্যতে (বিমুক্তো ভবতি।

অনুবাদ। [অদ্বিতীয় পরমাত্মা স্বীকার করিলে জীব এবং ঈশ্বরের বিভাগ থাকে না সুতরাং জীব ব্রহ্মে অবস্থান করেন—এইরূপ ব্রহ্ম ও জীবের একত্বপর শ্রুতি অনুপপন্ন হয়, এই আশঙ্কায় বলিতেছেন] ঈশ্বর এই বিনাশী বিকারসমূহ ও অবিনাশী কারণ এবং পরস্পরসংযুক্ত কার্য্যকারণাত্মক বিশ্বকে ধারণ করেন। ঈশ্বরত্ববিহীন জীব, সুখদুঃখাদির ভোক্তৃত্বহেতু বদ্ধ হয় এবং পরমাত্মাকে জানিয়া সমস্ত অবিদ্যাকামকর্ম্মাদি বন্ধন হইতে বিমুক্ত হন।

৯। জ্ঞাজ্ঞৌ দ্বাবজাবীশানীশাবজা হ্যেকা

ভোক্তৃভোগার্থযুক্তা। অনন্তশ্চাত্মা বিশ্বরূপো হ্যকর্তা ত্রয়ং যদা বিন্দতে ব্রহ্মমেতৎ।

ব্যাখ্যা। জ্ঞাজ্ঞৌ (জ্ঞশ্চ অজ্ঞশ্চ তৌ, জ্ঞঃ—ঈশ্বরঃ, অজ্ঞঃ জীবঃ) দ্বৌ (উপাধিভেদেন প্রাপ্তদ্বিত্বৌ) অজৌ (কারণশূন্যৌ) ঈশানীশৌ (ঈশঃ নিয়ন্তা, অনীশঃ—নিয়ম্যঃ, হ্রস্বত্বং ছান্দসম্), হি (যস্মাৎ) একা (ভেদশূন্যা) অজা (প্রকৃতিঃ, মায়া, দেবাত্মশক্তিরূপা) ভোক্তৃভোগার্থযুক্তা (ভোক্তা সংসারী, ভোগঃ সসাধনে সুখদুঃখে, তদর্থং ভোক্তৃভোগাদিসুখার্থং যুক্তা আত্মনি পরিকল্পিতা) আত্মা (তৎপদার্থঃ) অনন্তশ্চ (দেশতঃ কালতঃ বস্তুতশ্চ পরিচ্ছেদশূন্যঃ অপি) বিশ্বরূপঃ (নানারূপঃ) অকর্তা (কর্তৃত্বাদিসংসারধর্মরহিতঃ) হি। যদা [জনঃ] এতৎ ত্রয়ং (জীবেশ্বরপ্রকৃতিরূপং ত্রিতয়স্বরূপং) ব্রহ্ম বিন্দতে (লভতে) [তদা মুচ্যতে]।

অনুবাদ। ঈশ্বর এবং জীব এই দুএর ভেদ না থাকিলেও উপাধির ভেদবশতঃ দ্বিত্ব প্রাপ্ত হইয়াছেন, ইঁহারা কারণশূন্য, তন্মধ্যে ঈশ্বর নিয়ন্তা, জীব নিয়ম্য। ভোক্তার ভোগসাধনের নিমিত্ত ঈশ্বরে পরিকল্পিত মায়াশক্তি বিদ্যমান আছে। আত্মা ত্রিবিধ-পরিচ্ছেদশূন্য, বিশ্বরূপ এবং কর্তৃত্বাদিসংসারধর্মবির-

হিত। মানব যখন অধিকারী হইয়া উক্ত ঈশ্বর, জীব ও মায়াকে ব্রহ্মস্বরূপে লাভ করেন, অর্থাৎ পরস্পর কোনরূপ ভেদ নাই বলিয়া সাক্ষাৎকার করেন, তখন তিনি বিমুক্ত হন।

তাৎপর্য্য—কাল, দেশ এবং বস্তু এই তিনটীর দ্বারা আত্মার কোনরূপ পরিচ্ছেদ (সীমা) করা যায় না। কেহ কেহ এই শ্রুতির ব্যাখ্যা করিতে গিয়া জীবকে অণু বলিয়াছেন, কিন্তু তাহা গ্রন্থবিরুদ্ধ এবং গ্রন্থের কোনও শব্দের দ্বারা পাওয়া যায় না।

১০। ক্ষরং প্রধানমমৃতাক্ষরং হরঃ, ক্ষরাত্মানাবীশতে দেব একঃ। তস্যাভিধ্যানাদ্‌যোজনাৎ তত্ত্বভাবাদ্ভূয়শ্চান্তে বিশ্বমায়ানিবৃত্তিঃ।

ব্যাখ্যা। [জীবেশ্বরয়োঃ বিভাগং দর্শয়িত্বা তদ্বিজ্ঞানাদমৃতত্বং দর্শিতম্। ইদানীং প্রধানেশ্বরয়োঃ বৈলক্ষণ্যং দর্শয়িত্বা তদ্বিজ্ঞানাদমৃতত্বং দর্শয়তি] প্রধানং (মায়া) ক্ষরং (বিনাশি), হরঃ (পরমেশ্বরঃ) অমৃতাক্ষরম্ (অমৃতঞ্চ তৎ অক্ষরঞ্চ, ব্রহ্মজ্ঞানেনাপি মরণশূন্যং, ন ক্ষরতীতি চ)। একঃ (অদ্বিতীয়ঃ) দেবঃ (ঈশ্বরঃ) ক্ষরাত্মানৌ (প্রধানপুরুষৌ) ঈশতে (ঈষ্টে) :

তস্য (পরমাত্মনঃ) অভিধ্যানাৎ (অভিমুখ্যেন স্মরণাৎ) যোজনাৎ (অহং ব্রহ্মাস্মীতি জ্ঞানাৎ) তত্ত্বভাবাৎ (দেহপাতানন্তরম্ অবাধিতস্বরূপস্য সত্ত্বাৎ) ভূয়শ্চ (পুনশ্চ) অন্তে (জীবন্মুক্ত প্রারব্ধকর্ম্মফলক্ষয়ে) বিশ্বমায়ানিবৃত্তিঃ (বিশ্বস্য মায়া বিপরীতপ্রতীতিঃ তস্যাঃ নিবৃত্তিঃ (সর্ব্বাত্মনাঽনুপলব্ধিঃ) [ভবতি]।

অনুবাদ। [জীব ও ঈশ্বরের বিভাগ দেখাইয়া উভয়ের ঐক্যজ্ঞানের দ্বারা মুক্তি হয়, ইহা প্রদর্শিত হইয়াছে, এখন প্রধান (প্রকৃত) ও ঈশ্বরের বৈলক্ষণ্য দেখাইয়া তাহাদের জ্ঞানের দ্বারা মুক্তি প্রদর্শন করিতেছেন] মায়া বিনাশশীল,পরমেশ্বর অবিনাশী; স্বয়ংপ্রকাশ এক পরমাত্মাই মায়া এবং জীবের প্রভু, অর্থাৎ ইহারা পরমাত্মার অধীন। সেই পরমাত্মার ধ্যানের দ্বারা 'আমিই ব্রহ্ম'—এইরূপ জ্ঞান উৎপন্ন হয়। দেহনাশের পর আত্মস্বরূপের ধ্বংস হয় না, কিন্তু প্রারব্ধকর্ম্মের ক্ষয় হয়; তখন সমস্ত মায়ার বিশেষরূপে নিবৃত্তি হইয়া থাকে।

১১। জ্ঞাত্বা দেবং সর্ব্বপাশাপহানিঃ ক্ষীণৈঃ

ক্লেশৈর্জন্মমৃত্যুপ্রহাণিঃ। তস্যাভিধ্যানাত্তৃতীয়ং দেহভেদে বিশ্বৈশ্বর্য্যং কেবল আপ্তকামঃ।

ব্যাখ্যা। [ইদানীং তদ্বিদস্তদ্ধ্যায়িনশ্চ তজ্জ্ঞানধ্যানকৃতং ফলভেদং দর্শয়তি] দেবং (স্বয়ংপ্রকাশং পরমাত্মানং) জ্ঞাত্বা (সর্ব্বাত্মত্বেন অবগত্য) সর্ব্বপাশাপহাণিঃ (পাশরূপাণাং সর্ব্বেষামবিদ্যাদীনাম্ অপহানিঃ ক্ষয়ঃ ভবতি); ক্ষীণৈঃ (ক্ষয়ং গতৈঃ) ক্লেশৈঃ (অবিদ্যাস্মিতারাগদ্বেষাভিনিবেশৈঃ) জন্মমৃত্যুপ্রহাণিঃ (ক্লেশকার্য্যভূতজরামরণাদিদুঃখবিনাশঃ) [ভবতি]; তস্য (পরমেশ্বরস্য) অভিধ্যানাৎ (আভিমুখ্যেন স্মরণাৎ) দেহভেদে (শরীরপাতে), কেবলঃ আপ্তকামঃ (দগ্ধকামঃ পূর্ণকাম ইতি যাবৎ) তৃতীয়ং (বিরাড়্‌রূপাপেক্ষয়া) বিশ্বৈশ্বর্য্যং (সর্ব্বমেব ঐশ্বর্য্যং) [প্রাপ্নোতি]।

অনুবাদ। [এখন ব্রহ্মজ্ঞ এবং ব্রহ্মধ্যাতার জ্ঞান ও ধ্যানের ফলভেদ প্রদর্শন করিতেছেন] স্বয়ংপ্রকাশ পরমাত্মাকে জানিয়া লোকের পাশস্থানীয় অবিদ্যাদিসকলের ক্ষয় হয়, ক্লেশ ক্ষয় প্রাপ্ত হইলে জন্ম ও মৃত্যুর উচ্ছেদ হয়। পরমেশ্বরের অভিধ্যানে দেহপাত হইলে কেবল পরিপূর্ণকাম হইয়া বিরাট্‌কে অপেক্ষা করিয়া তৃতীয় বিশ্বৈশ্বর্য্য প্রাপ্ত হয়।

তাৎপর্য্য—জ্ঞানের ফল মুক্তি এবং ধ্যানের ফল বিশ্বৈশ্বর্য্য প্রাপ্তি। "এই সমস্তই আত্মা" এইরূপ জ্ঞান হইলে শত্রুমিত্র প্রভৃতি অবিদ্যার হানি প্রথম। 'আমি ব্রহ্ম স্বরূপ' এইরূপ তাদাত্ম্য যোগজ্ঞানের বিপরীত জ্ঞান বশতঃ অহঙ্কার, রাগ, দ্বেষ, অভিনিবেশ-রূপ অবিদ্যার অপগম দ্বিতীয়, প্রারব্ধ কর্ম্মক্ষয়ের পর সংস্কারগুলির আত্মভাবে স্বরূপে স্থিতিই তৃতীয়।

১২। এতজ্জ্ঞেয়ং নিত্যমেবাত্মসংস্থং নাতঃ পরং বেদিতব্যং হি কিঞ্চিৎ। ভোক্তা ভোগ্যং প্রেরিতারং চ মত্বা সর্ব্বং প্রোক্তং ত্রিবিধং ব্রহ্মমেতৎ।

ব্যাখ্যা। এতৎ (অপরোক্ষং প্রত্যগাত্মতত্ত্বং) [তৎ] নিত্যম্ (অবিনাশি) আত্মসংস্থং (স্বাত্মনি বর্ত্তমানং, স্বে মহিম্নি-স্থিতং) [ব্রহ্ম] এব জ্ঞেয়ং (সাক্ষাৎকর্ত্তব্যম্), হি (যস্মাৎ) অতঃ (অস্মাৎ) পরম্ (অন্যৎ) কিঞ্চিৎ, বেদিতব্যম্ (জ্ঞাতব্যম্) ন [অস্তি]; ভোক্তা (জীবঃ) ভোগ্যম্ (ইতরৎ সর্ব্বং) প্রেরিতারং (প্রেরয়িতারং) চ মত্বা (জ্ঞাত্বা) সর্ব্বং (নিখিলং) প্রোক্তং (ব্রহ্মবিদ্ভিঃ প্রকর্ষেণ কথিতং) এতৎ ত্রিবিধং (ত্রয়ঃ বিধাঃ প্রকারাঃ ভোক্তৃভোগ্যপ্রেরয়িতৃরূপা যস্মিন্ তৎ ত্রিবিধং) ব্রহ্মম্ (ব্রহ্ম)। ১২

অনুবাদ। এই প্রত্যক্ষভূত আত্মতত্ত্ব সর্ব্বদা স্বমহিমায় প্রতিষ্ঠিত ব্রহ্ম বলিয়াই জানিবে। কারণ, ইহা অপেক্ষা আর জ্ঞাতব্য কিছুই নাই; ভোক্তা জীব, ভোগ্য বিষয় এবং ইহাদের নিয়ন্তা অন্তর্য্যামী পরমেশ্বরকে জানিয়া ব্রহ্মবাদিগণ কর্তৃক কথিত তিনটী ব্রহ্মস্বরূপই জানিবে।

তাৎপর্য্য—ব্রহ্ম ও আত্মার একত্বজ্ঞানই চরম জ্ঞান, ইহা সম্যক্‌রূপে অবগত হইতে পারিলে আর জানিতে কিছু অবশিষ্ট থাকে না। একমাত্র ব্রহ্মে জীব, বিষয় এবং ঈশ্বর কল্পিত, যাহাতে কল্পিত তাহাকে অধিষ্ঠান বলে, সেই অধিষ্ঠানভূত ব্রহ্মের জ্ঞান হইলে জীবনের কৃতার্থতা হইল।

১৩। বহ্নের্যথা যোনিগতস্য মূর্ত্তির্ন দৃশ্যতে নৈব লিঙ্গনাশঃ। স ভূয় এবেন্ধনযোনিগৃহ্যস্তদ্বোভয়ং বৈ প্রণবেন দেহে।

ব্যাখ্যা। [ইদানীম্ ওমিত্যেতেনৈবাক্ষরেণ পরং পুরুষ-মভিধ্যায়ীত। "ওমিত্যাত্মানং যুঞ্জীত"। "ওমিত্যাত্মানং

ধ্যায়ীতে”তি শ্রুতেরাত্মানমম্বিষ্য পরাভিধ্যানে প্রণবস্থ নিয়মাদ-ভিধ্যানাঙ্গত্বেন প্রণবং দর্শয়তি] যথা—যোনিগতস্থ (অরনিমধ্য স্থিতস্থ) বহ্নেঃ (অগ্নেঃ) মূর্ত্তিঃ স্বরূপং) ন দৃশ্যতে [প্রাক্ মথনাৎ ইতি ভাবঃ], লিঙ্গনাশঃ (লিঙ্গস্থ সূক্ষ্মদেহস্থ নাশঃ) নৈব চ। সঃ (অগ্নিঃ) এব ভূয়ঃ (পুনঃ) ইন্ধনযোনিগৃহ্যঃ (ইন্ধনং বাণিনা মথনেন গৃহ্যঃ, ইন্ধনেন কারণেন পুনঃ পুনঃ মথনাৎ গৃহ্যঃ) তদ্ব (তদ্বৎ) উভয়ং বৈ (পরম্ অপরঞ্চ ব্রহ্ম) দেহে (শরীরে, হৃৎপদ্মমধ্যে) প্রণবেন (ওঙ্কারেণ) [গৃহ্যতে]।

অনুবাদ। [ওম্ এই অক্ষরের দ্বারা আত্মার ধ্যান করিবে, ইত্যাদি শ্রুতির দ্বারা আত্মাকে অন্বেষণ করিয়া পরব্রহ্মধ্যানে প্রণবই উপযুক্ত হয়। অতএব ধ্যানের অঙ্গত্বরূপে প্রণবকে প্রদর্শন করিতেছেন—] কাষ্ঠের মধ্যে অগ্নি অব্যক্তভাবে থাকে, কিন্তু মথন করিবার পূর্ব্বে কাষ্ঠমধ্যগত অগ্নি দৃষ্ট হয় না; সূক্ষ্ম দেহেরও বিনাশ হয় না। সেই কাষ্ঠ মধ্যে অ[illegible] আবার ইন্ধনরূপ কারণের দ্বারা পুনঃপুনঃ মথন করিলে দৃষ্ট হয়। উক্ত উভয়ই যেমন মথনের পূর্ব্বে গৃহীত হয় না, মথনের দ্বারা গৃহীত হয়, সেইরূপ

বহ্নিস্থানীয় আত্মা উত্তরারণিস্থানীয় প্রণবের দ্বারা মননবশতঃ অধরারণিস্থানীয় দেহে হৃৎপদ্মমধ্যে গৃহীত হয়।

তাৎপর্য্য—ভাষ্যকার 'লিঙ্গনাশ' শব্দের অর্থ সূক্ষ্মদেহের নাশ এইরূপ করিয়াছেন। কিন্তু শঙ্করানন্দ "লিঙ্গস্য কাষ্ঠদ্বয়সংঘর্ষজন্যস্য উষ্মণঃ নাশ বিনাশঃ" র্থাৎ কাষ্ঠদ্বয় সংঘর্ষ জন্য গরমরূপ লিঙ্গের নাশ হয় । এইরূপ অর্থ করিয়াছেন। তাঁহার মতে উভয় ব্দের অর্থ পর ও অপর ব্রহ্ম।

১৪। স্বদেহমরণিং কৃত্বা প্রণবং চোত্তরারণিম্।
ধ্যাননির্ম্মথনাভ্যাসাদ্দেবং পশ্যেন্নিগূঢ়বৎ।

ব্যাখ্যা। [পূর্ব্বোক্তং প্রপঞ্চয়তি] স্বদেহম্ (স্বশরীরং, শরীরোপলক্ষিতং হৃৎপদ্মম্) অরণিম্ (অধরারণিং), প্রণবঞ্চ ওঙ্কারঞ্চ) উত্তরারণিং কৃত্বা ধ্যাননির্ম্মথনাভ্যাসাৎ (ধ্যানং ব্রহ্মস্তনং তদেব নির্ম্মথনং নিরন্তরং ভ্রমণং তস্য অভ্যাসঃ যাবৎ- ক্ষাৎকারম্ অনুবর্ত্তনং তস্মাৎ) নিগূঢ়বৎ (কাষ্ঠনিগূঢ়াগ্নিঃ ষ্ঠসংঘর্ষেণ যথা তদ্বৎ) দেবং স্বয়ংপ্রকাশেন আত্মস্বরূপং) শ্যেৎ (সাক্ষাৎকুর্য্যাৎ)।

অনুবাদ। [পূর্ব্বোক্ত বিষয় বিস্তৃতভাবে প্রতিপাদন করিতেছেন] নিজের শরীরস্থ হৃদয়কে অধরারণিস্থানীয় এবং প্রণবকে উত্তরারণিস্থানীয় করিয়া ব্রহ্মচিন্তনরূপ ঘর্ষণের অভ্যাসবশতঃ কাষ্ঠে লুক্কায়িত অগ্নির ন্যায় স্বয়ংপ্রকাশ ব্রহ্মকে দর্শন করিবেন।

তাৎপর্য্য—অরণি শব্দের অর্থ কাষ্ঠ। কাষ্ঠের মধ্যে অব্যক্তভাবে অগ্নি বিদ্যমান আছে, কাষ্ঠে কাষ্ঠে ঘর্ষণ করিলে অগ্নি উৎপন্ন হয়। অগ্নিহোত্রযাগের অনুষ্ঠান করিতে গেলে অরণিদ্বয়ঘর্ষণে অগ্নি বাহির করিতে হয়, যে অরণিদ্বয় দ্বারা ঘর্ষণ করিয়া অগ্নি-আবির্ভূত করিতে হয়, তাহার একটির নাম, উত্তরারণি ও অপরটির নাম অধরারণি। উভয় অরণি ঘর্ষণে যেমন অগ্নি উৎপন্ন হয়, সেইরূপ হৃদয়ে প্রণবের দ্বারা ব্রহ্মচিন্তা করিতে করিতে ব্রহ্মের সাক্ষাৎকার ঘটে।

১৫। তিলেষু তৈলং দধনীব সর্পিরাপঃ স্রোত

স্বরণীষু চাগ্নিঃ। এবমাত্মাত্মনি গৃহ্যতেঽসৌ সত্যেনৈনং তপসা যোঽনুপশ্যতি।

ব্যাখ্যা। তিলেষু [যন্ত্রপীড়নেন] তৈলং গৃহ্যতে, দধিনি [মথনেন] সর্পিঃ (ঘৃতং), স্রোতঃসু (নদীষু) [ভূখননেন] আপঃ (জলানি), অরণীষু চ (অরণীষু কাষ্ঠেষু) [মথনেন] অগ্নিঃ ইব গৃহ্যতে। এবম্ যঃ সত্যেন (যথাভূতার্থবচনেন ভূতহিতেন) তপসা (ইন্দ্রিয়মনসামৈকাগ্র্যলক্ষণেন) এনম্ (আত্মানম্) অনুপশ্যতি, [তেন] অসৌ আত্মা আত্মনি গৃহ্যতে।

অনুবাদ। যেমন যন্ত্রপীড়নের দ্বারা তিলে তৈল মথনের দ্বারা দধিতে ঘৃত, ভূখননের দ্বারা নদীতে জল এবং মথনের দ্বারা কাষ্ঠে অগ্নি গৃহীত হয়, সেইরূপ সত্যবচন ও তপস্যার দ্বারা অথবা ভূতহিত তপস্যার দ্বারা যিনি আত্মাকে দর্শন করেন, তাঁহার পক্ষে আত্মা আত্মাতে গৃহীত হন।

১৬। সর্ব্বব্যাপিনমাত্মানং ক্ষীরে সর্পিরিবার্পিতম্। আত্মবিদ্যাতপোমূলং তদ্‌ব্রহ্মোপনিষৎ পরং তদ্‌ব্রহ্মোপনিষৎ পরমিতি।

শ্বেতাশ্বতরোপনিষৎসু প্রথমোঽধ্যায়ঃ॥

ব্যাখ্যা। [কথমমুপশ্যতি ইত্যত আহ—] ক্ষীরে (দুগ্ধে) সর্পিঃ ইব (ঘৃতম্ ইব সারত্বেন) অর্পিতম্ (অবস্থিতং) সর্ব্ব-ব্যাপিনম্ (প্রকৃত্যাদিবিশেষান্তং ব্যাপ্যাবস্থিতম্) আত্মানম্, আত্মবিদ্যাতপোমূলম্ (আত্মা চ তপশ্চ যস্য আত্মলাভে মূলং হেতুঃ) [যঃ অনুপশ্যতি তেন অসৌ আত্মা গৃহ্যতে]।

অনুবাদ। [কিরূপে আত্মদর্শন হয়, তাহা বলা হইতেছে] দুগ্ধে ঘৃতের ন্যায় সারভূত হইয়া সর্ব্ববস্তুতে অবস্থিত সর্ব্বব্যাপক আত্মাকে যিনি আত্মবিদ্যা ও তপস্যা দ্বারা লভ্য, উপনিষৎপ্রতিপাদ্য ব্রহ্মস্বরূপে দর্শন করেন, তিনি আত্মাকে লাভ করিতে সমর্থ হন।

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

১। যুঞ্জানঃ প্রথমং মনস্তত্ত্বায় সবিতা ধিয়ঃ। অগ্নের্জ্যোতির্নিচায্য পৃথিব্যা অধ্যাভরৎ।

ব্যাখ্যা। [ধ্যানমুক্তং, ধ্যানবিঘ্নপ্রশমনাভ্যাসাৎ দেবং পশ্যেৎ নিগূঢ়বদিতি পরমাত্মদর্শনোপায়ত্বেন। ইদানীং তদপেক্ষিত

সাধনবিধানার্থং দ্বিতীয়োঽধ্যায় আরভ্যতে। তত্র প্রথমং তৎসিদ্ধ্যর্থং সবিতারমাশাস্তে] সবিতা (প্রসবিতা, পরমেশ্বরঃ) তত্ত্বায় (তত্ত্বজ্ঞানায়) প্রথমং (ধ্যানারম্ভে) মনঃ (চিত্তং) ধিয়ঃ (অপরাণি ইন্দ্রিয়াণি) যুঞ্জানঃ (পরমাত্মনি সংযোজয়ন্) [অথবা ধিয়ঃ বাহ্যবিষয়জ্ঞানানি] অগ্নেঃ জ্যোতিঃ (প্রকাশং) নিচায্য (দৃষ্ট্বা) পৃথিব্যাঃ (ভূমেঃ) অধিঃ (পরং) অধ্যাভরৎ (অধি অস্মিন্ শরীরে আভরৎ আহরৎ)।

অনুবাদ। [ধ্যানকথিত হইয়াছে, ধ্যানাভ্যাসবশতঃ পরমেশ্বরের দর্শন ঘটে, কারণ ধ্যান পরমাত্মদর্শনের উপায়। এখন তাহাতে অপেক্ষিত সাধন বিধানের নিমিত্ত দ্বিতীয় অধ্যায় আরব্ধ হইতেছে। প্রথমে তাহার সিদ্ধির নিমিত্ত সবিতাকে প্রার্থনা করিতেছেন] পরমেশ্বর তত্ত্বজ্ঞানের নিমিত্ত ধ্যানারম্ভে মনঃ ও ইন্দ্রিয়সমূহকে পরমাত্মায় সংযোজিত করিয়া অগ্নিপ্রভৃতি জ্যোতিরও প্রকাশককে নিশ্চয়রূপে জানিয়া পৃথিব্যাদি পঞ্চভূতে ধারণ করিয়াছিলেন। অর্থাৎ ব্রহ্ম দেহ, ইন্দ্রিয়প্রভৃতিতে অভিব্যক্ত হইয়াছিলেন।

তাৎপর্য্য আমার মনঃ জ্ঞানলাভে প্রবৃত্ত, সূর্য্য আমার সেই মনকে বাহ্যবিষয় হইতে টানিয়া আনিয়া পরমাত্মায় সংযোজিত করিবার নিমিত্ত অগ্নি-প্রভৃতি দেবতার যে সর্ব্বত্র বস্তুপ্রকাশনসামর্থ্য তৎ-সমুদায় আমাদের বাগাদি ইন্দ্রিয়ে সম্পাদন করুন।

২। যুক্তেন মনসা বয়ং দেবস্য সবিতুঃ সবে। সুবর্গেয়ায় শক্ত্যা।

ব্যাখ্যা। বয়ং যুক্তেন (সবিত্রা পরমাত্মনি সংযোজিতেন) মনসা [তস্য] দেবস্য (দ্যোতনশীলস্য) সবিতুঃ (সূর্য্যস্য) সবে (অনুজ্ঞায়াং সত্যাং) সুবর্গেয়ায় (স্বর্গপ্রাপ্তিহেতুভূতায়) [ধ্যানকর্ম্মণি] শক্ত্যা (যথা সামর্থ্যং) [প্রযতামহে]।

অনুবাদ। সবিতা আমাদের মনঃ পরমাত্মাতে সংযোজিত করিয়াছেন, আমরা সেই মনের দ্বারা প্রকাশশীল সবিতার অনুজ্ঞাক্রমে স্বর্গপ্রাপ্তির হেতুভূত ধ্যানকর্ম্মবিষয়ে যথাশক্তি প্রযত্ন করিতে পারি।

৩। যুক্ত্বায় মনসা দেবান্ সুবর্যতো ধিয়া

দিবম্। বৃহজ্জ্যোতিঃ করিষ্যতঃ সবিতা প্রসুবাতি তান্।

ব্যাখ্যা। [পুনরপি সবিতা এবং করোতু ইতি প্রার্থনা] সবিতা (জগৎপ্রসবিতা) স্ববঃযাতঃ (স্বঃ স্বর্গং সুখং পূর্ণানন্দং ব্রহ্ম যতঃ গচ্ছতঃ, ন শব্দাদীন্) ধিয়া (সম্যগ্দর্শনেন) দিবং (দ্যোতনস্বভাবং চৈতন্যৈকরসং) বৃহৎ (মহৎ) জ্যোতিঃ (প্রকাশং) করিষ্যতঃ [পূর্ণানন্দব্রহ্মাবির্ভাবিষ্যতঃ] দেবান্ (মনআদীনি করণানি) মনসা যুক্ত্বায় (যোজয়িত্বা) তান্ (করণানি) প্রসুবাতি (করোতু) [যথা করণানি বিষয়েভ্যঃ নিবৃত্তানি আত্মাভিমুখানি আত্মপ্রকাশমেব কুর্য্যুঃ, তথা সবিতা অনুজানাতু)।

অনুবাদ। [আবার সবিতার নিকট প্রার্থনা করা হইতেছে] আমাদের ইন্দ্রিয়সমূহ যেন বিষয়সেবা না করিয়া ব্রহ্মানন্দ লাভ করে, সম্যগ্ জ্ঞানের দ্বারা চৈতন্যস্বরূপ মহৎ ব্রহ্মজ্যোতিকে প্রকাশ করে, সবিতা ইহা মনের সহিত সেই সকল ইন্দ্রিয়কে আত্মাতে যোজিত করুন। অর্থাৎ ইন্দ্রিয়-গুলি নিজ নিজ বিষয়রাজ্য হইতে নিবৃত্ত হইয়া

আত্মাভিমুখী হউক এবং আত্মস্বরূপই প্রকাশ করুক, ইহাই সবিতা বিধান করুন।

৪। যুঞ্জতে মন উত যুঞ্জতে ধিয়ো বিপ্রা বিপ্রস্য বৃহতো বিপশ্চিতঃ। বিহোত্রা দধে বয়ুনাবিদেক ইন্মহী দেবস্য সবিতুঃ পরিষ্টুতিঃ।

ব্যাখ্যা। [তৎস্বরূপানুজ্ঞানার্থং মহতী পরিষ্টুতিঃ কর্ত্তব্যা ইত্যাহ] [যে] বিপ্রাঃ (ব্রাহ্মণাঃ) (অন্তঃকরণং) যুঞ্জতে (আত্মনি যোজয়ন্তি) উত (অপরা) ধিয়ঃ (অপরাণি ইন্দ্রিয়াণি) [অপি যোজয়ন্তি], [যঃ] বয়ুনাবিৎ (প্রজ্ঞাবিৎ) একঃ (অদ্বিতীয়ঃ, তেজস্বঃ) ইৎ (ইত্থং) হোত্রাঃ (হোত্রাঃ ক্রিয়াঃ) বিদধে (বিধাকৃতবান্) ; [তৈঃ বিপ্রৈঃ] বিপ্রস্য (বিশেষেণ ব্যাপ্তস্য) বৃহতঃ মহতঃ) বিপশ্চিতঃ (সর্ব্বজ্ঞস্য দেবস্য স্বয়ংপ্রকাশচিদেকরসস্য) সবিতুঃ, মহী (মহতী) পরিষ্টুতিঃ (স্তুতিঃ) [কর্ত্তব্যা]।

অনুবাদ। যিনি সকলের সাক্ষীভূত, অদ্বিতীয়, এইরূপে যাবতীয় হোতৃকার্য্যের বিধান করিয়াছেন, সেই আত্মাতে ব্রাহ্মণগণ মনঃ ও অপর ইন্দ্রিয়সমূহকে যোজনা করেন, তাঁহাদের সর্ব্বব্যাপক, মহৎ, সর্ব্বজ্ঞ, স্বয়ংপ্রকাশ সবিতার মহতী স্তুতি করা বিধেয়।

৫। যুজে বাং ব্রহ্ম পূর্ব্ব্যং নমোভির্বিশ্লোকা-য়ন্তি পথ্যেব সূরাঃ। শৃণ্বন্তি বিশ্বে অমৃতস্য পুত্রা আয়ে ধামানি দিব্যানি তস্থুঃ।

ব্যাখ্যা। [অহং] বাং (যুবয়োঃ যুষ্মাকং বা করণানুগ্রাহ-কয়োঃ সম্বন্ধি প্রকাশ্যত্বেন প্রকাশিতং তৎ। পূর্ব্ব্যং (পূর্ব্বং চিরন্তনং) ব্রহ্ম নমোভিঃ (নমস্কারৈঃ) যুজে (সমাদধে), [এবং সমাদধানস্য মম] শ্লোকঃ (কীর্ত্তিতব্যঃ) সূরেঃ পথি (সন্মার্গে) এব বি এতু (বিবিধম্ আগচ্ছতু), [অথবা পথ্যা কীর্ত্তিরিত্যো-তদ্ বাক্যং প্রার্থনারূপং শৃণ্বন্তু] যে অমৃতস্য (ব্রহ্মণঃ) বিশ্বে (সর্ব্বে) পুত্রাঃ (তনয়াঃ) দিব্যানি (দিবি ভবানি) ধামানি (স্থানানি) আতস্থুঃ (অধিতিষ্ঠন্তি) [তে] শৃণ্বন্তু (আকর্ণয়ন্তু)।

অনুবাদ। 'আমি তোমাদের কারণভূত চিরন্তন ব্রহ্মকে নমস্কারের দ্বারা ধ্যান করি। আমি এইরূপে ব্রহ্মে চিত্ত সমাধান করিলে সাধু পথে আমার বিবিধ কীর্ত্তি বিরাজমান থাকুক।" যে ব্রহ্মের পুত্রগণ দিব্যধামে বর্ত্তমান আছেন, তাঁহারা আমার এই প্রার্থনা শ্রবণ করুন।

৬। অগ্নির্যত্রাভিমথ্যতে বায়ুর্যত্রাভিযুজ্যতে।
সোমো যত্রাতিরিচ্যতে তত্র সঞ্জায়তে মনঃ॥

ব্যাখ্যা। অগ্নিঃ যত্র (যস্মিন্ আধারে) [আধানাদৌ]

অগ্নিমথ্যতে (মথনেন উৎপাদ্যতে), বায়ুঃ যত্র (যস্মিন্ স্থলে) [প্রবর্গ্যাদৌ] অভিরুধ্যতে (সর্ব্বতঃ নিরুধ্যতে, অন্তঃ গচ্ছতীত্যর্থঃ) [অধিরুধ্যতে ইতি পাঠে তু তত্রাধিকং সর্ব্বাত্মনা রুধ্যতে নিরুণদ্ধীত্যর্থঃ] সোমঃ (চন্দ্রঃ, জ্যোতিঃ-সমূহঃ) যত্র (যস্মিন্ স্থলে) অতিরিচ্যতে (অভিভূয়তে অথবা আধিক্যো ভবতি), তত্র (তস্মিন্ স্থলে) মনঃ (অন্তঃকরণং) সঞ্জায়তে (ব্রহ্মরূপেণ উৎপদ্যতে)।

অনুবাদ। আধ নাদি ত যে আধারে অগ্নি মথনের দ্বারা উৎপন্ন হয়, প্রবর্গ্যাদিতে যে স্থলে বায়ু অন্তগমন করে, যেখানে চন্দ্রপ্রভৃতি জ্যোতিষ্কমণ্ডল অভিভূত হয়, তথায় মনঃ ব্রহ্মরূপে সম্পন্ন হয়, অর্থাৎ ধ্যেয় বস্তুর অভিমুখী হয়।

৭। সবিত্রা প্রসবেন জুষেত ব্রহ্ম পূর্ব্ব্যম্।
তত্র যোনিং কৃণবসে ন হি তে পূর্ত্তমক্ষিপৎ

ব্যাখ্যা। সবিত্রা (জগৎকারণেন) প্রসবেন (লব্ধপ্রসবেন) পূর্ব্ব্যং (চিরন্তনং) ব্রহ্ম জুষেত (সেবেত), তত্র (তস্মিন্ ব্রহ্মণি) যোনিং (সমাধিরূপাং নিষ্ঠাং) কৃণবসে (কুরুষ) [এবং কুর্ব্বতঃ যম কিং ততো ভবতীত্যত আহ—] হি (যস্মাৎ) তে (তব পূর্ত্তং শুভাশুভং কর্ম্ম) ন অক্ষিপৎ (বধ্নাতি)[জ্ঞানাগ্নিনা সর্ব্ব কর্ম্ম দগ্ধত্বাৎ]।

অনুবাদ। সবিতা শব্দপ্রসবের দ্বারা চিরন্তন ব্রহ্মের সেবা করিয়া থাকেন, তুমি ব্রহ্মে সমাধিমান্ হও, কারণ এইরূপ করিলে শুভ ও অশুভ কর্ম্ম তোমার বন্ধনহেতু হইবে না। জ্ঞানাগ্নি দ্বারা কারণের সহিত কর্ম্মসমূহ ভস্মসাৎ হইলে কে আর বন্ধন করিবে? যেহেতু জ্ঞানাগ্নি সমস্ত কর্ম্মকে ভস্মসাৎ করিয়া থাকে।

৮। ত্রিরুন্নতং স্থাপ্য সমং শরীরং হৃদীন্দ্রিয়াণি মনসা সন্নিরুধ্য। ব্রহ্মোড়ুপেন প্রতরেত বিদ্বান্ স্রোতাংসি সর্ব্বাণি ভয়াবহানি।

ব্যাখ্যা। বিদ্বান্ ত্রিরুন্নতং (ত্রীণি উরোগ্রীবাশিরাংসি উন্নতানি যস্মিন্ শরীরে তৎ) শরীরং সমং (ঋজু দণ্ডবদভুগ্নং) স্থাপ্য (সংস্থাপ্য) ইন্দ্রিয়াণি (চক্ষুরাদীনি) মনসা (চেতসা সহ) সন্নিবেশ্য (সন্নিয়ম্য) ব্রহ্মোড়ুপেন (ব্রহ্মশব্দেন ব্রহ্মপ্রাপ্তিসাধনঃ প্রণব উচ্যতে, ব্রহ্মৈব উড়ুপঃ তৎ তরণসাধনং তেন) উপসংহৃত্য (ইন্দ্রিয়াণি স্বস্বব্যাপারেভ্যঃ উপরতানি কৃত্বা) সর্ব্বাণি ভয়াবহানি (ভীষণানি) স্রোতাংসি (সংসারসরিতঃ) প্রতরেত (অতিক্রামেৎ)।

অনুবাদ। যে সমাধির দ্বারা ব্রহ্মকে

লাভ করিতে পারা যায়, তাহার প্রকার প্রদর্শিত হইতেছে] বিদ্বান্ পুরুষ বক্ষঃস্থল, গ্রীবা ও মস্তক এই তিনটী শারীর স্থান দণ্ডবৎ সমুন্নত ও হৃদয়ে চক্ষুরাদি ইন্দ্রিয়সমূহকে নিয়মিত করিয়া ব্রহ্মপ্রাপ্তি-সাধন প্রণবের দ্বারা ইন্দ্রিয়গণকে নিজ নিজ ব্যাপার হইতে নিবৃত্তিপূর্ব্বক অন্তর্ম্মুখীন করতঃ ভীষণ সংসার-সমুদ্র অতিক্রম করিবে। এই মন্ত্রে যোগের উপদেশ করা হইল বলিয়া যোগ যে বেদপ্রতিপাদ্য, তাহা বুঝিতে হইবে।

৯। প্রাণান্ প্রপীড়্যেহ সংযুক্তচেষ্টঃ ক্ষীণে প্রাণে নাসিকয়োচ্ছ্বসীত। দুষ্টাশ্বযুক্তমিব বাহমেনং বিদ্বান্মনো ধারয়েতাপ্রমত্তঃ।

ব্যাখ্যা। [প্রাণায়ামক্ষপিতমনোমলস্য চিত্তং ব্রহ্মণি স্থিতং ভবতীতি প্রাণায়ামো নির্দ্দিশ্যতে—] [প্রথমং নাড়ীশোধনং কর্ত্তব্যং, ততঃ প্রাণায়ামেঽধিকারো ভবতি] ইহ (অস্মিন্ শরীরে) প্রাণান্ (নবভিঃ দ্বারৈঃ নির্গচ্ছতঃ বায়ূন্) প্রপীড্য (যোগকুশলেন গুরুণা উপদিষ্টেন মার্গেণ প্রকর্ষেণ নিরুধ্য) সংযুক্তচেষ্টঃ (সংযুক্তা জীবনমাত্রোপযোগিনী যোগার্থা চেষ্টা যস্য

সঃ) [ততঃ] প্রাণে ক্ষীণে [সতি] নাসিকয়া (নাসিকয়োঃ নাসা-পুটয়োঃ ইত্যর্থঃ) শ্বসীত (শ্বাসং কুর্য্যাৎ) [ব্যাপারান্তরমাহ] বিদ্বান্ (ধারণাদিযুক্তঃ পুরুষঃ) অপ্রমত্তঃ (সাবধানঃ সন্) দুষ্টাশ্বযুক্তং (অশিক্ষিতৈঃ অশ্বৈঃ সম্বদ্ধং) বাহম্ (রথম্) ইব, এনং (প্রাণং) ধারয়েৎ) মনঃ (মনশ্চ ধারয়েৎ)

অনুবাদ। [এক্ষণে প্রাণায়াম কথিত হইতেছে] সাধক ব্যক্তি এই শরীরে নয়টী দ্বারের দ্বারা নির্গত বায়ুসমূহকে নিরোধ করিয়া কেবল প্রাণ-ধারাণোপযোগিনী চেষ্টাকে রাখিবে। অনন্তর প্রাণ-বায়ু ক্ষীণ হইলে নাসাপুটদ্বয়ে শ্বাসত্যাগ করিবে। বিদ্বান্ সাবধানে অশিক্ষিত অশ্বযুক্ত রথের ন্যায় প্রাণ ও মনঃকে ধারণ করিবে।

১০। সমে শুচৌ শর্করাবহ্নিবালুকাবিবর্জিতে শব্দজলাশ্রয়াদিভিঃ। মনোঽনুকূলে ন তু চক্ষুপীড়নে গুহানিবাতাশ্রয়ণে প্রযোজয়েৎ।

ব্যাখ্যা। [আসনার্থং দেশবিশেষমাহ—] সমে (নিম্নোন্নত-রহিতে দেশে) শুচৌ (শুদ্ধে) শর্করাবহ্নিবালুকাবিবর্জিতে (শর্করাঃ ক্ষুদ্রাঃ পাষাণাঃ, বহ্নিঃ—দাহপাককরং তেজঃ, বালুকাঃ সিকতাঃ এতাভিঃ রহিতে) শব্দজলাশ্রয়াদিভিঃ (শব্দঃ

ধ্বনিবিশেষঃ,বর্ণাত্মকঃ বা, জলম্‌আশ্রয়ঃ—গৃহম্‌ অথবা জলাশ্রয়ঃ অতিশীতলপ্রদেশঃ আদিশব্দেন সিংহসর্পাদ্যাশ্রয়ঃ, তৈঃ) [কিং বহুনা] মনোহনুকূলে (মনসঃ অনুরাগজনকে) ন তু চক্ষুপীড়নে (চক্ষুঃপীড়াকরে, ছান্দসঃ বিসর্গলোপঃ) গুহানিবাতাশ্রয়ণে (গুহায়াম্‌ একান্তে নিবাতে নির্ব্বাতে স্থানে এব আশ্রয়ণে আশ্রয়ে) প্রযোজয়েৎ (প্রকর্ষেণ যোগং কুর্য্যাৎ)।

অনুবাদ। [এখন যোগাঙ্গ আসনের উপযোগী স্থান নির্ণয় করিতেছেন] ধ্যানশীল ব্যক্তি সমতল, পবিত্র পাষাণচূর্ণ অগ্নি-বালুকাবিহীন, শব্দ-জল-গৃহাদির দ্বারা মনোহর, চক্ষুঃপীড়াবিহীন, নির্জ্জন গুহাদিতে এবং বাতাদিহীন দেশে আশ্রয় গ্রহণ করিয়া পরমাত্মস্বরূপ ব্রহ্মে চিত্ত সমাধান করিবে।

১১। নীহারধূমার্কানলানিলানাং খদ্যোতবিদ্যুৎস্ফটিকশশিনাম্‌। এতানি রূপাণি পুরঃসরাণি ব্রহ্মণ্যভিব্যক্তিকরাণি যোগে।

ব্যাখ্যা। [ইদানীং যোগম্‌ অভ্যস্যতঃ অভিব্যক্তিচিহ্নানি বক্ষ্যন্তে] নীহারধূমার্কানিলানলানাং (নীহারঃ তুষারঃ, তদ্বৎ প্রাগেঃ সমা চিত্তবৃত্তিঃ প্রবর্ত্ততে ততঃ ধূম ইবাভাতি, ততোহর্কবৎ, ততঃ বায়ুরিবাভাতি। ততো বহ্নিরিবাত্যুক্ষঃ বায়ুঃ

প্রকাশদহনঃ প্রবর্ত্ততে বায়ুবায়ুরিব সংক্ষোভিতঃ বলবান্ বিজৃম্ভতে) খদ্যোতবিদ্যুৎস্ফটিকশশিনাম্ (কদাচিৎ খদ্যোতপঙ্‌ক্তিমিব অন্তরিক্ষমালক্ষ্যতে, বিদ্যুদিব রোচিষ্ণুরালক্ষ্যতে, কদাচিৎ স্ফটিকাকৃতিঃ, কদাচিৎ পূর্ণশশিবৎ) যোগে (সমাধৌ ক্রিয়মাণে) এতানি (নীহারখদ্যোতাদীনামুক্তানি) রূপাণি (চক্ষুর্গ্রহণযোগ্যানি) ব্রহ্মণি (ব্রহ্মবিষয়ে) পুরঃসরাণি (অগ্রগামীনি) অভিব্যক্তিকরাণি (সাক্ষাৎকারসূচকানি) [ভবন্তি]।

অনুবাদ। [যোগ অনুষ্ঠান করিলে যোগীর যে সকল চিহ্ন আবির্ভূত হয়, তাহা বলিতেছেন] কখনও তুষারের ন্যায়, কখনও ধূমের ন্যায়, কখনও সূর্য্যের ন্যায়, কখনও বায়ুর ন্যায়, কখনও অগ্নির ন্যায়, কখনও খদ্যোত, বিদ্যুৎ, স্ফটিক ও পূর্ণচন্দ্রের ন্যায়, (যোগীর সম্মুখস্থ) আকাশে প্রকাশিত হয়। অষ্টাঙ্গযোগ অনুষ্ঠিত হইলে পূর্ব্বোক্ত নীহারাদিরূপ ব্রহ্মসাক্ষাৎকারের সূচক হইয়া থাকে। যখন যোগানুষ্ঠান করিতে করিতে যোগীর উক্ত রূপ নয়নপথে পতিত হয়, তখন বুঝিতে হইবে, ব্রহ্মলাভের আর বিলম্ব নাই।

১২। পৃথ্ব্যপ্তেজোঽনিলখে সমুত্থিতে পঞ্চাত্মকে

যোগগুণে প্রবৃত্তে। ন তস্য রোগো ন জরা ন মৃত্যুঃ প্রাপ্তস্য যোগাগ্নিময়ং শরীরম্।

ব্যাখ্যা। পৃথ্যপ্‌তেজোঽনিলখে (ভূমিজলাগ্নিবায়ুশূন্যেষু) সমুত্থিতে (সমুত্থিতেষু) পঞ্চাত্মকে (পঞ্চভূতাত্মকে শরীরে) যোগগুণে (যোগস্য অষ্টাঙ্গযোগযুক্তস্য গুণে) প্রবৃত্তে (প্রবৃত্তিং কুর্ব্বতি) যোগাগ্নিময়ং (যোগাগ্নিরঞ্জদোষকলাপং) শরীরং (দেহং) প্রাপ্তস্য তস্য (যোগিনঃ) ন রোগঃ (ব্যাধিঃ) ন জরা (বার্দ্ধক্যং) ন মৃত্যুঃ (মরণম্) [ভবতি]।

অনুবাদ। পৃথিবী, জল, অগ্নি, বায়ু ও আকাশ এই পাঁচটী ভূত ধ্যানের দ্বারা জয় করিবার পর পঞ্চভূতযোগফল প্রবৃত্ত হইলে যোগাগ্নিময় শরীরধারী পুরুষের রোগ, জরা ও মৃত্যু কিছুই থাকে না। জ্যোতিষ্মতী, স্পর্শবতী, রসবতী ও গন্ধবতী এই চারিটীকে প্রবৃত্তি কহে, তন্মধ্যে প্রথম তিনটী পরা, চতুর্থটী অপরা। যদি এই চারিটীর মধ্যে একটীও প্রবৃত্ত হয়, তবে যোগিগণ তাহাকে প্রবৃত্ত যোগ কহেন।

১৩। লঘুত্বমারোগ্যমলোলুপত্বং বর্ণপ্রসাদং

স্বরসৌষ্ঠবং চ। গন্ধঃ শুভো মূত্রপুরীষমল্পং যোগপ্রবৃত্তিং প্রথমাং বদন্তি।

ব্যাখ্যা। [পুনর্যোগপ্রাপ্তৌ লিঙ্গান্তরাণি সিদ্ধিসূচকানি আহ] লঘুত্বম্ (লাঘবম্) আরোগ্যম্ (রোগরাহিত্যম্ উৎসাহবৃদ্ধিরিতি যাবৎ) অলোলুপত্বং (অভিলাষরাহিত্যং) বর্ণপ্রসাদং (বর্ণস্য কৃষ্ণগৌরাদেঃ প্রসাদঃ প্রসন্নতা তং নয়নানন্দরূপত্বমিত্যর্থঃ) স্বরসৌষ্ঠবং চ (স্বরস্য কণ্ঠনির্গতস্য ধ্বনেঃ সৌষ্ঠবং মাধুর্যাদিবত্বং ভবতি) [চকার উক্তানামনুক্তানাং চ তৎসন্নিধৌ বৈরত্যাগ ইত্যাদীনাং সমুচ্চয়ার্থঃ]। শুভঃ (সর্ব্বপ্রাণ্যানন্দকারী) গন্ধঃ (চম্পককেতক্যাদিগন্ধঃ) অল্পং মূত্রপুরীষং (ভূয়সাপি পীতে ভুক্তে চ এতদ্দ্বয়ং স্তোকং ভবতি) [যোগবিদঃ] যোগপ্রবৃত্তিং (যোগস্য অষ্টাঙ্গলক্ষণস্য প্রবৃত্তিঃ সাধকং প্রত্যাগমনরূপা তাং) প্রথমাং (পূর্ব্বভাবিনীং) বদন্তি (কথয়ন্তি)।

অনুবাদ। [যোগলাভ ঘটিলে সিদ্ধিসূচক অপর চিহ্নসকল যাহা প্রকাশিত হয়, তাহা বলিতেছেন] লঘুতা, আরোগ্য লোভশূন্যতা, বর্ণের ঔজ্জ্বল্য, স্বরমাধুর্য্য এবং তাহার নিকটে বিরোধী প্রাণিগণের বৈরত্যাগ, আনন্দময় গন্ধ, অল্প বিষ্ঠা-মূত্র হইয়া থাকে। যোগিগণ ইহাকে প্রথমা যোগপ্রবৃত্তি বলেন।

১৪। যথৈব বিম্বং মৃদয়োপলিপ্তং তেজোময়ং ভ্রাজতে তৎসুধাতম্। তদ্বাত্মতত্ত্বং প্রসমীক্ষ্য দেহী একঃ কৃতার্থো ভবতে বীতশোকঃ।

ব্যাখ্যা। যথা এব মৃদয়া (মৃত্তিকয়া) উপলিপ্তং (পূর্ব্বং মলিনীকৃতং) বিম্বং (সৌবর্ণং রাজতং বা) সুধাতং (পশ্চাৎ সুধৌতম্ অগ্ন্যাদিনা বিমলীকৃতং সৎ) তৎ তেজোময়ং ভ্রাজতে (শোভতে)। দেহী (জীবঃ) তদ্বা বা (তদেব) আত্মতত্ত্বম্ (আত্মস্বরূপং) প্রসমীক্ষ্য (দৃষ্ট্বা) একঃ (অদ্বিতীয়ঃ) কৃতার্থঃ (কৃতকৃত্যঃ) বীতশোকঃ (শোকরহিতশ্চ) ভবতে (ভবতি)।

অনুবাদ। যেমন মৃত্তিকাদির দ্বারা মলিন সুবর্ণ কিংবা রজত উত্তমরূপে প্রক্ষালিত হইলে তেজোময় রূপ ধারণ করে, সেইরূপ দেহী আত্মতত্ত্ব দর্শন করিয়া অদ্বিতীয়, কৃতকৃত্য এবং শোকবিহীন হন।

১৫। যদাত্মতত্ত্বেন তু ব্রহ্মতত্ত্বং দীপোপমেনেহ যুক্তঃ প্রপশ্যেৎ। অজং ধ্রুবং সর্ব্বতত্ত্বৈর্বিশুদ্ধং জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্ব্বপাশৈঃ।

ব্যাখ্যা। [কথং বীতশোকঃ ভবতীত্যাহ] যদা (যস্মাৎ

অবস্থায়াম্) ইহ (আত্মনি) দীপোপমেন (দীপসদৃশেন প্রকাশ-রূপেণ) আত্মতত্ত্বেন (আত্মস্বরূপেণ) যুক্তঃ ব্রহ্মতত্ত্বং (ব্রহ্ম-স্বরূপং) প্রপশ্যেৎ (সাক্ষাৎ কুর্য্যাৎ) তদা (তস্যাম্ অবস্থায়াম্) অজং (জন্মাদিবিকারশূন্যং) ধ্রুবম্ (অপরিণামি) সর্ব্বতত্ত্বৈঃ (সর্ব্বৈঃ ভূতৈঃ ভৌতিকৈশ্চ সাবিদ্যৈঃ স্বরূপৈঃ) বিশুদ্ধং দেবং (স্বপ্রকাশং) জ্ঞাত্বা (অজাদিরূপং ব্রহ্মাহমস্মীতি বিদিত্বা) মুচ্যতে (মুক্তো ভবতি)।

অনুবাদ। যখন জীব দীপস্থানীয় আত্ম-তত্ত্বযুক্ত হইয়া আত্মাতে ব্রহ্মতত্ত্ব দর্শন করেন, তখন জন্মাদিরহিত. অপরিণামী সর্ব্বতত্ত্ব দ্বারা বিশুদ্ধ স্বয়ং-প্রকাশ ব্রহ্মকে জানিয়া মুক্তিলাভ করেন।

১৬। এষো হ দেবঃ প্রদিশোঽনু সর্ব্বাঃ পূর্ব্বো হ জাতঃ স উ গর্ভে অন্তঃ। স এব জাতঃ স জনিষ্য-মাণঃ প্রত্যঙ্‌জনাস্তিষ্ঠতি সর্ব্বতোমুখঃ।

ব্যাখ্যা। এষঃ হ (প্রসিদ্ধঃ) দেবঃ (স্বয়ংপ্রকাশঃ) প্রদিশঃ (প্রাচ্যাদ্যাঃ দিশঃ) সর্ব্বাঃ (সকলাঃ উপদিশশ্চ), সঃ হ পূর্ব্বঃ (প্রথমঃ হিরণ্যগর্ভাত্মনা) জাতঃ (উৎপন্নঃ) [সঃ] উ গর্ভে অন্তঃ (গর্ভস্য অন্তঃ বর্ত্তমানঃ), স এব জাতঃ (উৎপন্নঃ) স জনিষ্যমাণঃ (উৎপৎস্যমানঃ) স এব সর্ব্বতোমুখঃ (সকলপ্রা-

গতানি মুখানি অস্য সঃ) জনান্ প্রত্যঙ্, তিষ্ঠতি (প্রকর্ষেণ অবস্থানং করোতি)।

অনুবাদ। সেই প্রসিদ্ধ স্বয়ংপ্রকাশ ব্রহ্মই প্রাচীপ্রভৃতি দিক্‌সমূহ এবং অবান্তর দিক্-সকল। তিনি প্রথমে হিরণ্যগর্ভস্বরূপে উৎপন্ন হইয়াছেন, তিনি বিরাট্‌রূপে গর্ভে অবস্থান করিতে-ছেন। তিনি সর্ব্বপ্রাণীর মুখরূপে জনগণে বিদ্যমান আছেন।

১৭। যো দেবোঽগ্নৌ যোঽপ্সু যো বিশ্বং ভুবনমাবিবেশ। য ওষধীষু যো বনস্পতিষু তস্মৈ দেবায় নমো নমঃ।

ইতি শ্বেতাশ্বতরোপনিষৎসু দ্বিতীয়োঽধ্যায়ঃ।

ব্যাখ্যা। যঃ দেবঃ অগ্নৌ (তেজসি যঃ অপ্সু (জলে) যঃ বিশ্বং ভুবনম্ (সমস্তং সংসারমণ্ডলম্) আবিবেশ (প্রবিষ্টবান্) যঃ (দেবঃ) ওষধীষু (শাল্যাদিষু) বনস্পতিষু (অশ্বত্থাদিষু) [আবিবেশ], তস্মৈ বিশ্বাত্মনে (ভুবনমূলায় পরমেশ্বরায়) নমো নমঃ। [দ্বির্বচনমাদরার্থমধ্যায়পরিসমাপ্ত্যর্থঞ্চ]।

অনুবাদ। যে স্বয়ংপ্রকাশ ব্রহ্ম অগ্নি, জল

ও সমস্ত ভুবনে, শালিপ্রভৃতি ওষধিসমূহে এবং অশ্বত্থাদি বনস্পতিগণে প্রবিষ্ট রহিয়াছেন, সেই সকল ভুবনের আদিকারণ পরমেশ্বরের উদ্দেশে নমস্কার।

দ্বিতীয় অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

তৃতীয়োঽধ্যায়ঃ।

১। য একো জালবানীশত ঈশনীভিঃ সর্ব্বাঁল্লোকানীশত ঈশনীভিঃ। য এবৈক উদ্ভবে সম্ভবে চ য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্তি।

ব্যাখ্যা। যঃ একঃ (পরমাত্মা) [সঃ] জালবান্ (জালং মায়া তদ্ অস্যাস্তীতি মায়াবী ইত্যর্থঃ) ঈশনীভিঃ (স্বশক্তিভিঃ) [মায়োপাধিঃ সন্] ঈশতে (ঈষ্টে) ঈশনীভিঃ (পরমশক্তিভিঃ) সর্ব্বান্ লোকান্ ঈশতে (ঈষ্টে), যঃ উদ্ভবে (উৎপত্তৌ) সম্ভবে চ (সংহারে চ) [চকারাৎ মধ্যে] এক এব। যে এতদ্ বিদুঃ (জানন্তি) তে অমৃতাঃ (অমরণধর্ম্মাণঃ) ভবন্তি।

অনুবাদ। যিনি অদ্বিতীয় হইলেও মায়াবী হইয়া নিজ নিজ শক্তির দ্বারা সকলের প্রভুরূপে বিদ্যমান আছেন এবং মায়াশক্তির দ্বারা সমস্ত লোককে পরিচালিত করিতেছেন। যিনি জগতের উৎপত্তি, স্থিতি ও সংহারে একই আছেন; যিনি ইহা জানেন, তাঁহাকে আর মরিতে হয় না, অর্থাৎ তিনি মুক্তিলাভ করেন।

২। একো হি রুদ্রো ন দ্বিতীয়ায় তস্থুর্য ইমাল্লোঁকানীশত ঈশনীভিঃ। প্রত্যঙ্ জনাস্তিষ্ঠতি সঙ্কুকোচান্তকালে সংসৃজ্য বিশ্বা ভুবনানি গোপাঃ।

ব্যাখ্যা। হি (যস্মাৎ) একঃ রুদ্রঃ, দ্বিতীয়ায় (দ্বিতীয়ার্থং) ন তস্থুঃ (তস্থৌ, ন স্থিতিং কৃতবান্), যঃ (প্রসিদ্ধঃ) ইমান্ (প্রত্যক্ষভূতান্) লোকান্ ঈশনীভিঃ (স্বশক্তিভিঃ) ঈশতে (ঈষ্টে), জনান্ প্রত্যঙ্ (প্রত্যন্তরং, প্রতিপুরুষম্) তিষ্ঠতি। [কিঞ্চ] বিশ্বা ভুবনানি (বিশ্বানি ভুবনানি চতুর্দ্দশলোকান্ ইত্যর্থঃ) সংসৃজ্য (সম্যগ্ উৎপাদ্য) গোপাঃ (গোপ্তা রক্ষিতা ভূত্বা) অন্তকালে (প্রলয়কালে) সংচুকোচ (সঙ্কোচং কৃতবান্, উপসংহৃতবান্ ইত্যর্থঃ)।

অনুবাদ। ব্রহ্মবিদের পক্ষে এক রুদ্র ব্যতীত দ্বিতীয় কোন বস্তু নাই। যিনি সমস্ত লোক নিজশক্তির দ্বারা বশীভূত করেন এবং প্রতিপুরুষে যিনি বিদ্যমান্ আছেন তিনি এই চতুর্দ্দশ ভুবন সৃষ্টি করিয়া তাহাদের পালন করতঃ প্রলয়কালে আবার সংহার করিয়াছেন।

৩। বিশ্বতশ্চক্ষুরুত বিশ্বতোমুখো বিশ্বতো-বাহুরুত বিশ্বতস্পাৎ। সংবাহুভ্যাং ধমতি সং পতত্রৈ-র্দ্যাবাভূমী জনয়ন্ দেব একঃ।

ব্যাখ্যা। বিশ্বতশ্চক্ষুঃ বিশ্বানি সর্ব্বপ্রাণিগতানি চক্ষুংষি অস্য সর্ব্বতোনেত্র ইত্যর্থঃ) উত (অপি) বিশ্বতোমুখঃ (সর্বত-আননা) বিশ্বতোবাহুঃ (সর্ব্বতোভুজঃ) উত (অপি) বিশ্ব-তস্পাৎ (সর্ব্বতশ্চরণঃ) একঃ (ভেদশূন্যঃ) দেবঃ (স্বয়ংপ্রকাশঃ পরমেশ্বরঃ) দ্যাবাভূমীঃ দ্যুলোকং ভূলোকঞ্চ) জনয়ন্ (উৎ-পাদয়ন্) [উপলক্ষণমিদং স্থাপয়ন্ সংহরংশ্চ] বাহুভ্যাং (ভুজাভ্যাং ধর্ম্মাধর্ম্মাভ্যাং বা) [দ্বিপদো মনুষ্যাদীন্] পতত্রৈঃ (পতনসাধনৈঃ পাদৈঃ পক্ষৈঃ বা) [পক্ষিণঃ] সংধমতি (সংযো-জয়তি)।

অনুবাদ। সমস্ত প্রাণীর নেত্রসমূহ যাঁহার

নেত্র, সকলের মুখ যাঁহার মুখ, সমস্ত বাহু যাঁহার বাহু এবং সকলের চরণ যাঁহার চরণ, সেই অদ্বিতীয় স্বয়ংপ্রকাশ পরমেশ্বর দ্যুলোকের ও ভূলোকের উৎপাদন, পালন ও সংহার করিয়া দ্বিপদ মনুষ্যগণকে বাহুদ্বয় অথবা ধর্ম্মাধর্ম্ম দ্বারা এবং পক্ষিগণকে পক্ষসমূহের দ্বারা সংযোজিত করেন। পরমেশ্বর সর্ব্বাত্মক বলিয়া সকলের নেত্রাদি তাঁহার নেত্রাদি হইতে পারে।

৪। যো দেবানাং প্রভবশ্চোদ্ভবশ্চ বিশ্বাধিপো রুদ্রো মহর্ষিঃ। হিরণ্যগর্ভং জনয়ামাস পূর্ব্বং স নো বুদ্ধ্যা শুভয়া সংযুনক্তু।

ব্যাখ্যা। যঃ দেবানাম্ (ইন্দ্রাদীনাং) প্রভবশ্চ (উৎপত্তিহেতুঃ) উদ্ভবশ্চ (স্থিতিহেতুঃ) বিশ্বাধিপঃ (বিশ্বস্য অধিপঃ পালয়িতা) রুদ্রঃ (অবিদ্যানাশকঃ) মহর্ষিঃ (সর্ব্বজ্ঞঃ) পূর্ব্বং (সর্গাদৌ) হিরণ্যগর্ভং (হিতং রমণীয়ম্ অত্যুজ্জ্বলং জ্ঞানং গর্ভঃ অন্তঃসারঃ যস্য তং) জনয়ামাস (উৎপাদিতবান্), সঃ (হিরণ্যগর্ভোৎপাদকঃ) নঃ (অস্মান্) শুভয়া (ব্রহ্মবিষয়িণ্যা) বুদ্ধ্যা (ধিষণয়া) সংযুনক্তু (সংযুক্তান্ করোতু)।

অনুবাদ। যিনি ইন্দ্রাদি দেবগণের উৎপত্তি ও স্থিতির কারণ, বিশ্বের পালয়িতা, অবিদ্যা-নাশক, সর্ব্বজ্ঞ ; যিনি সৃষ্টির প্রথমে হিরণ্যগর্ভকে সৃষ্টি করিয়াছেন, তিনি আমাদিগকে ব্রহ্মবিষয়িণী বুদ্ধির দ্বারা সংযুক্ত করুন।

৫। যা তে রুদ্র শিবা তনূরঘোরা পাপকাশিনী।
তয়া নস্তনুবা শন্তময়া গিরিশন্তাভিচাকশীহি।

ব্যাখ্যা। [পুনরপি তস্য স্বরূপং দর্শয়ন্ অভিপ্রেতম্ অর্থং প্রার্থয়তে মন্ত্রদ্বয়েন—] রুদ্র! (হে রুদ্র!) হে গিরিশন্ত! (গিরিণা শন্তঃ, শং সুখং তদস্যাস্তীতি) যা (প্রসিদ্ধা) তে (তব) শিবা (মঙ্গলা) অঘোরা (ন ঘোরা) শশিবিম্বমিব আহ্লাদিনী অপাপকাশিনী (স্মৃতিমাত্রাঘনাশিনী, পুণ্যাভিব্যক্তিকরী); তয়া শান্তময়া (সুখতময়া) তনুবা (তন্বা) নঃ (অস্মান্) অভিচাকশীহি (অভিপশ্য)।

অনুবাদ। হে রুদ্র! তুমি পর্ব্বতে অবস্থান করিয়া জীবের সুখ প্রদান করিয়া থাক। তোমার যে মঙ্গলপ্রদ, আহ্লাদ জননী, পুণ্যপ্রকাশকারিণী মূর্ত্তি আছে, তুমি সেই সুখতম মূর্ত্তির দ্বারা আমাদিগকে দর্শন কর।

৬। যামিষুং গিরিশং ত হস্তে বিভর্ষ্যস্তবে।
শিবাং গিরিত্র তাং কুরু মা হিংসীঃ পুরুষং জগৎ।

ব্যাখ্যা। হে গিরিশন্ত। (গিরৌ স্থিত্বা শং সুখং তনোতি) হে গিরিত্র! (গিরিং ত্রায়তে ইতি) [ত্বং] যাম্ (প্রসিদ্ধাম্) ইষুম্ (বাণরূপাং বাণমিত্যর্থঃ) অস্তবে জলে প্রক্ষেপার্থং) হস্তে বিভর্ষি (ধারয়সি) তাং শিবাং কুরু, মা হিংসীঃ (হিংসাং মা কৃথাঃ) [যতঃ] পুরুষং (পুরুষরূপং) জগৎ (স্থাবরজঙ্গমাদি)।

অনুবাদ। হে রুদ্র! তুমি পর্ব্বতে অবস্থান করিয়া জীবের সুখ প্রদান করিয়া থাকে, তুমি পর্ব্বতকে রক্ষা কর। তুমি লোকের উপর প্রক্ষেপ করিবার নিমিত্ত যে বাণ হস্তে ধারণ করিয়াছ, তাহার দ্বারা জগতের মঙ্গলকর, কাহারও হিংসা করিও না, কারণ এই জগৎ পুরুষস্বরূপ।

৭। ততঃ পরং ব্রহ্ম পরং বৃহন্তং যথা নিকায়ং সর্ব্বভূতেষু গূঢ়ম্। বিশ্বস্যৈকং পরিবেষ্টিতারমীশং তং জ্ঞাত্বামৃতা ভবন্তি।

ব্যাখ্যা। [ইদানীং তস্যৈব কারণাত্মনাহবস্থানং দর্শয়ন্ জ্ঞানাদ্ অমৃতত্বম্ আহ—] ততঃ (জগতঃ) পরং (ব্যাপকং)

[ব্রহ্মশব্দার্থমাহ—] ব্রহ্ম পরং (ব্রহ্মণঃ হিরণ্যগর্ভাৎ পরং) বৃহন্তং (অতিশয়েনাধিকং, দেশকালবস্তুপরিচ্ছেদশূন্যমিত্যর্থঃ), যথানিকায়ং (যথাশরীরং) সর্ব্বভূতেষু (সকলপ্রাণিষু) গূঢ়ম্ (অন্তরবস্থিতম্), বিশ্বস্য (জগতঃ) একং (অদ্বিতীয়ং) পরিবেষ্টিতারম্ (সমন্তাদ্ উপসংহর্ত্তারম্) তম্ (ব্রহ্মরূপম্) ঈশং (পরমেশ্বরং) জ্ঞাত্বা (অহমস্মীত্যবগম্য) অমৃতা (আনন্দাত্মস্বরূপবিজ্ঞানেন মরণশূন্যাঃ) ভবন্তি।

অনুবাদ। জগৎ ও হিরণ্যগর্ভ হইতে পর, অর্থাৎ উহাদেরও ব্যাপক সেই ব্রহ্ম বৃহৎ, তিনি সর্ব্বভূতে সকলের শরীরের অভ্যন্তরে গুপ্তভাবে অবস্থিত আছেন। তিনিই জগতের একমাত্র সংহারকর্ত্তা; সেই ব্রহ্মস্বরূপ পরমেশ্বরকে জানিয়া জীব মরণশূন্য হইয়া থাকেন।

৮। বেদাহমেতং পুরুষং মহান্তমাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ। তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়।

ব্যাখ্যা। [ইদানীম্ উক্তম্ অর্থং প্রচয়িতুং মন্ত্রদৃগনুভবং দর্শয়িত্বা পূর্ণানন্দাদ্বিতীয়ব্রহ্মাত্মপরিজ্ঞানাদেব পরমপুরুষার্থ-

প্রাপ্তির্নান্যথা ইতি দর্শয়তি—] এতং (প্রত্যগাত্মানং) পুরুষং (পূর্ণং) মহান্তম আদিত্যবর্ণং (প্রকাশরূপং) তমসঃ (অজ্ঞানাৎ) পরস্তাৎ (পরং) ত্বম এব বিদিত্বা (জ্ঞাত্বা) মৃত্যুম্ (মরণম্) অত্যেতি (অতিক্রামতি), অয়নায় (পরমপদপ্রাপ্তয়ে, মোক্ষলাভায় ইত্যর্থঃ) অন্যঃ পন্থাঃ (উপায়ঃ) ন (নাস্তি)।

অনুবাদ। এই পূর্ণ, মহান্, প্রকাশস্বরূপ অজ্ঞানের পরবর্ত্তী আত্মাকে জানিয়া জীব মৃত্যুকে অতিক্রম করে, জ্ঞান ভিন্ন মোক্ষলাভের অন্য উপায় নাই। একমাত্র তত্ত্বজ্ঞান দ্বারা ব্রহ্মাত্মস্বরূপ অবগত হওয়া যায়।

৯। যস্মাৎ পরং নাপরমস্তি কিঞ্চিদ্ যস্মান্নাণীয়ো ন জ্যায়োঽস্তি কশ্চিৎ। বৃক্ষ ইব স্তব্ধো দিবি তিষ্ঠত্যেকস্তেনেদং পূর্ণং পুরুষেণ সর্ব্বম্।

ব্যাখ্যা। যস্মাৎ (পুরুষাৎ) পরম্ (উৎকৃষ্টম্) অপরং (অন্যৎ) কিঞ্চিৎ ন অস্তি, যস্মাৎ অণীয়ঃ (অণুতরং) জ্যায়ঃ (মহত্তরং বা) কিঞ্চিৎ ন অস্তি। একঃ (অদ্বিতীয়ঃ পরমাত্মা) বৃক্ষ ইব স্তব্ধঃ (নিশ্চলঃ) দিবি (দ্যোতনাত্মনি) [স্বে মহিম্নি] তিষ্ঠতি, তেন পুরুষেণ ইদং সর্ব্বং পূর্ণম্ (ব্যাপ্তম্)।

অনুবাদ। এই পুরুষ হইতে উৎকৃষ্ট আর কোন বস্তু নাই, তাহা হইতে অণুতর বা বৃহত্তর কিছুই নাই। এক পরমাত্মা বৃক্ষের ন্যায় নিশ্চলভাবে স্বপ্রকাশ স্বমহিমায় অবস্থান করিতেছেন, সেই অদ্বিতীয় পরমাত্মা এই সমস্ত বিশ্ব ব্যাপিয়া আছেন।

১০। ততো যদুত্তরতরং তদরূপমনাময়ম্।
য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্ত্যথেতরে দুঃখমেবাপি যন্তি।

ব্যাখ্যা। [ইদানীং ব্রহ্মণঃ পূর্ব্বোক্তকার্য্যকারণতাং দর্শয়ন্ জ্ঞানিনামমৃতত্বম্ ইতরেষাঞ্চ সংসারিত্বং দর্শয়তি] ততঃ (জগতঃ) যৎ উত্তরতরং (উত্তরং কারণং ততোঽপি উত্তরং কার্য্যকারণবিনির্মুক্তং ব্রহ্মৈবেত্যর্থঃ) তৎ অরূপং (রূপাদিরহিতং) অনাময়ম্ (আধ্যাত্মিকাদিতাপত্রয়রহিতম্)। যে (অধিকারিণঃ) এতৎ (অনাময়ং পরিপূর্ণরূপং) বিদুঃ (জানন্তি), তে অমৃতাঃ (অমরণধর্ম্মাণঃ) ভবন্তি, অথ ইতরে (অন্যে, অবিদ্বাংসঃ, যে ন বিদুঃ তে) দুঃখমেব অপি যন্তি (লভন্তে)।

অনুবাদ। যাহা জগতের কারণ অপেক্ষাও পর অর্থাৎ কার্য্য-কারণবিহীন, তাহা রূপাদিশূন্য,

যোগরহিত ব্রহ্ম। যাঁহারা উক্তরূপ ব্রহ্মকে জানেন, তাঁহারা মুক্তি লাভ করেন, তদ্ভিন্ন অবিদ্বদ্‌গণ সংসার-দুঃখ প্রাপ্ত হয়।

১১। সর্ব্বাননশিরোগ্রীবঃ সর্ব্বভূতগুহাশয়ঃ।
সর্ব্বব্যাপী স ভগবান্ তস্মাৎ সর্ব্বগতঃ শিবঃ।

ব্যাখ্যা। [ইদানীং তস্যৈব সর্ব্বাত্মত্বং দর্শয়তি] সর্ব্বাননশিরোগ্রীবঃ (সর্ব্বাণি আননানি শিরাংসি গ্রীবাশ্চ অস্য) সর্ব্বভূতগুহাশয়ঃ (সর্ব্বেষাং ভূতানাং গুহায়াং বুদ্ধৌ শেতে ইতি) সর্ব্বব্যাপী স ভগবান্ (ঐশ্বর্য্যাদিসমষ্টিঃ), [যস্মাদেবং) তস্মাৎ সর্ব্বগতঃ শিবঃ।

অনুবাদ। সকলের মুখ যাঁহার মুখ, সকলের মস্তক যাঁহার মস্তক এবং সকলের গ্রীবা যাঁহার গ্রীবা যিনি সর্ব্বপ্রাণীর বুদ্ধিরূপ গুহাতে অবস্থান করেন, তিনি সর্ব্বব্যাপী ঐশ্বর্য্যাদিসম্পন্ন, অতএব সর্ব্বত্র বিরাজমান এবং শিবস্বরূপ।

১২। মহান্ প্রভুর্ব্বৈ পুরুষঃ সত্ত্বস্যৈষ প্রবর্ত্তকঃ।
সুনির্ম্মলামিমাং প্রাপ্তিমীশানো জ্যোতিরব্যয়ঃ।

ব্যাখ্যা। এষঃ বৈ (নিশ্চয়েন) মহান্ (অধিকঃ) প্রভুঃ

(সমর্থঃ) পুরুষঃ (পরিপূর্ণঃ), সত্বস্য (অন্তঃকরণস্য) প্রবর্ত্তকঃ (প্রেরয়িতা), সুনির্ম্মলাম্ (বিশুদ্ধাম্, অবিদ্যাদিমলরহিতাম্) ইমাং (বিদুষা প্রত্যক্ষাং) প্রাপ্তিম্ (পরমপদপ্রাপ্তিম্) ঈশানঃ (ঈশিতা), জ্যোতিঃ (পরিশুদ্ধঃ) অব্যয়ঃ (অবিনাশী)।

অনুবাদ। তিনি মহান্, সমর্থ, পূর্ণ সর্ব্বপ্রাণীর বুদ্ধির প্রেরক; তিনি অবিদ্যাদিদোষশূন্য পরমপদপ্রাপ্তির বিধান করেন, তিনি প্রকাশস্বরূপ এবং অবিনাশী।

১৩। অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষোঽন্তরাত্মা সদা জনানাং হৃদয়ে সন্নিবিষ্টঃ। হৃদা মনীষী মনসাভিক্লৃপ্তো য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্তি।

ব্যাখ্যা। [সর্ব্বভূতগুহাশয়ত্বমুপপাদয়তি] অঙ্গুষ্ঠমাত্রঃ (অভিব্যক্তিস্থানস্য হৃদয়স্য অঙ্গুষ্ঠপরিমাণত্বাৎ পুরুষোঽপি অঙ্গুষ্ঠমাত্র উচ্যতে) পুরুষঃ (পূর্ণঃ, পুরিশায়ী বা) অন্তরাত্মা সর্ব্বস্য ভূতস্য আত্মভূতঃ স্থিতঃ) সদা (সর্ব্বদা) জনানাং হৃদয়ে (হৃদয়পদ্মে) সন্নিবিষ্টঃ (সম্যক্ প্রবিষ্টঃ), মনীশঃ (জ্ঞানেশঃ) হৃদা (হৃদয়স্থেন) মনসা অভিক্লৃপ্তঃ (অভিগুপ্তঃ), যে (জনাঃ)

এতৎ (পূর্ব্বোক্তং) বিদুঃ (জানন্তি), তে অমৃতাঃ (মুক্তাঃ) ভবন্তি।

অনুবাদ। [ব্রহ্ম যে সর্ব্বপ্রাণীর বুদ্ধিরূপ গুহায় অবস্থান করেন, তাহাই বলিতেছেন] অঙ্গুষ্ঠপরিমিত জীবহৃদয় ব্রহ্মের অভিব্যক্তি স্থান বলিয়া অঙ্গুষ্ঠপরিমাণ, পূর্ণ, সকলের অন্তরাত্মা, সর্ব্বদা সকল লোকের হৃদয়পদ্মে প্রবিষ্ট, জ্ঞানের প্রভু হৃদয়স্থিত মনের দ্বারা যিনি প্রাপ্ত হন, যিনি ইহা জানেন তিনি অমৃত হন।

১৪। সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
স ভূমিং বিশ্বতো বৃত্বাত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্।

ব্যাখ্যা। পুরুষঃ (পরিপূর্ণস্বভাবঃ পরমাত্মা) সহস্রশীর্ষা (অনন্তমস্তকঃ) সহস্রাক্ষঃ (অনন্তচক্ষুঃ) সহস্রপাৎ (অনন্তচরণঃ)। সঃ ভূমিং (পৃথিবীং) বিশ্বতঃ (অন্তর্ব্বহিশ্চ) বৃত্বা (ব্যাপ্য) দশাঙ্গুলম্ (অনন্তমপারম্) অত্যতিষ্ঠৎ (স্থিতিমকরোৎ)।

অনুবাদ। সেই পরমপুরুষ অনন্তমস্তক, অনন্ত চক্ষুঃ ও অনন্তচরণবিশিষ্ট ; তিনি পৃথিবীর ভিতরে ও

বাহিরে ব্যাপিয়া দশাঙ্গুলিপরিমিত স্থানের অধিক স্থানে অবস্থান করিতেছেন। সেই পরমপুরুষ ব্যাপক, কিন্তু তাঁহার একদেশে এই স্থাবরজঙ্গমাত্মক জগৎ রহিয়াছে।

১৫। পুরুষ এবেদꣳ সর্ব্বং যদ্ভূতং যচ্চ ভব্যম্।
উতামৃতত্বস্যেশানো যদন্নেনাতিরোহতি।

ব্যাখ্যা। [যদি প্রপঞ্চমতীত্য ব্রহ্ম স্যাৎ তর্হি ব্রহ্মণঃ প্রপঞ্চঃ ভিন্নঃ স্যাদিত্যাশঙ্কায়ামাহ—] ইদং (বর্ত্তমানং) সর্ব্বং (সকলং বস্তু) পুরুষঃ এব [ন ততো নিখিলং বস্তু ভিন্নমিত্যর্থঃ] যৎ ভূতম্ (অতীতম্), যচ্চ ভব্যং (ভবিষ্যৎ) [তৎ সর্ব্বং পুরুষ এব], যৎ (যস্মাৎ) অন্নেন (অদনীয়েন) অধিরোহতি (অধিকাং বৃদ্ধিং গচ্ছতি), [অতঃ] অমৃতত্বস্য (মোক্ষস্য) উত (অপি) ঈশানঃ (ঈশ্বরঃ)।

অনুবাদ। [যদি ব্রহ্ম প্রপঞ্চকে অতিক্রম করিয়া অবস্থান করেন, তবে ব্রহ্ম হইতে প্রপঞ্চ ভিন্ন হউক, এই আশঙ্কায় বলিতেছেন] এই সমস্ত যাহা বিদ্যমান আছে তাহা পুরুষস্বরূপ, যাহা অতীত, যাহা ভবিষ্যৎ, তৎসমুদায়ও পুরুষস্বরূপ। কেন না

যাহা অন্নের দ্বারা অধিক বৃদ্ধিপ্রাপ্ত হয়, তাহাও তিনি; অতএব তিনি মোক্ষেরও প্রভু।

১৬। সর্ব্বতঃপাণিপাদং তৎ সর্ব্বতোঽক্ষিশিরোমুখম্।
সর্ব্বতঃ শ্রুতিমল্লোকে সর্ব্বমাবৃত্য তিষ্ঠতি।

ব্যাখ্যা। তৎ (ঈশ্বরস্বরূপং) সর্ব্বতঃপাণিপাদং (সর্ব্বতঃ পাণয়ঃ পাদাশ্চ যস্য তৎ) সর্ব্বতোঽক্ষিশিরোমুখং (সর্ব্বতঃ অক্ষীণি শিরাংসি মুখানি চ যস্য তৎ) সর্ব্বতঃ শ্রুতিমৎ (সর্ব্বতঃ শ্রুতিঃ শ্রবণমস্য) লোকে (প্রাণিনিকায়ে) সর্ব্বম্ আবৃত্য (ব্যাপ্য) তিষ্ঠতি।

অনুবাদ। সকলের হস্ত এবং পদ তাঁহার হস্ত-পদ; সকলের চক্ষুঃ, মস্তক ও মুখ তাঁহার চক্ষুঃ, মস্তক ও মুখ, সকলের কর্ণই তাঁহার কর্ণ. তিনি সকলকে ব্যাপিয়া প্রাণিদেহে বিদ্যমান আছেন।

১৭। সর্ব্বেন্দ্রিয়গুণাভাসং সর্ব্বেন্দ্রিয়বিবর্জ্জিতম্।
সর্ব্বস্য প্রভুমীশানং সর্ব্বস্য শরণং বৃহৎ।

ব্যাখ্যা। সর্ব্বেন্দ্রিয়গুণাভাসং (সর্ব্বাণি ইন্দ্রিয়াণি অন্তঃ-করণপর্য্যন্তানি তেষাং গুণৈঃ অধ্যবসায়সঙ্কল্পশ্রবণাদিভিঃ গুণবদাভাসতে ইতি) সর্ব্বেন্দ্রিয়বিবর্জ্জিতং (সর্ব্বকরণ-

রহিতম্) সর্ব্বস্য (জগতঃ) প্রভুম্, ঈশানং, সর্ব্বস্য শরণং (পরায়ণং) বৃহৎ (কারণঞ্চ)।

অনুবাদ। ব্রহ্মের কোন গুণ নাই, তথাপি তিনি অন্তঃকরণ এবং শ্রোত্রাদি ইন্দ্রিয়ের সঙ্কল্প শ্রবণ-প্রভৃতি গুণের দ্বারা গুণবিশিষ্ট বলিয়া প্রকাশ পান। তাঁহার কোন ইন্দ্রিয় নাই, তিনি সমস্ত জগতের প্রভু এবং নিয়ন্তা, সকলের আশ্রয় এবং কারণ।

তাৎপর্য্য শ্রুতিজননী স্বীয় মুখে বলিতেছেন, ব্রহ্মের কোন গুণ নাই, তথাপি যাঁহারা অজ্ঞতাবশতঃ তাঁহাতে গুণকল্পনা করেন, তাঁহারা অতীব ভ্রান্ত।

১৮। নবদ্বারে পুরে দেহী হংসো লেলায়তে বহিঃ।
বশী সর্ব্বস্য লোকস্য স্থাবরস্য চরস্য চ॥

ব্যাখ্যা। হংসঃ (হন্তি অবিদ্যাত্মকং কার্য্যমিতি হংসঃ পরমাত্মা) নবদ্বারে (নবসংখ্যকানি দ্বারাণি নির্গমস্থানানি দ্বৌ কর্ণৌ, দ্বে চক্ষুষী, দ্বে নাসিকে, আস্যমুপস্থং পায়ুশ্চেতি নব-চ্ছিদ্রাণি যস্য তস্মিন্) পুরে (দেহে) দেহী (দেহসম্বন্ধবান্ বিজ্ঞানাত্মা ভূত্বা) বহিঃ (বহিঃপ্রদেশে বিষয়গ্রহণায়) লেলায়তে (চলতি), [যঃ হংসঃ স এব] সর্ব্বস্য লোকস্য স্থাবরস্য চরস্য চ বশী (নিয়ন্তা) [সর্ব্বস্য বশে বর্ত্ততে ইত্যর্থঃ]।

অনুবাদ। পরমাত্মা নবদ্বারবিশিষ্ট দেহের সহিত সম্বন্ধবশতঃ জীবাত্মা হইয়া বহির্দেশে বিষয় গ্রহণের নিমিত্ত গমন করেন, সেই হংস সমস্ত ভুবন, স্থাবর ও জঙ্গমের নিয়ন্তা, অর্থাৎ সকলে তাঁহার বশে আছেন।

তাৎপর্য।—শরীরে নয়টী দ্বার আছে, দুইটী চক্ষুঃ দুইটী নাসিকা, দুইটী কর্ণ, মুখ, উপস্থ ও পায়ু।

১৯। অপাণিপাদো জবনো গ্রহীতা পশ্যত্যচক্ষুঃ স শৃণোত্যকর্ণঃ। স বেত্তি বেদ্যং ন চ তস্যাস্তি বেত্তা তমাহুরগ্র্যং পুরুষং মহান্তম্।

ব্যাখ্যা। অপাণিপাদঃ (হস্তপদশূন্যঃ) জবনঃ (দূরগামী) গ্রহীতা (পাণ্যভাবেঽপি সর্ব্বগ্রাহী) [অত্র ব্যুৎক্রমেণ অন্বয়ঃ কার্য্যঃ, অর্থাৎ অপাণিঃ গ্রহীতা, অপাদঃ জবনঃ ইতি] সঃ অচক্ষুঃ (নেত্ররহিতঃ) অপি পশ্যতি, অকর্ণঃ (কর্ণহীনঃ) (শৃণোতি (আকর্ণয়তি); সঃ বেদ্যং (জ্ঞেয়ং বিষয়ং) বেত্তি (জানাতি), তস্য (ব্রহ্মণঃ) [অন্যঃ] বেত্তা (দ্রষ্টা) ন অস্তি, [ব্রহ্মবিদঃ] তম্ (পরমাত্মানং) অগ্র্যং (প্রথমং) পুরুষং (পূর্ণং) মহান্তম্ আহুঃ (বদন্তি)।

অনুবাদ। তাঁহার হস্ত নাই, তথাপি তিনি সর্ব্ব বস্তু গ্রহণ করিতে পারেন, পদ না থাকিলেও তিনি দূরগামী; তিনি নেত্ররহিত হইয়াও দেখেন। কর্ণরহিত হইয়াও শুনেন; তিনি সর্ব্বজ্ঞ বলিয়া সমস্ত জ্ঞাতব্য বিষয় জানেন. তাঁহার অন্য কোন দ্রষ্টা নাই; ব্রহ্মবিদ্‌গণ তাঁহাকে প্রথম, পূর্ণ এবং মহান্ বলিয়া থাকেন।

২০। অণোরণীয়ান্মহতো মহীয়ানাত্মা গুহায়াং নিহিতোঽস্য জন্তোঃ। তমক্রতুং পশ্যতি বীতশোকো ধাতুঃ প্রসাদান্মহিমানমীশম্॥

ব্যাখ্যা। অণোঃ (সূক্ষ্মাৎ অপি) অণীয়ান্ (অণুতরঃ), মহতো (মহত্ত্বপরিমাণাৎ) মহীয়ান্ (মহত্তরঃ) আত্মা অস্য জন্তোঃ (ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তস্য প্রাণিজাতস্য) গুহায়াং (হৃদয়ে) নিহিতঃ (আত্মভূতঃ স্থিতঃ), ধাতুঃ (জগতো বিধাতুঃ) প্রসাদাৎ (করুণাকটাক্ষাৎ) [অথবা ধাতুঃ প্রসাদাৎ অন্তঃকরণস্য নৈর্ম্মল্যাৎ] তম্ অক্রতুং (বিষয়সঙ্কল্পরহিতং) মহিমানম্ (অধিকগুণরূপম্) ঈশং (নিয়ন্তারং) পশ্যতি (সাক্ষাৎ করোতি) [যঃ সঃ] বীতশোকঃ (অপগতবিষাদঃ, শোকরহিতঃ) [ভবতি]।

অনুবাদ। সূক্ষ্ম হইতেও সূক্ষ্মতর, মহৎ হইতেও মহত্তর আত্মা ব্রহ্মাদি স্তম্বপর্য্যন্ত প্রাণিসমূহের হৃদয় গুহায় নিহিত আছেন। যিনি বিধাতার অনুগ্রহ-বশতঃ অথবা চিত্তের নির্ম্মলতাহেতু মহত্ত্বযুক্ত হইয়া, জগন্নিয়ন্তা ঈশ্বরকে দর্শন করেন, তিনি অবিদ্যা এবং অবিদ্যাকার্য্য শোক হইতে মুক্ত হন।

২১। বেদাহমেতমজরং পুরাণং সর্ব্বাত্মানং সর্ব্বগতং বিভুত্বাৎ। জন্মনিরোধং প্রবদন্তি যস্য ব্রহ্ম-বাদিনো হি প্রবদন্তি নিত্যম্।

ইতি শ্বেতাশ্বতরোপনিষৎসু তৃতীয়োঽধ্যায়ঃ॥

ব্যাখ্যা। অহম্ এতম্ অজরং (জরারহিতম্) পুরাণং (পুরাপি নবং সর্ব্বদা একরূপং) সর্ব্বাত্মানং (সর্ব্বেষামস্মৎ-প্রত্যয়সাক্ষিণং) বিভুত্বাৎ (ব্যাপিত্বাৎ) সর্ব্বগতং (সর্ব্বত্র প্রাপ্তম্) [আত্মানং] বেদ (জানামি), ব্রহ্মবাদিনঃ (ব্রহ্মজ্ঞাঃ) যস্য (আত্মনঃ) জন্মনিরোধং (জন্মনঃ অভাবং) নিত্যং প্রবদন্তি (প্রকর্ষেণ বদন্তি) হি।

অনুবাদ। ব্রহ্মবাদিগণ যে আত্মাকে

উৎপত্তিরহিত, অতএব নিত্য বলিয়া থাকেন, আমি সেই অজর সর্ব্বদা একরূপ, ব্যাপকত্বহেতু সর্ব্বগত আত্মাকে জানি।

তৃতীয়াধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

চতুর্থোঽধ্যায়ঃ।

১। য একো বর্ণো বহুধা শক্তিযোগাদ্বর্ণাননেকান্নিহিতার্থো দধাতি। বিচৈতি চান্তে বিশ্বমাদৌ স দেবঃ স নো বুদ্ধ্যা শুভয়া সংযুনক্তু॥

ব্যাখ্যা। [গহনত্বাদস্যার্থস্য ভূয়ো বক্তব্য ইতি চতুর্থঃ অধ্যায় আরভ্যতে] যঃ একঃ (অদ্বিতীয়ঃ) [পরমাত্মা] অবর্ণঃ (জাত্যাদিরহিতঃ) বহুধা (নানা) শক্তিযোগাৎ (মায়াসম্বন্ধাৎ) অনেকান্ (ভেদবতঃ) বর্ণান্ (পদার্থান্ চিদচিদাত্মকান্) নিহিতার্থঃ (নিহিতঃ তিরস্কৃতঃ অর্থঃ প্রয়োজনং যস্য সঃ অগৃহীতপ্রয়োজনঃ স্বার্থনিরপেক্ষঃ ইত্যর্থঃ) আদৌ (অগ্রে) বিশ্বং দধাতি (ধারয়তি), অন্তে (প্রলয়কালে) ব্যেতি চ (নাশয়তি) [চকারাৎ মধ্যে পালয়তি] সঃ দেবঃ (দ্যোতনস্বভাবঃ) শুভয়া

(ব্রহ্মবিষয়য়া) বুদ্ধ্যা (ধিষণয়াঃ) নঃ (অস্মান্) সংযুনক্তু (সংযোজয়তু)।

অনুবাদ। [অতি গভীরার্থ পুনঃ পুনঃ বলা উচিত, এ জন্য চতুর্থ অধ্যায় আরব্ধ হইতেছে] যিনি অদ্বিতীয় পরমাত্মা, জাত্যাদিহীন, বিবিধ মায়া শক্তির সম্বন্ধবশতঃ কোন প্রয়োজনকে অপেক্ষা না করিয়া সৃষ্টির পূর্ব্বে এই বিশ্ব ধারণ করেন মধ্যে পালন করেন এবং প্রলয়কালে সংহার করেন; সেই প্রকাশপ্রভাব পরমাত্মা আমাদিগকে ব্রহ্মবিষয়িণী মতি প্রদান করুন।

২। তদেবাগ্নিস্তদাদিত্যস্তদ্বায়ুস্তদু চন্দ্রমাঃ।
তদেব শুক্রং তদ্ ব্রহ্ম তদাপস্তৎপ্রজাপতিঃ॥

ব্যাখ্যা। তৎ (আত্মতত্ত্বম্) অগ্নিঃ, তৎ আদিত্যঃ (সূর্য্যঃ) এব, তৎ উ বায়ুঃ (পবনঃ) তদ্ উ চন্দ্রমাঃ (চন্দ্রঃ), তদ্ এব শুক্রম্ (শুদ্ধম্), তদ্ ব্রহ্ম এব, তৎ আপঃ (জলানি) তৎ প্রজাপতিঃ (বিরাট্)।

অনুবাদ। আত্মাই অগ্নি, সূর্য্য, বায়ু, চন্দ্র,

তিনিই শুক্র; তিনিই ব্রহ্ম, জল এবং প্রজাপতি। বিভূতিযুক্ত অগ্নিপ্রভৃতিতে ব্রহ্মরূপে ধ্যান করা এই মন্ত্রের তাৎপর্য্য।

৩। ত্বং স্ত্রী ত্বং পুমানসি ত্বং কুমার উত বা কুমারী। ত্বং জীর্ণো দণ্ডেন বঞ্চসি ত্বং জাতো ভবসি বিশ্বতোমুখঃ॥

ব্যাখ্যা। [এবং স্তুত্যা চিন্তনেন চ আত্মনি প্রতিভাতব্রহ্মস্বরূপং মন্ত্রদ্রষ্টা আহ] ত্বং (আনন্দাত্মা) স্ত্রী (স্ত্রীশব্দপ্রত্যয়বিষয়ঃ) অসি (ভবসি), ত্বং পুমান্ (পুরুষশব্দপ্রত্যয়বিষয়ঃ) ত্বং কুমারঃ (কুমারশব্দপ্রত্যয়বিষয়ঃ) উত বা (অপোবা) কুমারী (কুমারীশব্দপ্রত্যয়বিষয়ঃ); ত্বং জীর্ণঃ (বয়োহীনঃ) দণ্ডেন (দণ্ডতৃতীয়পাদেন) বঞ্চসি (গচ্ছসি), ত্বং জাতঃ (উৎপন্নঃ) বিশ্বতোমুখঃ (সর্বতোমুখঃ) ভবসি, [সর্বাবস্থাং প্রাপ্নোষি ইত্যর্থঃ]।

অনুবাদ। [এইরূপ স্তুতি এবং ধ্যানের দ্বারা আত্মাতে যে ব্রহ্মস্বরূপ প্রতিভাত হইয়াছে, মন্ত্রদ্রষ্টা তাহাই বলিতেছেন] তুমি স্ত্রী, অর্থাৎ স্ত্রীশব্দজ্ঞানের বিষয়, তুমি পুরুষ, তুমি কুমার,

কুমারী ও বৃদ্ধ হইয়া দণ্ডের দ্বারা গমন করিয়া থাক এবং সমস্ত অবস্থা প্রাপ্ত হও।

৪। নীলঃ পতঙ্গো হরিতো লোহিতাক্ষস্তড়িদ্গর্ভ ঋতবঃ সমুদ্রাঃ। অনাদিমত্ত্বং বিভুত্বেন বর্ত্তসে যতো জাতানি ভুবনানি বিশ্বা।

ব্যাখ্যা। [ত্বমেব] নীলঃ (দুর্ব্বাদলাভঃ) পতঙ্গঃ (ভ্রমরঃ). [ত্বমেব] লোহিতাক্ষঃ (লোহিতে অক্ষিণী যস্য সঃ) হরিতঃ (হরিদ্বর্ণঃ শুকাদিঃ ইত্যর্থঃ), [ত্বমেব ইতি সর্ব্বত্র সম্বধ্যতে] তড়িদ্গর্ভঃ (মেঘঃ) ঋতবঃ (বসন্তাদয়ঃ) সমুদ্রাঃ (জলনিধয়ঃ) [চ]। ত্বম্ অনাদিমৎ (অনাদিমান্, আদ্যন্তশূন্যঃ) বিভুত্বেন (ব্যাপকত্বেন) বর্ত্তসে (তিষ্ঠসি), যতঃ (যস্মাৎ ভবতঃ) বিশ্বা (বিশ্বানি সর্ব্বাণি ইত্যর্থঃ) ভুবনানি জাতানি (উৎপন্নানি)।

অনুবাদ। তুমিই নীলবর্ণ ভ্রমর, তুমি লোহিতনেত্র হরিদ্বর্ণ শুক প্রভৃতি পক্ষী, তুমি মেঘ, বসন্তাদি ঋতু এবং সমুদ্র। তোমার আদি ও অন্ত নাই, তুমিই ব্যাপকরূপে বিদ্যমান আছ; তোমা হইতেই এই সমগ্র ভুবন উৎপন্ন হইয়াছে।

৫। অজামেকাং লোহিতশুক্লকৃষ্ণাং বহ্বীঃ

প্রজাঃ সৃজমানাং সরূপাঃ। অজো হ্যেকো জুষমাণো-হনুশেতে জহাত্যেনাং ভুক্তভোগামজোঽন্যঃ।

ব্যাখ্যা। [ইদানীং তেজোঽবন্নলক্ষণাং প্রকৃতিং, ছান্দোগ্যোপনিষৎপ্রসিদ্ধাম্ অজারূপকল্পনয়া দর্শয়তি—] একঃ অজঃ (সংসারী) সরূপাঃ (সমানাকারাঃ) বহ্বীঃ (অনেকাঃ অনন্তাঃ) প্রজাঃ (স্বকার্যভূতাঃ) সৃজমানাম্ (উৎপাদয়ন্তীং লোহিতশুক্লকৃষ্ণাং (তেজোঽবন্নলক্ষণাম্) একাম্ অজাং (মায়াং) জুষমাণঃ (প্রীয়মাণঃ সেবমানঃ অনুশেতে। অনুসৃত্য শয়ানং মন্যতে ভজতে ইত্যর্থঃ), অন্যঃ (আচার্যোপদেশপ্রকাশাবসাদিতাজ্ঞানান্ধকারঃ) এনাম্ (অজাং মায়ামিত্যর্থঃ) জহাতি (ত্যজতি)।

অনুবাদ। [ছান্দোগ্যোপনিষদে যে তেজঃ, জল ও পৃথিবীরূপ প্রকৃতির কথা বলা হইয়াছে, তাহা এখানে অজারূপ কল্পনার দ্বারা প্রদর্শিত হইতেছে] এক সংসারী পুরুষ অনন্তকার্য্য-উৎপাদনকারিণী তেজঃ, জল ও পৃথিবীরূপা মায়াকে সেবা করিয়া নিজকে সুস্থ মনে করে, অপর মুক্ত পুরুষ যিনি আচার্য্যের উপদেশে অজ্ঞানান্ধকার দূর করিয়াছেন, তিনি মায়াকে ত্যাগ করেন।

তাৎপর্য্য—অজ্ঞ জীব মায়া এবং তাহার কার্য্য-

জাতকে আত্মবুদ্ধি দ্বারা সেবা করিয়া নিজকে শাস্ত বিবেচনা করে এবং যিনি গুরুর উপদেশ পাইয়াছেন, আত্মা ও অনাত্মার স্বরূপ বুঝিতেছেন, তিনি মায়ার অধীন হন না। কিন্তু আত্মারাম।

৬। দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে। তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যোঽভিচাকশীতি।

ব্যাখ্যা। [ইদানীং সূত্রভূতৌ পরমার্থবস্ত্ববধারণার্থমুপক্ষেপতে] দ্বা (দ্বৌ বিজ্ঞানাত্মপরমাত্মানৌ) সুপর্ণা (সুপর্ণৌ সুষ্ঠু পর্ণৌ পক্ষৌ যয়োঃ তৌ, জীবস্য ধর্ম্মাধর্ম্মৌ পক্ষৌ ঈশ্বরস্য অবিদ্যাতৎসম্বন্ধৌ পক্ষৌ) সযুজা (সযুজৌ সর্ব্বদা সংযুক্তৌ) সখায়া (সখায়ৌ সমানাখ্যানৌ সমানাভিব্যক্তিকারণৌ) [এবম্ভূতৌ সন্তৌ] সমানং (উভয়োরপি সাধারণমবিদ্যাদ্বারোপলব্ধিস্থানত্বাৎ) একং বৃক্ষং (বৃক্ষমিব উচ্ছেদসামান্যাদ্বৃক্ষং শরীরং) পরিষস্বজাতে (পরিষক্তবন্তৌ, সমাশ্রিতবন্তৌ)। তয়োঃ (জীবেশ্বরয়োঃ মধ্যে) অন্যঃ (বিজ্ঞানাত্মা) পিপ্পলং (কর্ম্মফলং সুখদুঃখলক্ষণং) স্বাদু (অনেকবিচিত্রবেদনাস্বাদরূপম্) অত্তি (উপভুঙ্ক্তে), অন্যঃ (নিত্যবুদ্ধশুদ্ধস্বভাবঃ পরমেশ্বরঃ) অভিচাকশীতি (সর্ব্বমপি পশ্যন্ আস্তে)।

অনুবাদ। [এখন পরমার্থ বস্তুর অব-

ধারণের নিমিত্ত জীবাত্মা ও পরমাত্মা উপন্যস্ত হইতেছে; জীবাত্মা ও পরমাত্মা দুইটী পক্ষিস্বরূপ, ইঁহারা সর্ব্বদা সংযুক্ত, পরস্পর মিত্র, একবৃক্ষরূপ শরীরকে আশ্রয় করিয়া আছেন; উভয়ের মধ্যে জীবাত্মা বিচিত্র কর্ম্ম-ফল উপভোগ করেন, পরমাত্মা কেবল দেখিয়া থাকেন, কোনরূপ ভোগ করেন না।

৭। সমানে বৃক্ষে পুরুষো নিমগ্নোঽনীশয়া শোচতি মুহ্যমানঃ। জুষ্টং যদা পশ্যত্যন্যমীশমস্য মহি-মানমিতি বীতশোকঃ।

ব্যাখ্যা। [ননু বিরুদ্ধধর্ম্ময়োঃ এতয়োঃ সখিত্বমপি ন মন্যামহে ইত্যাশঙ্ক্যাজ্ঞাননিমিত্তং তৎ ন তু সতি জ্ঞানে তয়োঃ সযুক্ত্যাদিত্যভিপ্রায়বান্ আহ] পুরুষঃ (পুরিশয়ঃ জীবঃ) সমানে (সাধারণে) বৃক্ষে (শরীরে) নিমগ্নঃ (নিমজ্জনং প্রাপ্তঃ জলে ইব পাষাণঃ) কর্ত্তৃত্বাদ্যধ্যাসেন তিরস্কৃতানন্দাত্মরূপ ইত্যর্থঃ) [ততঃ] অনীশয়া (অনীশ্বরভাবেন অহং সুখী দুঃখীত্যাদিনা) মুহ্যমানঃ (মোহং গচ্ছন্) শোচতি (শোকং করোতি) [স এব অয়ম্ এবংরূপঃ ব্রহ্মরূপো ভবতীত্যত আহ] যদা (যস্মিন্ কালে) জুষ্টম্ (আনন্দাত্মপ্রকাশসেবয়া পরিতুষ্টম্) অন্যম্(অবিদ্যা-

তৎকার্য্যতৎসম্বন্ধব্যতিরিক্তং স্বয়ংপ্রকাশমানানন্দাত্মস্বরূপম্, ঈশং (নিয়ন্তারং) পশ্যতি (সাক্ষাৎকরোতি), [তদা] অস্য (ঈশ্বরস্য) মহিমানং (মাহাত্ম্যং, স্বয়ংপ্রকাশরূপত্বম্) ইতি (এতি, গচ্ছতি) বীতশোকঃ (অপগতাবিদ্যঃ ভবতি)।

অনুবাদ। [জীব ও ঈশ্বর পরস্পর বিরুদ্ধ-ধর্ম্মযুক্ত, ইহাদের মিত্রতা অসম্ভব, এই আশঙ্কা করিয়া বলিতেছেন। ইহা অজ্ঞানহেতু, জ্ঞান হইলে ইহা থাকে না, কারণ জীব ও ঈশ্বর ভিন্ন নহে] পাষাণ যেমন জলে নিমগ্ন হয়, সেইরূপ জীব শরীরে নিমগ্ন হয়, অর্থাৎ নিজের প্রকৃত স্বরূপ বুঝিতে পারে না, অতএব আমি সুখী, আমি দুঃখী, এইরূপে মোহগ্রস্ত হইয়া শোক করিতে থাকে। [তবে কি জীব আপনার প্রকৃত স্বরূপ বুঝিতে পারিবে না? পারিবে] যখন সেই জীব আত্মস্বরূপ প্রকাশের আনন্দে পরিতুষ্ট, অবিদ্যাসম্বন্ধরহিত ঈশ্বরের সাক্ষাৎ লাভ করেন, তখন তিনি ঈশ্বরের স্বরূপ বুঝিতে পারেন, আর তাঁহার শোক-দুঃখাদি কিছুই থাকে না।

৮। ঋচোঽক্ষরে পরমে ব্যোমন্ যস্মিন্দেবা অধি-

বিশ্বে নিষেদুঃ। যস্তন্ন বেদ কিমৃচা করিষ্যতি য ইত্তদ্বিদুস্ত ইমে সমাসতে।

ব্যাখ্যা। [ইদানীং ব্রহ্মবিদাং কৃতার্থতাং দর্শয়তি] ঋচঃ অক্ষরে (ঋক্‌প্রতিপাদ্যে) অক্ষরে (নিত্যে) পরমে ব্যোমন্ (ব্যোম্নি আকাশকল্পে) যস্মিন্ বিশ্বে (সর্ব্বে) দেবাঃ অধিনিষেদুঃ (আশ্রিতাঃ তিষ্ঠন্তি); যঃ (অধিকারী) তৎ (ব্রহ্ম) ন বেদ (জানাতি), [সঃ] ঋচা (অপরেণ শব্দেন ব্রহ্মণা) কিং করিষ্যতি! যে (প্রসিদ্ধাধিকারিণঃ) ইৎ (ইত্থং) তৎ (ব্রহ্ম) বিদুঃ (জানন্তি), তে ইমে (প্রত্যক্ষশরীরা ব্রহ্মজ্ঞানিনঃ) সমাসতে (কৃতার্থা ভবন্তি)।

অনুবাদ। [এখন ব্রহ্মজ্ঞগণের কৃতকৃত্যতা দেখাইতেছেন] সমস্ত দেবতা বেদত্রয়প্রতিপাদ্য নিত্য আকাশকল্প পরব্রহ্মে অবস্থান করিতেছেন। যিনি সেই ব্রহ্মকে জানেন না, তিনি ঋক্ (মন্ত্রবিশেষ) দ্বারা কি করিবেন? যাঁহারা তাঁহাকে জানেন, তাঁহারাই কৃতার্থ হন।

৯। ছন্দাংসি যজ্ঞাঃ ক্রতবো ব্রতানি ভূতং ভব্যং যচ্চ বেদা বদন্তি। অস্মান্মায়ী সৃজতে বিশ্বমেতত্তস্মিংশ্চান্যো মায়য়া সন্নিরুদ্ধঃ।

ব্যাখ্যা। [ইদানীং তস্যৈবাক্ষরস্য মায়োপাধিকং জগৎ-স্রষ্টৃত্বং তন্নিমিত্তত্বঞ্চ ভেদেন দর্শয়তি] ছন্দাংসি (ঋগ্-যজুঃ-সামাথর্ব্বাঙ্গিরসাখ্যা বেদাঃ) যজ্ঞাঃ (পাকসংস্থাঃ অসোমকাঃ) ক্রতবঃ (সসোমকাঃ) ব্রতানি (ব্রহ্মচর্য্যাদীনি) ভূতম্ (অতীতং) ভব্যং (ভবিষ্যৎ) যৎ (বর্ত্তমানং) চ বেদাঃ বদন্তি (কথয়ন্তি) অস্মাৎ (প্রকৃতাদ্ অক্ষরাদ্ ব্রহ্মণঃ) মায়ী (মায়াবী) বিশ্বম্ (সর্ব্বম্) এতৎ (প্রপঞ্চজাতং) সৃজতে (উৎপাদয়তি) তস্মিন্ চ (ভূতাদিপ্রপঞ্চে) অন্যঃ (জীবঃ) মায়য়া (অবিদ্যয়া) সন্নিরুদ্ধঃ (সম্যঙ্ নিরোধং প্রাপ্তঃ)।

অনুবাদ। [এখন সেই অক্ষর (পরমব্রহ্ম) যে মায়োপাধিক হইয়া জগৎস্রষ্টা হন, তাহা এবং জগতের নিমিত্ত কারণ কি, তাহা পৃথক্‌ভাবে প্রদর্শন করিতেছেন] ঋগাদি চারি বেদযজ্ঞসকল, ক্রতুসমূহ, ব্রহ্মচর্য্যাদি ব্রত, অতীত, ভবিষ্যৎ এবং বর্ত্তমান-প্রভৃতি যাহা বেদ বলেন, সেই ব্রহ্ম মায়াসাধন হইয়া তৎসমুদয় জগৎ সৃষ্টি করেন। ঈশ্বর ভিন্ন জীব মায়ার দ্বারা আবদ্ধ হইয়া সংসারসমুদ্রে ভ্রমণ করেন।

১০। মায়াং তু প্রকৃতিং বিদ্যান্মায়িনং তু মহেশ্বরম্। তস্যাবয়বভূতৈস্তু ব্যাপ্তং সর্ব্বমিদং জগৎ॥

ব্যাখ্যা। [অথ কা চ মায়া কশ্চ মায়াবী ইত্যত আহ] মায়াম্ (জগদুপাদানভূতাম্ অবিদ্যাং) তু (এব) প্রকৃতিং (কারণং) বিদ্যাৎ (জানীয়াৎ) মায়িনন্তু (মায়াবিনং তু) মহেশ্বরং (মহতাম্ অগ্ন্যাদীনাম্ ঈশ্বরং নিয়ন্তারং) [বিদ্যাৎ তস্য (মায়াবিনঃ) অবয়বভূতৈঃ তু (একাদশভূতৈরেব) ইদং (দৃশ্যমানং) সর্ব্বং জগৎ ব্যাপ্তম্।

অনুবাদ। [মায়া কি এবং মায়াবী বা কে তাহা বলিতেছেন] মায়াকেই জগতের উপাদান-কারণ জানিবে এবং মায়াবীকে মহেশ্বর জানিবে। তাঁহার একদেশে এই সমস্ত জগৎ ব্যাপ্ত রহিয়াছে, অর্থাৎ রজ্জুতে সর্পের ন্যায় সেই ব্রহ্মে এই নিখিল জগৎ কল্পিত আছে।

১১। যো যোনিং যোনিমধিতিষ্ঠত্যেকো যস্মিন্নিদং সঞ্চ বিচৈতি সর্ব্বম্। তমীশানং বরদং দেবমীড্যং নিচায্যেমাং শান্তিমত্যন্তমেতি।

ব্যাখ্যা। যঃ (প্রসিদ্ধঃ) একঃ (অদ্বিতীয়ঃ পরমেশ্বরঃ) যোনিং যোনিং (কারণং মায়াং বিরজাদীংশ্চ) অধিতিষ্ঠতি

(অধিষ্ঠায় অন্তর্যামিরূপেণ বর্ত্ততে), যস্মিন্ (অধিষ্ঠাতরি) সর্ব্বম্ (সকলম্ ইদং (জগৎ) [উপসংহারকালে] সমেতি (সঙ্গচ্ছতে, লয়ং প্রাপ্নোতি) চ [পুনঃ সৃষ্টিকালে] ব্যেতি (আকাশাদিরূপেণ নানা ভবতি)। তম্ (প্রকৃতম্ অধিষ্ঠাতারম্) ঈশানং (নিয়ন্তারং) বরদং (মোক্ষপ্রদং) ঈড্যং (বেদাদিভিঃ স্তুত্যং) দেবং (জ্যোতনাত্মকং পরমেশ্বরং) নিচায্য (নিশ্চয়েন অহমস্মীতি অপরোক্ষীকৃত্য) ইমাং শান্তিম্ (সর্ব্বদুঃখনিবৃত্তিসুখৈকতানস্বরূপাম্) অত্যন্তম্ (পুনরাবৃত্তিরহিতং যথা তথা) এতি (প্রাপ্নোতি)।

অনুবাদ। যে এক পরমেশ্বর মায়া এবং ভূতপঞ্চকরূপে প্রত্যেক কারণে অধিষ্ঠাতা হইয়া অন্তর্যামিরূপে বিরাজ করিতেছেন; প্রলয়কালে যাঁহাতে সমস্ত লয়প্রাপ্ত হয় এবং আবার সৃষ্টিকালে যিনি আকাশাদিরূপে নানাভাবে বিদ্যমান থাকেন, সেই নিয়ন্তা, মোক্ষপ্রদ, স্তবনীয় দেব পরমেশ্বরকে সাক্ষাৎকার করিয়া মানব সমস্ত দুঃখনিবৃত্তিরূপ পরম শান্তি লাভ করেন।

১২। যো দেবানাং প্রভবশ্চোদ্ভবশ্চ বিশ্বাধিপো

রুদ্রো মহর্ষিঃ। হিরণ্যগর্ভং পশ্যতি জায়মানং স নো বুদ্ধ্যা শুভয়া সংযুনক্তু।

ব্যাখ্যা। যঃ (পরমেশ্বরঃ) দেবানাং (দেবতানাং) প্রভবঃ (উৎপত্তিস্থানম্) উদ্ভবঃ (বৈভবপ্রদঃ) চ বিশ্বাধিপঃ (জগদীশ্বরঃ) রুদ্রঃ, মহর্ষিঃ। [তং] জায়মানং হিরণ্যগর্ভং (হিরণ্যগর্ভরূপেণ উৎপদ্যমানং) [যূয়ং] পশ্যত (অবলোকয়ত), সঃ (দেবঃ) নঃ (অস্মান্) শুভয়া (কল্যাণপ্রদয়া) বুদ্ধ্যা (মত্যা) সংযুনক্তু (সংযোজয়তু)

অনুবাদ। যিনি দেবতাগণেরও উৎপত্তি কারণ এবং ঐশ্বর্য্যপ্রদ, যিনি বিশ্বের কর্ত্তা, রুদ্র এবং মহর্ষি; যিনি হিরণ্যগর্ভরূপে উৎপন্ন হইয়াছেন, (অথবা যিনি হিরণ্যগর্ভকে উৎপাদন করিয়াছেন) হে শিষ্যগণ! তোমরা সেই পরমেশ্বরকে দর্শন কর, তিনি, আমাদিগকে শুদ্ধ বুদ্ধির দ্বারা সংযোজিত করুন।

১৩। যো দেবানামধিপো যস্মিন্ লোকা অধিশ্রিতাঃ। য ঈশেঽস্য দ্বিপদশ্চতুষ্পদঃ কস্মৈ দেবায় হবিষা বিধেম।

ব্যাখ্যা। যঃ দেবানাম্ অধিপঃ (অধীশ্বরঃ)। যস্মিন্ (পরমেশ্বরে) লোকাঃ (ভূরাদয়ঃ) অধিশ্রিতাঃ (অধি—উপরি শ্রিতাঃ, অধ্যস্তা ইতি যাবৎ) ; যঃ অস্য দ্বিপদঃ (মনুষ্যাদেঃ), চতুষ্পদঃ (পশ্বাদেশ্চ) ঈশে (ঈষ্টে) কস্মৈ কায় আনন্দরূপায়) দেবায় (দ্যোতনাত্মনে) হবিষা (চরুপুরোডাশাদিদ্রব্যেণ) বিধেম (পরিচরেম)।

অনুবাদ। যিনি অগ্ন্যাদি দেবতাদিগেরও অধীশ্বর, যাহাতে ভূরাদি সমস্ত লোক কল্পিত, যিনি মনুষ্যাদি দ্বিপদ এবং পশ্বাদি চতুষ্পদ প্রাণিসমূহের নিয়ন্তা, সেই কোন দেবতাকে হবিঃ দ্বারা পরিচর্য্যা করিব।

১৪। সূক্ষ্মাতিসূক্ষ্মং কলিলস্য মধ্যে বিশ্বস্য স্রষ্টারমনেকরূপম্। বিশ্বস্যৈকং পরিবেষ্টিতারং জ্ঞাত্বা শিবং শান্তিমত্যন্তমেতি।

ব্যাখ্যা। [তর্হি স এব পুরুষার্থ ইত্যাশঙ্ক্য নেত্যাহ —] সূক্ষ্মাতিসূক্ষ্মং (অণোরতিশয়েন অণুঃ তং) কলিলস্য (অবিদ্যাতৎকার্য্যাত্মকদুর্গস্য গহনস্য) [নারায়ণীয়োপ সম্ভবং পৌরুষং বীর্য্যম্ অল্পকালস্থঃ কলিলমিত্যুচ্যতে, অথবা জগদারম্ভকাণামণাং বুদ্বুদস্য পূর্ব্বাবস্থা কলিলমিত্যুচ্যতে, কেচিদাদ্যাবস্থামিত্যর্থঃ)

মধ্যে (অন্তঃ) [অবস্থিতং] বিশ্বস্য (সর্ব্বস্য) স্রষ্টারম্ (উৎপাদকম্) অনেকরূপং (নানারূপম্, উপাদানোপাদেয়নিমিত্ত-নৈমিত্তিকাদিভেদবন্তং) বিশ্বস্য (জগতঃ) একং (অদ্বিতীয়ং) পরিবেষ্টিতারং (স্বাত্মনা সর্ব্বং ব্যাপ্য অবস্থিতং) শিবং (মঙ্গলরূপং পরমেশ্বরং) জ্ঞাত্বা (সাক্ষাৎকৃত্য) শান্তিম্ (সর্ব্বদুঃখোপশমরূপাম্) অত্যন্তম্ এতি (প্রাপ্নোতি)।

অনুবাদ। সূক্ষ্ম হইতেও সূক্ষ্মতর,অবিদ্যা এবং তাহার কার্য্যরূপা দুর্গের মধ্যে অবস্থিত, বিশ্বের উৎপাদক, নানারূপ, জগতে স্বস্বরূপে ব্যাপিয়া অবস্থিত, শিবস্বরূপ পরমেশ্বরকে জানিয়া মানব পরম শান্তি লাভ করেন।

১৫। স এব কালে ভুবনস্য গোপ্তা বিশ্বাধিপঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ। যস্মিন্ যুক্তা ব্রহ্মর্ষয়ো দেবতাশ্চ তমেবং জ্ঞাত্বা মৃত্যুপাশাংশ্ছিনত্তি।

ব্যাখ্যা। সঃ (পরমেশ্বরঃ) এব কালে (স্থিতিকালে) ভুবনস্য (কর্ম্মফলভূতস্য লোকজাতস্য) গোপ্তা (রক্ষিতা), বিশ্বাধিপঃ (বিশ্বমধিষ্ঠায় পালয়তি) সর্ব্বভূতেষু (ব্রহ্মাদিস্তম্ব-পর্য্যন্তেষু) গূঢ়ঃ (গুপ্তঃ, সাক্ষিমাত্রতয়া অবস্থিতঃ), যস্মিন্ (চিদ্ঘনানন্দবপুষি) ব্রহ্মর্ষয়ঃ (সনকাদয়ঃ) দেবতাশ্চ (ব্রহ্মা-

শ্চ) যুক্তাঃ (ঐক্যং প্রাপ্তাঃ); [অধিকারী] তম্ (দেবম্) এবম্ (উক্তেন প্রকারেণ) জ্ঞাত্বা (সাক্ষাৎকৃত্য) মৃত্যুপাশান্ (মৃত্যোঃ প্রাণবিয়োগস্য কর্ত্তুঃ) পাশাঃ (কামক্রোধাদয়ঃ তান্, সকারণং সংসারমিত্যর্থঃ) ছিনত্তি (নাশয়তি)।

অনুবাদ। সেই পরমেশ্বর স্থিতিকালে লোকসমূহের পালক, বিশ্বের রক্ষক, সমস্ত প্রাণীতে সাক্ষিরূপে অবস্থিত, যাঁহাতে সনকাদি ব্রহ্মর্ষিগণ এবং ব্রহ্মাদিদেবতাগণ একত্ব প্রাপ্ত হইয়াছেন, অধিকারী পুরুষ তাঁহাকে উক্তপ্রকারে জানিয়া মৃত্যুপাশ অর্থাৎ সকারণ সংসারকে ছেদন করেন।

১৬। ঘৃতাৎ পরং মণ্ডমিবাতিসূক্ষ্মং জ্ঞাত্বা শিবং সর্ব্বভূতেষু গূঢ়ম্। বিশ্বস্যৈকং পরিবেষ্টিতারং জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্ব্বপাশৈঃ।

ব্যাখ্যা। [তর্হি কিং সপ্রপঞ্চঃ জ্ঞেয় ইত্যাশঙ্ক্য নেত্যাহ—] ঘৃতাৎ (দ্রবীভূতাদ্ আজ্যাৎ) পরম্ (উৎকৃষ্টম্) [ঘৃতোপরি বিদ্যমানমিত্যর্থঃ] মণ্ডম্ ইব। দধ্নঃ সার ইব) অতিসূক্ষ্মং সর্ব্বভূতেষু (সর্ব্বপ্রাণিষু) গূঢ়ং (গুপ্তং) শিবং, বিশ্বস্য একং পরিবেষ্টিতারং দেবং জ্ঞাত্বা সর্ব্বপাশৈঃ মুচ্যতে।

অনুবাদ। ঘৃতের উপরে বিদ্যমান দধির

মণ্ডের ন্যায় সারভূত, অতি সূক্ষ্ম, সমস্ত প্রাণীতে গুপ্ত-ভাবে বিরাজমান, বিশ্বের একমাত্র পরিবেষ্টয়িতা স্বয়ংপ্রকাশ ঈশ্বরকে জানিয়া মানব সমস্ত পাপ হইতে মুক্ত হন।

১৭। এষ দেবো বিশ্বকর্ম্মা মহাত্মা সদা জনানাং হৃদয়ে সন্নিবিষ্টঃ। হৃদা মনীষী মনসাহভিক্লৃপ্তো য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্তি।

ব্যাখ্যা। এষঃ (প্রকৃতঃ) দেবঃ (দ্যোতকাত্মকঃ) বিশ্বকর্ম্মা (সর্ব্বোৎপাদকঃ) মহাত্মা (সর্ব্বব্যাপী), সদা (সর্ব্বদা) জনানাং হৃদয়ে (হৃদাকাশে) সন্নিবিষ্টঃ (সম্যগ্‌ অবস্থিতঃ), হৃদা (হৃদয়স্থেন) মনীষা (বিবেকজ্ঞানেন (মনসা) একত্বজ্ঞানেন (যঃ অভিক্লৃপ্তঃ (প্রকাশিতঃ), যে (সাধনচতুষ্টয়-সম্পন্না জনাঃ) এতৎ (ব্রহ্ম) বিদুঃ (জানন্তি) তে অমৃতাঃ (মুক্তাঃ) ভবন্তি।

অনুবাদ। এই স্বয়ংপ্রকাশ, সকলের কারণ, সর্ব্বব্যাপী পরমেশ্বর সর্ব্বদা জনগণের হৃদয়াকাশে অবস্থিত আছেন, হৃদয়স্থ বিবেকজ্ঞান এবং একত্ব-জ্ঞানের দ্বারা তিনি অভিব্যক্ত হন, যাঁহারা তাঁহাকে জানেন, তাঁহারা মুক্ত হন।

১৮। যদাতমস্তন্ন দিবা ন রাত্রির্ন সন্ন চাসন্ শিব এব কেবলঃ। তদক্ষরং তৎ সবিতুর্ব্বরেণ্যং প্রজ্ঞা চ তস্মাৎ প্রসৃতা পুরাণী।

ব্যাখ্যা। যদা (যস্যাম্ অবস্থায়াম্) অতমঃ (অজ্ঞান-নিবৃত্তিঃ ভবতি) তৎ (তদা) ন দিবা ন রাত্রিঃ ন সন্ ন চ অসন্ কেবলঃ শিব এব। তৎ (তদ্রূপস্বরূপম্) অক্ষরং (ন ক্ষরতি ইতি নিত্যং) সবিতুঃ (আদিত্যমণ্ডলাভিমানিনঃ) তৎ বরেণ্যং (সংভজনীয়ং), তস্মাৎ চ পুরাণী (অনাদিসিদ্ধা) প্রজ্ঞা (গুরূপদেশাৎ তত্ত্বমস্যাদিবাক্যজা বুদ্ধিঃ) প্রসৃতা ব্যাপ্তা।

অনুবাদ। যখন অজ্ঞাননিবৃত্তি হয়, তখন দিবা, রাত্রি, সৎ ও অসৎ থাকে না, কেবল শিবস্বরূপ ব্রহ্ম থাকেন, তিনি সূর্য্যমণ্ডলের বরেণ্য, তাঁহা হইতে অনাদিসিদ্ধ জ্ঞান ক্ষরিত হয়।

১৯। নৈনমূর্দ্ধং ন তির্য্যঞ্চং ন মধ্যে পরিজগ্রভৎ।
ন তস্য প্রতিমা অস্তি যস্য নাম মহদ্যশঃ॥

ব্যাখ্যা। এনম্ (আত্মানম্) ঊর্দ্ধম্ (উপরিষ্টাৎ) ন তির্য্যঞ্চং (তির্য্যগ্ বর্ত্তমানং) মধ্যে ন পরিজগ্রভৎ (পরি-

গ্রহীতুং ন শক্নুয়াৎ), তস্য (ঈশ্বরস্য) প্রতিমা (উপমা) ন অস্তি, যস্য (ঈশ্বরস্য) নাম (অভিধানং) মহৎ (পরিপূর্ণং) যশঃ (কীর্ত্তিঃ)।

অনুবাদ। কোন লোক এই স্বয়ং-প্রকাশ আত্মাকে উর্দ্ধ, অধঃ কিংবা মধ্যে গ্রহণ করিতে পারে না। যাঁহার নামই মহৎ যশঃ, তাঁহার কোন উপমা নাই।

২০। ন সংদৃশে তিষ্ঠতি রূপমস্য ন চক্ষুষা পশ্যতি কশ্চনৈনম্। হৃদা হৃদিস্থং মনসা য এনমেবং বিদুরমৃতাস্তে ভবন্তি।

ব্যাখ্যা। অস্য (প্রকৃতস্য ঈশ্বরস্য) রূপং (স্বরূপং রূপাদিরহিতং নির্ব্বিশেষং স্বপ্রকাশাখণ্ডসুখানুভবং) সংদৃশে (সম্যগ্দর্শননিমিত্তে, চক্ষুরাদিগ্রহণযোগ্যপ্রদেশে) ন তিষ্ঠতি (ন তদ্বিষয়ো ভবতি). কশ্চন (কোঽপি) এনং (ঈশ্বরং) ন পশ্যতি (তদ্বিষয়তয়া গ্রহীতুং ন শক্নুয়াৎ); হৃদা (হৃদয়স্থেন) মনসা হৃদিস্থং (হৃদয়াকাশগুহাস্থং) এনং (ঈশ্বরং) যে বিদুঃ (জানন্তি) তে অমৃতাঃ (মুক্তাঃ) ভবন্তি।

অনুবাদ। এই ঈশ্বরের স্বরূপ চক্ষুরাদি ইন্দ্রিয়ের গ্রহণযোগ্য নহে, যাঁহারা বিশুদ্ধবুদ্ধির দ্বারা হৃদয়গুহাস্থিত ঈশ্বরকে জানেন, তাঁহারা মুক্ত হন।

২১। অজাত ইত্যেবং কশ্চিদ্ভীরুঃ প্রতিপদ্যতে।
রুদ্র যত্তে দক্ষিণং মুখং তেন মাং পাহি নিত্যম্॥

ব্যাখ্যা। [যস্মাৎ ত্বম] অজাতঃ (জন্মরহিতঃ, সর্ব্বভাববিকাররহিত ইত্যর্থঃ) ইতি এবং (বক্ষ্যমাণেন প্রকারেণ) কশ্চিৎ ভীরুঃ (সংসারাৎ ভীতঃ সন) [শরণং ত্বাং] প্রপদ্যতে (প্রাপ্নোতি), রুদ্র (হে রুদ্র!) যৎ তে (তব) দক্ষিণং (দক্ষিণস্যাং দিশি ভবং) মুখং, তেন মাং নিত্যং পাহি (রক্ষ)

অনুবাদ। তুমি জন্মাদিষড়্‌বিধবিকাররহিত, ইহা জানিয়া দুঃখময় সংসার হইতে ভীত ব্যক্তি তোমাকে আশ্রয় করে; হে রুদ্র! তোমার যে দক্ষিণদিগ্‌জাত মুখ, তাহার দ্বারা আমাকে সর্ব্বদা রক্ষা কর।

২২। মা নস্তোকে তনয়ে মা ন আয়ুষি মা

নো গোষু মা নো অশ্বেষু রীরিষঃ। বীরান্মা নো রুদ্র ভামিনোঽবধীর্হবিষ্মন্তঃ সদমি ত্বা হবামহে।

ইতি শ্বেতাশ্বতরোপনিষৎসু চতুর্থোঽধ্যায়ঃ।

ব্যাখ্যা। রুদ্র! (হে রুদ্র!) নঃ (অস্মাকং) তোকে (পুত্রে) রীরিষঃ (রেষণং মরণং বিনাশং) মা (মা কার্ষীঃ) তনয়ে (পৌত্রে) মা রীরিষঃ, মা নঃ আয়ুষি, মা নঃ (গোষু, মা নঃ অশ্বেষু (শরীরিষু) [ত্বং] ভামিতঃ (ক্রোধিতঃ সন্ নঃ (অস্মাকং) বীরান্ (বিক্রামতঃ ভৃত্যান্) ম বধীঃ [কস্মাৎ] [যস্মাৎ হবিষ্মন্তঃ (হবিষা যুক্তা বয়ং) সদম্ (সন্তং) ইৎ (ইত্থং ত্বা (ত্বাং) হবামহে (সদৈব রক্ষার্থম্ আহ্বয়ামঃ)।

অনুবাদ। হে রুদ্র! তুমি আমাদের পুত্রে ও পৌত্রে বিনাশ আনিও না, আমাদের প্রাণ, গোসকল ও অশ্বসমূহকে বিনষ্ট করিও না। আমাদের বলবান্ ভৃত্যসমূহের প্রতি ক্রুদ্ধ হইয়া তাহাদিগকে বিনষ্ট করিও না। আমি হবনীয় দ্রব্য দ্বারা তোমাকে আহ্বান করিতেছি।

চতুর্থ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

পঞ্চমোঽধ্যায়ঃ।

১। দ্বে অক্ষরে ব্রহ্মপরে ত্বনন্তে বিদ্যাবিদ্যে নিহিতে যত্র গূঢ়ে। ক্ষরা ত্ববিদ্যা হ্যমৃতং তু বিদ্যা বিদ্যাবিদ্যে ঈশতে যস্তু সোঽন্যঃ।

ব্যাখ্যা। [চতুর্থাধ্যায়শেষমপূর্ব্বার্থং প্রতিপাদয়িতুং পঞ্চমঃ অধ্যায় আরভ্যতে] যে বিদ্যাবিদ্যে (বিদ্যা চ অবিদ্যা চ) যত্র (যস্মিন্) অক্ষরে অনন্তে (দেশতঃ কালতঃ বস্তুতঃ বাঽপরিচ্ছিন্নে) ব্রহ্মপরে (হিরণ্যগর্ভাৎ পরে অথবা, পরস্মিন্ ব্রহ্মণি) নিহিতে (স্থাপিতে) গূঢ়ে (অনভিব্যক্তে); [বিদ্যাবিদ্যে বিবিচ্য দর্শয়তি] ক্ষরা তু অবিদ্যা (সংসারকারণম্) অমৃতং তু বিদ্যা (মোক্ষহেতুঃ) হি (এব), যঃ তু বিদ্যাবিদ্যে ঈশতে (নিয়ময়তি), স [তাভ্যাম্] অন্যঃ (ভিন্নঃ, তৎসাক্ষিত্বাৎ)।

অনুবাদ। [চতুর্থাধ্যায়ে যাহা বর্ণিত হইয়াছে, তাহার অবশিষ্ট অপূর্ব্ব অর্থ প্রতিপাদন করিবার জন্য পঞ্চম অধ্যায় আরব্ধ হইতেছে—] বিদ্যা এবং অবিদ্যা এই দুইটী অক্ষর, অনন্ত পরব্রহ্মে গূঢ়-:

ভাবে নিহিত রহিয়াছে। তন্মধ্যে ক্ষরই অবিদ্যা, কেন না তাহা সংসারের কারণ এবং অমৃতই বিদ্যা, কেন না তাহা মোক্ষের হেতু। যিনি বিদ্যা ও অবিদ্যাকে নিয়মিত করেন, তিনি উভয় হইতে ভিন্ন।

২। যো যোনিং যোনিমধিতিষ্ঠত্যেকো বিশ্বানি রূপাণি যোনীশ্চ সর্ব্বাঃ। ঋষিং প্রসূতং কপিলং যস্তমগ্রে জ্ঞানৈর্বিভর্ত্তি জায়মানং চ পশ্যেৎ॥

ব্যাখ্যা। যঃ একঃ (অদ্বিতীয়ঃ পরমাত্মা) যোনিং যোনিং (স্থানং স্থানম্) অধিতিষ্ঠতি (নিয়ময়তি), বিশ্বানি (সর্ব্বাণি) রূপাণি (রোহিতাদীনি) সর্ব্বাঃ যোনীশ্চ (প্রভবস্থানানি) [অধিতিষ্ঠতি]; যঃ (প্রসিদ্ধঃ পরমেশ্বরঃ) ঋষিং সর্ব্বজ্ঞং (প্রসূতং) প্রকর্ষেণ উৎপন্নং (কপিলং) সগরপুত্রাণাং দগ্ধারং (অগ্রে) উৎপত্তেঃ প্রাক্ (জ্ঞানৈঃ) ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যৈঃ বিভর্ত্তি (পুষ্ণাতিস্ম) জায়মানঞ্চ তম্ (কপিলং) পশ্যেৎ (অপশ্যৎ)।

অনুবাদ। যে অদ্বিতীয় পরমাত্মা প্রত্যেক শরীরে, সমস্তরূপে এবং যাবতীয় কারণে অধিষ্ঠানরূপে বিরাজ করিতেছেন। যিনি সর্ব্বজ্ঞ কপিলের

উৎপাদক, উৎপত্তির পূর্ব্বে যাহাকে ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্যের দ্বারা পোষণ করিয়াছেন এবং উৎপন্ন কপিলকে যিনি দর্শন করিয়াছেন, সেই পরমেশ্বর সকলের আরাধনীয়।

৩। একৈকং জালং বহুধা বিকুর্ব্বন্নস্মিন্ ক্ষেত্রে সংহরত্যেষ দেবঃ। ভূয়ঃ সৃষ্ট্বা যতয়স্তথেশঃসর্ব্বাধিপত্যং কুরুতে মহাত্মা।

ব্যাখ্যা। এষঃ (প্রসিদ্ধঃ) দেবঃ (স্বয়ংপ্রকাশঃ) অস্মিন্ ক্ষেত্রে (সর্ব্বপ্রাণিজনিস্থানে), একৈকং (প্রত্যেকং) জালং (মাহেন্দ্রজালং সংসাররূপং প্রতিপ্রাণিব্যবস্থিতং) বহুধা (বহুপ্রকারং) বিকুর্ব্বন্ (বিবিধং কুর্ব্বন্) সংহরতি (উপসংহরতি) মহাত্মা ঈশঃ (ঈশ্বরঃ) ভূয়ঃ পতয়ঃ (প্রজাপতীন্) তথা (যথা সংসারজালং তদ্বৎ) সৃষ্ট্বা (উৎপাদ্য) সর্ব্বাধিপত্যং (সর্ব্বেষামধিষ্ঠায় পালয়িতৃত্বং) কুরুতে (করোতি)।

অনুবাদ। এই স্বয়ংপ্রকাশ আত্মা সৃষ্টিকালে এই মায়াময় ক্ষেত্রে এক একটী মহেন্দ্রজালকে দেব, মানব, তির্য্যগাদিরূপে বিবিধপ্রকার সৃষ্টি করিয়া প্রলয়কালে সংহার করেন। মহাত্মা

ঈশ্বর সেইরূপ পুনর্ব্বার প্রজাপতিগণকে সৃষ্টি করিয়া সর্ব্বাধিপতা করেন।

৪। সর্ব্বা দিশ উৰ্দ্ধমধশ্চ তির্য্যক্ প্রকাশয়ন্ ভ্রাজতে যদ্বনড়্বান্। এবং স দেবো ভগবান্ বরেণ্যো যোনিস্বভাবানধিতিষ্ঠত্যেকঃ।

ব্যাখ্যা। যৎ উ (যদ্বৎ) অনড্বান্ (সূর্য্যঃ) উৰ্দ্ধম্ (উপরিষ্টাৎ) অধঃ (অধস্তাৎ) চ তির্য্যক (পার্শ্বদিশশ্চ) সর্ব্বাঃ দিশঃ (প্রাচ্যাদ্যাঃ) প্রকাশয়ন্ (দীপয়ন্) ভ্রাজতে (শোভতে); এবং সঃ দেবঃ (স্বয়ংপ্রকাশঃ) ভগবান্ (ঐশ্বর্য্যাদিসম্পন্নঃ) বরেণ্যঃ (বরণীয়ঃ) একঃ (অদ্বিতীয়-পরমাত্মা) যোনিস্বভাবান্ (যোনি কারণং সমগ্রস্য জগতঃ স্বভাবান্ স্বায়ভূতান্ পৃথিব্যাদীন্) অধিতিষ্ঠতি (নিয়ময়তি)।

অনুবাদ। সূর্য্য যেমন উৰ্দ্ধ, অধঃ, প্রাচ্যাদি দিক্ ও অবান্তর দিক্‌সমূহকে প্রকাশ করিয়া দীপ্ত পান, সেইরূপ স্বয়ংপ্রকাশ, ঐশ্বর্য্যাদি-সম্পন্ন, বরণীয়, অদ্বিতীয় পরমাত্মা পৃথিবীপ্রভৃতিকে নিয়মিত করিতেছেন।

৫। যচ্চ স্বভাবং পচতি বিশ্বযোনিঃ পাচ্যাংশ্চ সর্ব্বান্ পরিণাময়েদ্‌যঃ। সর্ব্বমেতদ্বিশ্বমধিতিষ্ঠত্যেকো গুণাংশ্চ সর্ব্বান্ বিনিযোজয়েদ্‌যঃ।

ব্যাখ্যা। যচ্চ (যশ্চ) বিশ্বযোনিঃ (জগৎকারণং) স্বভাবান্ (যথা অগ্রেরৌষ্ণ্যং) পচতি (নিষ্পাদয়তি) যঃ সর্ব্বান্ পাচ্যান্ (পাকযোগ্যান্ পৃথিব্যাদীন্) পরিণাময়েৎ (পরিণতিং নয়েৎ), যঃ একঃ সর্ব্বম্ এতদ্ বিশ্বম্ অধিতিষ্ঠতি (নিয়ময়তি), যঃ চ সর্ব্বান্ গুণান্ (সত্ত্বরজস্তমোরূপান্) বিনিযোজয়েৎ (বিনিয়োগং কারয়েৎ) [এবংলক্ষণঃ স পরমাত্মা]।

অনুবাদ। যে জগৎকারণ পরমেশ্বর স্বভাবকে নিষ্পাদন করেন, যিনি সমস্ত পাকযোগ্য পৃথিব্যাদির পরিণতি সম্পাদন করেন, যিনি অদ্বিতীয় হইয়াও সকল বস্তু নিয়মিত করেন এবং যিনি সত্ত্বাদি গুণসমূহের বিনিয়োগ করেন, তাঁহার স্বরূপ এইরূপ।

৬। তদ্বেদ গুহ্যোপনিষৎসু গূঢ়ং তদ্ ব্রহ্মা বেদতে ব্রহ্মযোনিম্। যে পূর্ব্বং দেবা ঋষয়শ্চ তদ্বিদুস্তে তন্ময়া অমৃতা বৈ বভূবঃ।

ব্যাখ্যা। তৎ (প্রকৃতম্ আত্মস্বরূপং) বেদগুহ্যোপনিষৎসু (বেদেষু ঋগাদিষু গুহ্যা গোপ্যা উপনিষদঃ তত্ত্বমস্যাহং ব্রহ্মাস্মীত্যাদ্যা বিদ্যা তাসু) গূঢ়ম্ (সংবৃতং নিঃক্ষিপ্তমিত্যর্থঃ) ব্রহ্মা (হিরণ্যগর্ভঃ) তৎ (প্রসিদ্ধমূলং) ব্রহ্মযোনিং (বেদপ্রমাণকং) বেদতে (জানাতি) যে পূর্ব্বদেবাঃ (রুদ্রাদয়ঃ) ঋষয়শ্চ (বামদেবাদয়ঃ) তৎ (ব্রহ্ম) বিদুঃ (জানন্তি), তে তন্ময়াঃ (তদাত্মভূতাঃ সন্তঃ) অমৃতাঃ (মুক্তাঃ) বভূবুঃ (আসন্)।

অনুবাদ। সেই আত্মস্বরূপ বেদের মধ্যে গুহ্য যে তত্ত্বমস্যাদি উৎপনিষদ্ বাক্য, তাহা তাহাতে গুপ্তভাবে বিদ্যমান আছে, হিরণ্যগর্ভ সেই বেদপ্রমাণক আত্মস্বরূপ জানেন, রুদ্রাদি দেবগণ, বামদেবাদি ঋষিগণ, সেই ব্রহ্মকে জানেন ; তাঁহারা আত্মস্বরূপ লাভ করিয়া মুক্তিলাভ করিয়াছিলেন।

৭। গুণান্বয়ো যঃ ফলকর্ম্মকর্ত্তা কৃতস্য তস্যৈব স চোপভোক্তা। স বিশ্বরূপস্ত্রিগুণস্ত্রিবর্ত্মা প্রাণাধিপঃ সঞ্চরতি স্বকর্ম্মভিঃ।

ব্যাখ্যা। [তৎপদার্থ উপবর্ণিতঃ। ইদানীং ত্বং পদার্থস্বরূপ-বর্ণয়িতুম্ উত্তরে মন্ত্রাঃ প্রবর্ত্তন্তে] যঃ গুণান্বয়ঃ (গুণৈঃ কর্ম্ম-

জ্ঞানকৃতবাসনাময়ৈঃ অন্বয়ঃ যস্য সঃ) ফলকর্ম্মকর্ত্তা (ফলার্থস্য কর্ম্মণ এব কর্ত্তা) কৃতস্য (সম্পাদিতস্য) তস্য এব (সুখদুঃখ-রূপস্য এব) সঃ (জীবঃ) উপভোক্তা। (সঃ জীবঃ) বিশ্বরূপঃ (নানারূপঃ) ত্রিগুণঃ (ত্রয়ঃ সত্ত্বরজস্তমাংসি গুণা অস্য) ত্রিবর্ত্মা (ত্রয়ঃ বর্ত্মানঃ—মার্গাঃ উত্তরঃদক্ষিণঃকীটাদিপ্রাপ্তি-রূপশ্চ যস্য সঃ) প্রাণাধিপঃ (প্রাণান্ অধিষ্ঠায় পাতি) স্বকর্ম্মভিঃ (স্বার্জ্জিতৈঃ পুণ্যৈঃ পাপৈশ্চ) সঞ্চরতি (সম্যগ্ ইহলোকং-পরলোকঞ্চ গচ্ছতি)।

অনুবাদ। যিনি গুণসমন্বিত, সুখদুঃখরূপ ফল ও ধর্ম্মাধর্ম্মরূপ কর্ম্মের সম্পাদক, তিনিই অনুষ্ঠিত সুখদুঃখাদি ফলের ভোক্তা। সেই জীব নানারূপ, সত্ত্ব রজ তমঃরূপ গুণত্রয়যুক্ত; উত্তর দক্ষিণ কীটাদি প্রাপ্তিরূপ মার্গত্রয়সমন্বিত, প্রাণের অধিষ্ঠাতা এবং তিনিই স্বার্জ্জিত কর্ম্মসমূহের দ্বারা ইহলোক এবং পর-লোক গমন করিয়া থাকেন।

৮। অঙ্গুষ্ঠমাত্রো রবিতুল্যরূপঃ সঙ্কল্পাহংকার-সমন্বিতো যঃ। বুদ্ধেগুণেনাত্মগুণেন চৈব আরাগ্র-মাত্রোহপ্যপরোঽপি দৃষ্টঃ।

ব্যাখ্যা। যঃ অঙ্গুষ্ঠমাত্রঃ (অঙ্গুষ্ঠপরিমিতহৃদয়সুষিরাপেক্ষয়া অঙ্গুষ্ঠপরিমিতঃ) রবিতুল্যরূপঃ (জ্যোতিঃস্বরূপঃ) সঙ্কল্পাহঙ্কারসমন্বিতঃ (সঙ্কল্পেন অহঙ্কারেণ চ যুক্তঃ) বুদ্ধিগুণেন (কামাদিনা) আত্মগুণেন (চৈতন্যেন) চ আরাগ্রমাত্রঃ (প্রতোদাগ্রপ্রোতলোহকণ্টকাগ্রমাত্রঃ) অপি অপরঃ (সূক্ষ্মঃ) দৃষ্টঃ হি।

অনুবাদ। যিনি অঙ্গুষ্ঠপরিমিত, জ্যোতিঃস্বরূপ, সঙ্কল্প ও অহঙ্কারযুক্ত; যেমন জলাদি উপাধির দ্বারা সূর্য্য পরিলক্ষিত হয় যদিও জীবাত্মা আরাগ্রমাত্রও সূক্ষ্ম, তথাপি কার্য্যাদি বুদ্ধিগুণের দ্বারা এবং চৈতন্যাদি আত্মগুণের দ্বারা তিনি গুণযুক্ত বলিয়া অনুভূত হন।

৯। বালাগ্রশতভাগস্য শতধা কল্পিতস্য চ।
ভাগো জীবঃ স বিজ্ঞেয়ঃ স চানন্ত্যায় কল্পতে।

ব্যাখ্যা। বালাগ্রশতভাগস্য (কেশাগ্রশতাংশস্য) শতধা (শতকৃত্বঃ) কল্পিতস্য যঃ ভাগঃ সঃ জীবঃ (জীবাত্মা) বিজ্ঞেয়ঃ (জ্ঞাতব্যঃ), সঃ (জীবঃ) চ আনন্ত্যায় (বিভুত্বেন) কল্পতে।

অনুবাদ। কেশের অগ্র শতভাগে বিভক্ত

করিলে তাহার আবার এক ভাগকে শত ভাগে বিভাগ করিলে যে ভাগ হয়, জীবের সেইরূপ পরিমাণ জানিবে সেই জীব স্বভাবতঃ অনন্ত, কেবল উপাধি-বশতঃ তাহার এইরূপ সূক্ষ্ম পরিমাণ হয়।

১০। নৈব স্ত্রী ন পুমানেষ ন চৈবায়ং নপুংসকঃ।
যদ্যচ্ছরীরমাদত্তে তেন তেন স রক্ষ্যতে।

ব্যাখ্যা। এষঃ (আত্মা) স্ত্রী, ন পুমান্, অয়ং নপুংসকঃ (ক্লীবঃ) চ এব ন। যৎ যৎ শরীরং (স্ত্রীশরীরং পুংশরীরং বা) আদত্তে (গৃহ্লাতি) সঃ (আত্মা) তেন তেন রক্ষ্যতে (সংরক্ষ্যতে তত্তদ্ধর্মান্ আত্মনি অধ্যস্য অভিমন্যতে স্থূলোঽহং পুমানহং স্ত্র্যহং নপুংসকোঽহমিতি)।

অনুবাদ। এই আত্মা স্ত্রী, পুরুষ বা ক্লীবও নহে। সেই আত্মা পুরুষ, স্ত্রী কিংবা ক্লীব যে কোন দেহ ধারণ করেন, তাহা দ্বারা নিজকে সেইরূপ অভিমান করেন।

১১। সঙ্কল্পনস্পর্শনদৃষ্টিমোহৈর্গ্রাসাম্বুবৃষ্ট্যাত্মবিবৃদ্ধজন্ম। কর্ম্মানুগান্যনুক্রমেণ দেহী স্থানেষু রূপাণ্যভিসম্প্রপদ্যতে।

ব্যাখ্যা। [কেন তর্হি অসৌ শরীরাণি আদত্তে ইত্যাহ—] দেহী (জীবঃ) সঙ্কল্পনস্পর্শনদৃষ্টিমোহৈঃ (সঙ্কল্পনং মানস-ব্যাপারঃ, স্পর্শনং—ত্বগিন্দ্রিয়ব্যাপারঃ, দর্শনং—দর্শনব্যবহারঃ, ততঃ মোহঃ তৈঃ [শুভাশুভানি কর্ম্মাণি নিষ্পাদ্যন্তে] [ততঃ] কর্ম্মানুগানি (কর্ম্মানুসারীণি) রূপাণি (স্ত্রীপুংনপুংসক-লক্ষণানি) অনুক্রমেণ (যথাক্রমং) স্থানেষু (দেবতির্য্যঙ্-মনুষ্যাদিষু) গ্রাসাম্বুবৃষ্ট্যা (গ্রাসাম্বুনোঃ অন্নপানয়োঃ ! বৃষ্টিঃ আসেচনং) আত্মবিবৃদ্ধিজন্ম (আত্মনঃ শরীরস্য বিবৃদ্ধিঃ বিশেষেণ বৃদ্ধিঃ জন্ম চ) অভিনিষ্পদ্যতে।

অনুবাদ। জীবাত্মা সঙ্কল্প স্পর্শ, দর্শন ও মোহের বশে শুভ ও অশুভ কর্ম্ম সম্পাদন করিয়া থাকে, অনন্তর ক্রমে কর্ম্মানুসারে দেবতা, মনুষ্য ও তির্য্যক্ প্রভৃতি স্থানসমূহে স্ত্রী, পুরুষ ও ক্লীবদেহ প্রাপ্ত হয়। সেই শরীরের বৃদ্ধি এবং জন্ম অন্নপানাদির দ্বারা হইয়া থাকে।

১২। স্থূলানি সূক্ষ্মাণি বহূনি চৈব রূপাণি দেহী স্বগুণৈর্বৃণোতি। ক্রিয়াগুণৈরাত্মগুণৈশ্চ তেষাং সংযোগহেতুরপরোঽপি দৃষ্টঃ।

ব্যাখ্যা। দেহী (জীবঃ) স্বগুণৈঃ (বিহিতপ্রতিষিদ্ধানুভবসংস্কারৈঃ) স্থূলানি (অশ্মাদীনি) সূক্ষ্মাণি (তৈজসধাতুপ্রভৃতীনি) বহূনি (অনেকানি) রূপাণি (দেবাদিশরীরাণি) বৃণোতি (আবৃণোতি); [ততঃ] ক্রিয়াগুণৈঃ (ধর্ম্মাধর্ম্মাখ্যৈঃ) আত্মগুণৈশ্চ (মনোগুণৈঃ বাসনাদিভিশ্চ) তেষাং (শব্দাদিবিষয়স্বরূপাণাং অপরঃ অপি (জীবঃ অপি) সংযোগহেতুঃ (দেহান্তরসংযুক্তঃ) দৃষ্টঃ।

অনুবাদ। জীব বিহিত ও নিষিদ্ধ অনুভব সংস্কারসমূহের দ্বারা স্থূল ও সূক্ষ্ম বিবিধরূপ ধারণ করে; অনন্তর ধর্ম্মাধর্ম্ম এবং বাসনাদির দ্বারা শব্দাদি গুণের সংযোগহেতু জীব দৃষ্ট হইয়া থাকে।

১৩। অনাদ্যনন্তং কলিলস্য মধ্যে বিশ্বস্য স্রষ্টারমনেকরূপম্। বিশ্বস্যৈকং পরিবেষ্টিতারং জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্ব্বপাশৈঃ ॥

ব্যাখ্যা। অনাদ্যনন্তং (আদ্যন্তরহিতং) কলিলস্য (গহনগম্ভীরসংসারস্য) মধ্যে [বর্ত্তমানং] বিশ্বস্য স্রষ্টারম্ (নির্ম্মাতারম্ অনেকরূপং বিশ্বস্য) জগতঃ (একম্) অদ্বিতীয়ং পরিবেষ্টিতারং দেবং জ্ঞাত্বা সর্ব্বপাশৈঃ মুচ্যতে।

অনুবাদ। আদ্যন্তরহিত,গহন সংসারমধ্যে

অবস্থিত, বিশ্বের স্রষ্টা, অনেকরূপ, বিশ্বের একমাত্র পরিবেষ্টনকারী দেবকে জানিয়া মানব সমস্ত পাশ হইতে বিমুক্ত হন।

১৪। ভাবগ্রাহ্যমনীড়াখ্যং ভাবাভাবকরং শিবম্।
কলাসর্গকরং দেবং যে বিদুস্তে জহুস্তনুম্।

ব্যাখ্যা। যে (জনাঃ) ভাবগ্রাহ্যম্ (বিশুদ্ধান্তঃকরণলভ্যম্) অনীড়াখ্যং (অশরীরাখ্যং) ভাবাভাবকরং (ভাবঃ—অবিদ্যা সকার্য্যা, তস্যাঃ আত্মসাক্ষাৎকারেণ অভাবঃ—নিবৃত্ত্যাখ্যঃ তং করোতি ইতি) শিবং (শুদ্ধম্ অবিদ্যাতৎকার্য্যবিনির্মুক্ত-মিত্যর্থঃ) কলাসর্গকরং কলানাং ষোড়শানাং প্রাণাদ্যানাং স্রষ্টারং(?) দেবং (স্বয়ংজ্যোতিঃ) বিদুঃ (জানন্তি) তে তনুং (শরীরং) জহুঃ (পরিত্যজেয়ুঃ)।

ইতি শ্বেতাশ্বতরোপনিষৎসু পঞ্চমোঽধ্যায়ঃ।

অনুবাদ। যাঁহারা বিশুদ্ধচিত্তলভ্য, অশরীর, অবিদ্যারহিত, শুদ্ধ, প্রাণাদি ষোড়শকলার স্রষ্টা, স্বয়ংপ্রকাশ আত্মাকে জানেন, তিনি আর শরীর গ্রহণ করেন না অর্থাৎ মুক্ত হন।

পঞ্চম অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

ষষ্ঠোঽধ্যায়ঃ।

১। স্বভাবমেকে কবয়ো বদন্তি কালং তথান্যে পরিমুহ্যমানাঃ। দেবস্যৈষ মহিমা তু লোকে যেনেদং ভ্রাম্যতে ব্রহ্মচক্রম্ ॥

ব্যাখ্যা। একে (কেচিৎ) কবয়ঃ (ভ্রান্তদর্শিনঃ) পরিমুহ্যমানাঃ (মোহং গচ্ছন্তঃ সন্তঃ) স্বভাবং (তৎপদার্থস্য অসাধারণশক্তিং) বদন্তি (কথয়ন্তি), তথা অন্যে (অপরে) কালং (বদন্তি), যেন (দেবেন) ইদং ব্রহ্মচক্রং (ব্রহ্ম এব স্বাবিদ্যয়া বিবর্ত্তং গচ্ছৎ চক্রং সংসারচক্রং) ভ্রাম্যতে (ভ্রমণং কার্য্যতে), লোকে (ভুবনে) দেবস্য তু এষ মহিমা (মাহাত্ম্যম্)।

অনুবাদ। কোন কোন কবি মোহবশতঃ স্বভাবকে জগৎকারণ বলিয়া থাকেন, কেহ কেহ বা কালকেও জগৎকারণ বলেন। যিনি এই সংসারচক্রকে ভ্রমণ করান, সেই স্বয়ংপ্রকাশ পরমেশ্বরের এই মহিমা।

২। যেনাবৃতং নিত্যমিদং হি সর্ব্বং জ্ঞঃ কালকালো গুণী সর্ব্ববিদ্যঃ। তেনেশিতং কর্ম্ম বিবর্ত্ততেহ পৃথ্ব্যপ্তেজোঽনিলখানি চিন্ত্যম্ ॥

অভাবে (ব্রহ্মতত্ত্বজ্ঞানেন নাশং গতে সতি) কৃতকর্ম্মনাশঃ (কৃতানাং কর্ম্মণাং নাশঃ—নিবৃত্তিঃ) [ভবতি], কর্ম্মক্ষয়ে (কর্ম্মণঃ নাশে) সঃ তত্ত্বতঃ (তত্ত্বেভ্যঃ—প্রকৃতিভূতেভ্যঃ) অন্যঃ (অবিদ্যাতৎকার্য্যবিনির্মুক্তঃ সচ্চিদানন্দস্বভাবঃ সন্) যাতি (আত্মস্বরূপং প্রাপ্নোতি)।

অনুবাদ। যিনি সত্ত্বাদিগুণযুক্ত কর্ম্ম-সমূহের অনুষ্ঠান করিয়া সমস্ত বিষয় ঈশ্বরে সমর্পণ করেন, তিনি ব্রহ্মজ্ঞানের দ্বারা সেই সমুদায় কর্ম্মের অভাব হইলে প্রকৃত্যাদি তত্ত্বসমূহ হইতে ভিন্ন হন এবং আত্মস্বরূপ প্রাপ্ত হন।

৫। আদিঃ স সংযোগনিমিত্তহেতুঃ পরস্ত্রি-কালাদকলোঽপি দৃষ্টঃ। তং বিশ্বরূপং ভবভূতমীড্যং দেবং স্বচিত্তস্থমুপাস্য পূর্ব্বম্॥

ব্যাখ্যা। [উক্তস্য অর্থস্য দৃঢ়িম্ন উত্তরে মন্ত্রাঃ প্রস্তূয়ন্তে, কথং নাম বিষয়াক্তা ব্রহ্ম জানীয়ুঃ ইত্যত আহ—] সঃ (পরমেশ্বরঃ) আদিঃ (কারণং) সংযোগনিমিত্তহেতুঃ (শরীর-সংযোগনিমিত্তানাম্ অবিদ্যানাং হেতুঃ কারণম্), ত্রিকালাৎ (ভূতবর্ত্তমানাগতকালত্রয়াৎ) পরঃ (উৎকৃষ্টঃ) অকলঃ (প্রাণাদিকলারহিতঃ) অপি দৃষ্টঃ (ব্রহ্মবিদ্ভিঃ সাক্ষাৎ কৃতঃ); তং বিশ্বরূপং (বিশ্বানি রূপাণি অস্য) ভবভূতম্ (সংসারস্বরূপম্

ঈড্যং (স্তুত্যং) স্বচিত্তস্থং (আত্মনঃ অন্তঃকরণস্থিতং) দেবং (স্বয়ংপ্রকাশং) প্রাপ্নোতি ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ) ।

অনুবাদ। [বিষয়সেবাপরায়ণ মানব কিরূপে ব্রহ্মলাভ করিবে, এই নিমিত্ত বলিতেছেন] সেই পরমেশ্বর সকলের কারণ, তাঁহার কোন কারণ নাই. তিনি শরীরসংযোগের হেতুভূত অবিদ্যার কারণ, অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎ এই কালত্রয় হইতে উৎকৃষ্ট, তিনি নিরংশ হইলেও ব্রহ্মজ্ঞগণের দর্শনগোচর হন ; সেই নানারূপ, সংসারস্বরূপ, স্তবযোগ্য নিজের অন্তঃকরণস্থ স্বয়ংপ্রকাশ ঈশ্বরকে পূর্ব্বে উপাসনা করিয়া জীব আত্মস্বরূপ প্রাপ্ত হন।

৬। স বৃক্ষকালাকৃতিভিঃ পরোঽন্যো যস্মাৎ-প্রপঞ্চঃ পরিবর্ত্ততে২য়ম্। ধর্ম্মাবহং পাপনুদং ভগেশং জ্ঞাত্বাত্মস্থমমৃতং বিশ্বধাম ॥

ব্যাখ্যা। সঃ (বিশ্বরূপঃ পরমেশ্বরঃ) বৃক্ষকালাকৃতিভিঃ (বৃক্ষকালাকৃতিভ্যঃ, বৃক্ষঃ—সংসারঃ কার্য্যরূপঃ,কালঃ - ভূতাদি-প্রত্যয়ালম্বনঃ, আকৃতিঃ – অবিদ্যা, তাভ্যঃ) পরঃ (উৎকৃষ্টঃ), অন্যঃ (তেভ্যঃ অত্যন্তভিন্নঃ), যস্মাৎ (বৃক্ষাদিব্যতিরিক্তাদ্

আত্মনঃ) অয়ং প্রপঞ্চঃ (ভূতভৌতিকসংঘাতরূপঃ) পরিবর্ত্ততে [সমন্তান্নির্গচ্ছতি] [বিবিধপ্রত্যয়গম্যঃ স কথমসন্ স্যাদি-ত্যর্থঃ], ধর্ম্মাবহং [ধর্ম্মং সুখহেতুম্ আবহতি ইতি। পাপনুদং (পাপনাশকং) ভগেশং (ভগঃ—ঐশ্বর্য্যং তস্য ঈশঃ নিয়ন্তা তং) আত্মস্থম্ (আত্মনি বর্ত্তমানম্) অমৃতং (বিনাশ-শূন্যং) বিশ্বধাম (বিশ্বস্য ধাম তেজঃ স্থানং বা) জ্ঞাত্বা (বিদিত্বা) [যাতি]।

অনুবাদ। সেই পরমেশ্বর বৃক্ষ, কাল এবং অবিদ্যা হইতে উৎকৃষ্ট এবং বৃক্ষাদি হইতে অত্যন্ত ভিন্ন। যাহা হইতে এই ভূতভৌতিকরূপ প্রপঞ্চ উৎপন্ন হয়; সেই ধর্ম্মের কারণ, পাপনাশক, ঐশ্বর্য্যের নিয়ন্তা, আত্মাতে বর্ত্তমান, বিনাশরহিত, বিশ্বের আধারকে জানিয়া মানব আত্মস্বরূপ লাভ করে।

৭। তমীশ্বরাণাং পরমং মহেশ্বরং তং দেবতানাং পরমং চ দৈবতম্। পতিং পতীনাং পরমং পরস্তাদ্বি-দাম দেবং ভুবনেশমীড্যম্।

ব্যাখ্যা। ঈশ্বরাণাং (হিরণ্যগর্ভাদীনাং) পরমম্ (উৎ-

কৃষ্টং) মহেশ্বরং, দেবতানাম্ (ইন্দ্রাদীনাং) পরমং দৈবতং, পতীনাং (প্রজাপতীনাং) পতিং, পরমং (সর্ব্বস্মাদ্ উৎকৃষ্টং) পরস্তাৎ অক্ষরাৎ পরতঃ দেবং (স্বয়ংপ্রকাশং) ভুবনেশম্ (ভুবনানাম ঈশম্) ঈড্যং (স্তুত্যং) তম্ (আত্মানং) বিদাম (উপাস্য সাক্ষাৎকরবাম)।

অনুবাদ। হিরণ্যগর্ভাদি ঈশ্বর হইতে উৎকৃষ্ট, মহেশ্বর, ইন্দ্রাদি দেবতাগণেরও পরম দেবতা, প্রজাপতিগণের পতি, সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট, অবিদ্যার অতীত, স্বয়ংপ্রকাশ, ভুবনের ঈশ্বর, স্তবনীয় সেই আত্মাকে উপাসনা করিয়া তাঁহার সাক্ষাৎ লাভ করিব।

৮। ন তস্য কার্য্যং করণঞ্চ বিদ্যতে ন তৎসমশ্চাভ্যধিকশ্চ দৃশ্যতে। পরাস্য শক্তির্বিবিধৈব শ্রূয়তে স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চ॥

ব্যাখ্যা। তস্য (আত্মনঃ) কার্য্যং (শরীরং) করণং (চক্ষুরাদি ইন্দ্রিয়ং) চ ন বিদ্যতে, তৎসমঃ (তৎসদৃশঃ) চ, অভ্যধিকঃ চ [ন] দৃশ্যতে [শ্রূয়তে বা], অস্য (আত্মনঃ) পরা (সর্ব্বকার্য্যোপাদানসামর্থ্যরূপা) শক্তিঃ [অবিদ্যা] বিবিধা [নানা] এব শ্রূয়তে, [তস্য] জ্ঞানবলক্রিয়া চ (জ্ঞানক্রিয়া,

বলক্রিয়া চ,জ্ঞানক্রিয়া সর্ব্ববিষয়জ্ঞানপ্রবৃত্তিঃ, বলক্রিয়া স্বসন্নিধিমাত্রেণ সর্ব্বং বশীকৃত্য নিয়মনম্) স্বাভাবিকী (স্বভাবতঃ সম্বদ্ধা, অনাদিসিদ্ধা ইত্যর্থঃ)।

অনুবাদ। আত্মার শরীর নাই এবং চক্ষুরাদি ইন্দ্রিয়ও নাই, তাঁহার সমান কিংবা অধিক কেহ দৃষ্ট বা শ্রুত হয় না, ইঁহার সর্ব্বোপাদানশক্তি অবিদ্যা নানাবিধ শ্রুত হইয়া থাকে, তাঁহার জ্ঞানক্রিয়া এবং বলক্রিয়া স্বাভাবিকী অর্থাৎ অনাদিসিদ্ধ।

৯। ন তস্য কশ্চিৎ পতিরস্তি লোকে ন চেশিতা নৈব চ তস্য লিঙ্গম্। স কারণং করণাধিপাধিপো ন চাস্য কশ্চিজ্জনিতা ন চাধিপঃ॥

ব্যাখ্যা। লোকে (সংসারে) তস্য, (সকলশক্তেঃ আত্মনঃ) কশ্চিৎ পতিঃ (পালয়িতা) ন অস্তি (বিদ্যতে), ন চ ঈশিতা (নিয়ন্তা) [অস্তি], তস্য (আত্মনঃ) লিঙ্গং (চিহ্নং ধূমাদিস্থানীয়ং) ন এব চ [যেন অনুমীয়েত], সঃ [প্রসিদ্ধঃ] কারণং [সর্ব্বস্য হেতুঃ] করণাধিপাধিপঃ (করণানাং চক্ষুরাদীনাম্ অধিপাঃ অগ্ন্যাদয়ঃ তেষাম্ অধিপঃ অধিষ্ঠায় পালয়িতা], অস্য [আত্মনঃ] কশ্চিৎ জনিতা (উৎপাদকঃ) ন চ, অধিপঃ (অধিষ্ঠায় পালয়িতা) চ ন।

অনুবাদ। সংসারে আত্মার কোন পালক নাই, তাঁহার কোন নিয়ন্তা নাই, ধূমের দ্বারা যেমন অগ্নির অনুমান হয়, এইরূপ তাহার কোন চিহ্ন নাই যে যাহার দ্বারা অনুমান করিবে। তিনি সকলের কারণ, ইন্দ্রিয়গণের অধীশ্বর যে অগ্ন্যাদি দেবতাগণ, তিনি তাহাদেরও অধীশ্বর, কেহ তাঁহার উৎপাদক নাই এবং অধিষ্ঠাতাও নাই।

১০। যস্তূর্ণনাভ ইব তন্তুভিঃ প্রধানজৈঃ স্বভাবতঃ। দেব একঃ স্বমাবৃণোতি স নো দধাতু ব্রহ্মাপ্যয়ম্॥

ব্যাখ্যা : [উপাসীঃ মন্ত্রদ্রষ্টা অভিপ্রেতম্ অর্থং প্রার্থয়তে] ঊর্ণনাভঃ (লূতাকীটঃ) ইব (যথা তন্তুভিঃ (সূত্রৈঃ) স্বভাবতঃ (স্বতঃ) স্বম্ (আত্মানম্) [আবৃণোতি], একঃ দেবঃ প্রধানজৈঃ [অব্যক্তপ্রভবৈঃ নামরূপকর্মভিঃ তন্তুস্থানীয়ৈঃ] স্বম্ [আত্মানম্] আবৃণোৎ [আবৃণোতি) সঃ নঃ [অস্মভ্যং] ব্রহ্মাপ্যয়ং (ব্রহ্মণি অপ্যয়ং, একীভাবং) দধাৎ (দধাতু)।

অনুবাদ। যেমন ঊর্ণনাভ (মাকড়সা) স্বশরীরজাত সূত্র দ্বারা স্বভাবতঃ নিজকে আবৃত

করে, সেইরূপ এক দেব অব্যক্তপ্রভব নাম, রূপ ও কর্ম্মের দ্বারা নিজকে আবৃত করেন। তিনি ব্রহ্মের সহিত আমাদিগের একত্ব বিধান করুন।

১১। একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা। কর্ম্মাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাসঃ সাক্ষী চেতা কেবলো নির্গুণশ্চ॥

ব্যাখ্যা। একঃ (অদ্বিতীয়ঃ) দেবঃ (দ্যোতনস্বভাবঃ) সর্ব্বভূতেষু (সর্ব্বপ্রাণিষু) গূঢ়ঃ (সংবৃতঃ), সর্ব্বব্যাপী (আকাশবৎ সর্ব্বত্র ব্যাপ্য বর্ত্তমানঃ) সর্ব্বভূতান্তরাত্মা (সর্ব্বপ্রাণিস্বরূপভূতঃ), কর্ম্মাধ্যক্ষঃ (সর্ব্বপ্রাণিকৃতবিচিত্রকর্ম্মাধিষ্ঠাতা) সর্ব্বভূতাধিবাসঃ (সর্ব্বপ্রাণিষু বসতি) সাক্ষী (সর্ব্বেষাং ভূতানাং দ্রষ্টা) চেতা (চেতয়িতা) কেবলঃ (নিরুপাধিকঃ) নির্গুণঃ (সত্ত্বাদিগুণরহিতঃ) চ।

অনুবাদ। পরমেশ্বর অদ্বিতীয়, স্বয়ং-প্রকাশ, সমস্তভূতে গুপ্তভাবে অবস্থিত, আকাশের ন্যায় সর্ব্বত্র বর্ত্তমান, সকল প্রাণীর অন্তরাত্মস্বরূপ, কর্ম্মের অধিষ্ঠাতা, সকল প্রাণীতে বিদ্যমান, সর্ব্ব ভূতের সাক্ষী, জ্ঞানস্বরূপ, শুদ্ধ এবং সত্ত্বাদিগুণ-শূন্য।

১২। একো বশী নিষ্ক্রিয়াণাং বহূনামেকং বীজং বহুধা যঃ করোতি। তমাত্মস্থং যেঽনুপশ্যন্তি ধীরাস্তেষাং সুখং শাশ্বতং নেতরেষাম্।

ব্যাখ্যা। যঃ একঃ (ভেদরহিতঃ) বশী (স্বতন্ত্রঃ) নিষ্ক্রিয়াণাং (জড়ানাং) বহূনাং (অনেকেষাং) বশী (নিয়ন্তা) একং বীজং (বীজস্থানীয়ং ভূতসূক্ষ্মং) বহুধা (অনেকৈঃ প্রকারৈঃ ভূতভৌতিকৈঃ কার্য্যদ্রব্যাদিভিশ্চ) করোতি; যে (অধিকারিণঃ) ধীরাঃ (বিজিতেন্দ্রিয়াঃ) তং (বীজস্য বহুধা কর্ত্তারম্) আত্মস্থং (অন্তঃকরণে বর্ত্তমানম্) অনুপশ্যন্তি (সাক্ষাৎকুর্ব্বন্তি), তেষাং (বয়ং ব্রহ্মেতি বুদ্ধিমতাং) সুখং (অনুকূলবেদনীয়ং) শাশ্বতং (নিত্যং), ইতরেষাং (বয়ং ব্রহ্ম স্ম ইতি বুদ্ধিরহিতানাম্) ন।

অনুবাদ। যিনি দ্বৈতরহিত, সমস্ত জড়-বস্তুর নিয়ন্তা; যিনি এক বীজস্থানীয় ভূতসূক্ষ্মকে ভূতভৌতিকাদিরূপে বিভক্ত করেন; যে জিতেন্দ্রিয় পুরুষগণ অন্তঃকরণস্থ সেই আত্মার সাক্ষাৎকার লাভ করেন, তাঁহাদেরই নিত্যসুখ, ব্রহ্মজ্ঞানহীন ব্যক্তির নহে।

১৩। নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানামেকো বহূনাং যো বিদধাতি কামান্। তৎকারণং সাংখ্যযোগাধিগম্যং জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্ব্বপাশৈঃ ॥

ব্যাখ্যা। যঃ নিত্যানাং (অবিনাশিনাম্ আকাশাদীনাং লোকপ্রসিদ্ধানাং মধ্যে) নিত্যঃ (অবিনাশী), চেতনানাং (সোপাধিকানাং জীবানাং জ্ঞানবতাং মধ্যে) চেতনঃ (জ্ঞানস্বভাবঃ), বহূনাং (অনেকেষাং দেবাদীনাং) কামান্ (ভোগান্) বিদধাতি (প্রযচ্ছতি); তৎ (প্রসিদ্ধং) কারণং (জগৎসৃষ্টিস্থিতিসংহারকর্ত্তৃ) সাংখ্যযোগাধিগম্যং (সাংখ্যেন তত্ত্বজ্ঞানেন, যোগেন ধ্যানেন চ অধিগম্যং লভ্যং) দেবম্ (স্বয়ংপ্রকাশম্) [ঈশ্বরং] জ্ঞাত্বা (বিদিত্বা) সর্বপাশৈঃ অবিদ্যাভিঃ) মুচ্যতে।

অনুবাদ। যিনি নিত্য বলিয়া লোকে প্রসিদ্ধ, আকাশাদির মধ্যে নিত্য, চেতন জীবগণের মধ্যে চেতন, যিনি বিবিধ দেবতাগণের ভোগ্য বিধান করেন, মানব সেই প্রসিদ্ধ জগতের কারণ—তত্ত্বজ্ঞান ও ধ্যানের দ্বারা প্রাপ্য স্বয়ংপ্রকাশ ঈশ্বরকে জানিয়া অবিদ্যাদি সমস্ত পাশ হইতে মুক্ত হন।

১৫। ন তত্র সূর্য্যো ভাতি ন চন্দ্রতারকং নেমা বিদ্যুতো ভান্তি কুতোঽয়মগ্নিঃ। তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি ॥

ব্যাখ্যা। তত্র (তস্মিন্ পরমাত্মনি) সূর্য্যঃ (সর্বাবভাসকঃ আদিত্যঃ) ন ভাতি (প্রকাশতে) [ব্রহ্ম ন প্রকাশয়তি ইত্যর্থঃ] চন্দ্রতারকং (চন্দ্রশ্চ তারকাশ্চ) ন [ভাতি], ইমাঃ (প্রত্যক্ষঃ) বিদ্যুতঃ (তড়িতঃ) ন ভান্তি, অগ্নিঃ (বাহ্যঃ) কুতঃ? তম্ (সূর্য্যাদেরবিষয়ং) ভান্তম্ (প্রকাশং কুর্ব্বন্তম্) অনু (পশ্চাৎ) সর্বং (সূর্য্যচন্দ্রাদিকং জ্যোতির্জাতং) ভাতি (প্রকাশতে), তস্য (আত্মনঃ) ভাসা (দীপ্ত্যা) সর্বং (সমস্তং) ইদং (সূর্য্যাদি) বিভাতি (প্রকাশতে)।

অনুবাদ। সর্ব্বাবভাসক সূর্য্য ব্রহ্মকে প্রকাশ করিতে পারে না, চন্দ্র এবং তারকাগণ তাঁহাকে প্রকাশ করিতে সমর্থ নহে, এই যে সর্ব্বজনপ্রত্যক্ষ বিদ্যুৎ তাহাও ব্রহ্মপ্রকাশে অক্ষম, সামান্য অগ্নির কথা আর কি বলিব? সেই জগৎপ্রকাশ ব্রহ্মের পশ্চাৎ সূর্য্যাদি যাবতীয় জ্যোতিঃ পদার্থ প্রকাশিত হয়, ব্রহ্মের প্রকাশ হইতে সূর্য্যাদির

প্রকাশ পৃথক্ নহে, কারণ তাঁহারই দীপ্তিতে সূর্য্যাদি জ্যোতির্গণ এবং জগৎ প্রকাশিত হইয়া থাকে।

১৫। একো হংসো ভুবনস্যাস্য মধ্যে স এবাগ্নিঃ সলিলে সন্নিবিষ্টঃ। তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়॥

ব্যাখ্যা। [জ্ঞাত্বা দেবং মুচ্যতে ইত্যুক্তং। কস্মাৎ পুনঃ তমেব বিদিত্বা মুচ্যতে নান্যেন ইত্যত্রাহ] একঃ (পরমাত্মা) হংসঃ (হন্তি অবিদ্যাদিবন্ধকারণম্) অস্য ভুবনস্য (ত্রৈলোক্যস্য) মধ্যে [বর্ত্ততে নান্যঃ কশ্চিৎ], সঃ এব অগ্নিঃ (অগ্নির্যথা দাহকঃ তথা সঃ অবিদ্যাদীনাং দাহকঃ) সলিলে (স্বকার্য্যে জলে) সন্নিবিষ্টঃ (কারণরূপেণ সম্যক্ নিবেশনং কৃতবান্), তম্ এব (আত্মানম্ এব) বিদিত্বা (জ্ঞাত্বা) মৃত্যুম্ (সংসারম্) অত্যেতি (অতিক্রামতি); অয়নায় (মোক্ষায়) অন্যঃ (অপরঃ) পন্থাঃ (উপায়ঃ) ন বিদ্যতে [জ্ঞানমেকং মোক্ষস্য কারণম্ ইতি ভাবঃ।

অনুবাদ। [স্বয়ংপ্রকাশ পরমাত্মাকে জানিয়া জীব মুক্তি লাভ করেন, ইহা বলা হইয়াছে, এক্ষণে এক

মাত্র পরমাত্মাকে জানিলে মুক্তি হয়, আর কাহাকেও জানিলে হয় না—ইহার কারণ কি, তাহা বলিতেছেন—] পরমাত্মা অবিদ্যাদির নাশক বলিয়া হংস, তিনি এই ত্রৈলোক্যের মধ্যে বিদ্যমান আছেন, তিনি অগ্নিরূপে স্বকার্য্য জলে প্রবিষ্ট আছেন, লোক সেই আত্মাকে জানিয়া মৃত্যুকে অতিক্রম করেন, জ্ঞানভিন্ন মুক্তি-লাভের অন্য কোন উপায় নাই।

১৬। স বিশ্বকৃদ্বিশ্ববিদাত্মযোনির্জ্ঞঃ কালকারো গুণী সর্ব্ববিদ্ যঃ। প্রধানক্ষেত্রজ্ঞপতির্গুণেশঃ সংসার-মোক্ষস্থিতিবন্ধহেতুঃ॥

ব্যাখ্যা। [পরমপদপ্রাপ্তয়ে পুনরপি তমেব বিশেষতো দর্শয়তি] যঃ (পরমাত্মা) বিশ্বকৃৎ (বিশ্বস্য কর্ত্তা) বিশ্ববিৎ (বিশ্বং বেত্তি, সর্ব্বজ্ঞঃ) আত্মযোনিঃ (আত্মা চাসৌ যোনিশ্চেতি অথবা আত্মা এব সর্ব্বেষাং যোনিঃ) জ্ঞঃ (জানাতি ইতি) কাল-কারঃ (কালস্য কর্ত্তা) গুণী (সর্ব্বেষাং গুণানাম্ আশ্রয়ভূতঃ) সর্ব্ববিৎ (সর্ব্বজ্ঞঃ), প্রধানক্ষেত্রজ্ঞপতিঃ (প্রধানম্ অব্যক্তং, ক্ষেত্রজ্ঞঃ—বিজ্ঞানাত্মা তয়োঃ পতিঃ পালয়িতা) গুণেশঃ

(গুণানাং সত্ত্বরজস্তমসাম্ ঈশঃ) সংসারমোক্ষস্থিতিবন্ধহেতুঃ (সংসারস্য, মোক্ষস্য, স্থিতেঃ, বন্ধস্য চ হেতুঃ কারণম্)।

অনুবাদ। সেই পরমাত্মা বিশ্বের কর্ত্তা, সর্ব্বজ্ঞ, স্বয়ং সকলের কারণ, বোধস্বভাব, কালেরও কর্ত্তা, সমস্ত গুণের আশ্রয়, সর্ব্ববিদ্, প্রধান ও জীবাত্মার পালয়িতা, সত্ত্ব, রজঃ ও তমোগুণের ঈশ্বর, সংসার, মুক্তি, স্থিতি ও বন্ধের কারণ।

১৭। স তন্ময়ো হ্যমৃত ঈশসংস্থো জ্ঞঃ সর্ব্বগো ভুবনস্যাস্য গোপ্তা। য ঈশেঽস্য জগতো নিত্যমেব নান্যো হেতুর্বিদ্যত ঈশনায়॥

ব্যাখ্যা। সঃ (প্রসিদ্ধ ঈশ্বরঃ) তন্ময়ঃ (বিশ্বাত্মা অথবা জ্যোতির্ম্ময়ঃ) হি (প্রসিদ্ধঃ) অমৃতঃ (অমরণধর্ম্মা) ঈশসংস্থঃ (ঈশে আত্মস্বরূপে ভূমি স্বে মহিম্নি সংস্থা সম্যগ্ অবস্থানং স্থিতিঃ যস্য সঃ) জ্ঞঃ (বোধৈকস্বভাবঃ) সর্ব্বগঃ (সর্ব্বত্র গচ্ছতি, ত্রিবিধপরিচ্ছেদশূন্যঃ) অস্য ভুবনস্য (কর্ম্মফলরূপস্য) গোপ্তা (রক্ষিতা), যঃ অস্য জগতঃ ঈশে (ঈষ্টে) নিত্যম্ এব (নিয়মেন) অন্যঃ হেতুঃ ঈশনায় (জগন্নিয়মনায়) ন বিদ্যতে।

অনুবাদ। সেই প্রসিদ্ধ ঈশ্বর জ্যোতির্ম্ময়, মরণরহিত, আত্মস্বরূপে অবস্থিত, জ্ঞানস্বরূপ, ব্যাপক, এই ভুবনের পালক, যিনি জগতের প্রভু; জগতের নিয়মনের অন্য কোন কারণ নাই।

১৮। যো ব্রহ্মাণং বিদধাতি পূর্ব্বং যো বৈ বেদাংশ্চ প্রহিণোতি তস্মৈ। তং হ দেবমাত্মবুদ্ধি-প্রকাশং মুমুক্ষুর্বৈ শরণমহং প্রপদ্যে॥

ব্যাখ্যা। যঃ (প্রসিদ্ধঃ ঈশ্বরঃ) পূর্ব্বং (সর্গাদৌ) ব্রহ্মাণং (হিরণ্যগর্ভং) বিদধাতি (সৃষ্টবান্), যঃ বৈ (এব) তস্মৈ (ব্রহ্মণে) বেদান্ চ প্রহিণোতি (প্রকর্ষেণ সমর্পয়তি) মুমুক্ষুঃ (মোক্ষার্থী) অহং (শ্বেতাশ্বতরঃ মুনিঃ) বৈ (এব) তং হ (পূর্ব্বোক্তং প্রসিদ্ধঃ) দেবম্ (স্বয়ংপ্রকাশম্) আত্মবুদ্ধিপ্রকাশং (স্ববুদ্ধিসাক্ষিণং) শরণং (রক্ষকং) প্রপদ্যে (প্রাপ্তঃ অস্মি)।

অনুবাদ। যিনি সৃষ্টির প্রথমে হিরণ্যগর্ভকে সৃষ্টি করিয়াছেন, যিনি তাঁহাকে বেদজ্ঞান প্রদান করিয়াছেন, আমি (শ্বেতাশ্বতরমুনি) মুক্তি-

কাম হইয়া স্বয়ংপ্রকাশ, বুদ্ধিসাক্ষী সেই পরমেশ্বরের শরণ প্রাপ্ত হই।

১৯। নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্। অমৃতস্য পরং সেতুং দগ্ধেন্ধনমিবানলম্॥

ব্যাখ্যা। [এবং তাবৎ সৃষ্ট্যাদিনা শরণ্যস্য স্বরূপং দর্শিতম্। অথ ইদানীং স্বরূপেণ দর্শয়তি] নিষ্ক্রিয়ং (ক্রিয়াশূন্যং, কূটস্থমিত্যর্থঃ) নিষ্কলং (নিরবয়বং) শান্তং (বিকাররহিতং) নিরবদ্যং (নির্গতম্ অবদ্যং দুষ্টত্বম্ অবিদ্যাদিরূপঃ দোষঃ যস্মাৎ তৎ) নিরঞ্জনং (নির্লেপঃ), অমৃতস্য (মোক্ষস্য) পরং (উৎকৃষ্টং) সেতুং (বিধারকরূপং) দগ্ধেন্ধনম্ (ভস্মীকৃতমহাকাষ্ঠসঞ্চয়ং) অনলম্ (বৈশ্বানরম্) ইব [তং শরণং প্রপদ্যে]।

অনুবাদ। [পূর্ব্বে সৃষ্টিপ্রভৃতির দ্বারা শরণ্যের স্বরূপ প্রদর্শিত হইয়াছে, এখন স্বরূপতঃ শরণ্যকে প্রদর্শন করিতেছেন—] কূটস্থ, নিরবয়ব, দোষশূন্য, নির্লেপ, মুক্তির উৎকৃষ্ট সেতু, কাষ্ঠরাশি-দাহকারী অগ্নির ন্যায় প্রকাশমান সেই পরমেশ্বরকে আমি শরণ প্রাপ্ত হই।

২০। যদা চর্ম্মবদাকাশং বেষ্টয়িষ্যন্তি মানবাঃ।
তদা দেবমবিজ্ঞায় দুঃখস্যান্তো ভবিষ্যতি॥

ব্যাখ্যা। যদা (যস্মিন্ কালে) মানবাঃ আকাশং (অমূর্ত্তং নভঃ) চর্ম্মবৎ (চর্ম্ম যথা শরীরং) বেষ্টয়িষ্যন্তি, তদা (তস্মিন্ কালে) দেবম্ (স্বয়ংপ্রকাশম্) অবিজ্ঞায় (অহংব্রহ্মাস্মীতি বিশেষেণ অজ্ঞাত্বা) দুঃখস্য (আধ্যাত্মিকাধিভৌতিকাধিদৈবিক ভেদভিন্নপ্রতিকূলবেদনীয়স্য) অন্তঃ (বিনাশঃ) ভবিষ্যতি।

অনুবাদ। চর্ম্ম যেমন শরীরকে বেষ্টন করে, সেইরূপ মানব যখন অমূর্ত্ত আকাশকে বেষ্টন করিবে, তখন স্বয়ংপ্রকাশ ব্রহ্মকে "আমি ব্রহ্মস্বরূপ" এইরূপে না জানিলেও তাহার দুঃখের অবসান হইবে।

তাৎপর্য্য —আত্মবিষয়কজ্ঞান সংসারের কারণ। যখন মানব পরমাত্মাকে আত্মস্বরূপে না জানে, তখন রাগাদির দ্বারা আকৃষ্ট হইয়া নানা যোনিতে ভ্রমণ করে। যখন মানব জানে "আমি পূর্ণানন্দ ব্রহ্মস্বরূপ," তখন সে সেই রূপই প্রাপ্ত হয়। ব্রহ্মকে আত্মস্বরূপে দর্শন করিলে সমস্ত অবিদ্যা এবং তাহার কার্য্য সংসার থাকে না, তখন তিনি সচ্চিদানন্দ ব্রহ্মস্বরূপ লাভ করেন।

২১। তপঃপ্রভাবাদ্দেবপ্রসাদাচ্চ ব্রহ্ম হ শ্বেতাশ্বতরোঽথ বিদ্বান্। অত্যাশ্রমিভ্যঃ পরমং পবিত্রং প্রোবাচ সম্যগৃষিসঙ্ঘজুষ্টম্॥

ব্যাখ্যা। [সম্প্রদায়পরম্পরয়া ব্রহ্মবিদ্যায়া মোক্ষপ্রদত্বং প্রদর্শয়িতুং সম্প্রদায়ং বিদ্যাধিকারিণঞ্চ দর্শয়তি] অথ বিদ্বান্ (ব্রহ্মবিৎ) শ্বেতাশ্বতরঃ (তন্নামধেয়ঃ ঋষিঃ) তপঃপ্রভাবাৎ (তপসঃ কৃচ্ছ্রচান্দ্রায়ণাদেঃ প্রভাবঃ সামর্থ্যং তস্মাৎ) দেবপ্রসাদাৎ (দেবস্য স্বয়ংপ্রকাশস্য আনন্দাত্মনঃ প্রসাদাৎ অনুগ্রহাদপি) [চকারাৎ বেদানুবচনাদীনাং সমুচ্চয়ঃ] পরমং (উৎকৃষ্টং) পবিত্রং (শুদ্ধং) সম্যক্ ঋষিসঙ্ঘজুষ্টং (ঋষিসমূহসেবিতং) ব্রহ্ম অত্যাশ্রমিভ্যঃ (সন্ন্যাসিভ্যঃ) প্রোবাচ (উক্তবান্)

অনুবাদ। [সম্প্রদায়পরম্পরাক্রমে ব্রহ্মবিদ্যার মুক্তিহেতুত্ব প্রদর্শন করিবার নিমিত্ত সম্প্রদায় এবং বিদ্যাধিকারীকে প্রদর্শন করিতেছেন—] শ্বেতাশ্বতর ঋষি তপস্যাপ্রভাবে দেবতার অনুগ্রহে এবং বেদাধ্যয়নাদির ফলে পরম পবিত্র ঋষিগণসেবিত যে ব্রহ্ম অবগত হইয়াছিলেন, তাহা তিনি অত্যাশ্রমিগণকে বলিয়া ছিলেন।

তাৎপর্য্য — আজ কাল অনেকে বলেন— যাঁহারা চারি আশ্রমের মধ্যে কোন আশ্রম মানেন না, তাঁহারা অত্যাশ্রমী, তাঁহাদেরই ব্রহ্মজ্ঞানে অধিকার। এরূপ কল্পনা শাস্ত্রজ্ঞানহীনের পক্ষে শোভা পাইতে পারে। যাহারা বর্ণাশ্রমধর্ম্ম মানে না, তাহাদের ব্রহ্মজ্ঞানে অধিকার নাই, সন্ন্যাস একটী আশ্রম, যদ্যপি অন্য তিনটী আশ্রমে ব্রহ্মজ্ঞান হইতে পারে, তথাপি সন্ন্যাসই ব্রহ্মজ্ঞানের প্রকৃত আশ্রম। কারণ, সন্ন্যাসে সকল বিষয়ে নিবৃত্তির উপদেশ আছে। সেই সন্ন্যাসী চারিপ্রকার, বহূদক, কুটীচক হংস এবং পরমহংস; পূর্ব্ব পূর্ব্ব অপেক্ষা পর পরটী উৎকৃষ্ট। ব্রাহ্মণ সন্ন্যাস গ্রহণ করিয়া পরমহংস হইলে, সেই সন্ন্যাসের পরাকাষ্ঠাকে অত্যাশ্রম বলা যায়। ক্ষত্রিয়, বৈশ্যের, সন্ন্যাসে অধিকার নাই। 'অতিতুরীয়স্য তুরীয়ভেদঃ পরমহংসলক্ষণঃ সর্ব্বোৎকৃষ্ট আশ্রমঃ প্রসিদ্ধঃ যেষাম্ অস্তিত্বে অত্যাশ্রমিণঃ।' চারিটী আশ্রমের মধ্যে সন্ন্যাস চতুর্থ, তাহাও আবার চারিপ্রকার, তন্মধ্যে পরমহংস চতুর্থ। সেই পরম

হংসকে অত্যাশ্রমী বলা হয়, সুতরাং আশ্রমরহিত ব্যক্তিকে অত্যাশ্রমী বলা যায় না।

২২। বেদান্তে পরমং গুহ্যং পুরাকল্পে প্রচোদিতম্। নাপ্রশান্তায় দাতব্যং নাপুত্রায়াশিষ্যায় বা পুনঃ॥

ব্যাখ্যা। বেদান্তে (বেদানাম্ অন্তে উপনিষদি সর্ব্বাসু উপনিষৎসু পুরাকল্পে (পূর্ব্বসৃষ্টৌ) প্রচোদিতং (উপদিষ্টম্ অনাদিপরম্পরয়া আগতমিত্যর্থঃ) পরমং গুহ্যং (অত্যন্তগোপ্যং রহস্যমিত্যর্থঃ), অপ্রশান্তায় (রাগদ্বেষযুতায়) অপুত্রায় (পুত্র-ভিন্নজনায়) অশিষ্যায় (শিষ্যভিন্নায়) পুনঃ ন দাতব্যম্।

অনুবাদ। সমস্ত উপনিষদে পূর্ব্ব সৃষ্টিতে অনাদিকালাগত অত্যন্ত গোপনীয় (রহস্য) বস্তু রাগদ্বেষশূন্য পুত্র ও শিষ্যকে প্রদান করিবে।

২৩। যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ প্রকাশন্তে মহাত্মন ইতি॥

ইতি শ্বেতাশ্বতরোপনিষৎসু ষষ্ঠোঽধ্যায়ঃ॥

ব্যাখ্যা। [অত্রাপি দেবতাগুরুভক্তিমতামেব গুরুণা প্রকাশিতা বিদ্যা অনুভাবায় ভবতি ইতি প্রদর্শয়তি] যস্য (পুরুষস্য, অধিকারিণঃ) দেবে (পরমেশ্বরে) পরা (নিরূপ-চরিতা) ভক্তিঃ, যথা দেবে তথা গুরৌ [পরা ভক্তিঃ], তস্য মহাত্মনঃ এতে (উক্তাঃ) অর্থাঃ (বিষয়প্রয়োজনরূপাঃ) প্রকাশন্তে। [দ্বির্বচনম্ অধ্যায়সমাপ্ত্যর্থম্]।

অনুবাদ। [এই উপনিষদে দেবতা ও গুরুভক্তপুরুষের নিকট গুরুপ্রকাশিত বিদ্যা প্রকাশিত হয়, তাহা দেখাইতেছেন—] যে অধিকারী পুরুষের সচ্চিদানন্দ পরমেশ্বরে পরা ভক্তি বিদ্যমান আছে, সেইরূপ ব্রহ্মবিদ্যার উপদেষ্টা গুরুতে পরমা ভক্তি আছে, সেই মহাত্মার নিকট মহর্ষি শ্বেতাশ্বতর-উপদিষ্ট বিষয়গুলি প্রকাশিত হয়।

তাৎপর্য্য—ঈশ্বর এবং গুরুর কৃপা ব্যতীত ব্রহ্মবিদ্যালাভ অসম্ভব। যাঁহারা বেদে ভক্তিশব্দ নাই বলেন, ইহা দ্বারা তাঁহারা বুঝিতে পারিবেন।

শ্বেতাশ্বরোপনিষদের বঙ্গানুবাদ সমাপ্ত।

শ্রীরামপূর্ব্বতাপনীয়োপনিষৎ।

ওঁ ভদ্রং কর্ণেভিরিতি শান্তিঃ॥

[জগদ্ধিতায় অবতীর্ণস্য মহাবিষ্ণোঃ রামাভিধস্য চরিত-বর্ণনার্থম্ ইয়ম্ উপনিষদ্ আরভ্যতে]

১-২। ওঁ চিন্ময়েঽস্মিন্মহাবিষ্ণৌ জাতে দশরথে হরৌ। রঘোঃ কুলেঽখিলং রাতি রাজতে যো মহীস্থিতঃ॥ স রাম ইতি লোকেষু বিদ্বদ্ভিঃ প্রকটীকৃতঃ রাক্ষসা যেন মরণং যান্তি স্বোদ্রেকতোঽথবা॥

ব্যাখ্যা। অস্মিন্ [প্রসিদ্ধে] চিন্ময়ে (জ্ঞান-স্বরূপে) মহাবিষ্ণৌ (ক্ষরাক্ষরাতীতে পুরুষোত্তমে, হরৌ রঘোঃ (দিলীপাত্মজস্য) কুলে (বংশে) দশরথে জাতে [সতি] [দশরথস্য অপত্যম ইতি সম্বন্ধবিবক্ষায়াং দাশরথিঃ জাতসম্বন্ধে তু দাশরথ ইতি প্রয়োগঃ স্যাৎ ; তদ্ বিহায় তত্র জাত ইতি বহিরঙ্গসম্বন্ধোক্ত্যা ব্রহ্মণো রামস্য বাস্তবঃ সম্বন্ধাভাবঃ সূচিতঃ] যঃ মহীস্থিতঃ (ভূমৌ নিত্যং বসন্) রাতি (দদাতি) [সাধুভ্যঃ] অখিলং [বাঞ্ছিতং] রাজতে (শোভতে) [চ] যেন রাক্ষসাঃ মরণং (মৃত্যুং) যান্তি (প্রাপ্নুবন্তি) [ইতি অযথার্থতাশ্রয়ণেন]

সঃ রামঃ ইতি লোকেষু (জগৎসু) বিদ্বদ্ভিঃ প্রকটীকৃতঃ (স্মৃতঃ) অথবা স্বোদ্রেকতঃ (পৃথুহরিশ্চন্দ্রাদিবৎ স্বোৎকর্ষাদেব) [রাম ইতি নাম ভুবি খ্যাতম্]।

অনুবাদ। জ্ঞানস্বরূপ পুরুষোত্তম মহাবিষ্ণু হরি রঘুবংশে দশরথগৃহে জন্ম গ্রহণ করিলে যিনি মহীতলে অবতীর্ণ হইয়া সাধুদিগকে নিখিল বাঞ্ছিতফল প্রদান করেন ও স্বয়ং শোভমান হন এবং যাঁহা দ্বারা রাক্ষসগণ মরণ (মৃত্যু) মুখে নিপতিত হয়, এইরূপ অনুগত অর্থ দ্বারা বিদ্বদ্‌গণ ইহাঁকে রামনামে অভিহিত করেন। [অর্থাৎ রাতি এই শব্দের "রা" ও মহীস্থিত শব্দের "ম" যোগে অথবা রাক্ষসের "রা" ও মরণের "ম" শব্দযোগ করিয়া রামশব্দের উৎপত্তি হইয়াছে, এইরূপ বলেন।] অথবা তিনি পৃথু হরিশ্চন্দ্রাদির ন্যায় স্বীয় প্রতিভাবলেই রাম নামে বিখ্যাত হইয়াছেন।

৩। রামনাম ভুবি খ্যাতমভিরামেণ বা পুনঃ।
রাক্ষসান্মর্ত্ত্যরূপেণ রাহুর্ম্মনসিজং যথা॥

ব্যাখ্যা। বা (অথবা) অভিরামেণ (মনোজ্ঞেন হেতুনা)

ব্যাখ্যা। [আদৌ] দ্বারপূজাং কৃত্বা পদ্মাদ্যাসনস্থঃ [আদিশব্দাৎ স্বস্তিকাদেঃ গ্রহণম্। পদ্মাসনং তু বামোরুপরি দক্ষিণং চরণং তথা বামোরুপরি বামং সংস্থাপ্য পশ্চিমেন বিধিনা করাভ্যাম্ অঙ্গুষ্ঠৌ দৃঢ়ং ধৃত্বা হৃদয়ে চিবুকং নিধায় নাসাগ্রাবলোকনম্। পূজাবিধৌ তু তন্নির্ব্বাহার্থম্ অঙ্গুষ্ঠবন্ধনং হস্তাভ্যাং ন কর্ত্তব্যম্]। (পদ্মাসনে উপবিশ্য ইত্যর্থঃ) প্রসন্নঃ (প্রসন্নচিত্তঃ সন্) ভূতাদিকং (ভূতানি পৃথিব্যাদীনি পঞ্চ, আদিশব্দাৎ মহদহঙ্কারাদি, তৎ) শোধয়েৎ (আত্মনি বিলাপয়েৎ [ভূতশুদ্ধিঃ প্রাণপ্রতিষ্ঠায়াঃ মাতৃকান্যাসস্য চ উপলক্ষণম্। ভূতশুদ্ধিপ্রাণপ্রতিষ্ঠে মাতৃকান্যাসং চ কুর্য্যাৎ ইত্যর্থঃ] অস্য (রামস্য) অর্চ্চাবিধৌ (পূজাবিধৌ) পীঠাধরোর্দ্ধং (পীঠস্য অধরদেশার্চ্চনম্ ঊর্দ্ধদেশার্চ্চনং পার্শ্বার্চ্চনং (পার্শ্বভাগার্চ্চনং) মধ্যপত্রার্চ্চনং (মধ্যবর্ত্তিনঃ পদ্মস্য অর্চ্চনং) চ কৃত্বা রত্নাসনে (রত্নবদ্ধ আসনে) মৃদুশ্লক্ষ্ণসতূলিকায়াং (মৃদুঃ কোমলা শ্লক্ষ্ণা মনোহরা সমানা রত্নাসনতুল্যপরিমাণা যা তূলিকা তস্যাং) দেশিকঃ (দেশঃ উপদেশঃ অস্য অস্তি ইতি দেশিকঃ তং উপদেষ্টারং) চ অর্চ্চয়িত্বা (সম্পূজ্য) শক্তিং চ আধারাখ্যকাং (আধারশক্তিং) কূর্ম্মনাগৌ (কূর্ম্মঃ কচ্ছপঃ নাগঃ অনন্তঃ তৌ) পৃথিব্যজে

(পৃথিবী অম্বুং কমলং) [এতানি] স্বাসনাধঃ (স্বাসনস্থ দেবতাসনস্থ অধঃ) প্রকল্প্য বীজাদিকান্ (আদৌ স্ববীজযুক্তান্ বিঘ্নাদীন্) বিঘ্নং (ওঁ বিং বিঘ্নায় নমঃ), দুর্গাং (ওঁ দুং দুর্গায়ৈ নমঃ), ক্ষেত্রপালং (ওঁ ক্ষং ক্ষেত্রপালায় নমঃ) বাণীং (ওঁ বাং বাণ্যৈ নমঃ ইতি) অগ্নিদেশিকাম্ (ধর্ম্মাদীন্) চ, পীঠস্য এষু অঙ্ঘ্রিষু (পাদেষু) নঞ্ পূর্ব্বান্ তান্ ধর্ম্মাদিকান্ চ (অধর্ম্মাদীন্ ইত্যর্থঃ) তস্য (পীঠস্য) দিক্ষু (পূর্ব্বাদিষু) অর্চ্চয়েৎ চ। মধ্যে (পীঠমধ্যে) উপর্য্যুপরি উত্তমৈঃ (সাধকৈঃ) অর্কবিধ্বগ্নিতেজাংসি ক্রমাৎ অর্চিতানি (সূর্য্যচন্দ্রাগ্নয়ঃ ক্রমেণ পূজ্যাঃ ইত্যর্থঃ) । [যৎ] বৃত্তত্রয়ং তদ্ রজঃ সত্বং তমঃ এতানি [যানি গুণরূপাণি তৎ ইত্যর্থঃ] বীজাঢ্যং (বীজযুক্তং) ক্রমাৎ (অনুক্রমেণ) ভাবয়েৎ) পূজয়েৎ চ।

অনুবাদ। প্রথমতঃ দ্বারদেবতার পূজাসমাপনান্তে পদ্মাসনাদি পরিগ্রহ করিয়া (বাম উরুর উপর দক্ষিণ চরণ ও দক্ষিণ উরুর উপর বাম চরণ সংস্থাপন করিয়া হস্তদ্বয় দ্বারা পৃষ্ঠদেশ বেষ্টনপূর্ব্বক দক্ষিণ করে দক্ষিণপদাঙ্গুষ্ঠ ও বামকরে বাম পদাঙ্গুষ্ঠ দৃঢ়ভাবে ধারণ এবং বক্ষঃস্থলে চিবুকসংলগ্ন করিয়া নাসাগ্র অবলোকনের নাম পদ্মাসন। দেবতা-

পূজার সময়ে সেই পূজানির্ব্বাহের নিমিত্ত, হস্ত দ্বারা অঙ্গুষ্ঠ ধারণ করিতে হয় না। পদ্মাসনাদি এই আদি শব্দ দ্বারা স্বস্তিকাদি আসন বুঝিতে হইবে। এইরূপে আসন পরিগ্রহ করিয়া) প্রসন্নচিত্তে পৃথিব্যাদি পঞ্চ-ভূত ও মহদহঙ্কারাদির শোধন করিবে, অর্থাৎ স্বীয় আত্ম সত্তায় তাহাদের বিলয় করিবে। (ভূতাদি এই আদিশব্দ দ্বারা প্রাণপ্রতিষ্ঠা ও মাতৃকান্যাস বুঝিতে হইবে)। রামের পূজাপ্রণালী অনুসারে প্রথমতঃ পীঠের নিম্নদেশার্চ্চন, উর্দ্ধদেশার্চ্চন, পার্শ্ব-ভাগার্চ্চন ও মধ্যবর্ত্তী পদ্মের অর্চ্চনা করিয়া রত্নবদ্ধ আসনে মৃদু ও মনোহর রত্নাসনতুল্যপরিমিত তূলিকায় উপদেশকের (গুরুর) অর্চ্চনা করিয়া আধারশক্তি, কূর্ম্ম, অনন্ত, পৃথিবী ও পদ্ম ইহা-দিগকে দেবাসনের নিম্নে কল্পনা করিয়া স্ববীজযুক্ত বিঘ্নাদির অর্থাৎ ওঁ বিঘ্নায় নমঃ, ওঁ দুং দুর্গায়ৈ নমঃ, ওঁ ক্ষং ক্ষেত্রপালায় নমঃ, ওঁ বাং বাণ্যৈ নমঃ, এই মন্ত্রে পূজা করিবে এবং ধর্ম্মাদির পূজা করিবে। পীঠের এই সকল পাদে পূর্ব্বাদিক্রমে নঞ্‌পূর্ব্বক ধর্ম্মাদির, অর্থাৎ অধর্ম্মাদির পূজা করিবে এবং

পীঠমধ্যে সাধক ক্রমশঃ সূর্য্য, চন্দ্র, অগ্নিপ্রভৃতির অর্চ্চনা করিবে। যে তিনটী বৃত্ত অঙ্কিত করিতে হইবে, উহাদিগকে ক্রমশঃ সত্ত্ব, রজঃ ও তমঃস্বরূপে ভাবনাপূর্ব্বক বীজযুক্ত করিয়া, অর্থাৎ "সং সত্ত্বায় নমঃ, রং রজসে নমঃ ও তং তমসে নমঃ" বলিয়া পূজা করিবে।

৫। আশাব্যাশাস্বপ্যথাত্মানমন্তরাত্মানং চ পরমাত্মানমন্তঃ। জ্ঞানাত্মানং চার্চ্চয়েত্তস্য দিক্ষু মায়াবিদ্যে যে কলাপরতত্ত্বে॥

ব্যাখ্যা। অথ (অনন্তরম্) আশাব্যাশাসু (দিক্ষু বিদিক্ষু) অপি (চ) আত্মানং (লিঙ্গম্) অন্তরাত্মানং (জীবং) পরমাত্মানম্ (ঈশ্বরং) জ্ঞানাত্মানং (ব্রহ্ম) অন্তঃ (মধ্যে) চ অর্চ্চয়েৎ (পূজয়েৎ)। তস্য দিক্ষু (চতুর্ষু) যে মায়াবিদ্যে পরাপরতত্ত্বে [অর্চ্চয়েৎ] (মায়তত্ত্বং, বিদ্যাতত্ত্বং কলাতত্ত্বং পরতত্ত্বঞ্চ এতানি চত্বারি তত্ত্বানি পূজ্যানি ইত্যর্থঃ)।

অনুবাদ। ইহার পরে দিক্ বিদিক্, অর্থাৎ সর্ব্বদিক্ লিঙ্গাত্মা জীব ও ঈশ্বরের এবং মধ্যে

পরব্রহ্মের অর্চ্চনা করিবে, উহার চতুর্দ্দিকে ক্রমশঃ মায়াতত্ত্বায় নমঃ, বিদ্যাতত্ত্বায় নমঃ কলাতত্ত্বায় নমঃ, পরতত্ত্বায় নমঃ এই মন্ত্রে তত্ত্বপূজা করিবে।

৬। সংপূজয়েদ্বিমলাদ্যাশ্চ শক্তীরভ্যর্চ্চয়েদ্দেবমাগাহয়েচ্চ। অঙ্গব্যূহানি জলাদ্যৈশ্চ পূজ্য ধৃষ্ট্যাদিকৈর্লোকপালৈস্তদস্ত্রৈঃ ॥

ব্যাখ্যা। বিমলাদ্যাঃ শক্তীঃ চ সম্পূজয়েৎ [ততঃ] অঙ্গব্যূহানি (হৃদয়াদীনি) জলাদ্যৈঃ (পাদ্যাদিভিঃ) পূজ্য (সম্পূজ্য) ধৃষ্ট্যাদিকৈঃ (ধৃষ্টিজয়ন্তকাদিভিঃ) লোকপালৈঃ তদস্ত্রৈঃ [চ সহ] দেবম্ আবাহয়েৎ অভ্যর্চ্চয়েৎ (পূজয়েৎ) চ।

অনুবাদ। বিমলাদি শক্তির পূজা করিবে। যথা বিমলা, উৎকর্ষণী, জ্ঞানা, ক্রিয়া, যোগা, প্রহ্বী, সত্যা, ঈশানা ও অনুগ্রহা। তাহার পর পাদ্যাদি-দ্বারা অঙ্গব্যূহ অর্থাৎ হৃদয়াদির পূজা করিয়া, ধৃষ্টি জয়ন্তক প্রভৃতি পূর্ব্বোক্ত লোকপাল ও তাহাদের অস্ত্রসমূহের সহিত ভগবান্ রামচন্দ্রের আবাহন ও পূজা করিবে।

৭। বশিষ্ঠাদ্যৈর্ম্মুনিভির্নীলমুখৈ্যরারাধয়েদ্রাঘবং চন্দনাদ্যৈঃ। মুখ্যোপহারৈর্বিবিধৈশ্চ পূজা তস্মৈ জপাদীংশ্চ সম্যক্ সমর্প্য ॥

ব্যাখ্যা। বশিষ্ঠাদ্যৈঃ (বশিষ্ঠবামদেবজাবালগৌতমভরদ্বাজকৌশিকবাল্মীকিনারদসনকসনন্দসনাতনসনৎকুমারৈঃ দ্বাদশভিরিত্যর্থঃ) মুনিভিঃ নীলমুখ্যৈঃ (নীলনলসুষেণপ্রভৃতিভিঃ) [সহ চন্দনাদ্যৈঃ বিবিধৈঃ মুখ্যোপহারৈঃ চ] রাঘবং (রামচন্দ্রং) পূজা (সম্পূজ্য) তস্মৈ (রাঘবায়) জপাদীন্ [আদিশব্দাৎ উপচারান্] চ সম্যক্ সমর্প্য আরাধয়েৎ।

অনুবাদ। বশিষ্ঠ, বামদেব, জাবাল, গৌতম, ভরদ্বাজ, কৌশিক, বাল্মীকি, নারদ, সনক, সনন্দ, সনাতন, সনৎকুমারপ্রভৃতি দ্বাদশজন মুনি এবং নীল, নল ও সুষেণপ্রভৃতির সহিত, চন্দনাদি-নানাবিধ প্রধান প্রধান উপহার দ্বারা রামচন্দ্রের পূজা করিয়া তাঁহার উদ্দেশ্যে জপ ও উপচারাদি প্রদানপূর্ব্বক তাঁহার আরাধনা করিবে।

৮। এবংভূতং জগদাধারভূতং রামং বন্দে

সচ্চিদানন্দরূপম্॥ গদারিশঙ্খাব্জধরং ভবারিং স যো
ধ্যায়েন্মোক্ষমাপ্নোতি সর্ব্বঃ॥

ব্যাখ্যা। [পূজান্তে নমস্কারমাহ] এবংভূতং (প্রাগুক্তরূপং)
জগদাধারভূতং (জগদ্রক্ষকং) সচ্চিদানন্দরূপং (নিত্যজ্ঞানানন্দ-
রূপং) গদারিশঙ্খাব্জধরং (শঙ্খচক্রগদাপদ্মধারিণং)
বারিং (ভবচ্ছিদং) রামং বন্দে। যঃ [এবং] ধ্যায়েৎ
চিন্তয়েৎ) স সর্ব্বঃ (সর্ব্বতঃ সর্ব্বস্মাদ্ বন্ধনাৎ) মোক্ষম্
াপ্নোতি (প্রাপ্নোতি)।

অনুবাদ। পূজান্তে নমস্কারের মন্ত্র এই—
ইরূপ জগতের একমাত্র আশ্রয়স্থল, সচ্চিদানন্দ-
রূপ, শঙ্খচক্রগদাপদ্মধারী, জন্মোচ্ছেদকারী ভগবান্
ামচন্দ্রকে বন্দনা করি। যে এইরূপ চিন্তা করে, সে
র্ব্ববিধ বন্ধন হইতে মুক্তিলাভ করে।

৯। বিশ্বব্যাপী রাঘবোঽথো তদানীমন্তর্দধে
ঙ্খচক্রে গদাব্জে। ধৃত্বা রমাসহিতঃ সাবৃতশ্চ সসপত্নজঃ
ানুজঃ সর্ব্বলোকী॥

ব্যাখ্যা। অথ তদানীং বিশ্বব্যাপী (বিশ্বং ব্যাপ্নোতি জন-
ত বিশ্বস্য কর্ত্তা ইত্যর্থঃ) সর্ব্বলোকী (সর্ব্বদর্শী) [সঃ]
ঘবঃ শঙ্খচক্রে গদাপদ্মে [চ] ধৃত্বা সাবৃতঃ (আবরণৈঃ পরি-

বাৱৈঃ সহিতঃ) সানুজঃ (অনুজৈঃ সহ বর্ত্তমানঃ) রমা-
সহিত (রময়া সীতয়া সহিতঃ) সসপত্নজঃ (সপত্নজেন বৈরি-
সন্তাপেন সহিতঃ) [সন্] অন্তর্দ্দধে (অদৃশ্যঃ বভূব ইত্যর্থঃ)।

অনুবাদ। তখন সেই বিশ্বস্রষ্টা সর্ব্বদর্শী
ভগবান্ রামচন্দ্র শঙ্খ, চক্র, গদা, পদ্ম ধারণ করিয়া সমগ্র
পরিবার, অনুজ ও সীতার সহিত, বৈরিকৃত সন্তাপ
অনুভব করিতে করিতেই যেন অন্তর্হিত হইলেন।

১০। তদ্ভক্তা যে লব্ধকামাংশ্চ ভুক্ত্বা তথা
পদং পরমং যান্তি তে চ। ইমা ঋচঃ সর্ব্বকামার্থদাশ্চ
যে তে পঠন্ত্যমলা যান্তি মোক্ষং যে তে পঠন্ত্যমলা
যান্তি মোক্ষমিতি॥

ইতি রামপূর্ব্বতাপনীয়োপনিষৎ সমাপ্তা।

ব্যাখ্যা। যে তদ্ভক্তাঃ (তস্য রামস্য ভক্তাঃ) তে চ লব্ধ-
কামান্ চ (লব্ধান্ চ কামান্) ভুক্ত্বা তথা পরমং পদং যান্তি
(প্রাপ্নুবন্তি)। সর্ব্বকামার্থদাঃ (সর্ব্বাভিলাষার্থদায়িকাঃ)
চ ইমা ঋচঃ যে পঠন্তি তে অমলাঃ (বিষয়বাসনাজমালিন্যরহিতাঃ
সন্তঃ) মোক্ষং যান্তি [দ্বিরুক্তিঃ নিশ্চয়ার্থা ইতিশব্দঃ গ্রন্থ-
সমাপ্ত্যর্থঃ]।

অনুবাদ। যাঁহারা শ্রীরামের ভক্ত, তাঁহারা তাঁহাদের অভিলষিত কাম্যফল ভোগ করিয়া অন্তে পরমপদ (মোক্ষ) প্রাপ্ত হন। এই সর্ব্বাভীষ্টদায়িনী ঋক্ যিনি পাঠ করেন তিনি বিষয়বাসনাজনিত মালিন্য-বিরহিত হইয়া মুক্তিলাভ করেন।

(যিনি পাঠকরেন, তিনি মুক্তিলাভ করেন, ইহা দুইবার বলায় এই গ্রন্থ পাঠে মুক্তির নিশ্চয়তা সূচিত হইতেছে। সর্ব্বশেষে ইতি থাকায় গ্রন্থসমাপ্তির সূচনা হইতেছে)।

শ্রীরামপূর্ব্বতাপনীয় উপনিষদের দশম খণ্ড সমাপ্ত।

শ্রীরামপূর্ব্বতাপনীয় উপনিষৎ সমাপ্ত।

ওঁ তৎসৎ ব্রহ্মণে নমঃ।

শ্রীরামোত্তরতাপনীয়োপনিষৎ।

[পূর্ব্বতাপনীয়োপনিষদি রামমন্ত্রাঃ যন্ত্রপীঠপূজা চ সবিশেষেণ উক্তাঃ। মূলমন্ত্রনির্ণয়ানন্তরম্ অঙ্গমন্ত্র-নির্ণয় উচিত ইতি প্রণব-নির্ণয়ার্থম্ উত্তরতাপনীয়ম্ আরভ্যতে। ক্ষেত্রোত্তমে কৃতা চোপাসনা মহাফলা তদর্থম্ ঋষিসংবাদেন প্রণবং নির্ণয়ন্ রামচন্দ্রস্য মহিমানং স্বরূপং চ প্রকাশয়িতুম্ আদৌ ক্ষেত্রোত্তমং ব্যনক্তি ওঁ বৃহস্পতিরিত্যাদি ইতি।]

[এই গ্রন্থারম্ভের প্রয়োজন বলা যাইতেছে। শ্রীরামপূর্ব্বতাপনীয় উপনিষদে রামমন্ত্র, যন্ত্র ও পীঠ পূজাপ্রভৃতি বিশেষভাবে বলা হইয়াছে। মূলমন্ত্র নির্ণয়ের পরে উহার অঙ্গমন্ত্র নির্ণয় করা একান্ত কর্ত্তব্য, সুতরাং প্রণবনির্ণয়ের নিমিত্ত উত্তরতাপনীয় উপনিষৎ আরব্ধ হইয়াছে। উত্তম ক্ষেত্রে কৃত উপাসনা প্রকৃষ্ট ফল প্রদান করিয়া থাকে, সেই নিমিত্ত ঋষিসংবাদচ্ছলে প্রণব নির্ণয় করিয়া রামচন্দ্রের

মহিমা ও তাঁহার স্বরূপ প্রকাশের নিমিত্ত প্রথমতঃ '‌ওঁ বৃহস্পতিরুবাচ' ইত্যাদি আখ্যায়িকা দ্বারা উত্তম ক্ষেত্রের বর্ণনা করিতেছেন।]

১। ওঁ বৃহস্পতিরুবাচ যাজ্ঞবল্ক্যং যদনু কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনমবিমুক্তং বৈ কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনং তস্মাদ্‌যত্র ক্বচন গচ্ছেত্তদেব মন্যেতে-তীদং বৈ কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনমত্র হি জন্তোঃ প্রাণেষূৎক্রমমাণেষু রুদ্রস্তারকঃ ব্রহ্ম ব্যাচষ্টে যেনাসাবমৃতী ভূত্বা মোক্ষী ভবতি, তস্মাদবিমুক্তমেব নিষেবেতাবিমুক্তং ন বিমুঞ্চেদেবমেবৈতদ্‌যাজ্ঞবল্ক্যঃ ॥

ব্যাখ্যা। ওঁ বৃহস্পতিঃ উবাচ যাজ্ঞবল্ক্যং যৎ (ক্ষেত্রম্‌) অনু (হীনং) কুরুক্ষেত্রং [হীনে অনুঃ কর্ম্মপ্রবচনীয়ঃ তদ্‌যোগে যদ্‌ইতি দ্বিতীয়া, কুরুক্ষেত্রাদ্‌ অধিকং যৎ ক্ষেত্রম্‌ ইত্যর্থঃ] দেবানাম্‌ [অপি] দেবযজনং (দেবপূজাস্থানং [তথা] সর্ব্বেষাং ভূতানাং (প্রাণিনাং) ব্রহ্মসদনং (ব্রহ্মপ্রাপ্তিস্থানং) তৎ কিম্‌ ইতি] (যাজ্ঞবল্ক্যঃ উত্তরয়তি) অবিমুক্তং (ন

বিমুক্তম্ ঈশ্বরেণ অপরিত্যক্তম্ অবিমুক্তং পার্ব্বত্যাগ্রহে কৃতে-ঽপি ঈশ্বরেণ ন বিমুক্তং বারাণসীক্ষেত্রং) বৈ (প্রসিদ্ধং মুখ্যম্ ইত্যর্থঃ) কুরুক্ষেত্রং [অবিমুক্তমেব ক্ষেত্রং কুরু ইতি রামাদেশাৎ ঈশ্বরেণ কৃতবান্ ইতি তস্ত কুরুক্ষেত্রে সংজ্ঞা] দেবানাং দেব-যজনং (দেবপূজাস্থানং) [তথা] সর্ব্বেষাং ভূতানাং (প্রাণিনাং ব্রহ্মসদনং (ব্রহ্মপ্রাপ্তিস্থানং) তস্মাৎ (যস্মাদ্ ইদমেব (ক্ষেত্রো-ত্তমং তস্মাৎ) যত্র কচন (স্থানে) গচ্ছেৎ তদেব (অবিমুক্তম্ এব) মন্বেত (জানীয়াৎ) ইতি [দেশান্তরং তদ্দৃষ্ট্যা উপাস্যং, ন তু তৎ কুরুক্ষেত্রাদিদেশান্তরদৃষ্ট্যা উপাস্যম্ ইতি ভাবঃ] [তস্য মন্ত্রনোল্লেখম্ আহ] ইদং (যত্র বয়ং বিচরামঃ তদেব বৈ (প্রসিদ্ধং) কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানা' ব্রহ্মসদনং [মন্থামহে . এবং কৃতে সতি বিমুক্তিঃ নিবাস ফলং তাদাত্ম্যোপাসনয়া ভবতি ইতি ভাবঃ]। [ননু অ? অন্যক্ষেত্রেভ্যঃ কঃ বিশেষঃ ? অত আহ] হি (যস্মাৎ) অত্র জন্তোঃ (প্রাণিমাত্রস্য) প্রাণেষু উৎক্রমমাণেষু বহির্গচ্ছৎসু রুদ্রঃ (শিবঃ) তারকং ব্রহ্ম ব্যাচষ্টে (উপদিশতি) [তস ফলম্ আহ] যেন অমৃতীভূত্বা (ব্রহ্মীভূয়) মোক্ষী (মোক্ষ অস্য অস্তীতি মোক্ষী বন্ধরহিতঃ) ভবতি। তস্মাৎ অবি মুক্তম্ এব নিষেবেত, [নিষেবণং চিন্তনাদিদেশান্তরস্থস্যাপি সম্ভবতি ইত্যত উক্তং] অবিমুক্তং ন বিমুঞ্চেৎ (চিন্তনেন পরিহরেৎ ইতি)। এবম এব এতৎ যাজ্ঞবল্ক্যঃ (যাজ্ঞবল্ক্য যদ্ আহ তৎ সত্যমেব ইতি বৃহস্পতেঃ অনুমতিবচঃ)।

অনুবাদ। বৃহস্পতি যাজ্ঞবল্ক্যকে জিজ্ঞাসা করিয়াছিলেন,প্রসিদ্ধ কুরুক্ষেত্র অপেক্ষা এমন কোন উন্নততম স্থান কি আছে;—যাহা দেবতাগণেরও দেবপূজার স্থান এবং নিখিল প্রাণিবর্গের ব্রহ্মপ্রাপ্তির বা মুক্তির স্থান ? যাজ্ঞবল্ক্য উত্তর করিলেন, হাঁ আছে, উহা অবিমুক্ত বা বারাণসীক্ষেত্র (পার্ব্বতীর অনুরোধেও বিশ্বনাথ শঙ্কর ঐস্থান পরিত্যাগ করেন নাই বলিয়া, উহার নাম অবিমুক্ত ক্ষেত্র)। উহাই প্রকৃত কুরুক্ষেত্র ('অবিমুক্তং ক্ষেত্রং কুরু' অর্থাৎ তোমার অপরিত্যাজ্য এক ক্ষেত্র কর, এইরূপে ভগবান্ রামচন্দ্রকর্ত্তৃক আদিষ্ট হইয়া শঙ্কর 'ক্ষেত্রং কুরু' এই আদেশ অনুসারে এই ক্ষেত্রের নির্ম্মাণ করেন বলিয়া ইহারও নাম কুরুক্ষেত্র), ইহাই দেবতাগণের দেবপূজার স্থান এবং নিখিল প্রাণিবর্গের মুক্তির স্থল। এই নিমিত্তই যে কোন স্থানে গমন করিবে, সেই স্থানেই অবিমুক্ত বলিয়া মনে করিবে। [ইহার তাৎপর্য্য এই যে, অবিমুক্তির দৃষ্টিতে সকল স্থানে উপাসনা করিবে, কিন্তু সাধারণ স্থানের দৃষ্টিতে

অবিমুক্তিতে উপাসনা করিবে না]। সেই মননের প্রকার এই—আমরা যে কোনও স্থানে যাইব, উহাই কুরুক্ষেত্র, উহাই দেবতাদিগের দেবারাধনস্থান এবং প্রাণিসমূহের মুক্তিলাভের স্থান এইরূপ মনে করিব। এইরূপে চিন্তা করিতে পারিলে, সত্য-বিমুক্তিক্ষেত্রবাসের ফল উহার সহিত অভেদ-ভাবনায় অন্যত্রও সংসাধিত হইবে। অন্য ক্ষেত্র অপেক্ষা এই ক্ষেত্রের বিশেষত্ব এই যে, এইস্থানে প্রাণিসমূহের প্রাণ উৎক্রান্ত হইলে ভগবান্ রুদ্র তাহাকে "তারক ব্রহ্ম" নাম উপদেশ করেন এবং তাহার ফলে সেই প্রাণী অমর, অর্থাৎ ব্রহ্ম হইয়া মোক্ষলাভ করে। সেই নিমিত্তই অবিমুক্ত ক্ষেত্রেরই সেবা করিবে। দেশান্তরে থাকিয়াও অবিমুক্ত ক্ষেত্রের সহিত অভেদভাবনা সম্ভব হইতে পারে, এই জন্য বলিলেন :—অবিমুক্তি ক্ষেত্র কখনও পরিত্যাগ করিবেনা, অর্থাৎ উহার অভেদভাবন কখনও পরিত্যাগ করিবে না। বৃহস্পতি বলিলেন হাঁ, যাজ্ঞবল্ক্য! তুমি যাহা বলিলে, তাহা সত্য বটে।

২। অথ হৈনং ভরদ্বাজঃ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্য

কিং তারকং কিং তারয়তীতি স হোবাচ যাজ্ঞবল্ক্য-স্তারকং দীর্ঘানলং বিন্দুপূর্ব্বকং দীর্ঘানলং পুনর্ম্মায় নমশ্চন্দ্রায় নমো ভদ্রায় নম ইত্যোংতদ্‌ব্রহ্মাত্মিকাঃ সচ্চিদানন্দাখ্যা ইত্যুপাসিতব্যাঃ অকারঃ প্রথমাক্ষরো ভবত্যুকারো দ্বিতীয়াক্ষরো ভবতি মকারস্তৃতীয়াক্ষরো ভবত্যর্ধমাত্রশ্চতুর্থাক্ষরো ভবতি বিন্দুঃ পঞ্চমাক্ষরো ভবতি নাদঃ ষষ্ঠাক্ষরো ভবতি তারকত্বাত্তারকো ভবতি তদেব তারকং ব্রহ্ম ত্বং বিদ্ধি তদেবোপাস্যমিতি জ্ঞেয়ম্।

ব্যাখ্যা। অথ (বৃহস্পতেঃ সদুত্তরদানানন্তরং) হ (প্রসিদ্ধম্) এনং (যাজ্ঞবল্ক্যং) ভরদ্বাজঃ পপ্রচ্ছ (পৃষ্টবান্), কিং তারকম্ ইতি [অর্থাৎ যৎ] তারয়তি [সংসারম্] ইতি [তৎ] কিং? স যাজ্ঞবল্ক্যঃ হ উবাচ। তারকম্ দীর্ঘানলং (দীর্ঘঃ আকারঃ আরূঢ়ঃ অনলঃ রেফঃ যস্মিন্ তৎ), বিন্দুপূর্ব্বকং (বিন্দোঃ পূর্ব্বম্ এব পূর্ব্বকং তেন 'রাং' ইতি সিদ্ধম্), দীর্ঘানলং পুনঃ (তেন 'রা' ইতি সিদ্ধম্) মায় নমঃ, চন্দ্রায় নমঃ, ভদ্রায় নমঃ [ইত্যাদিস্বরূপম্] ওঁতদ্‌ব্রহ্মাত্মিকাঃ (ওঁরূপাঃ তদ্রূপাঃ ব্রহ্মরূপাঃ) সচ্চিদানন্দাখ্যাঃ (সদ্‌ আখ্যাঃ চিদ্‌আখ্যা আনন্দাখ্যাঃ চ) ইতি উপাসিতব্যাঃ (ইত্যেবং যথাসংখ্যম্ এতাঃ রামাদ্যাখ্যাঃ উপাসিতব্যাঃ)। [সম্প্রতি ওঁকারস্য ষড়ক্ষরত্বেন তারকত্বম্ উপপাদয়তি]

অকারঃ প্রথমাক্ষরঃ ভবতি, উকারঃ দ্বিতীয়াক্ষরঃ ভবতি, মকারঃ তৃতীয়াক্ষরঃ ভবতি,[অকারাদয়ঃ ত্রয়ঃ মূর্ত্তাঃ অকারঃ ব্রহ্মা ইন্দুঃ, উকারঃ বিষ্ণুঃ অর্কঃ, মকারঃ পরম ঈশ্বরঃ] অর্দ্ধমাত্রঃ চতুর্থাক্ষরঃ [অর্দ্ধমাত্রঃ অর্দ্ধবিন্দুঃ শৈবময়ে শিবশক্তিতৎসমবায়বাচকঃ, ব্রাহ্মময়ে মায়া ব্রহ্মতৎসমবায়বাচকঃ, বৈষ্ণবময়ে লক্ষ্মীনারায়ণতৎসমবায়বাচকঃ] বিন্দুঃ (অর্দ্ধচন্দ্রোপরি লিখিতঃ মায়াঘনীভাবঃ) পঞ্চমাক্ষরঃ ভবতি, নাদঃ (কাংস্যঘণ্টাবসাননাদতুল্যঃ তস্য শক্তিঃ যৎ সাংখ্যানাং মহত্তত্ত্বং,বৈদিকানাম্ অব্যাকৃতং,বৈষ্ণবানাং শক্তির্নাম মহালক্ষ্মীঃ) [সঃ] ষড়ক্ষরঃ ভবতি। তারকত্বাৎ [অয়মপি] তারকঃ ভবতি। তদ্এব (ওঁকারম্ এব) তারকং (সংসারোত্তারকং) ব্রহ্ম (পরমার্থসত্যং) ত্বং (ভরদ্বাজ !) বিদ্ধি (জানীহি) তদেব (মন্ত্রবাচ্যং মন্ত্রপ্রতীকং চ) উপাস্যম্ ইতি জ্ঞেয়ম্।

অনুবাদ। যাজ্ঞবল্ক্য বৃহস্পতির প্রশ্নের যথাযথ উত্তর প্রদান করিলে, তাঁহাকে ভরদ্বাজ ঋষি জিজ্ঞাসা করিয়াছিলেন, মহাশয়! তারক কে? অর্থাৎ এই দুরুদ্ধর সংসার হইতে কে উদ্ধার করেন? যাজ্ঞবল্ক্য বলিলেন, আকার ও বিন্দু (অনুস্বার) যুক্ত রেফ (রকার) অর্থাৎ "রাং এবং দীর্ঘানল অর্থাৎ 'রা,' উহার সহিত 'মায় নমঃ' 'চন্দ্রায় নমঃ' ও 'ভদ্রায়

নমঃ' অর্থাৎ রাং রামায় নমঃ, রাং রামচন্দ্রায় নমঃ, 'রাং রামভদ্রায় নমঃ' এইস্বরূপই তারক। ইহাই ওঁ স্বরূপ, তৎস্বরূপ ও ব্রহ্মস্বরূপ এবং ইহারই নাম সৎ, চিৎ ও আনন্দ, অতএব ইহারই উপাসনা করিবে। 'রাং রামায় নমঃ' এই ষড়ক্ষর যেরূপ তারক, ওঁকারও যে তদ্রূপ ষড়ক্ষরনিবন্ধন তারক, তাহা প্রতিপাদন করিতেছেন। ওঁকারের অন্তর্গত অকার, উকার ও মকার এই তিনটী মূর্ত্ত অর্থাৎ অকার ব্রহ্মা ও চন্দ্রের, উকার বিষ্ণুর ও সূর্য্যের এবং মকার পরম ঈশ্বরের প্রতিপাদক। চতুর্থাক্ষর অর্দ্ধমাত্রাবিশিষ্ট, অর্থাৎ অর্দ্ধবিন্দু ; শৈবমতে শিবশক্তিসমবায়ের বাচক, বেদান্তমতে মায়া ব্রহ্মসমবায়ের বাচক এবং বৈষ্ণবমতে লক্ষ্মীনারায়ণসমবায়ের বাচক। পঞ্চমাক্ষর বিন্দু, উহা অর্দ্ধচন্দ্রোপরি লিখিত মায়ার একটা ঘনীভূত অবস্থা। ষড়ক্ষর নাদ, উহা কাঁসী বা ঘণ্টাধ্বনির চরম অভিব্যক্ত্যবস্থা, ইহারই শক্তি অনন্ত. ইহাকেই অনির্ব্বচনীয় ; সাংখ্যকার মহত্তত্ত্ব, বৈদান্তিক অব্যাকৃত, ও বৈষ্ণব মহালক্ষ্মী আখ্যায় অভিহিত করিয়াছেন

এবং সংসার-সাগর হইতে উদ্ধার করেন বলিয়া তারক আখ্যাও লাভ করিয়াছেন। হে ভরদ্বাজ! ইহা তুমি এই ওঁকারকেই তারকব্রহ্ম অর্থাৎ পরমার্থ সত্য বলিয়া জানিবে এবং ইহাকেই অর্থাৎ ওঁকারের প্রতিপাদ্যকেই উপাস্য বলিয়া জানিবে।

৩। গর্ভজন্মজরামরণসংসারমহদ্ভয়াৎ সন্তারয়তি তস্মাদুচ্যতে তারকমিতি,য এতত্তারকং ব্রাহ্মণো নিত্যমধীতে স সর্ব্বং পাপ্মানং তরতি,স মৃত্যুং তরতি স ব্রহ্মহত্যাং, তরতি, স ভ্রূণহত্যাং তরতি, স বীরহত্যাং তরতি, স সর্ব্বহত্যাং তরতি, স সংসারং তরতি,স সর্ব্বং তরতি, সোঽবিমুক্তমাশ্রিতো ভবতি, স মহান্ ভবতি, সোঽমৃতত্বং চ গচ্ছতীতি॥

ব্যাখ্যা। গর্ভ-জন্ম-জরামরণ-সংসারমহদ্ভয়াৎ (গর্ভস্থিতি-জন্মবার্দ্ধক্যমরণরূপসংসারমহদ্ভয়কারণাৎ সন্তারয়তি (সম্যগ্ উদ্ধারয়তি) তস্মাৎ (হেতোঃ) তারকম্ ইতি উচ্যতে। যঃ ব্রাহ্মণঃ এতৎ তারকং নিত্যম্ (উপদেশানন্তরং যাবজ্জীবম্) অধীতে, সঃ (ব্রাহ্মণঃ) সর্ব্বং পাপ্মানং (পাপং) তরতি। সঃ মৃত্যুং তরতি। সঃ ব্রহ্মহত্যাং তরতি। সঃ ভ্রূণহত্যাং (স্ত্রী-গর্ভবিনাশজপাপং) তরতি। সঃ বীরহত্যাং (শ্রেষ্ঠজনবধজ-

পাপং) তরতি। সঃ সর্ব্বহত্যাং (অগণিতানন্তপ্রাণিবধং) তরতি। সঃ সংসারং (জন্মমরণাদিভোগভূমিং) তরতি। স সর্ব্বং (দুস্তরং) তরতি। সঃ অবিমুক্তং (বারাণসীক্ষেত্রম্) আশ্রিতঃ ভবতি [স যত্র তত্র স্থিতোঽপি বারাণস্যামেব স্থিতঃ ভবতি, যত্র তত্র মৃতঃ বারাণস্যামেব মৃতঃ ভবতি, ইতি তাৎপর্য্যম্] সঃ মহান্ (শ্রেষ্ঠতমঃ) ভবতি। সঃ অমৃতত্বং (মোক্ষং) গচ্ছতি (প্রাপ্নোতি) ইতি।

অনুবাদ। গর্ভবাস, জন্ম, জরা, মরণাদি সংসাররূপ ভয় হইতে উদ্ধার করে বলিয়া ইহার নাম তারক। যে ব্রাহ্মণ তারকলাভের উপায়স্বরূপ এই গ্রন্থ যাবজ্জীবন পাঠ করেন, তিনি সমগ্র পাপ হইতে পরিত্রাণ পান। তিনি মৃত্যু অতিক্রম করেন, তিনি ব্রহ্মহত্যা, ভ্রূণহত্যা, বীরহত্যা, এমন কি অগণিত অনন্ত প্রাণিবধের পাপ হইতে মুক্তিলাভ করেন। তিনি জন্মজরামরণাদি ভোগভূমি ও সমগ্র দুস্তর কর্ম্ম হইতে পরিত্রাণ লাভ করেন। তিনি অবিমুক্ত বারাণসী ক্ষেত্রের আশ্রয় প্রাপ্ত হন। (কেননা তিনি যে স্থানে অবস্থান করেন, তাহাই বারাণসীক্ষেত্র এবং যে স্থানে মৃত হন, তাহাতেই বারাণসীক্ষেত্রে মৃত্যুর

ফল লাভ করেন।) তিনিই মহান্ এবং তিনিই মুক্তিভাগী।

৪। অথৈতে শ্লোকা ভবন্তি—

অকারাক্ষরসম্ভূতঃ সৌমিত্রির্বিশ্বভাবনঃ।
উকারাক্ষরসম্ভূতঃ শত্রুঘ্নস্তৈজসাত্মকঃ॥
প্রাজ্ঞাত্মকস্তু ভরতো মকারাক্ষরসম্ভবঃ।
অর্দ্ধমাত্রাত্মকো রামো ব্রহ্মানন্দৈকবিগ্রহঃ॥
শ্রীরামসান্নিধ্যবশাজ্জগদানন্দদায়িনী॥
উৎপত্তিস্থিতিসংহারকারিণী সর্ব্বদেহিনাম্॥
সা সীতা ভবতি জ্ঞেয়া মূলপ্রকৃতিসংজ্ঞিতা।
প্রণবত্বাৎ প্রকৃতিরিতি বদন্তি ব্রহ্মবাদিন ইতি॥

ব্যাখ্যা। অথ [এতদ্বিষয়কাঃ] এতে শ্লোকাঃ ভবন্তি। অকারাক্ষরসম্ভূতঃ (অকারাক্ষরসমুৎপন্নঃ অকারাক্ষরবাচ্যঃ ইত্যর্থঃ) বিশ্বভাবনঃ (বিরিঞ্চিরূপঃ জাগ্রদভিমানী) সৌমিত্রিঃ (সঙ্কর্ষণঃ) উকারাক্ষরসম্ভূতঃ তৈজসাত্মকঃ (স্বপ্নাভিমানী), শত্রুঘ্নঃ (প্রদ্যুম্নঃ) মকারাক্ষরসম্ভবঃ প্রাজ্ঞাত্মকঃ (সুষুপ্ত্যভিমানী) ভরতঃ। অর্দ্ধমাত্রাত্মকঃ (অর্দ্ধমাত্রাস্বরূপঃ চতুর্থাক্ষরসম্ভবঃ) রামঃ ব্রহ্মানন্দৈকবিগ্রহঃ (বাসুদেবাখ্যম্ আনন্দস্বরূপং তুরীয়াবস্থং ব্রহ্ম)। শ্রীরামসান্নিধ্যবশাৎ জগদানন্দ-

দায়িনী সর্ব্বদেহিনাম্ উৎপত্তিস্থিতিসংহারকারিণী সীতা মূল-প্রকৃতিসংজ্ঞিতা ভবতি সা [সর্ব্বৈঃ] জ্ঞেয়া। প্রণবত্বাৎ প্রকৃতিঃ (বাচ্যবাচকভাবং ত্যক্ত্বা প্রণবেন যদা অভেদং গতা প্রকৃতিঃ) ইতি ব্রহ্মবাদিনঃ (জ্ঞানিনঃ) বদন্তি। ইতি [ইতি-শব্দঃ শ্লোকসমাপ্ত্যর্থঃ]।

অনুবাদ। এতদ্বিষয়ে এই সকল শ্লোক দেখিতে পাওয়া যায়। ওঁকারের অন্তর্গত অকার-অক্ষরের বাচ্য লক্ষ্মণ, ইনি জাগ্রদভিমানী দেবতা বিরিঞ্চি, ইনিই সঙ্কর্ষণ নামে আখ্যাত। উকারবাচ্য তৈজস, অর্থাৎ স্বপ্নাভিমানী দেবতা শত্রুঘ্ন, ইনিই প্রদ্যুম্নসংজ্ঞক। মকারবাচ্য সুষুপ্ত্যাভিমানী দেবতা ভরত এবং অর্দ্ধমাত্রাস্বরূপই আনন্দস্বভাব তুরীয় ব্রহ্ম শ্রীরামচন্দ্র,ইহারই অপর নাম বাসুদেব। শ্রীরামচন্দ্রের সতত সন্নিধানে থাকেন বলিয়া সমগ্র জগতের আনন্দ-বিধায়িনী, নিখিলপ্রাণিনিবহের উৎপত্তি, স্থিতি ও সংহারকারিণী সীতাই মূল প্রকৃতি নামে অভিহিতা। ইনিই সকলের জ্ঞেয়। জ্ঞানিগণ বলেন যে, বাচ্য-বাচকভাব পরিত্যাগপূর্ব্বক যখন ইনি প্রণবের সহিত

অভিন্ন হন তখনই প্রকৃতি নামে অভিহিত হইয়া থাকেন।

৫। ওমিত্যেতদক্ষরমিদং সর্ব্বং তস্যোপব্যাখ্যানং ভূতং ভবদ্ভবিষ্যদিতি সর্ব্বমোংকার এব। যচ্চান্যত্ত্রি-কালাতীতং তদপ্যোংকার এব, সর্ব্বং হ্যেতদ্‌ব্রহ্মায়-মাত্মা ব্রহ্ম॥

ব্যাখ্যা। ইদং সর্ব্বং (পরিদৃশ্যমানং) 'ওম্' ইত্যেতৎ অক্ষরম্ (ওমিত্যক্ষরেণ ব্যাপ্তং, সর্ব্বে অর্থাঃ শব্দাত্মকাঃ বাচার-ম্ভণমিত্যাদিশ্রুতেঃ)। তস্য (পরাবরব্রহ্মরূপস্য অক্ষরস্য ওঁকারস্য) উপব্যাখ্যানং (ব্রহ্মপ্রতিপত্ত্যুপায়ত্বাৎ ব্রহ্মসমীপ-তয়া কথনং [প্রস্তুতম্ ইতি শেষঃ]। ভূতম্ (অতীতং) ভবৎ (বর্ত্তমানং) ভবিষ্যৎ ইতি [কালত্রয়পরিচ্ছেদ্যং যৎ তৎ] সর্ব্বং ওঁকার এব [বাচ্যবাচকাভেদাদিতি ভাবঃ]। যৎ চ অন্যৎ ত্রিকালাতীতং (কালত্রয়াপরিচ্ছেদ্যম্ অব্যাকৃতং সূত্রং চ) তদ্ অপি [সর্ব্বং] ওঁকার এব [বাচ্যস্য বাচকানতিরেক-ত্বাৎ] সর্ব্বং (যদুক্তম্ ওঁকারমাত্রম্ ইতি তৎ) হি (যতঃ) এতৎ (কারণং কার্য্যঞ্চ) ব্রহ্ম। [তৎ কিং পরোক্ষং ন ইত্যাহ] অয়ম্ আত্মা ব্রহ্ম (যদ্ ব্রহ্ম শ্রুত্যা সর্ব্বাত্মকম্ উক্তং তন্ন পরোক্ষম্ ইতি মন্তব্যং কিন্তু অয়ম্ আত্মা ইত্যন্বয়ঃ]

অনুবাদ। এই পরিদৃশ্যমান সকলই 'ও

এই অক্ষর দ্বারা পরিব্যাপ্ত, অর্থাৎ শব্দব্রহ্ম ওঁকার-স্বরূপ। সেই পরাবর ব্রহ্মরূপ অক্ষর ওঁকারের উপব্যাখ্যান অর্থাৎ ব্রহ্মজ্ঞানের উপায়রূপে ব্রহ্ম-সামীপ্যলাভের বর্ণনই এই স্থলে প্রস্তাবিত বিষয় অতীত বর্ত্তমান ও ভবিষ্যৎ এই ত্রিকাল দ্বারা যাহার পরিচ্ছেদ করা যায়, সেই সমুদয়ই ওঁকারস্বরূপ, কেননা জগতের উপাদান কারণ যিনি, ওঁকার তাঁহার বাচক ; বাচ্য বাচকের কোনও বিভিন্নতা নাই। আর যাহা ত্রিকালাতীত, অর্থাৎ কালত্রয় দ্বারা যাঁহার পরিচ্ছেদ করা যায় না, যেমন অব্যাকৃত সূত্রাত্মা ইত্যাদি, তাহাও ওঁকারস্বরূপ, এই স্থলেও বাচ্য-বাচকের অভেদ বুঝিতে হইবে। কারণ কার্য্য ও কারণ উভয়ই ব্রহ্ম। তবে কি ব্রহ্ম পরোক্ষ, অর্থাৎ প্রত্যক্ষ—ইন্দ্রিয়বেদ্য নহেন? না, তাহা নহে, যে ব্রহ্ম শ্রুতিতে সর্ব্বাত্মকরূপে কথিত, তিনি পরোক্ষ ইহা মনে করিও না, কেননা তোমার প্রত্যক্ষীভূত অহংপদবাচ্য আত্মাই ব্রহ্ম।

৬। সোঽয়মাত্মা চতুষ্পাজ্জাগরিতস্থানো বহিষ্প্রজ্ঞঃ সপ্তাঙ্গ একোনবিংশতিমুখঃ॥

ব্যাখ্যা। সঃ (প্রসিদ্ধঃ) অয়ম্ আত্মা (প্রত্যগাত্মা) চতুষ্পাৎ (চত্বারঃ পাদাঃ জাগ্রদাদিরূপা যস্য সঃ) [আত্মনঃ নিরবয়বস্য পাদত্বয়ম্ অপি ন উপপদ্যতে, তৎ কথং চতুষ্পাত্ত্বম্ ? অতঃ আহ] জাগরিতস্থানঃ [ইতি] (জাগরিতং স্থানম্ অভিমানস্য বিষয়ভূতম্ অস্য সঃ, সাকারপক্ষে জাগরূকঃ লক্ষ্মণঃ)। বহিষ্প্রজ্ঞঃ (বহিঃ স্বাত্মব্যতিরিক্তে বিষয়ে প্রজ্ঞা যস্য সঃ, যদ্যপি চৈতন্যলক্ষণা প্রজ্ঞা স্বরূপভূতা, ন বাহ্যে বিষয়ে প্রতিভাসতে তস্যাঃ বিষয়ানপেক্ষত্বাৎ, বাহ্যস্য চ বিষয়স্য বস্তুতঃ অভাবাৎ, তথাপি বাহ্যস্য বিষয়স্য কাল্পনিকত্বাৎ তদ্বিষয়ত্বং প্রাতিভাসিকম্ এব অবধেয়ম ইতি ভাবঃ) [সাকারপক্ষে সর্ব্বদেশবৃত্তান্তসাবধানঃ]। সপ্তাঙ্গঃ (পঞ্চ ইন্দ্রিয়াণি বুদ্ধিমনসী অঙ্গানি যস্য সঃ) [সাকারপক্ষে লক্ষ্মণশত্রুঘ্নাদীনি সপ্ত অঙ্গানি যস্য সঃ]। একোনবিংশতিমুখঃ (একোনবিংশতিঃ 'ইন্দ্রিয়াণি মনঃ প্রাণাঃ জ্ঞানমায়ুঃ সুখং ধৃতিঃ', ইত্যাদীনি যাজ্ঞবল্ক্যোক্তানি মুখানি প্রবৃত্তিদ্বারাণি যস্য সঃ) [সাকারপক্ষে 'শিরো মে রাঘবঃ পাতু' ইত্যারভ্য 'পাদৌ বিভীষণাশ্রয়ঃ' ইত্যন্তানি শিরোভালাদিরক্ষাপ্রতিপাদকানি একোনবিংশতিবাক্যানি মুখে যস্য সঃ]।

অনুবাদ। সেই প্রসিদ্ধ এই প্রত্যগাত্মা চতুষ্পাৎ—জাগ্রৎ, স্বপ্ন, সুষুপ্তি ও তুরীয় এই চতুর্ব্বিধ অবস্থাই তাঁহার পাদস্বরূপ। নিরবয়ব আত্মার

পাদদ্বয়ই সম্ভব হইতে পারে না, চতুষ্পাদ কোথা হইতে আসিবে? এই আশঙ্কার উত্তরে বলিতেছেন, জাগরিত স্থান, অর্থাৎ অভিমানের বিষয়ভূত অবস্থাই তাঁহার এক পাদ। যখন তিনি সাকার অবস্থায় দশরথাত্মজ শ্রীরামচন্দ্র, তখন তাঁহার জাগরিত অবস্থা শ্রীলক্ষ্মণ। আত্মব্যতিরিক্ত বিষয়ে যখন তাঁহার প্রজ্ঞার প্রকট হয়, তখন তিনি বহিষ্প্রজ্ঞ, ইহাই দ্বিতীয় পাদ। যদিও চৈতন্যস্বরূপ প্রজ্ঞার বাহ্য-বিষয়ে প্রতিভাসই অসম্ভব কারণ সে প্রজ্ঞা বা জ্ঞানের বিষয় অপেক্ষিত নহে, প্রকৃত পক্ষে বাহ্য পদার্থেরও স্বরূপতঃ সত্তা নাই, তথাপি ব্যবহারিক অবস্থায় বাহ্য পদার্থের কাল্পনিক সত্তা স্বীকার করিয়া জ্ঞানের প্রাতিভাসিক বিষয়তার কথা বলা হইয়াছে। আর যখন তিনি সাকার, তখনও তিনি বহিষ্প্রজ্ঞ, অর্থাৎ সর্ব্বদেশবৃত্তান্ত অবগত। তিনি সপ্তাঙ্গ, অর্থাৎ পঞ্চ ইন্দ্রিয় এবং বুদ্ধি ও মনঃ এই সপ্ত তাঁহার অঙ্গস্বরূপ, তাঁহা হইতেই সমুৎপন্ন। সাকার পক্ষে লক্ষ্মণ, শত্রুঘ্ন-প্রভৃতি সপ্ত তাঁহার অঙ্গ বা সাধন। তিনি একোন-

বিংশতিমুখ, অর্থাৎ যাজ্ঞবল্ক্যোক্ত পঞ্চ ইন্দ্রিয়, মনঃ প্রাণ, জ্ঞান, আয়ুঃ. সুখ, ধৃতি, ধারণা প্রেরণ, দুঃখ, ইচ্ছা, অহঙ্কার. প্রযত্ন. আকৃতি, বর্ণ. স্বরদ্বেষ ও ভাবাভাব এই একোনবিংশতিটি তাঁহার মুখ বা প্রবৃত্তি—দ্বার। সাকার পক্ষেও তিনি একোনবিংশতিমুখ, বা লক্ষণস্বরূপ। কারণ"শিরো মে রাঘবঃ পাতু' ইত্যাদি হইতে আরম্ভ করিয়া "পাদৌ বিভীষণ শ্রীদঃ' এই পর্য্যন্ত শিরঃ কপালাদি রক্ষার প্রতিপাদক একোনবিংশতি বাক্য সর্ব্বদাই উহার মুখে বিরাজিত।

৭। স্থূলভুগ্বৈশ্বানরঃ প্রথমঃ পাদঃ। স্বপ্নস্থানোঽন্তঃপ্রজ্ঞঃ সপ্তাঙ্গ একোনবিংশতিমুখঃ প্রবিবিক্তভুক্‌-তৈজসো দ্বিতীয়ঃ পাদঃ। যত্র সুপ্তো ন কঞ্চন কামং কাময়তে, ন কঞ্চন স্বপ্নং পশ্যতি, তৎ সুষুপ্তং সুষুপ্তস্থান একীভূতঃ প্রজ্ঞানঘন এবানন্দময়ো হ্যানন্দভুক্ চেতোমুখঃ প্রাজ্ঞস্তৃতীয়ঃ পাদঃ॥

ব্যাখ্যা। স্থূলভুক্ (ইন্দ্রিয়াদিদ্বারা স্থূলান্ বিষয়ান্ ভুঙ্‌ক্তে ইতি স্থূলভুক্) বৈশ্বানরঃ (বিশ্বঃ বিশ্বাকারেণ স্থিতঃ বিরাড়্-দেহাভিমানী নরঃ পুরুষঃ) প্রথমঃ পাদঃ। স্বপ্নস্থানঃ স্বপ্নঃ স্থানং

মমাভিন্নবিষয়ভূতং যস্য সঃ) অন্তঃপ্রজ্ঞঃ (বাহ্যবিষয়নিরপেক্ষ-জ্ঞানবান্) সপ্তাঙ্গঃ (পঞ্চ ইন্দ্রিয়াণি বুদ্ধিমনসী অঙ্গানি যস্য সঃ) একোনবিংশতিমুখঃ (ইন্দ্রিয়াদীনি একোনবিংশতিঃ মুখানি প্রবৃত্তিদ্বারাণি যস্য সঃ) প্রবিবিক্তভুক্ (সূক্ষ্মভুক্) তৈজসঃ (স্বপ্নদ্রষ্টা) দ্বিতীয়ঃ পাদঃ। যত্র সুপ্তঃ (সন্) ন কঞ্চন কামং কাময়তে [এতেন জাগরব্যাবৃত্তিঃ], ন কঞ্চন স্বপ্নং পশ্যতি [ইতি স্বপ্নব্যাবৃত্তিঃ] তৎ সুষুপ্তং। সুষুপ্তস্থানঃ (সুষুপ্তং) জাগ্রৎস্বপ্ন-স্থানদ্বয় বিশেষরহিতং স্থানং ভূমিঃ অস্য সঃ) একীভূতঃ (ঐক্যম্ আপন্নঃ কার্য্যালয়ে কারণেন অব্যক্তেন অভেদম্ আপন্নঃ) প্রজ্ঞানঘনঃ প্রজ্ঞানানি স্বপ্ন-জাগ্রন্মনঃস্পন্দনানি ঘনীভূতানীব অস্য সঃ) এব আনন্দময়ঃ (আনন্দপ্রচুরঃ) হি [অপি] আনন্দভুক্ (সৌষুপ্তপুরুষস্য তস্যাম্ অবস্থায়াম্ অতিশয়ানন্দাভিব্যক্তিঃ অস্তি "এষোঽস্য পরমানন্দঃ" ইতি শ্রুতেঃ অতঃ আনন্দভুক্ ইত্যভিধীয়তে)। চেতোমুখঃ (বোধলক্ষণং চেতঃ মুখং দ্বারং যস্য সঃ) প্রাজ্ঞঃ (প্রজানাতীতি প্রজ্ঞঃ প্রজ্ঞঃ এব প্রাজ্ঞঃ ত্রৈকালিকবস্তুজ্ঞাতৃত্বাৎ) তৃতীয়ঃ পাদঃ।

অনুবাদ। যিনি ইন্দ্রিয় দ্বারা স্থূল বিষয়-সমূহ উপভোগ করেন এবং যিনি বিরাড়্দেহাভিমানী পুরুষ, তিনিই প্রথম পাদ আর যিনি স্বপ্নস্থান অর্থাৎ যখন স্বপ্নদৃষ্ট পদার্থের সহিত নিজের অভেদ অনুভব

করেন, তখন তিনি অন্তঃপ্রজ্ঞ, অর্থাৎ বাহ্য পদার্থ ভিন্নও জ্ঞানবিকাশে সমর্থ, পঞ্চ ইন্দ্রিয় ও বুদ্ধি-মনঃপ্রভৃতি অঙ্গযুক্ত, ইন্দ্রিয়াদি একোনবিংশতি প্রবৃত্তিদ্বারসমন্বিত, সূক্ষ্ম ভোক্তা ও স্বপ্নদ্রষ্টা তৈজস, তিনিই দ্বিতীয় পাদ। যখন সুপ্ত থাকেন, কোন বিষয়ের কামনা করেন না, এমন কি কোন স্বপ্ন পর্য্যন্ত অবলোকন করেন না, তখন তিনি সুষুপ্ত, জাগ্রৎও স্বপ্ন এই স্থানদ্বয় বিশেষরহিত স্থান সুষুপ্ত-স্থান। সুষুপ্তস্থানাপন্ন হইলে সমগ্র কার্য্যের লয় হওয়ায় অব্যক্ত কারণের সহিত ঐক্য বা অভেদ সমুৎপন্ন হয়, তখন স্বপ্ন ও জাগ্রদবস্থায় মনের যে স্পন্দন ছিল, তাহা ঘনীভূত হয় এবং প্রচুর আনন্দ অনুভূত হওয়ায় উহাকে আনন্দভুক্ বলে। আর জ্ঞানস্বরূপ চিত্তের দ্বার উন্মুক্ত হওয়ায় প্রাজ্ঞ বা ত্রৈকালিকবস্তুবিষয়ক জ্ঞানসম্পন্ন হন। তখন তিনি, তৃতীয় পাদ।

৮। এষ সর্ব্বেশ্বর এষ সর্ব্বজ্ঞ এষোঽন্তর্যাম্যেষ যোনি সর্ব্বস্য প্রভবাপ্যয়ৌ হি ভূতানাং॥

ব্যাখ্যা। এষঃ (প্রাজ্ঞঃ) সর্ব্বেশ্বরঃ (সর্ব্বেষাম্ ঈশনশীলঃ) এষঃ সর্ব্বজ্ঞঃ (সর্ব্বং জানাতীতি), এষঃ অন্তর্যামী (অন্তঃ যময়তি নিয়ময়তীতি) এষঃ সর্ব্বস্য যোনিঃ (কারণম্), ভূতানাং (প্রাণিনাং) প্রভবাপ্যয়ৌ (উৎপত্তিপ্রলয়স্থানম্) হি (নিশ্চিতম্)।

অনুবাদ। এই প্রাজ্ঞই সর্ব্বেশ্বর, ইনিই সর্ব্বজ্ঞ, ইনিই অন্তর্যামী বা অন্তঃকরণের নিয়মন কর্ত্তা, জগতের কারণ এবং প্রাণিসমূহের উৎপত্তি ও প্রলয়ের স্থান।

৯। নান্তঃপ্রজ্ঞং ন বহিষ্প্রজ্ঞং নোভয়তঃপ্রজ্ঞং ন প্রজ্ঞং নাপ্রজ্ঞং ন প্রজ্ঞানঘনমদৃষ্টমব্যবহার্য্যমগ্রাহ্যমলক্ষণমচিন্ত্যমব্যপদেশ্যমেকাত্মপ্রত্যয়সারং প্রপঞ্চোপশমং শান্তং শিবমদ্বৈতং চতুর্থং মন্যন্তে স আত্মা স বিজ্ঞেয়ঃ সদোজ্জ্বলোঽবিদ্যাতৎকার্য্যহীনঃ স্বাত্মবন্ধহরঃ সর্ব্বদা দ্বৈতরহিত আনন্দরূপঃ সর্ব্বাধিষ্ঠানঃ সন্মাত্রো নিরস্তাবিদ্যাতমোমোহোঽহমেবেতি সম্ভাব্যোঽহমিত্যোং তৎ সদ্যৎপরং ব্রহ্ম রামচন্দ্রশ্চিদাত্মকঃ।

ব্যাখ্যা। [ইদানীং চতুর্থপাদং ব্যাখ্যাতুম উত্তরগ্রন্থঃ আরভ্যতে] নান্তঃপ্রজ্ঞং (অন্তঃপ্রজ্ঞং ন, ইত্যনেন তৈজসনিষেধঃ) ন বহিষ্প্রজ্ঞম্ (ইতি বিশ্বনিষেধঃ) নোভয়প্রজ্ঞম্

(ইতি যুগপৎ সর্ব্ববিষয়প্রজ্ঞাতৃত্বনিষেধঃ), ন প্রজ্ঞং (বস্তু-সাপেক্ষপ্রজ্ঞাতৃত্বনিষেধঃ), নাপ্রজ্ঞম্ (ইতি অচৈতন্য-নিষেধঃ) ন প্রজ্ঞানঘনম্ (ইতি সুষুপ্তাবস্থানিষেধঃ) অদৃষ্টম্ (ইন্দ্রিয়াবিষয়ং) । [দৃষ্টস্যৈব অর্থক্রিয়াদর্শনাৎ অদৃষ্টত্বাৎ অর্থক্রিয়ারহিতত্বম্ ইত্যাহ] অব্যবহার্য্যম্, অগ্রাহ্যং (কর্ম্মে-ন্দ্রিয়ৈঃ ইতি শেষঃ) অলক্ষণং (লক্ষ্যতেঽনেনেতি লক্ষণং লিঙ্গং তদ্রহিতম্ ইত্যর্থঃ) অচিন্ত্যং (মনসঃ অবিষয়ম্) [অত-এব শব্দৈঃ] অব্যপদেশ্যম্ (অপ্রকাশ্যম্), একাত্মপ্রত্যয়সারং (জাগ্রদাদিস্থানেষু একঃ অয়ম্ আত্মা ইত্যব্যভিচারী যঃ প্রত্যয়ঃ তেন অনুসরণীয়ম্ অনুগতপ্রত্যয়গম্যম্ ইত্যর্থঃ) প্রপঞ্চোপশমং (এতেন জাগ্রদাদিস্থানিধর্ম্মনিষেধঃ উচ্যতে) শান্তং, শিবং (পরিশুদ্ধং) অদ্বৈতং (ভেদবিকল্পরহিতং) চতুর্থং (সংখ্যাবিশেষবিষয়ত্বাভাবেঽপি প্রতীয়মানপাদত্রয়রূপ-বৈলক্ষণ্যাৎ তুরীয়ং) মন্যন্তে [বেদবিদঃ]। স আত্মা, [আত্মনি যথোক্তবিশেষণানি ন প্রতিভান্তি ইত্যাশঙ্ক্যাহ] সঃ বিজ্ঞেয়ঃ সদোজ্জ্বলঃ [যতঃ] অবিদ্যাতৎকার্য্যহীনঃ (নিরু-পাধিত্বাৎ স্বরূপেণ ভাস্বরঃ) স্বাত্মবন্ধহরঃ (স্বস্য আত্মনঃ বন্ধহরঃ স্বজ্ঞানাদ্বন্ধহরঃ ইত্যর্থঃ), সর্ব্বদা দ্বৈতবর্হিতঃ, আনন্দরূপঃ (আনন্দ-স্বরূপঃ), সর্ব্বাধিষ্ঠানঃ (সর্ব্বম্ অবিদ্যা তৎ কার্য্যঞ্চ), সন্মাত্রঃ (সৎস্বরূপঃ) [যতঃ] নিরস্তাবিদ্যাতমোমোহঃ (অবিদ্যৈব তমঃ তৎকৃতঃ মোহঃ মিথ্যাজ্ঞানঃ সংযতঃ নিতরাম্ অস্তঃ দূরাপাস্তঃ

ইত্যর্থঃ) অহম্ এব ইতি সম্ভাব্যঃ (ঈদৃক্ তুরীয়ঃ অহম্ এব ইতি চিন্তনীয়ঃ), [ব্রহ্মণঃ আত্মনা ঐক্যম্ উক্ত্বা আত্মনঃ ব্রহ্মণা ঐক্যম্ আহ] অহমিত্যো (অহম্ ওঁকারলক্ষ্যং তুরীয়ং ব্রহ্ম ইত্যর্থঃ) [ওঁকারবাচ্যত্বং বারয়তি] তৎ সৎ যৎ পরং ব্রহ্ম [শুদ্ধং লক্ষ্যম্ এব অহং ন তু বাচ্যম্ ইতি তাৎপর্য্যম্], [এতাবতা প্রকৃতদেবতায়াঃ কিম্ আয়াতম্ অতঃ আহ] রামচন্দ্রঃ চিদাত্মকঃ (ব্রহ্মৈব রামঃ জ্ঞানৈকবিগ্রহঃ)।

অনুবাদ। চতুর্থ পাদ কি, তাহা বলিতেছেন—তিনি অন্তঃপ্রজ্ঞ বা তৈজস নহেন, বহিঃপ্রজ্ঞ বা বিশ্ব নহেন, অথবা উভয়প্রজ্ঞও নহেন, তাহার জ্ঞান বস্তু-সাপেক্ষ নহে, তিনি অপ্রজ্ঞ বা চৈতন্যবিহীন নহেন। প্রজ্ঞানঘন বা সুষুপ্তাবস্থাপন্ন নহেন। তিনি অদৃষ্ট বা দৃষ্টির অবিষয়, সুতরাং অব্যবহার্য্য এবং কর্ম্মেন্দ্রিয়াদির অগ্রাহ্য, তাঁহার বিশেষ চিহ্ন বা আকৃতি নাই, মনঃ তাঁহার চিন্তা করিতে পারে না, শব্দ তাঁহাকে প্রকাশ করিতে পারে না। কেবলমাত্র জাগ্রদাদি অবস্থায় "একই আত্মা" এই অব্যভিচারী প্রত্যয় দ্বারা তিনি অনুসরণীয়। তিনি জাগ্রদাদি প্রপঞ্চে বিরত। বেদবিদ্‌গণ ইঁহাকেই শান্ত,- শিব—পরিশুদ্ধ, ভেদবিকল্পাদিরহিত—অদ্বৈত তুরীয় ব্রহ্ম

মনে করেন। তিনিই আত্মা এবং তিনিই বিজ্ঞেয় । তিনি সর্ব্বদা উজ্জ্বল, যেহেতু অবিদ্যা বা তৎকার্য্য তাঁহাতে নাই, অর্থাৎ নিরুপাধি। তিনি অজ্ঞানদ্বারা বদ্ধ নহেন, অর্থাৎ স্বীয় জ্ঞানবলে নিত্যমুক্ত, সর্ব্বদা দ্বৈতরহিত, আনন্দস্বরূপ, সর্ব্বাধিষ্ঠান, এক মাত্র সৎ স্বরূপ, যেহেতু তিনি অবিদ্যারূপ তমঃ এবং তৎকৃত মোহ বা মিথ্যাজ্ঞান নিরাস করিয়াছেন, অতএব আমিই সেই তুরীয় ব্রহ্ম এইরূপে চিন্তা করিবে। (আত্মার সহিত যেরূপ ব্রহ্মের ঐক্য চিন্তনীয়, সেই-রূপ ব্রহ্মের সহিতও আত্মার ঐক্য ভাবনীয়, এই-রূপ পরস্পর ঐক্য ভাবনা দ্বারা ঔপচারিক ঐক্য ভাবনার নিরাস করা হইয়াছে, তাই বলিয়াছেন) আমিই ওঁকারের লক্ষ্য তুরীয় ব্রহ্ম, ওঁকার বাচ্য নহে, অর্থাৎ সেই সৎস্বরূপ যে পরব্রহ্ম, তাহা আমিই। [এখন প্রকৃত কথার উপসংহার করিতেছেন] রাম-চন্দ্রই চৈতন্যস্বরূপ ব্রহ্ম ।

১৫। সোঽহমোং তদ্রামচন্দ্রঃ পরং জ্যোতিঃ সোঽহমোমিত্যাত্মানমাদায় মনসা ব্রহ্মণৈকী কুর্য্যাৎ ।

সদা রামোঽহমস্মীতি তত্ত্বতঃ প্রবদন্তি যে। ন তে সংসারিণো নূনং রাম এব ন সংশয়ঃ॥ ইত্যুপনিষদ্য এবং বেদ স মুক্তো ভবতীতি যাজ্ঞবল্ক্যঃ॥

ব্যাখ্যা। [রামচন্দ্রস্য ব্রহ্মত্বাৎ তেন সহ জীবস্য ঐক্য-প্রতিপাদনোপায়ম্ আহ] সঃ (প্রসিদ্ধঃ অমুকপুত্রঃ অমুক-নপ্তা) অহং [ন মনুষ্যাদিরূপঃ কিন্তু] ওঁ (ওঁকাররূপঃ) তদ্রামচন্দ্রঃ (তদ্রূপঃ রামচন্দ্ররূপঃ) পরং জ্যোতিঃ (পর-জ্যোতীরূপ এব) সঃ অহম্। ওমিতি (ওঁকারেণ) আত্মানং (প্রসিদ্ধম্) আদায় মনসা [করণেন] ব্রহ্মণা (অবিকৃতেন রামেণ সহ) একীকুর্য্যাৎ। [একীকরণে ফলম্ আহ] তত্ত্বতঃ (পরমার্থতঃ) সদা অহং রামঃ অস্মি [ন শোকভাক্] ইতি যে প্রবদন্তি (প্রকর্ষেণ বুদ্ধিপূর্ব্বং বদন্তি) তে নূনং (নিশ্চিতং) রাম এব (রামস্বরূপা এব) ন সংসারিণঃ [অত্র] সংশয়ঃ ন [বিদ্যতে] ইতি উপনিষৎ (পরমার্থজ্ঞানম্) যঃ (জনঃ) বেদ (জানাতি) সঃ মুক্তঃ ভবতি ইতি যাজ্ঞবল্ক্যঃ [উচে ভরদ্বাজং প্রতীতি শেষঃ]।

অনুবাদ। [রামচন্দ্রই ব্রহ্ম, সুতরাং তাঁহার সহিত জীবের ঐক্যপ্রতিপাদনের উপায় বলিতেছেন] সেই প্রসিদ্ধ অমুকের পুত্র আমি

কখনই মনুষ্য নহি, কিন্তু ওঁকারস্বরূপ সেই পরম জ্যোতিঃ রামচন্দ্রস্বরূপই আমি। এইরূপে প্রসিদ্ধ আত্মা গ্রহণ করিয়া ওঁকারস্বরূপ অবিকৃত পরব্রহ্ম রামচন্দ্রের সহিত মনে মনে একীকরণ করিবে। এই একীকরণের ফল এই— প্রকৃত পক্ষে আমি সর্ব্বদাই রাম, বস্তুতঃ শোকভাগী নহি, এইরূপে বুদ্ধিপূর্ব্বক যিনি বলিতে পারেন. তিনি সংসারী নহেন, নিশ্চিতই রামস্বরূপ. ইহাতে কোনও সংশয় নাই। ইহাই পরমার্থ-জ্ঞান। যিনি এইরূপে জানিতে পারেন, তিনিই মুক্ত হন। যাজ্ঞবল্ক্য ভরদ্বাজ ঋষিকে এই উপদেশ দিয়াছিলেন।

১১। অথ হৈনমত্রিঃ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যং য এষোঽনন্তোঽব্যক্ত আত্মা তং কথমহং বিজানীয়ামিতি। স হোবাচ যাজ্ঞবল্ক্যঃ সোঽবিমুক্ত উপাস্যো য এষোঽনন্তোঽব্যক্ত আত্মা সোঽবিমুক্তে প্রতিষ্ঠিত ইতি। সোঽবিমুক্তঃ কস্মিন্ প্রতিষ্ঠিত ইতি বরণায়াং নাশ্যাং চ মধ্যে প্রতিষ্ঠিত ইতি। কা বৈ বরণা কা চ নাশীতি সর্ব্বানিন্দ্রিয়কৃতান্ দোষান্ বারয়তীতি তেন বরণা

ভবতীতি সর্ব্বানিন্দ্রিয়কৃতান্ পাপান্নাশয়তীতি তেন নাশী ভবতীতি ॥

ব্যাখ্যা। অথ (ভরদ্বাজোত্তরদানানন্তরং) হ (প্রসিদ্ধম্) এনং যাজ্ঞবল্ক্যম্ অত্রিঃ (এতন্নাম মুনিঃ) পপ্রচ্ছ (জিজ্ঞাসয়ামাস) যঃ (প্রসিদ্ধঃ) এষঃ অনন্তঃ (দেশকালাপরিচ্ছিন্নঃ) অব্যক্তঃ (মায়াগুহায়াং গূঢ়ঃ) আত্মা (সর্ব্বসারঃ) তং কথং (কেন উপায়েন) অহং বিজনীয়াম্ ইতি? সঃ হ (প্রসিদ্ধঃ) যাজ্ঞবল্ক্যঃ উবাচ, সঃ (প্রসিদ্ধঃ) অবিমুক্তঃ (বারাণসী) উপাস্যঃ যঃ এষঃ অনন্তঃ অব্যক্তঃ আত্মা সঃ [যতঃ] অবিমুক্তে প্রতিষ্ঠিতঃ ইতি [হেতোঃ অবিমুক্তঃ উপাস্যঃ ইতি ভাবঃ]। সঃ অবিমুক্তঃ কস্মিন্ [দেশে] প্রতিষ্ঠিতঃ ইতি? বরণায়াং (বরণানামিকায়াং নদ্যাং) নাশ্যাং (নাশীনামিকায়াং নদ্যাং) চ মধ্যে [এতয়োঃ যঃ মধ্যদেশঃ ঐতিহ্যপ্রসিদ্ধঃ তত্র] প্রতিষ্ঠিতঃ ইতি। কা বৈ বরণা কা চ নাশী ইতি? সর্ব্বান্ ইন্দ্রিয়কৃতান্ দোষান্ বারয়তি ইতি তেন (হেতুনা) বরণা ভবতি ইতি। সর্ব্বান্ ইন্দ্রিয়কৃতান্ পাপান্ নাশয়তি ইতি তেন নাশী ভবতি ইতি [এতয়োঃ স্নাতাঃ পাপদোষরহিতাঃ ভবন্তি ইতি ভাবঃ]

অনুবাদ। যাজ্ঞবল্ক্য ভরদ্বাজের প্রশ্নের উত্তর প্রদান করিলে তাঁহাকে অত্রিমুনি জিজ্ঞাসা

করিয়াছিলেন, যিনি দেশকালাদিপরিচ্ছেদশূন্য অব্যক্ত বা মায়াগুহায় গূঢ়ভাবে অবস্থিত, সেই সর্ব্বসার আত্মাকে কি উপায়ে জানিতে পারিব? তখন যাজ্ঞবল্ক্য বলিলেন—প্রসিদ্ধ বারাণসীক্ষেত্রই উপাস্য, কারণ যিনি অনন্ত ও অব্যক্ত আত্মা তিনি সেই অবিমুক্ত ক্ষেত্রেই প্রতিষ্ঠিত। অত্রিমুনি জিজ্ঞাসা করিলেন, সেই অবিমুক্তক্ষেত্র কোন্ দেশে অবস্থিত? উত্তর বরণা ও নাশী নামক নদীদ্বয়ের মধ্যবর্ত্তী দেশে। প্রশ্ন—বরণা কে, নাশীই বা কে? উত্তর—যিনি ইন্দ্রিয় দ্বারা সমুৎপন্ন দোষসমূহের বারণ করেন, তিনিই বরণা এবং যিনি ইন্দ্রিয়কৃত পাপসমূহ নাশ করেন, তিনিই নাশী। অর্থাৎ বরণা ও নাশীতে স্নানকারিগণের পাপদোষ সমগ্র বিদূরিত হয়।

২। কতমচ্চাস্য স্থানং ভবতীতি ভ্রুবোর্ঘ্রাণস্য চ যঃ সন্ধিঃ স এষ দ্যৌর্লোকস্য পরস্য চ সন্ধির্ভবতীত্যেতদ্বৈ সন্ধিং সন্ধ্যাং ব্রহ্মবিদ উপাসত ইতি সোঽবিমুক্ত উপাস্য ইতি সোঽবিমুক্তং জ্ঞানমাচষ্টে যো বৈ তদেবং বেদ স এষোঽক্ষরোঽনন্তোঽব্যক্তঃ

পরিপূর্ণানন্দৈকচিদাত্মা যোঽয়মবিমুক্তে প্রতিষ্ঠিত ইতি॥

ব্যাখ্যা। [বাহ্যস্য প্রসিদ্ধ্যৈব জ্ঞাতত্বাৎ আন্তরাধ্যাত্মাভিপ্রায়েণ পৃচ্ছতি] অস্য (অবিমুক্তস্য) কতমৎ চ স্থানং ভবতি ইতি? [উত্তরম্] ভ্রুবোঃ ঘ্রাণস্য চ যঃ সন্ধিঃ [কূর্চ্চস্থানম্ অত্র হি ঈড়াপিঙ্গলে সঙ্গতে] সঃ এষ দ্যৌর্লোকস্য (দ্যৌঃ ইতি-প্রসিদ্ধস্য লোকস্য) পরস্য চ (পরো দিবঃ ইত্যুক্তস্য জ্যোতিষশ্চ) সন্ধিঃ ভবতি ইতি এতৎ (যথাসন্ধিরূপং) বৈ সন্ধিং ব্রহ্মবিদঃ সন্ধ্যাম্ উপাসতে ইতি। সঃ (রামঃ) অবিমুক্ত উপাস্যঃ ইতি। সঃ (রামঃ) অবিমুক্তং জ্ঞানম্ (অবিমুক্তপ্রদেশে ধ্যানবলেন যৎ প্রাপ্তব্যং জ্ঞানং তৎ) আচষ্টে (কথয়তি শিষ্যেভ্যঃ) যঃ (পুমান্) বৈ (নিশ্চিতং) তৎ (অবিমুক্তস্থানং) এবম্ (উক্তপ্রকারং) বেদ (জানাতি) [অবিমুক্তাধিষ্ঠাতৃপুরুষস্বরূপম্ আহ] সঃ এষঃ অক্ষরঃ (নিত্যঃ) অনন্তঃ (দেশকালাদিপরিচ্ছেদশূন্যঃ) অব্যক্তঃ (ইন্দ্রিয়াগ্রাহ্যঃ) পরিপূর্ণানন্দৈকচিদাত্মা (পরিপূর্ণানন্দৈকরূপঃ চৈতন্যময়ঃ আত্মস্বরূপশ্চ) যঃ (রামঃ) অবিমুক্তে (অবিমুক্তক্ষেত্রে) প্রতিষ্ঠিত ইতি।

অনুবাদ। বাহ্য অবিমুক্তক্ষেত্রের প্রসিদ্ধি-নিবন্ধনই উহা জানিতে পারা যায়, তাই আধ্যাত্মিক

অবিমুক্ত ক্ষেত্রের কথা বলিতেছেন। অধ্যাত্ম অবিমুক্ত ক্ষেত্রের স্থান কোথা? উত্তর—ভ্রূযুগল ও নাসিকার যে সন্ধি, সেইস্থানে বরণা ও নাশীতুল্য ঈড়া ও পিঙ্গলা মিলিত হইয়াছে। এই স্থানেই দিবারাত্রির সন্ধির ন্যায় দ্যুলোক ও তৎপর লোকের (জ্যোতির্লোকের) সন্ধি সংঘটিত। ব্রহ্মবিদ্‌গণ এই সন্ধিকেই সন্ধ্যাজ্ঞানে উপাসনা করেন। ইহাই অবিমুক্ত ক্ষেত্র, পরমাত্মা রামচন্দ্র এই অবিমুক্ত ক্ষেত্রেই উপাস্য। এই অবিমুক্ত ক্ষেত্রে যিনি প্রতিষ্ঠিত, তিনি নিত্য, দেশকালাদিপরিচ্ছেদশূন্য, অব্যক্ত, পরিপূর্ণ আনন্দ-স্বরূপ, চৈতন্যময় ও পরমাত্মস্বরূপ; এইরূপে যিনি অবিমুক্ত স্থান অবগত হইয়াছেন, অবিমুক্ত (বারাণসী) ক্ষেত্রে ধ্যান-বলে যে জ্ঞান লাভ হয়, এই স্থানে ধ্যান করিলেও ভগবান্ রামচন্দ্র তাঁহাকে সেই জ্ঞান প্রদান করিয়া থাকেন।

১৩। অথ তং প্রত্যুবাচ—শ্রীরামস্য মনুং কাশ্যাং জজাপ বৃষভধ্বজঃ। মন্বন্তরসহস্রৈস্তু জপহো-

মার্চ্চনাদিভিঃ॥ ততঃ প্রসন্নো ভগবান্ শ্রীরামঃ প্রাহ শঙ্করম্। বৃণীষ্ব যদভীষ্টং তদ্দাস্যামি পরমেশ্বর ইতি॥

ব্যাখ্যা। অত্রিং প্রতি যাজ্ঞবল্ক্যঃ অবিমুক্তক্ষেত্রমাহাত্ম্য-প্রকাশকং কথান্তরম্ প্রস্তৌতি] অথ (পূর্ব্বোক্তবাক্যকথনা-নন্তরম্) অত্রিং প্রতি উবাচ [যাজ্ঞবল্ক্যঃ ইতি শেষঃ]। বৃষভ-ধ্বজঃ (শিবঃ) মন্বন্তরসহস্রৈঃ (সহস্রমন্বন্তরকালান্ ব্যাপ্য) জপহোমার্চ্চনাদিভিঃ কাশ্যাং শ্রীরামস্য মনুং (মন্ত্রং) জজাপ। ততঃ ভগবান্ শ্রীরামঃ প্রসন্নঃ [সন্] শঙ্করং প্রাহ (কথয়ামাস)। পরমেশ্বরঃ [অহং] তৎ দাস্যামি যৎ [তে] অভীষ্টং [তৎ] বৃণীষ্ব ইতি।

অনুবাদ। অবিমুক্ত ক্ষেত্রের মাহাত্ম্য-সূচক প্রস্তাব যাজ্ঞবল্ক্য অত্রিমুনিকে বলিতে আরম্ভ করিলেন। পূর্ব্বপ্রসঙ্গ পরিসমাপ্ত হইলে যাজ্ঞবল্ক্য অত্রিকে বলিয়াছিলেন শ্রীমহাদেবঃ সহস্র মন্বন্তর-কালব্যাপী জপ, হোম ও অর্চ্চনাদিপুরঃসর কাশীতে শ্রীরামচন্দ্রের মন্ত্র জপ করিয়াছিলেন, তাহার পরে ভগবান্ শ্রীরাম প্রসন্ন হইয়া শঙ্করকে বলিয়াছিলেন, আপনার যাহা অভীষ্ট, তাহা বরণ করুন, আমি পর-মেশ্বর; তাহা অবশ্যই প্রদান করিব।

১৪। ততঃ সত্যানন্দচিদাত্মা শ্রীরামমীশ্বরঃ পপ্রচ্ছ—মণিকর্ণ্যাং বা মৎক্ষেত্রে গঙ্গায়াং বা তটে পুনঃ। ম্রিয়তে দেহি তজ্জন্তোর্মুক্তিং নাতো বরান্তরমিতি।

ব্যাখ্যা। ততঃ সত্যানন্দচিদাত্মা (সত্যানন্দচিদাত্মানং) শ্রীরামম্ ঈশ্বরঃ (শঙ্করঃ) পপ্রচ্ছ (যযাচে)। মণিকর্ণ্যাং (মণিকর্ণিকায়াং) বা মৎক্ষেত্রে (কাশ্যাং) গঙ্গায়াং তটে (তৎতটে) বা পুনঃ [যঃ] ম্রিয়তে তজ্জন্তোঃ মুক্তিং দেহি অতঃ (অতঃ পরং) বরান্তরং ন [প্রার্থনীয়ম্] ইতি।

অনুবাদ। তাহার পরে সচ্চিদানন্দ পরমাত্মা শ্রীরামের নিকট ঈশ্বর শঙ্কর প্রার্থনা করিয়াছিলেন। মণিকর্ণিকায়, বা কাশীক্ষেত্রে, অথবা গঙ্গায়, কি তাঁহার তটে যদি কোন জন্তু প্রাণত্যাগ করে, তবে তাহার মুক্তির ব্যবস্থা কর। ইহা ভিন্ন আর কোনও বর আমার প্রার্থনীয় নহে।

১৫। অথ সহোবাচ শ্রীরামঃ—

ক্ষেত্রেঽত্র তব দেবেশ যত্র কুত্রাপি বা মৃতাঃ।
ক্রিমিকীটাদয়োঽপ্যাশু মুক্তাঃ সন্তু ন চান্যথা॥

অবিমুক্তে তব ক্ষেত্রে সর্ব্বেষাং মুক্তিসিদ্ধয়ে।
অহং সন্নিহিতস্তত্র পাষাণপ্রতিমাদিষু ॥
ক্ষেত্রেঽস্মিন যোঽর্চ্চয়েদ্ভক্ত্যা মন্ত্রেণানেন মাং শিব।
ব্রহ্মহত্যাদিপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ ॥
ত্বত্তো বা ব্রহ্মণো বাঽপি যে লভন্তে ষড়ক্ষরম্।
জীবন্তো মন্ত্রসিদ্ধাঃ স্যুর্মুক্তা মাং প্রাপ্নুবন্তি তে ॥
মুমূর্ষোর্দক্ষিণে কর্ণে যস্য কস্যাপি বা স্বয়ম্।
উপদেক্ষ্যসি মন্মন্ত্রং স মুক্তো ভবিতা শিবেতি ॥

শ্রীরামচন্দ্রেণোক্তং যোঽবিমুক্তং পশ্যতি স জন্মান্তরিতান্ দোষান্ বারয়তীতি স জন্মান্তরিতান্ পাপান্নাশয়তীতি ॥

ব্যাখ্যা। অথ সঃ শ্রীরামঃ হ উবাচ। দেবেশ! তব অত্র ক্ষেত্রে (বারাণসীক্ষেত্রে) যত্র কুত্র অপি ক্রিমিকীটাদয়ঃ অপি বা মৃতাঃ [তেঽপি] মুক্তাঃ সন্তু ন চ অন্যথা [মদ্বাক্যম্ ইতিশেষঃ]। তব অবিমুক্তে ক্ষেত্রে সর্ব্বেষাং (প্রাণিনাং) মুক্তিসিদ্ধয়ে তত্র (ক্ষেত্রে) পাষাণপ্রতিমাদিষু অহং সন্নিহিতঃ [স্যাম্ ইতি শেষঃ] অস্মিন্ ক্ষেত্রে যঃ অনেন (ষড়ক্ষরেণ) মন্ত্রেণ মাং (রামং) ভক্ত্যা অর্চ্চয়েৎ [তং] ব্রহ্মহত্যাদিপাপেভ্যঃ মোক্ষয়িষ্যামি। হে শিব! [ত্বং] মা শুচঃ (প্রাণিদুঃখেন শোকং মা কুরু)। ত্বত্তঃ (শিবতঃ) বা ব্রহ্মণঃ বা অপি যে ষড়ক্ষরং

লভন্তে .তে জীবন্তঃ মন্ত্রসিদ্ধাঃ স্যুঃ, [মৃত্যোরনন্তরং] মুক্তাঃ [সন্তঃ] মাং প্রাপ্নুবন্তি। মুমূর্ষোঃ (মর্ত্তুমিচ্ছোঃ) যস্য কস্য অপি (পশু-পক্ষি মৃগাদেঃ অপি) বা দক্ষিণে কর্ণে মন্মন্ত্রং (মম ষড়ক্ষরমন্ত্রম্) উপদেক্ষ্যসি [ত্বম্ ইতি শেষঃ] হে শিব! সঃ মুক্তঃ ভবিতা ইতি। শ্রীরামচন্দ্রেণ উক্তং যঃ অবিমুক্তং পশ্যতি স জন্মান্তরিতান্ (অন্যজন্মার্জ্জিতানপি) দোষান্ বারয়তি ইতি [অভ্যাসঃ খণ্ডসমাপ্তৌ]।

অনুবাদ। ইহার পর শ্রীরাম বলিলেন,হে দেবেশ! আপনার এই বারাণসীক্ষেত্রে ক্রিমি, কীট-পর্য্যন্তও মরিলে মুক্ত হইবে, আমার এই বাক্য অন্যথা হইবে না, প্রাণিসমূহের মুক্তিসিদ্ধির নিমিত্ত আপনার এই অবিমুক্তক্ষেত্রে পাষাণপ্রতিমাদিতে আমি সন্নিহিত থাকিব। এই ক্ষেত্রে অবস্থিত হইয়া যে ষড়ক্ষর মন্ত্রে আমার অর্চ্চনা করিবে, আমি তাহাকে ব্রহ্ম-হত্যাদি-জনিত পাপ হইতে মুক্তি প্রদান করিব। হে মঙ্গলময় শিব! আপনি প্রাণিগণের দুঃখে শোক করিবেন না। যে আপনা হইতে অথবা ব্রহ্ম হইতে ষড়ক্ষর মন্ত্র লাভ করিবে, সে জীবিতাবস্থায় মন্ত্র-সিদ্ধ এবং মৃত্যুর পরে মুক্ত হইয়া আমাকে প্রাপ্ত

হইবে। পশুপক্ষিমৃগাদি যে কোন মুমূর্ষুর দক্ষিণ কর্ণে আপনি আমার ষড়ক্ষর মন্ত্র প্রদান করিবেন, তিনি নিশ্চয়ই মুক্ত হইবেন। শ্রীরামচন্দ্র বলিয়াছেন, যিনি অবিমুক্ত ক্ষেত্র দর্শন করিবেন, তিনি ঐহিক ও জন্মান্তরিত দোষ বিদূরিত করিবেন। এই কথা দুই-বার বলায় খণ্ড সমাপ্তি সূচিত হইতেছে।

১৬। অথ হৈনং ভরদ্বাজো যাজ্ঞবল্ক্যমুবাচাথ কৈর্মন্ত্রৈঃ স্তুতঃ শ্রীরামঃ প্রীতো ভবতি স্বাত্মানং দর্শয়তি তান্নো ব্রূহি ভগবন্নিতি। স হোবাচ যাজ্ঞ-বল্ক্যঃ শ্রীরামেণৈবং শিক্ষিতো ব্রহ্মা পুনরেতয়া গদয়া গাথয়া নমস্করোতি– বিশ্বাধারং মহাবিষ্ণুং নারায়ণ-মনাময়ম্। পরিপূর্ণানন্দবিজ্ঞং পরজ্যোতিঃস্বরূপিণম্। মনসা সংস্মরন্ ব্রহ্মা তুষ্টাব পরমেশ্বরম্।

ব্যাখ্যা। অথ (অত্রেঃ উত্তরপ্রদানান্তরম্) হ এনং যাজ্ঞ-বল্ক্যং ভরদ্বাজঃ উবাচ (পপ্রচ্ছ) অথ (প্রশ্নে) কৈঃ মন্ত্রৈঃ স্তুতঃ শ্রীরামঃ প্রীতঃ ভবতি। স্বাত্মানং দর্শয়তি ? [হে] ভগবন্! তান্ (মন্ত্রান্) নঃ (অস্মভ্যং) ব্রূহি (কথয়)। সঃ যাজ্ঞবল্ক্যঃ হ উবাচ, শ্রীরামেণ এবং (বক্ষ্যমাণং) শিক্ষিতঃ ব্রহ্মা পুনঃ এতয়া গদয়া (গদ্যেন) গাথয়া (ব্যক্তবাচা) নমস্করোতি। বিশ্বাধারং বিশ্বস্য জগতঃ আধারম্ আশ্রয়স্থানং) মহাবিষ্ণুং নারায়ণম্

অনাময়ং (নীরুজং) পরিপূর্ণানন্দবিজ্ঞং (পরিপূর্ণানন্দাভিজ্ঞং) পরজ্যোতিঃস্বরূপিণং পরমেশ্বরং ব্রহ্মা মনসা সংস্মরন্ তুষ্টাব।

অনুবাদ। যাজ্ঞবল্ক্য অত্রিমুনির প্রশ্নের উত্তর প্রদান করিলে ভরদ্বাজ তাঁহাকে পুনর্ব্বার জিজ্ঞাসা করিয়াছিলেন। কোন্ মন্ত্র দ্বারা স্তব করিলে শ্রীরাম প্রীতিলাভ করেন এবং নিজকে প্রদর্শন করান? হে ভগবন্! সেই মন্ত্র আমাদিগকে বলুন। যাজ্ঞবল্ক্য বলিলেন, ব্রহ্মা শ্রীরামের নিকট শিক্ষালাভ করিয়া নিম্নকথিত গন্থগাথা দ্বারা স্তব করিয়াছেন। জগতের আশ্রয় স্থান অনাময় মহাবিষ্ণু নারায়ণ, যিনি পরিপূর্ণ আনন্দে অভিজ্ঞ, পরজ্যোতিঃস্বরূপ, পরমেশ্বর; ব্রহ্মা মনে মনে তাঁহাকে স্মরণ করিয়া স্তব করিয়াছিলেন।

১৭। ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবানদ্বৈত-পরমানন্দাত্মা যঃ পরং ব্রহ্ম ভূর্ভুবঃস্বস্তস্মৈ বৈ নমো নমঃ ? ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্যশ্চখণ্ডৈক-রসাত্মা ভূর্ভুবঃস্বস্তস্মৈ বৈ নমো নমঃ ২ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্যশ্চ ব্রহ্মানন্দামৃতং ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যস্তারকং ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৪ ওঁ

যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যো ব্রহ্মা বিষ্ণুরীশ্বরো যঃ সর্ব্বদেবাত্মা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৫ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যে সর্ব্বে বেদাঃ সাঙ্গাঃ সশাখাঃ সপুরাণা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৬ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যো জীবাত্মা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৭ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যঃ সর্ব্বভূতান্তরাত্মা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৮ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যে দেবাসুর-মনুষ্যাদিভাবা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৯ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যে মৎস্যকূর্ম্মাদ্যবতারা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ১০ ওঁ যো বৈ শ্রীরাম-চন্দ্রঃ স ভগবান্ যশ্চ প্রাণো ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ১১ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যোঽন্তঃ-করণচতুষ্টয়াত্মা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ১২ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যশ্চ যমো ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ১৩ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যশ্চান্তকো ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ১৪ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যশ্চ মৃত্যুর্ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ

নমো নমঃ ১৪ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যশ্চা- মৃতং ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ১৬ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যানি পঞ্চ মহাভূতানি ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ১৭ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যঃ স্থাবরজঙ্গমাত্মা ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ১৮ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যে পঞ্চাগ্নয়ো ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ১৯ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যাঃ সপ্ত মহাব্যাহৃতয়ো ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ২০ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যা বিদ্যা ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ২১ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যা সরস্বতী ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ২২ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যা লক্ষ্মীর্ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ২৩ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যা গৌরী ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ২৪ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যা জানকী ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ২৫ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যচ্চ ত্রৈলোক্যং ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ২৬ ওঁ যো বৈ

শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যশ্চ সূর্য্যো ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ২৭ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যশ্চ সোমো ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ২৮ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যানি নক্ষত্রাণি ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ২৯ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যে চ নবগ্রহা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৩০ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যে চাষ্টৌ লোকপালা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৩১ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যে চাষ্টৌ বসবো ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৩২ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যে চৈকাদশ রুদ্রা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৩৩ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যে চ দ্বাদশাদিত্যা ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৩৪ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যচ্চ ভূতং ভবদ্ভবিষ্যদ্ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৩৫ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ ব্রহ্মাণ্ডস্যান্তর্ব্বহির্ব্যাপ্নোতি যো বিরাড়্ ভূর্ভুর্বঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৩৬ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যো হিরণ্যগর্ভো ভূর্ভুর্বঃ

স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৩৭ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যা প্রকৃতির্ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৩৮ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যশ্চোংকারো ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৩৯ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্যাশ্চতস্রোঽর্দ্ধমাত্রা ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৪০ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যঃ পরমপুরুষো ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৪১ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যশ্চ মহেশ্বরো ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৪২ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যশ্চ মহাদেবো ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৪৩ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ ওঁ নমো ভগবতে বাসুদেবায় যো মহাবিষ্ণুর্ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৪৪ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ পরমাত্মা ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৪৫ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যো বিজ্ঞানাত্মা ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৪৬ ওঁ যো বৈ শ্রীরামচন্দ্রঃ স ভগবান্ যঃ সচ্চিদানন্দৈকরসাত্মা ভূর্ভুবঃ স্বস্তস্মৈ বৈ নমো নমঃ ৪৭ ইত্যেতান্ ব্রহ্মবিৎ সপ্তচত্বারিংশন্মন্ত্রৈর্নিত্যং দেবং

স্তবংস্ততো দেবঃ প্রীতো ভবতি। তস্মাদ্য এতৈর্মন্ত্রৈর্নিত্যং দেবং স্তৌতি স দেবং পশ্যতি সোঽমৃতত্বং চ গচ্ছতি সোঽমৃতত্বং চ গচ্ছতীতি ॥

ইতি রামোত্তরতাপনীয়োপনিষৎ সমাপ্তা।

ব্যাখ্যা। ওঁ যঃ (প্রসিদ্ধঃ) বৈ (নিশ্চিতং) শ্রীরামচন্দ্রঃ সঃ ভগবান্ অদ্বৈতপরমানন্দাত্মা (অদ্বৈতপরমানন্দস্বরূপঃ) যঃ পরং (উৎকৃষ্টং) ব্রহ্ম [অপি সন্] ভূর্ভুবঃ স্বঃ (ভূর্ভুবঃ স্বর্লোকত্রয়ীরূপঃ) তস্মৈ (এবংরূপায়) বৈ (নিশ্চিতং) নমঃ নমঃ। [সপ্তচত্বারিংশন্মন্ত্রাণাং সর্ব্বত্র এবম্ এব অন্বয়ঃ প্রত্যেতব্যঃ]। এতান্ (পূর্ব্বোক্তান্ অদ্বৈতপরমানন্দাত্মাদীন্) ব্রহ্মবিৎ (ব্রহ্মত্বেন বিত্তচেতাঃ) সপ্তচত্বারিংশন্মন্ত্রৈঃ নিত্যং (প্রত্যহং) দেবং (রামং) স্তবন্ ততঃ (স্তবাৎ) দেবঃ প্রীতঃ (অনুকূলঃ) ভবতি। তস্মাৎ (যতঃ অয়ং স্তবঃ প্রীতিকৃৎ তস্মাৎ) যঃ (পুমান্) এতৈঃ মন্ত্রৈঃ নিত্যং (ত্রিসন্ধ্যং) দেবং (রামং) স্তৌতি সঃ (স্তোতা) দেবং (বিষ্ণুং) পশ্যতি (সাক্ষাৎকরোতি) সঃ (জাতসাক্ষাৎকারঃ) অমৃতত্বং (মোক্ষং) গচ্ছতি। [দ্বিরুক্তিঃ সমাপ্ত্যর্থা]।

অনুবাদ। গদ্যগাথা এই—যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ অদ্বৈত পরমানন্দস্বরূপ। যিনি

পরব্রহ্ম হইয়াও ভূরাদি ত্রিলোকস্বরূপ, আমরা তাঁহাকে নমস্কার করি।১ শ্রীরামচন্দ্র তিনিই ভগবান্ এবং যিনি অখণ্ড একরস হইয়াও ভূরাদি লোকস্বরূপ, তাঁহাকে নমস্কার।২ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি ব্রহ্ম, আনন্দ ও অমৃতস্বরূপ হইয়াও ভূরাদিলোকরূপ, তাঁহাকে নমস্কার।৩ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি তারক হইয়াও ভূরাদিলোকস্বরূপ, তাঁহাকে নমস্কার।৪ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্, যিনি ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর এবং সর্ব্বদেবস্বরূপ হইয়াও ভূরাদিলোকরূপ, তাঁহাকে নমস্কার।৫ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি অঙ্গ ও শাখার সহিত সমগ্র বেদ ও পুরাণস্বরূপ হইয়াও ভূরাদি ত্রিলোকস্বরূপ, তাঁহাকে নমস্কার।৬ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি জীবাত্মা হইয়াও ভূরাদিলোকস্বরূপ, তাঁহাকে নমস্কার।৭ যিনি শ্রীরামচন্দ্র তিনিই ভগবান্ এবং যিনি সর্ব্বভূতের অন্তরাত্মা হইয়াও ভূরাদিত্রিলোকস্বরূপ, তাঁহাকে

নমস্কার।৮ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি দেবাসুরমনুষ্যাদিরূপে বর্ত্তমান থাকিয়া ভূরাদি-ত্রিলোকস্বরূপ, তাঁহাকে নমস্কার।৯ যিনি শ্রীরাম-চন্দ্র. তিনিই ভগবান্ এবং যিনি মৎস্যকূর্ম্মাদিরূপে অবতীর্ণ হইয়াও ভূরাদিত্রিলোকস্বরূপ, তাঁহাকে নমস্কার।১০ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি সর্ব্বপ্রাণীতে বিরাজমান থাকিয়াও ভূরাদি-লোকত্রয়স্বরূপ তাঁহাকে নমস্কার।১১ যিনি শ্রীরাম-চন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি অন্তঃকরণচতুষ্টয় বা মনঃ,বুদ্ধি অহঙ্কার ও চিত্তস্বরূপ হইয়াও ভূরাদি লোক-ত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার ১২ যিনি শ্রীরামচন্দ্র তিনিই ভগবান্ এবং যিনি যমস্বরূপ হইয়াও ভূরাদি লোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার।১৩ যিনি শ্রীরাম-চন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি অন্তকস্বরূপ হইয়াও ভূরাদি লোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার।১৪ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি মৃত্যুস্বরূপ হইয়াও ভূরাদি-লোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার। ১৫ যিনি শ্রীরামচন্দ্র. তিনিই ভগবান্ এবং যিনি

অমৃতস্বরূপ হইয়াও ভূরাদি-লোকত্রয়স্বরূপ তাঁহাকে নমস্কার।১৬ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি পঞ্চমহাভূত হইয়াও ভূরাদি লোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার।১৭ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি স্থাবরজঙ্গমস্বরূপ হইয়াও ভূরাদি লোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার।১৮ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি পঞ্চাগ্নিস্বরূপ হইয়াও ভূরাদি লোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার। ১৯ যিনি শ্রীরামচন্দ্র. তিনিই ভগবান্ এবং যিনি সপ্তমহাব্যাহৃতিস্বরূপ হইয়াও ভূরাদি লোকত্রয়স্বরূপ. তাঁহাকে নমস্কার।২০ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি বিদ্যাস্বরূপ হইয়াও ভূরাদি লোকত্রয় স্বরূপ, তাঁহাকে নমস্কার।২১ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি সরস্বতীস্বরূপ হইয়াও ভূরাদি-লোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার।২২ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি লক্ষ্মীস্বরূপ হইয়াও ভূরাদি লোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার।২৩ যিনি শ্রীরামচন্দ্র তিনিই ভগবান্ এবং যিনি গৌরীস্বরূপ

হইয়াও ভূরাদি-লোকত্রয়স্বরূপ তাঁহাকে নমস্কার।২৪ যিনি শ্রীরামচন্দ্র,তিনিই ভগবান্ এবং যিনি জানকীস্বরূপ হইয়াও ভূরাদি লোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার।২৫ যিনি শ্রীরামচন্দ্র.তিনিই ভগবান্ এবং যিনি ত্রৈলোক্য, রূপ হইয়াও ভূরাদিলোকত্রয়স্বরূপ তাঁহাকে নমস্কার।২৬ যিনি শ্রীরামচন্দ্র তিনিই ভগবান্ এবং যিনি সূর্য্যস্বরূপ হইয়াও ভূরাদিলোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার।২৭ যিনি শ্রীরামচন্দ্র. তিনিই ভগবান্ এবং যিনি : চন্দ্রস্বরূপ হইয়াও ভূরাদিলোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার।২৮ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি নক্ষত্রস্বরূপ হইয়াও ভূরাদি লোকত্রয়স্বরূপ তাঁহাকে নমস্কার।২৯ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি নবগ্রহস্বরূপ হইয়া, ভূরাদি লোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার ৩০ যিনি শ্রীরামচন্দ্র,তিনিই ভগবান্ এবং যিনি অষ্টলোকপাল-স্বরূপ হইয়াও ভূরাদিলোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার ৩১ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি অষ্টবসুস্বরূপ হইয়াও ভূরাদিলোকত্রয়স্বরূপ,

তাঁহাকে নমস্কার।৩২। যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি একাদশ রুদ্রস্বরূপ হইয়াও ভূরাদিলোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার।৩৩ যিনি শ্রীরামচন্দ্র,তিনিই ভগবান্ এবং যিনি দ্বাদশ আদিত্য-স্বরূপ হইয়াও ভূরাদি লোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার।৩৪ যিনি শ্রীরামচন্দ্র,তিনিই ভগবান্ এবং যিনি অতীত-বর্ত্তমান-ভবিষ্যৎস্বরূপ হইয়াও ভূরাদি লোক-ত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার।৩৫ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি বিরাট্‌রূপে ব্রহ্মাণ্ডের অন্তরে ও বাহিরে ব্যাপ্ত থাকিয়াও ভূরাদি লোকত্রয়-রূপ, তাঁহাকে নমস্কার।৩৬ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি হিরণ্যগর্ভ হইয়াও ভূরাদি-লোকত্রয়স্বরূপ,তাঁহাকে নমস্কার।৩৭ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি প্রকৃতিস্বরূপ হইয়াও ভূরাদিলোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার।৩৮ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি ওঁকারস্বরূপ হইয়াও ভূরাদিলোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার। ৩৯। যিনি শ্রীরামচন্দ্র, তি ভগবান্নিই এবং যিনি

চারিটি অর্দ্ধমাত্রাস্বরূপ হইয়াও ভূরাদি লোকত্রয়-স্বরূপ তাঁহাকে নমস্কার।৪০ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি পরম পুরুষস্বরূপ হইয়াও ভূরাদি লোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার ৪১ যিনি শ্রীরাম-চন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি মহেশ্বরস্বরূপ হইয়াও ভূরাদি লোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার।৪২ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি মহাদেব-স্বরূপ হইয়াও ভূরাদিলোকত্রয়স্বরূপ, তাঁহাকে নম-স্কার।৪৩ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি "ওঁ নমো ভগবতে বাসুদেবায়"এই মন্ত্রের উপাস্য মহাবিষ্ণুস্বরূপ হইয়াও ভূরাদি লোকত্রয়স্বরূপ,তাঁহাকে নমস্কার।৪৪ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি পরমাত্মা হইয়াও ভূরাদি লোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার ৪৫ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি বিজ্ঞানাত্মা হইয়াও ভূরাদিলোকত্রয় স্বরূপ, তাঁহাকে নমস্কার ৪৬ যিনি শ্রীরামচন্দ্র, তিনিই ভগবান্ এবং যিনি সৎ চিৎ ও আনন্দরসস্বরূপ হইয়াও ভূরাদি লোকত্রয়স্বরূপ, তাঁহাকে নমস্কার।৪৭

এই সকল মন্ত্রকে ব্রহ্মরূপ জানিয়া যিনি এই সপ্তচত্বারিংশৎ মন্ত্র দ্বারা প্রত্যহ শ্রীরামের স্তব করেন, তাঁহার এই স্তবে শ্রীরামচন্দ্র প্রীত হন। সেই নিমিত্ত যে ব্যক্তি এই মন্ত্র দ্বারা ত্রিসন্ধ্যায় শ্রীরামচন্দ্রের স্তব করেন, তিনি তাঁহার সাক্ষাৎকার লাভ করেন এবং মোক্ষ প্রাপ্ত হন। [মোক্ষ প্রাপ্ত হন,এই কথা দুইবার বলায় গ্রন্থের সমাপ্তি সূচিত হইয়াছে]।

অথর্ব্ববেদীয় শ্রীরামোত্তরতাপনীয়
উপনিষৎ সমাপ্ত।

ক্ল

পঞ্চব্রহ্মোপনিষৎ

ওঁ সহনাববত্বিতি শান্তিঃ।

১-২। হরিঃ ওঁ: অথ পৈপ্পলাদো ভগবান্ ভো কিমাদৌ কিং জাতমিতি। সদ্যো জাতমিতি। কিং ভগব ইতি। অঘোর ইতি। কিং ভগব ইতি। বাম-দেব ইতি। কিং বা পুনরিমে ভগব ইতি। তৎপুরুষ ইতি। কিং বা পুনরিমে ভগব ইতি। সর্ব্বেষাং দিব্যানাং প্রেরয়িতা ঈশান ইতি। ঈশানো ভূতভব্যস্য সর্ব্বেষাং দেবযোগিনাম্। কতি বর্ণাঃ। কতি ভেদাঃ কতি শক্তয়ঃ। যৎসর্ব্বং তদ্ গুহ্যম্। তস্মৈ নমো মহাদেবায় মহারুদ্রায়। প্রোবাচ তস্মৈ ভগবান্মহেশঃ। গোপ্যাদ্গোপ্যতরং লোকে যদ্যস্তি শৃণু শাকল। সদ্যো জাতং মহী পূষা রমা ব্রহ্মা ত্রিবৃৎস্বরঃ॥

২। ঋগ্বেদো গার্হপত্যং চ মন্ত্রাঃ সপ্ত স্বরাস্তথা।
বর্ণং পীতং ক্রিয়া শক্তিঃ সর্ব্বাভীষ্টফলপ্রদম্॥

ব্যাখ্যা। [অথ শাকলনামধেয়ঃ পৈপ্পলাদঃ ঋষিঃ, কে পঞ্চব্রহ্মাণঃ, তেষাং বিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানং ভবতি ন বা, তেন চ পরব্রহ্মপদং লব্ধুং সমর্থোঽস্মি ন বা, ইত্যেবং মনসি বিচারয়ন্ ভগবন্তং মহেশ্বরং সমেত্য প্রোবাচ] অথ (প্রশ্নে) ভগবান্ (পূজনীয়ঃ) পৈপ্পলাদঃ (ঋষিঃ) [ভগবন্তং মহেশ্বরং প্রোবাচ] ভোঃ [ভগবন্] আদৌ (সৃষ্টেঃ প্রাক্) কিম্ [আসীৎ], কিম্ (বস্তু) [বা] জাতম্ (উৎপন্নম্) ইতি (এতৎ সর্ব্বম্) [মাং ব্রূহি]; [ভগবান্ শঙ্করঃ পঞ্চব্রহ্মপ্রতিপাদনদ্বারেণ কিং জাতমিত্যস্যোত্তরং দদাতি] সদ্যঃ (তৎক্ষণাৎ) জাতম্ (উৎপন্নম্) [যদ্ বস্তু তদেকং ব্রহ্ম, ব্রহ্মাঃ অভিন্নত্বাৎ তস্য]। [পৈপ্পলাদঃ আহ] ভগব! (হে ভগবন্) [অন্যৎ] কিম্ [ব্রহ্মত্বেন পরিকল্পিতম্] ইতি। [শঙ্করঃ আহ] অঘোরঃ (সলিলাদিসংস্থিতঃ) ইতি। [হে] ভগব (ভগবন্) [অন্যৎ] কিম্ [অন্যদ্ ব্রহ্মত্বেনারোপিতম্] ইতি। [শঙ্করঃ আহ] বামদেবঃ ইতি। [পৈপ্পলাদঃ আহ] ভগবঃ (হে ভগবন্) কিং বা পুনঃ [অন্যৎ ব্রহ্মত্বেনারোপিতং, যদ্] ইমে (দ্যাবাপৃথিব্যৌ) [ব্যাপ্য অবস্থিতম্]। [শঙ্করঃ আহ] তৎ (প্রসিদ্ধঃ) [সৃষ্টিস্থিতিলয়াদীনাং কারণস্বরূপঃ] পুরুষঃ ইতি। [পৈপ্পলাদঃ আহ] কিং বা পুনঃ [অন্যৎ ব্রহ্মত্বেনাবধারিতম্, যদ্] ইমে (দ্যাবাপৃথিব্যৌ) [ওতপ্রোতভাবেন ব্যাপ্য অবস্থিতম্]। [শঙ্কর আহ] [যঃ] সর্ব্বেষাং দিব্যানাম্ (স্বর্গাবস্থিতানাং

যোগিনাম্) প্রেরয়িতা (প্রেরকঃ পরিচালকঃ) [সঃ] ঈশানঃ (পরমেশ্বরঃ) ইতি; [স চ] ভূতভব্যস্থ (অতীতানাগতবস্তুনঃ) সর্ব্বেষাং দেবযোগিনাম্ (দেবতানাং যোগিনাং চ) ঈশানঃ। [পুনশ্চ পৈপ্পলাদঃ আহ] কতি (কিয়ৎসংখ্যকাঃ) বর্ণাঃ: কতি [অগ্ন্যাদীনাম্] ভেদাঃ কতি শক্তয়ঃ; যৎ [এতৎ] গুহ্যম্ (গোপনীয়ম্) তৎ সর্ব্বম্ [মে ব্রূহি, ইত্যুক্ত্বা] তস্মৈ (প্রসিদ্ধায়) মহারুদ্রায় (মহারুদ্ররূপিণে) মহাদেবায় নমঃ (নমস্কারম্) [করোতি পৈপ্পলাদঃ]। [কৃপাবিষ্টঃ সন্] ভগবান্ মহেশঃ (মহেশ্বরঃ) তস্মৈ (শাকলনামধেয়ায় পৈপ্পলাদায় প্রোবাচ) [হে] শাকল যদি লোকে [কিমপি] গোপ্যাৎ (গোপনীয়াৎ) গোপ্যতরম্ (গোপনীয়তরম্) অস্তি [তর্হি তৎ] শৃণু (আকর্ণয়) [প্রাগুক্তম্] সদ্যোজাতম্ [যৎ, তদিদানীং বিভজ্যতে] মহী (পৃথিবী) পুষা (পূর্ব্বাঃ রমা) শ্রীঃ ব্রহ্মা (বিরাট্‌শরীরী) ত্রিবৃৎস্বরঃ (বিমিশ্রিতধ্বনিঃ), ঋগ্বেদঃ গার্হপত্যম্ (গার্হপত্যাগ্নিঃ) মন্ত্রাঃ চ, তথা [তস্মিকণ্ঠোখিতাঃ] সপ্তস্বরাঃ, পীতং বর্ণং, ক্রিয়া [তথা] শক্তিঃ (সামর্থ্যম্), [প্রাণিনামেতৎ সর্ব্বম্] সর্ব্বাভীষ্টফলপ্রদং (সর্ব্বাভিলষিতফলপ্রদায়কম্) [ভবতীতি শেষঃ]।

অনুবাদ। [পঞ্চব্রহ্ম কে কে? সেই পঞ্চব্রহ্মজ্ঞানের দ্বারা সমস্তবিষয়ক জ্ঞানলাভ

হয় কি না এবং সেই জ্ঞানের দ্বারা ব্রহ্মপদ লাভ করিতে পারা যায় কি না? শাকলনামক পৈপ্পলাদ ঋষি মনে মনে এই বিচারের সিদ্ধান্তে উপনীত হইতে না পারিয়া, ভগবান্ মহাদেবের সমীপে গমনপূর্ব্বক জিজ্ঞাসা করিলেন। হে ভগবন্। সৃষ্টির পূর্ব্বে কি ছিল এবং কোন্ কোন্ বস্তুই বা উৎপন্ন হইয়াছে? এই সকল বিষয় আমাকে বিস্তৃতরূপে বলুন। ভগবান্ মহাদেব পঞ্চব্রহ্ম প্রতিপাদন করিবার অভিলাষে প্রথমে কোন্ কোন্ বস্তু সমুৎপন্ন হইয়াছে, ইহার উত্তর প্রদান করিতেছেন:---সদ্যোজাত অর্থাৎ নিম্নোক্ত মহীপ্রভৃতি সমুদায় পদার্থ ব্রহ্ম হইতে অভিন্ন বলিয়া, ইহাই পঞ্চব্রহ্মের মধ্যে প্রথম ব্রহ্ম বলিয়া অবধারণ করিতে হইবে। পৈপ্পলাদ বলিলেন—হে ভগবন্! অপর কোন্ বস্তু দ্বিতীয় ব্রহ্মরূপে পরিকল্পিত হইয়াছে? মহাদেব বলিলেন, অঘোর অর্থাৎ নিম্নোক্ত সলিলাদিসংজ্ঞাযুক্ত সমুদায় পদার্থই দ্বিতীয় ব্রহ্মরূপে পরিকল্পিত হইয়াছে। পৈপ্পলাদ বলিলেন—অন্য কোন্ বস্তু তৃতীয় ব্রহ্মরূপে

নিরূপিত হইয়াছে? মহাদেব বলিলেন—বামদেবই তৃতীয় ব্রহ্ম বলিয়া নিরূপিত হইয়াছেন। পৈপ্পলাদ বলিলেন—হে ভগবন্! যিনি স্বর্গ এবং মর্ত্ত্য ব্যাপিয়া আছেন, অন্য কাহাকে সেই চতুর্থ ব্রহ্মরূপে নিরূপণ করিবেন? মহাদেব বলিলেন—সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের যিনি কারণ, অর্থাৎ হিরণ্যগর্ভ: তিনিই চতুর্থ ব্রহ্ম। পৈপ্পলাদ বলিলেন—হে ভগবন্! যিনি স্বর্গ এবং মর্ত্ত্যে ওতঃপ্রোতভাবে ব্যাপিয়া আছেন, সেই অখণ্ড সচ্চিদানন্দকেই কি পঞ্চম ব্রহ্ম বলিয়া নিরূপণ করিবেন? মহাদেব বলিলেন—হাঁ যিনি দেবতাগণের পরিচালক, তিনিই পঞ্চম ব্রহ্ম, তিনিই ঈশান, অর্থাৎ পরমেশ্বর; ইনিই অতীত ও অনাগত বস্তুসকলের এবং দেবতা ও যোগীদিগের বিধাতা পরমেশ্বর। পৈপ্পলাদ পুনরায় জিজ্ঞাসা করিলেন— এই জগতে কত প্রকার বর্ণ, কত প্রকার ভেদ এবং কত প্রকার শক্তি আছে? যদিও ইহা গোপনীয়, তথাপি তাহা আমাকে বলুন; এই কথা বলিয়া রুদ্ররূপী মহাদেবকে নমস্কার করিলেন। ভগবান্ মহেশ্বর কৃপাবিষ্ট হইয়া ঋষিকে বলি-

লেন—হে শাকল! যদি পৃথিবীতে গোপনীয় হইতেও গোপনীয় কিছু থাকে, তবে তাহা শ্রবণ কর। পূর্ব্বে সদ্যোজাত বলিয়া যাহা নির্দ্দেশ করিয়াছি, সম্প্রতি তাহা বিভাগ করিয়া দেখাইতেছি এবং জিজ্ঞাসিত বর্ণ, ভেদ এবং শক্তি ও সদ্যোজাত প্রভৃতি পঞ্চ ব্রহ্ম নিরূপণের সঙ্গে সঙ্গে নিরূপণ করিতেছি—পৃথিবী, সূর্য্য, শ্রী, বিরাট্‌শরীরী ব্রহ্মা, বিমিশ্রিত ধ্বনি, ঋগ্‌বেদ, গার্হপত্য অর্থাৎ গৃহস্থদিগের ব্যবহারোপযোগী অগ্নি, মন্ত্রসকল, তন্ত্রযুক্ত যন্ত্রের এবং কণ্ঠের সপ্তস্বর, পীতবর্ণ, সমুদায় ক্রিয়া এবং সমস্ত শক্তি; ইহারা সকলেই প্রাণীদিগকে অভি-লষিত ফল প্রদান করে, অর্থাৎ ইহাদের দ্বারা উপকৃত হইয়াই প্রাণিগণ স্ব স্ব অভিলষিত কার্য্যাদি করিতে পারে।

৩। অঘোরং সলিলং চন্দ্রং গৌরী বেদদ্বিতীয়কম্।
নীরদাভং স্বরং সান্দ্রং দক্ষিণাগ্নিরুদাহৃতম্॥

৪। পঞ্চাশদ্বর্ণসংযুক্তং স্থিতিরিচ্ছাক্রিয়ান্বিতম্।

শক্তিরক্ষণসংযুক্তং সর্ব্বাঘৌঘবিনাশনম্॥
সর্ব্বদুষ্ট- প্রশমনং সর্ব্বৈশ্বর্য্যফলপ্রদম্॥

ব্যাখ্যা। [ইদানীম্ উদাহৃতম্ অঘোরং বিভজ্য দর্শয়তি] সলিলং (জলং), চন্দ্রম্ (চন্দ্রঃ), গৌরী (শক্তিরূপা), বেদদ্বিতীয়কম্ (যজুর্ব্বেদঃ), নীরদাভম্ (মেঘাভম্) সান্দ্রম্ (ঘনম্), স্বরম্ উদাত্তাদিস্বরঃ), দক্ষিণাগ্নিঃ (যজ্ঞিয়াগ্নি-বিশেষঃ), [এতদ্] উদাহৃতম্ [সর্ব্বং] অঘোরম্ [বিজানীহি]। [এতস্যাঘোরস্য উপাসনায়ৈ বর্ণসংযুক্ততাদিং দর্শয়তি] পঞ্চাশদ্বর্ণসংযুক্তম্ (অকারাদিপঞ্চাশদ্বর্ণযুক্তম্) স্থিতিঃ (স্থিতিশীলম্) ইচ্ছাক্রিয়ান্বিতম্ (ইচ্ছারূপা যা ক্রিয়া তয়া অন্বিতং যুক্তম্) শক্তিরক্ষণসংযুক্তম্ (শক্তিঃ অঘটনঘটন-সামর্থ্যং, রক্ষ্যতে আত্মা অনেন ইতি রক্ষণং অস্ত্রাদি, তাভ্যাং সংযুক্তম্ তম্). সর্ব্বং অঘং পাতকং, তস্য ওঘঃ সমূহঃ, তস্য বিনাশনং হননং যেন তম্), সর্ব্বদুষ্টপ্রশমনম্ সর্ব্বৈশ্বর্য্যফল-প্রদম্ (সর্ব্বম্ অণিমাদ্যৈশ্বর্য্যরূপং ফলং প্রদদাতি যঃ সঃ তম্) [অঘোরম্ উপাস্য ইতি শেষঃ)।

অনুবাদ। [সম্প্রতি উদাহৃত অঘোর-সংজ্ঞিত পদার্থ বিভাগ করিয়া দেখাইতেছেন] জল, চন্দ্র, শক্তিরূপী গৌরী, যজুর্ব্বেদ, মেঘের ন্যায়

আভাযুক্ত বন উদাত্তাদি ত্রিবিধ স্বর এবং দক্ষিণাগ্নি এই সকল পদার্থই অঘোরসংজ্ঞায় অভিহিত জানিবে। [উক্ত মিলিত পদার্থসমুদায়ই অঘোরসংজ্ঞক মূর্ত্তিযুক্ত দেবতা বলিয়া পরিকল্পিত হইয়াছে, ইহারই উপাসনার নিমিত্ত বর্ণন্যাসাদি বলিতেছেন] পঞ্চাশদ্বর্ণসংযুক্ত অর্থাৎ অকারাদি পঞ্চাশটী বর্ণ এক এক অঙ্গে বিন্যাস করিয়া, স্থিতিশীল, ইচ্ছারূপিণী, ক্রিয়াশক্তিসম্পন্ন এবং অঘটনঘটনশক্তি ও বিবিধ অস্ত্রাদি দ্বারা অলঙ্কৃত অঘোরাখ্য দেবতাকে উপাসনা করিলে, তিনি উপাসকের সমস্ত পাপ এবং বৈরী বিনাশ করিয়া অণিমাদি অষ্টৈশ্বর্য্যরূপ ফল প্রদান করেন।

৫। বামদেবং মহাবোধদায়কং পাবকাত্মকম্॥
বিদ্যালোকসমাযুক্তং ভানুকোটিসমপ্রভম্।
প্রসন্নং সামবেদাখ্যং নানাষ্টকসমন্বিতম্॥

৬। ধীরস্বরমধীনং চাহবনীয়মনুত্তমম্।
জ্ঞানসংহারসংযুক্তং শক্তিদ্বয়সমন্বিতম্॥

৭। বর্ণং শুক্লং তমোমিশ্রং পূর্ণবোধকরং স্বয়ম্।
ধামত্রয়নিয়ন্তারং ধামত্রয়সমন্বিতম॥

৯। সর্ব্বসৌভাগ্যদং নৃণাং সর্ব্বকর্ম্মফলপ্রদম্।
অষ্টাক্ষরসমাযুক্তমষ্টপত্রান্তরস্থিতম্॥

ব্যাখ্যা। [প্রাগুক্তবামদেবস্য স্বশক্ত্যাদিকং প্রতিপাদয়ন্ স্বরূপমাহ] পাবকাত্মকম্ (অগ্ন্যাত্মকম্), মহাবোধদায়কম (মহাজ্ঞানবিধায়কম্), বিদ্যালোকসমাযুক্তম্ (বিদ্যাশক্তিরূপিণী দুর্গা, লোকঃ স্বর্গাদিস্থানং তাভ্যাং সমাযুক্তম্), ভানুকোটিসমপ্রভম্ (ভানুকোটিঃ কোটিসূর্য্যঃ সমঃ তুল্যঃ প্রভা যস্য সঃ তম্), প্রসন্নম্ (দয়াযুক্তম্), সামবেদাখ্যম্ (সামবেদঃ আখ্যা যস্য সঃ তম্) নানাষ্টকসমন্বিতম্ (নানা নানাপ্রকারাঃ অষ্টকম্ অষ্টসংখ্যকাঃ যে যে সন্তি তৈঃ সমন্বিতম্) [যথা বসবঃ] এবং যে যে অষ্টসংখ্যকাঃ সন্তি তৈঃ সমন্বিতমিত্যর্থঃ], ধীরস্বরম্ (ধীরঃ অনুচ্চঃ স্বরঃ যস্য সঃ তম্ ধীরস্বরম্) অনুত্তমম্ (নাস্তি উত্তমঃ যস্মাৎ সঃ তম্) আহবনীয়ম্ চ অধীনং জ্ঞানসংহারসংযুক্তম্ (জ্ঞানং তত্ত্বজ্ঞানং, সংহারঃ প্রলয়ঃ তাভ্যাং সংযুক্তম্) [অত্রত্যঃ সংহারশব্দঃ সৃষ্টিস্থিতিপ্রলয়পরঃ সংহারশব্দস্যোপলক্ষণপরত্বাৎ], শক্তিদ্বয়সমন্বিতম্ (জ্ঞানক্রিয়াভেদেন শক্তিদ্বয়ং তেন সমন্বিতং যুক্তম্) তমোমিশ্রম্) (কৃষ্ণমিশ্রিতম্) শুক্লং বর্ণং, স্বয়ং পূর্ণবোধকম্, ধামত্রয়নিয়ন্তারম্, (ত্রিলোকনিয়ন্তারম্) ধামত্রয়সমাযুক্তম্ (ত্রিলোকসমন্বিতম্), নৃণাং সর্ব্বসৌভাগ্যদম্ (সর্ব্বসৌভাগ্যদায়কম্), সর্ব্বকর্ম্মফলপ্রদম্,

অষ্টাক্ষরসমাযুক্তম অষ্টপত্রাস্তরস্থিতম (অষ্টদলপদ্মস্য অভ্যন্তরে· স্থিতম্) বামদেবম্ [বিজানীহীতি শেষঃ]।

অনুবাদ। [পূর্ব্বোক্ত বামদেবের স্বীয় শক্ত্যাদি প্রতিপাদন করার সঙ্গে সঙ্গে তাহার স্বরূপ বলিতেছেন] যিনি অগ্নির ন্যায় তেজস্বী এবং অজ্ঞানদিগের জ্ঞানদায়ক, শক্তিরূপিণী দুর্গা, যাহার শক্তি, ও স্বর্গাদি আবাসস্থান, যাহাতে কোটী সূর্য্যের ন্যায় প্রভা, সামবেদ যাহার সংজ্ঞা, যিনি নানা প্রকার অষ্টকগণযুক্ত, অর্থাৎ যে যে অষ্টসংখ্যক পদার্থ দ্বারা অষ্টকসংজ্ঞ নিরূপিত আছে, সেই গণযুক্ত, যাহার অপরিসীম দয়া, অনুচ্চ স্বর, আহবনীয়াগ্নি অধীন, যাহা হইতে সৃষ্টি, স্থিতি, প্রলয় এবং তত্ত্বজ্ঞান সমুৎপন্ন হয়, যাহাতে জ্ঞানশক্তি ও ক্রিয়াশক্তি বিদ্যমান, যাহার বর্ণ কৃষ্ণমিশ্রিত শুক্ল, সেই ত্রিলোকনিয়ন্তা, পূর্ণ জ্ঞানাকর, ত্রিলোকাত্মক অষ্টাক্ষরযুক্ত অষ্টপদ্মদল মধ্যস্থিত বামদেব, মানবগণের সমস্ত সৌভাগ্যপ্রদাতা এবং কর্ম্মফলবিধাতা।

১০। যত্তত্ৎপুরুষং প্রোক্তং বায়ুমণ্ডলসংবৃতম্।
পঞ্চাগ্নিনা সমাযুক্তং মন্ত্রশক্তিনিয়ামকম্॥

১১। পঞ্চাশৎস্বরবর্ণাখ্যমথর্ব্ববেদস্বরূপকম্।
কোটিকোটিগণাধ্যক্ষং ব্রহ্মাণ্ডাখণ্ডবিগ্রহম্।
১২। বর্ণং রক্তং কামদং চ সর্ব্বাধিব্যাধিভেষজম্।
সৃষ্টি-স্থিতিলয়াদীনাং কারণং সর্ব্বশক্তিধৃক্॥
১৩। অবস্থাত্রিতয়াতীতং তুরীয়ং ব্রহ্মসংজ্ঞিতম্।
ব্রহ্মবিষ্ণ্বাদিভিঃ সেব্যং সর্ব্বেষাং জনকং পরম্॥

ব্যাখ্যা। [ইদানীং তৎপুরুষং নিরূপয়তি] যৎ বায়ুমণ্ডল-সংবৃতম্ (বায়ুমণ্ডলাবৃতম্) পঞ্চাগ্নিনা সমাবৃতম্ মন্ত্রশক্তিনিয়ামকং পঞ্চাশৎস্বরবর্ণাখ্যম্ (পঞ্চাশৎ যে স্বরাঃ বর্ণাশ্চ তেষাং আখ্যা যস্য সঃ) অথর্ব্ববেদস্বরূপকম্, কোটিকোটিগণাধ্যক্ষম্ (কোটিকোটি-মনুষ্যাদিগণানাম্ অধ্যক্ষঃ কর্ত্তা তম্) ব্রহ্মাণ্ডাখণ্ডবিগ্রহম্ (ব্রহ্মাণ্ডং জগৎ অখণ্ডঃ খণ্ডনরহিতঃ বিগ্রহঃ শরীরম্ যস্য সঃ তম্) রক্তং বর্ণম্ (রক্তবর্ণবিশিষ্টম্) কামদম্ (কামপ্রদায়কম্) সর্ব্বাধিব্যাধিভেষজম্ (সর্ব্বে আধয়ঃ মনঃপীড়াঃ, ব্যাধয়ঃ রোগাঃ তেষাং ভেষজম্ ঔষধম্), সৃষ্টিস্থিতিলয়াদীনাং কারণম্, সর্ব্বশক্তিধৃক্ অবস্থাত্রিতয়াতীতম্ তুরীয়ং (চতুর্থম্) ব্রহ্মসংজ্ঞিতম্ (ব্রহ্মসংজ্ঞাযুক্তং) ব্রহ্মবিষ্ণ্বাদিভিঃ সেব্যং সর্ব্বেষাং পরং জনকং তৎ পুরুষম্ [জানীহি]।

অনুবাদ। [সম্প্রতি পূর্ব্বোক্ত পুরুষ-নিরূপণ করিতেছেন]—যিনি বায়ুমণ্ডল এবং পঞ্চাগ্নি-

দ্বারা সমাবৃত, যাহা হইতে মন্ত্রশক্তি নিয়মিত হয়, যাহাকে পঞ্চাশ বর্ণ এবং স্বর বলিয়া অভিহিত করা হয়, যিনি অথর্ব্ববেদরূপী এবং মনুষ্যাদি কোটি কোটি গণসমুদায়ের কর্ত্তা, অখণ্ড ব্রহ্মাণ্ড যাঁহার শরীর, সেই রক্তবর্ণবিশিষ্ট কামপ্রদায়ক সকল আধি ও ব্যাধির ঔষধস্বরূপ, সৃষ্টি-স্থিতি প্রলয়ের কারণ, সর্ব্বশক্তিসম্পন্ন পুরুষ, সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের অতীত বলিয়া তুরীয় ব্রহ্মসংজ্ঞায় অভিহিত হইয়াছেন এবং তিনি সকলের জনক বলিয়া ব্রহ্মাদিরও পূজনীয় দেবতা।

১৪। ঈশানং পরমং বিদ্যাৎ প্রেরকং বুদ্ধিসাক্ষিণম্
আকাশাত্মকমব্যক্তমোংকারস্বরভূষিতম্॥

১৫। সর্ব্বদেবময়ং শান্তং শান্ত্যাতীতং স্বরাদ্বহিঃ।
অকারাদিস্বরাধ্যক্ষমাকাশময়বিগ্রহম্॥

ব্যাখ্যা। [অথ ঈশান' বিভজতে] প্রেরকম্ (সর্ব্বেষা' পরিচালকম্) আকাশাত্মকম্ অব্যক্তম্ ওঁকারস্ব·ভূষিত' সর্ব্বদেবময়ং শান্তম্ (শমগুণান্বিতম্) শান্ত্যাতীতম্ (শান্ত্যাম উপশমনীয়ং যৎ ত্রিবিধং দুঃখং তদতীতম্; স্বরাদ্বহিঃ (বাক্যা·

তীতম্) অকারাদিস্বরাধ্যক্ষম্ আকাশময়বিগ্রহম্ (আকাশ-ময়ঃ আকাশস্বরূপম্ এব বিগ্রহঃ শরীরং যস্য সঃ তম্) বুদ্ধি-সাক্ষিণম্ (বুদ্ধিসাক্ষিস্বরূপম্) পরমম্ (পরম্) ঈশানং (পরমেশ্বরং) বিদ্যাৎ (জানীয়াৎ)।

অনুবাদ। [সম্প্রতি ঈশানাখ্য পরমেশ্বরের স্বরূপ নিরূপণ করিতেছেন] যিনি সকলের পরিচালক এবং ওঁকার দ্বারা অলঙ্কৃত, আকাশ যাঁহার স্বরূপ, যিনি অব্যক্ত ও সকল দেবতার সার, সেই বাক্যাতীত, অকারাদি স্বরাধ্যক্ষ, প্রশান্তবুদ্ধি, সাক্ষিরূপী পরমেশ্বর, ত্রিবিধ দুঃখ অতিক্রম করিয়া আকাশের স্বরূপকেই দেহরূপে গ্রহণ করিয়াছেন।

১৬। পঞ্চকৃত্যনিয়ন্তারং পঞ্চব্রহ্মাত্মকং বৃহৎ।
পঞ্চব্রহ্মোপসংহারং কৃত্বা স্বাত্মনি সংস্থিতঃ॥

১৭। স্বমায়াবৈভবান্ সর্ব্বান্ সংহৃত্য স্বাত্মনি স্থিতঃ।
পঞ্চব্রহ্মাত্মকাতীতো ভাসতে স্বস্বতেজসা।

১৮। আদাবন্তে চ মধ্যে চ ভাসতে নান্যহেতুনা।
মায়য়া মোহিতাঃ শম্ভোর্ম্মহাদেবং জগদ্গুরুম্॥

১৯। ন জানন্তি সুরাঃ সর্ব্বে সর্ব্বকারণকারণম্।
ন সংদৃশে তিষ্ঠতি রূপমস্য পরাৎ পরং পুরুষং বিশ্বধাম॥

ব্যাখ্যা। [অথেদানীং] পঞ্চকৃত্যনিয়ন্তারম্ (পঞ্চকৃত্যং সদ্যোজাতাদিকার্য্যপঞ্চকং যৎ, তস্য নিয়ন্তারং নিয়ামকং পরমাত্মানং) [নিরূপয়তি] পঞ্চব্রহ্মাত্মকম্ (সদ্যোজাতাদিপঞ্চব্রহ্মস্বরূপম্) বৃহৎ (ব্রহ্মপরমাত্মা ইত্যর্থঃ) স্বাত্মনি (স্বস্বরূপে) পঞ্চব্রহ্মোপসংহারম্ (সদ্যোজাতাদিপঞ্চব্রহ্মণাম্ উপসংহারং বিলয়ং) কৃত্বা সংস্থিতঃ (অবস্থিতঃ) [সন্] স্বমায়াবৈভবাৎ (স্বস্য যা শক্তিরূপিণী মায়া তস্যাঃ বৈভবাৎ মহিম্নঃ) সর্ব্বান্ (পদার্থান্) সংহৃত্য (বিনাশ্য) স্বাত্মনি (স্বস্বরূপে) স্থিতঃ (অবস্থিতঃ), স্বতেজসা (স্বস্য আত্মনঃ স্বতেজসা স্বপ্রভাবেণ) ভাসতে (প্রকাশতে)। [তথা সঃ] আদৌ (সৃষ্টেঃ প্রাক্) অন্তে (সৃষ্টেঃ অনন্তরম্) চ মধ্যে (সৃষ্ট্যবস্থায়াম্) চ অন্যহেতুনা ন ভাসতে [চৈতন্যস্বরূপেণ ভাসতে ইত্যর্থঃ]। শম্ভোঃ (পরমাত্মনঃ) স্বশক্তিরূপিণ্যা] মায়য়া সর্ব্বে সুরাঃ (দেবাঃ) মোহিতাঃ [সন্তঃ] সর্ব্বকারণম্ (সর্ব্বেষাং কারণম্ হিরণ্যগর্ভাখ্যঃ ঈশানঃ তস্য কারণং হেতুভূতম্) জগদ্গুরুং মহাদেবম্ (দেবাদিদেবং পরমাত্মানম্) ন জানন্তি। অস্য (পরমাত্মনঃ) রূপং সংদৃশে (সম্যক্‌রূপেণ দর্শনায়) ন তিষ্ঠতি; [অতঃ]

পরাৎ পরং বিশ্বধাম (বিশ্বেষাং ধাম আশ্রয়স্বরূপম্) পুরুষম্ (পরমাত্মানম্) [সম্যগ্ রূপেণ বিজানীয়াৎ]।

অনুবাদ। সম্প্রতি সদ্যোজাতাদি পঞ্চ-ব্রহ্মের নিয়ন্তা পরমাত্মার স্বরূপনিরূপণ করিতেছেন। উক্ত পঞ্চব্রহ্মরূপী পরমাত্মা, স্বীয়চৈতন্যস্বরূপে পঞ্চব্রহ্মের উপসংহারপূর্ব্বক অবস্থান করিয়া, স্বীয় শক্তিরূপিণী মায়ার সাহায্যে সমস্ত পদার্থ বিনাশ করিয়া এবং নিজ প্রভাবে স্বস্বরূপে অবস্থান করিয়া, চৈতন্যস্বরূপে প্রকাশমান হইয়াছেন। তিনি সৃষ্টি, স্থিতি এবং প্রলয়, এই অবস্থাত্রয়ে অন্য কোন কারণের দ্বারা উদ্ভাসিত হইয়া স্বস্বরূপে ভাসমান নহেন, তিনি স্বয়ং প্রকাশস্বরূপ বলিয়া চৈতন্যস্বরূপে প্রকাশমান পরমাত্মার স্বীয় শক্তিরূপিণী মায়া দ্বারা মোহিত হইয়া সমস্ত পদার্থের কারণস্বরূপ হিরণ্যগর্ভাখ্য পরমেশ্বরের কারণ দেবাদিদেব জগদ্‌গুরু পরমাত্মাকে জানিতে পারেন না। ইহাদের দর্শন করিবার জন্যই ইঁহার রূপ আছে বলিয়া নিশ্চিত হইবে, ইহা বলা যায় না। কারণ ইনি রূপবিহীন, এইজন্য সমুদায় ব্রহ্মাণ্ডের আশ্রয়স্বরূপ পরাৎপর পরমাত্মাকে দর্শন

করিবে, অর্থাৎ শ্রবণাদি দ্বারা অবগত হইবে [কিন্তু তাঁহার রূপদর্শনের অভিলাষী হইবে না]।

২০। যেন প্রকাশতে বিশ্বং যত্রৈব প্রবিলীয়তে।
তদ্ব্রহ্ম পরমং শান্তং তদ্ব্রহ্মাস্মি পরং পদম্।

ব্যাখ্যা। যেন (পরমাত্মনা) বিশ্বং প্রকাশতে, তত্র এব [বিশ্বম্] প্রবিলীয়তে, তৎ (প্রসিদ্ধম্) পরমং শান্তং ব্রহ্ম, তৎ পরম্ (পরমম্) পদম্ (আশ্রয়স্বরূপম্) ব্রহ্ম [অহম্] অস্মি ॥

অনুবাদ। যে পরমাত্মা এই বিশ্ব প্রকাশিত করিতেছেন এবং যাহাতে এই বিশ্ব সংসার লয় প্রাপ্ত হইবে, তিনিই প্রশান্ত ব্রহ্ম, আবার আমিই সেই, জগতের আশ্রয়স্বরূপ ব্রহ্ম ॥

২১। পঞ্চব্রহ্ম পরং বিদ্যাৎ সদ্যোজাতাদিপূর্ব্বকম্।
দৃশ্যতে শ্রূয়তে যচ্চ পঞ্চব্রহ্মাত্মকং স্বয়ম্ ॥

ব্যাখ্যা। সদ্যোজাতাদিপূর্ব্বকং পঞ্চব্রহ্ম, পরম্ (ব্রহ্ম) বিদ্যাৎ ; যৎ দৃশ্যতে শ্রূয়তে চ [তৎ] পঞ্চব্রহ্মাত্মকং স্বয়ম্ [ব্রহ্মেতি জানীয়াৎ] ॥

অনুবাদ। সদ্যোজাতপ্রভৃতি পঞ্চব্রহ্মকে

পরব্রহ্ম বলিয়া জানিবে, আর যাহা দৃষ্ট হয় এবং শ্রুত হয়, তাহাকেও পঞ্চব্রহ্মস্বরূপ পরব্রহ্ম বলিয়া জানিবে।

২২। পঞ্চধা বর্ত্তমানং তং ব্রহ্মকার্য্যমিতি স্মৃতম্।
ব্রহ্মকার্য্যমিতি জ্ঞাত্বা ঈশানং প্রতিপদ্যতে॥

ব্যাখ্যা। [যৎ] পঞ্চধা (পঞ্চপ্রকারেণ) বর্ত্তমানম্ [সদ্যোজাতাদিকং পঞ্চব্রহ্ম] তম্ (তৎ) ব্রহ্মকার্য্যম্ ইতি স্মৃতম্ (কথিতম্), [তৎ পঞ্চব্রহ্ম] ব্রহ্মকার্য্যম্ ইতি জ্ঞাত্বা ঈশানম্ (পরমেশ্বরম্) প্রতিপদ্যতে।

অনুবাদ। নিরূপিত সদ্যোজাতাদি পঞ্চব্রহ্ম, ব্রহ্মকার্য্য বলিয়াই কথিত আছে, সেই পঞ্চব্রহ্মকে ব্রহ্মকার্য্য বলিয়া জানিতে পারিলে পরমেশ্বরত্বপ্রাপ্তি হইয়া থাকে।

২৩। পঞ্চব্রহ্মাত্মকং সর্ব্বং স্বাত্মনি প্রবিলাপ্য চ।
সোঽহমস্মীতি জানীয়াদ্বিদ্বান্ ব্রহ্মামৃতো ভবেৎ॥

ব্যাখ্যা। [যঃ] পঞ্চব্রহ্মাত্মকং সর্ব্বং স্বাত্মনি (পরমাত্মনি) প্রবিলাপ্য (বিলীনং বিভাব্য) সঃ (পরমাত্মা) অহম্

অস্মি ইতি চ জানীয়াৎ, [সঃ] ব্রহ্ম বিদ্বান্ (জানন্) [সন্] অমৃতঃ ভবেৎ।

অনুবাদ। যিনি পঞ্চব্রহ্মাত্মক সমুদায় পদার্থ পরমাত্মায় বিলীন করিয়া, সেই পরমাত্মাই আমি, ইহা অবগত হন, তিনি পরব্রহ্মস্বরূপ অবগত হইয়াছেন বলিয়া অমৃতত্ব লাভ করেন।

২৪। ইত্যেতদ্ব্রহ্ম জানীয়াদ্যঃ স মুক্তো ন সংশয়ঃ।
পঞ্চাক্ষরময়ং শম্ভুং পরব্রহ্মস্বরূপিণম্ ॥

২৫। নকারাদিযকারান্তং জ্ঞাত্বা পঞ্চাক্ষরং জপেৎ।
সর্ব্বং পঞ্চাত্মকং বিদ্যাৎ পঞ্চব্রহ্মাত্মতত্ত্বতঃ ॥

ব্যাখ্যা। যঃ ইত্যেতৎ (ইত্যেবম্) ব্রহ্ম জানীয়াৎ, সঃ মুক্তঃ [ভবতি]; [অত্র তু] সংশয়ঃ ন [অস্তি]। [যঃ] নকারাদি-যকারান্তম্ [নারায়ণায়েতি] পঞ্চাক্ষরময়ং পঞ্চব্রহ্মস্বরূপিণং শম্ভুম্ (পরমাত্মানম্) জ্ঞাত্বা, [নারায়ণায় ইতি] পঞ্চাক্ষরং (মন্ত্রম্) জপেৎ, [সঃ] পঞ্চব্রহ্মাত্মতত্ত্বতঃ (পঞ্চ-ব্রহ্মণাং যঃ আত্মা তস্মিন্ তত্ত্বতঃ যথার্থতঃ) সর্ব্বং পঞ্চাত্মকং (পঞ্চাত্মকম্) বিদ্যাৎ।

অনুবাদ। যিনি পূর্ব্বোক্তপ্রকারে ব্রহ্মকে

যা] উক্তিঃ (কথনম্) [সা] খলু মৃষা (মিথ্যা) [ভবতি] ; [অথবা] সদা তদ্রূপেণ (ব্রহ্মরূপেণ) সত্যম্, ভেদেন [যা] উক্তিঃ [সা] খলু মৃষা ; হি (যস্মাৎ) তৎ চ কারণম্ একং, ন [কার্য্যাৎ] ভিন্নং, ন [কার্য্যং কারণং চ এতদুভয়ম্] উভয়াত্মকম্ [কার্য্যাত্মকং কারণং, ন তু কারণাত্মকং কার্য্যম্ ইত্যর্থঃ]।

অনুবাদ। সর্ব্বদাই সত্যস্বরূপ ব্রহ্ম কার্য্যরূপে অবস্থিত। সুতরাং কারণ হইতে কার্য্য ভিন্ন,—এই উক্তি সম্পূর্ণরূপে মিথ্যা, সর্ব্বদা ব্রহ্মরূপে সমুদায় কার্য্যই সত্য, কিন্তু কার্য্যরূপে মিথ্যা। তাহার কারণ এই যে, কারণ এক অথচ কার্য্য হইতে ভিন্ন নহে, উভয়কে উভয়াত্মক বলা যায় না; কারণ, কার্য্যাত্মক কারণ, কিন্তু কারণাত্মক কার্য্য নহে।

৩৩। ভেদঃ সর্বত্র মিথ্যৈব ধর্মাদেরনিরূপণাৎ। অতশ্চ কারণং নিত্যমেকমেবাদ্বয়ং খলু।

ব্যাখ্যা। [ব্রহ্মণঃ] ধর্ম্মাদেঃ অনিরূপণাৎ সর্ব্বত্র (সর্ব্বেষু বিষয়েষু) ভেদঃ মিথ্যা এব, অতঃ চ খলু কারণং নিত্যম্ একম্ এব অদ্বয়ম্ [ভবতীতি শেষঃ]।

অনুবাদ। পর ব্রহ্মের কোন ধর্ম্ম নাই বলিয়া সমস্ত বিষয়েই ভেদবুদ্ধি মিথ্যা, এইজন্য কারণ নিত্য, এক এবং অদ্বিতীয়।

৩৪। অত্র কারণমদ্বৈতং শুদ্ধচৈতন্যমেব হি। অস্মিন্ ব্রহ্মপুরে বেশ্ম দহরং যদিদং মুনে॥

৩৫। পুণ্ডরীকং তু তন্মধ্যে আকাশো দহরোঽস্তি তৎ। স শিবঃ সচ্চিদানন্দঃ সোঽন্বেষ্টব্যো মুমুক্ষুভিঃ।

ব্যাখ্যা। [হে] মুনে! তত্র অদ্বৈতং শুদ্ধচৈতন্যম্ এব হি কারণম্, অস্মিন্ ব্রহ্মপুরে (ব্রহ্মণঃ আত্মনঃ যৎ পুরঃ শরীরং তস্মিন্) যদ্ ইদং দহরম্ (অল্পম্) বেশ্ম (আলয়ঃ) তন্মধ্যে (দহরবেশ্মমধ্যে) [যৎ] পুণ্ডরীকং, তৎ (তত্র) দহরঃ (অল্পঃ) আকাশঃ (জীবরূপঃ) অস্তি; সঃ (দহরাকাশঃ) শিবঃ (মঙ্গলময়ঃ) সচ্চিদানন্দঃ, মুমুক্ষুভিঃ সঃ (আত্মা) অন্বেষ্টব্যঃ।

অনুবাদ। হে মুনে! অদ্বৈত, শুদ্ধ, চৈতন্যই সকল পদার্থের কারণ, এই ব্রহ্মপুরে, অর্থাৎ দেহমধ্যে যে অল্প স্থান আছে, তন্মধ্যে যে শ্বেতপদ্ম, তাহাতে

যে দহরাকাশ আছে, সেই দহরাকাশই মঙ্গলময় সচ্চিদানন্দ। মুক্তিকাম ব্যক্তিগণ ইহাকেই অন্বেষণ করিবে।

৩৬। অয়ং হৃদি স্থিতঃ সাক্ষী সর্ব্বেষামবিশেষতঃ। তেনায়ং হৃদয়ং প্রোক্তঃ শিবঃ সংসারমোচকঃ।

ইত্যুপনিষৎ॥ ওঁ সহ নাববত্বিতি শান্তিঃ॥ হরিঃ ওঁ তৎসৎ॥

ইতি পঞ্চব্রহ্মোপনিষৎ সমাপ্তা॥

ব্যাখ্যা। অয়ম্ (আত্মা) হৃদি স্থিতঃ [সন্] সর্ব্বেষাম্ (প্রাণিনাম্) অবিশেষতঃ সাক্ষী [ভবতীতি]; তেন (হেতুনা) অয়ং (সাক্ষিস্বরূপঃ আত্মা) হৃদয়ম্ (হৃদয়াখ্যঃ সংসারমোচকঃ শিবঃ (আত্মা) প্রোক্তঃ (কথিতঃ)।

অনুবাদ। এই হৃদয়স্থ আত্মা সমুদায় প্রাণীর অবিশেষিত সাক্ষী, সেইজন্য এই বুদ্ধিসাক্ষী আত্মাকেই হৃদয় বলা যায়। ইনিই সংসার-সাগর হইতে উদ্ধারকর্ত্তা, ইহাকেই জীবাত্মা বলা হয়।

পঞ্চব্রহ্মোপনিষৎ সমাপ্ত।

কালাগ্নিরুদ্রোপনিষৎ ॥

ওঁ সহ নাববত্বিতি শান্তিঃ ॥

১। ওঁ অথ কালাগ্নিরুদ্রোপনিষদঃ সংবর্ত্তকোঽগ্নি ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ শ্রীকালাগ্নিরুদ্রো দেবতা শ্রীকালাগ্নি রুদ্রপ্রীত্যর্থে ভস্মত্রিপুণ্ড্রধারণে বিনিয়োগঃ ॥

ব্যাখ্যা। অথ (অনন্তরং) কালাগ্নিরুদ্রোপনিষদ (কালাগ্নিনামধেয়ায়াঃ উপনিষদঃ ব্রহ্মবিদ্যায়াঃ) সংবর্ত্তকঃ (তন্নামধেয়ঃ) অগ্নিঃ ঋষিঃ অনুষ্টুপ্ ("শ্লোকে ষষ্ঠং গুরুজ্ঞেয়ং" ইত্যাদি লক্ষণম্) ছন্দঃ (বৃত্তং) শ্রীকালাগ্নিরুদ্রো দেবতা শ্রীকালাগ্নিরুদ্র প্রীত্যর্থে (তন্নামধেয়ায়া দেবতায়াঃ সন্তোষবিধানার্থং) ভস্মত্রিপুণ্ড্রধারণে (ভস্মনির্ম্মিতত্রিশিখতিলকবিশেষধারণে) বিনিয়োগঃ (প্রয়োগঃ) [সর্ব্বেষামেব মন্ত্রাণাম্ ঋষিচ্ছন্দোদেবতা বিনিয়োগাদীনামবশ্যবক্তব্যত্বাদিত্যর্থঃ] ॥

অনুবাদ। কালাগ্নিরুদ্রোপনিষদের সংবর্ত্তক নামা অগ্নি ঋষি, অনুষ্টুপ্ ছন্দঃ, শ্রীকালাগ্নিরুদ্র দেবতা, এবং ভস্মত্রিপুণ্ড্রক-ধারণকালে ইহার প্রয়োগ হইয়া থাকে।

২। অথ কালাগ্নিরুদ্রং ভগবন্তং সনৎকুমারঃ

পপ্রচ্ছ, অধীহি ভগবংস্ত্রিপুণ্ড্রবিধিং সতত্ত্বম্। কিং দ্রব্যং কিয়ৎস্থানং, কতিপ্রমাণং, কা রেখা, কে মন্ত্রাঃ, কা শক্তিঃ, কিং দৈবতং, কঃ কর্ত্তা, কিং ফলমিতি চ।

ব্যাখ্যা। অথ সনৎকুমারঃ (ঋষিঃ) ভগবন্তং (ঐশ্বর্য্যশালিনং) কালাগ্নিরুদ্রং (তন্নাম্না খ্যাতং মহেশ্বরং) পপ্রচ্ছ (জিজ্ঞাসয়ামাস) ভগবন্ (হে সর্ব্বজ্ঞ।) সতত্ত্বং (সরহস্যং) ভস্মত্রিপুণ্ড্রবিধিং (ভস্মনির্ম্মিতললাটিকাবিধানম্) অধীহি (পঠ, মহ্যং কথয়েত্যর্থঃ)। [অস্য] কিং দ্রব্যং, কিয়ৎ (কিয়ৎপরিমিতং) স্থানং [কিয়ৎপরিমিতে স্থানে ইদং কর্ত্তব্যমিতি] কতিপ্রমাণং (কিয়দ্দীর্ঘং আয়তঞ্চাস্য নির্ম্মাণপরিমাণম্) রেখা বা (কিং বিধা) কে মন্ত্রাঃ (ধারণস্যেত্যর্থঃ) কা শক্তিঃ (সামর্থ্যম্) কিং দৈবতং (দেবতা) কঃ কর্ত্তা [অস্য প্রবর্ত্তকঃ] কিং ফলমিতি [এতদনুষ্ঠানেন কিং ফলমুৎপদ্যত ইত্যর্থঃ]

অনুবাদ। অনন্তর সনৎকুমারনামক ঋষি ভগবান্ কালাগ্নিরুদ্রকে জিজ্ঞাসা করিলেন, ভগবন্! সরহস্য ভস্মত্রিপুণ্ড্র বিধান আমাকে বলুন। ইহা কি দ্রব্যে, কতটুকু স্থানে এবং কত পরিমাণে প্রস্তুত করিতে হয়, ইহার কি রেখা, কি মন্ত্র, কি শক্তি, কোন্ দেবতা, কে কর্ত্তা এবং ফলই বা কি?

৩। তং হোবাচ ভগবান্ কালাগ্নিরুদ্রঃ যদ্দ্রব্যং তদাগ্নেয়ং ভস্ম সদ্যোজাতাদিপঞ্চব্রহ্মমন্ত্রৈঃ পরিগৃহ্যাগ্নিরিতি ভস্ম বায়ুরিতি ভস্ম ব্যোমেতি ভস্ম জলমিতি ভস্ম স্থলমিতি ভস্মেত্যনেনাভিমন্ত্র্য মানস্তোক ইতি সমুদ্ধৃত্য মানোমহান্তমিতি জলেন সংসৃজ্য ত্রিয়ায়ুষমিতি শিরোললাটবক্ষঃস্কন্ধেষু ত্রিয়ায়ুষৈস্ত্র্যম্বকৈস্ত্রিশক্তিভিস্তির্য্যক্তিস্রো রেখাঃ প্রকুর্ব্বীত, ব্রতমেতচ্ছাম্ভবং সর্ব্বেষু দেবেষু বেদবাদিভিরুক্তং ভবতি, তস্মাত্তৎ সমাচরেন্মুমুক্ষুর্ন পুনর্ভবায় ॥

ব্যাখ্যা। কালাগ্নিরুদ্রঃ তম্ (সনৎকুমারম্) উবাচ (জগাদ) হ (ঐতিহ্যে)। যদ্দ্রব্যং (ত্রিপুণ্ড্রস্য উপাদানং) তৎ আগ্নেয়ং (অগ্নেরুদ্ভূতং) ভস্ম, সদ্যোজাতাদিপঞ্চব্রহ্মমন্ত্রৈঃ পরিগৃহ্য আদায়) অগ্নিরিতি ভস্ম, বায়ুরিতি ভস্ম, ব্যোমেতি ভস্ম জলমিতি ভস্ম, স্থলমিতি ভস্ম, ইত্যনেন (মন্ত্রেণ) অভিমন্ত্র্য (মন্ত্রপূতং কৃত্বা) মানস্তোকঃ ইতি (অনেন মন্ত্রেণ) সমুদ্ধৃত্য (উত্তোল্য) মানোমহান্তং ইতি (অনেন মন্ত্রেণ) জলেন সংসৃজ্য (অভ্যুক্ষ্য) ত্রিয়ায়ুষম্ ইতি (মন্ত্রেণ) শিরোললাটবক্ষঃস্কন্ধেষু ত্রিয়ায়ুষৈঃ ত্র্যম্বকৈঃ ত্রিশক্তিভিঃ (এতন্মন্ত্রত্রয়েণ, তির্য্যক্ (বক্রভাবেন) তিস্রঃ রেখাঃ প্রকুর্ব্বীত [জনঃ ইতি শেষঃ]

এতচ্ছাম্ভবং (মহাদেবপ্রোক্তং) ব্রতং সর্ব্বেষু বেদেষু বেদবাদিভিরুক্তং (কথিতং) ভবতি, তস্মাৎ (হেতোঃ) তৎ (ব্রতং) মুমুক্ষুঃ (মোক্তুম্ ইচ্ছুঃ) ন পুনর্ভবায় (পুনর্জ্জন্ম-বিনাশায়) সমাচরেৎ (কুর্ব্বীত ইত্যর্থঃ)॥

অনুবাদ। কালাগ্নিরুদ্র সনৎকুমারকে বলিলেন, এই ত্রিপুণ্ড্রকের উপাদান দ্রব্য অগ্নিসম্ভূত ভস্ম সদ্যোজাতাদি পাঁচটী ব্রহ্মমন্ত্রের দ্বারা গ্রহণ করিবে, পরে অগ্নিরিতি ভস্ম ইত্যাদি মন্ত্র দ্বারা অভিমন্ত্রিত করিয়া "মানস্তোক" এই মন্ত্রে উত্তোলনপূর্ব্বক "মানো মহান্তম্" এই মন্ত্রে জলের সহিত মিশ্রিত করিবে এবং "ত্রিয়াযুষং" এই মন্ত্রের দ্বারায় মস্তক ললাট, বক্ষঃ, এবং স্কন্ধে, ত্রিয়ায়ুঃ, ত্রিনেত্র এবং ত্রিশক্তিসমন্বিত তিনটী রেখা বক্রভাবে নির্ম্মাণ করিবে। মহাদেব-প্রোক্ত এই ব্রত বৈদিকগণ সমস্ত বেদে বলিয়াছেন, অতএব মুমুক্ষুগণ পুনর্জ্জন্মদূরীকরণার্থ ইহা আচরণ করিবেন।

৮। অথ সনৎকুমারঃ পপ্রচ্ছ প্রমাণমস্য ত্রিপুণ্ড্র-ধারণস্য ত্রিধা রেখা ভবত্যাললাটাদাচক্ষুষোরা-মূর্দ্ধ্নোরাভ্রুবোর্ম্মধ্যতশ্চ, যাস্য প্রথমা রেখা সা

গার্হপত্যশ্চাকারো রজোভূর্লোকঃ স্বাত্মা ক্রিয়াশক্তিঋর্গ্বেদঃ প্রাতঃসবনং মহেশ্বরো দেবতেতি ॥

ব্যাখ্যা। অথ সনৎকুমারঃ [ঋষিঃ) পপ্রচ্ছ (পৃষ্টবান্) (অস্য ত্রিপুণ্ড্রধারণস্য প্রমাণং [কিমিতি] ত্রিধা (ত্রিপ্রকারিকা) রেখা ভবতি, [তদেব দর্শয়তি] আললাটাৎ (ললাটাদারভ্য) আচক্ষুষোঃ (চক্ষুর্দ্বয়ং যাবৎ) [একা], আমূর্দ্ধ্না (মূর্দ্ধানমারভ্য) আভ্রুবোঃ (ভ্রূদ্বয়ং যাবৎ) [দ্বিতীয়া রেখা],মধ্যতশ্চ (অনয়োর্মধ্যে চ) [তৃতীয়া রেখা] । অস্য (ত্রিপুণ্ড্রস্য) যা প্রথমা রেখা [ললাটাচ্চক্ষুরন্তং লিখিতা ; সা গার্হপত্যঃ (গৃহস্থৈরনুষ্ঠেয়ঃ) আকারঃ (আকারস্বরূপা) রজো (রজোগুণাত্মিকা) [তস্যাঃ] ভূঃ (লোকঃ) স্বাত্মা (জীবঃ) ক্রিয়াশক্তি (ক্রিয়া শক্তিযস্যাঃ সা) [কর্ম্মৈব তস্যাঃ শক্তিঃ ইত্যর্থঃ] ঋগ্বেদঃ প্রাতঃসবনং [ব্রতস্নানং] মহেশ্বরঃ দেবতা (অধিষ্ঠাত্রীত্যর্থঃ] ইতি ॥

অনুবাদ। অনন্তর সনৎকুমার জিজ্ঞাসা করিলেন,এই ত্রিপুণ্ড্রকধারণের প্রমাণ কি ? মহাদেব বলিলেন, তিন প্রকার রেখা করিবে, এক প্রকার কপাল হইতে চক্ষুঃপর্য্যন্ত, দ্বিতীয় মস্তক হইতে ভ্রূপর্য্যন্ত, তৃতীয় ইহাদের মধ্য স্থানে। ইহার প্রথম রেখা গার্হপত্য, আকারস্বরূপ, রজোগুণা-

ত্বিকা পৃথিবীই আত্মাস্বরূপ, ক্রিয়াই শক্তি, ঋক্ বেদ, প্রাতঃস্নানে ইহার প্রয়োগ এবং ইহার অধিষ্ঠাত্রী দেবতা মহাদেব।

৫। যাস্য দ্বিতীয়া রেখা সা দক্ষিণাগ্নিরুকারঃ সত্ত্বমন্তরিক্ষমন্তরাত্মা চেচ্ছাশক্তির্যজুর্ব্বেদো মাধ্যন্দিনং সবনং, সদাশিবো দেবতেতি॥

ব্যাখ্যা। অস্য যা দ্বিতীয়া রেখা সা দক্ষিণাগ্নিঃ (দক্ষিণাগ্নিস্বরূপা) উকারঃ (উকাররূপা) সত্ত্বং (সত্ত্বগুণপ্রধানা) অন্তরীক্ষম্ (আকাশম্) অন্তরাত্মা, ইচ্ছাশক্তিঃ (ইচ্ছারূপিণী শক্তিঃ) যজুর্ব্বেদঃ মাধ্যন্দিনং (তুরীয়যামিকং) সবনং (স্নানং) সদাশিবো দেবতা ইতি॥

অনুবাদ। ইহার এই যে দ্বিতীয় রেখা, তাহা দক্ষিণাগ্নি ও উকারস্বরূপ, সত্ত্বগুণপ্রধান এবং আকাশ ইহার অন্তরাত্মা, ইচ্ছানুসারিণী শক্তি, যজুর্ব্বেদ ও মধ্যাহ্ন-স্নানসময়ে ইহার প্রয়োগ এবং ইহার দেবতা সদাশিব।

৬। যাস্য তৃতীয়া রেখা সাহবনীয়ো মকারস্তমোদ্যৌর্লোকঃ পরমাত্মা, জ্ঞানশক্তিঃ, সামবেদস্তৃতীয়সবনং মহাদেবো দেবতেতি॥

ব্যাখ্যা। অস্ত যা তৃতীয়া রেখা [স্পষ্টং সর্ব্বম্]।

অনুবাদ। ইহার তৃতীয় রেখা আহবনীয় ও মকারস্বরূপ, তমোগুণাত্মিকা, স্বর্গলোক, ইহার পরমাত্মা, জ্ঞানশক্তি, সামবেদ, ইহার সান্ধ্যস্নানে প্রয়োগ এবং ইহার মহাদেব দেবতা।

৭। এবং ত্রিপুণ্ড্রবিধিং ভস্মনা করোতি যো বিদ্বান্ ব্রহ্মচারী গৃহী বানপ্রস্থো যতির্ব্বা, স মহা-পাতকোপপাতকেভ্যঃ পূতো ভবতি, স সর্ব্বেষু তীর্থেষু স্নাতো ভবতি, স সর্ব্বান্ বেদানধীতো ভবতি, স সর্ব্বান দেবান্ জ্ঞাতো ভবতি, স সততং সকলরুদ্রমন্ত্রজাপী ভবতি, স সকলভোগান্ ভুঙ্‌ক্তে দেহং ত্যক্ত্বা শিবসাযুজ্যমেতি ন স পুনরাবর্ত্ততে ন স পুনরাবর্ত্তত ইত্যাহ ভগবান্ কালাগ্নিরুদ্রঃ॥ যস্ত্বেত-দ্বাধীতে সোঽপ্যেবমেব ভবতীত্যোম্ সত্যমিত্যুপনিষৎ। ওঁ সহ নাববত্বিতি শান্তিঃ॥

ইতি কালাগ্নিরুদ্রোপনিষৎ সমাপ্তা॥

ব্যাখ্যা। এবম্ (উক্তরূপেণ) যো বিদ্বান্ ব্রহ্মচারী গৃহী

বা নপ্রস্থাবলম্বী, যতিঃ (সংযমশীলঃ) বা ভস্মনা ত্রিপুণ্ড্রবিধিং করোতি স মহাপাতকোপপাতকেভ্যঃ (মহাপাতকেভ্যঃ ব্রহ্ম-হত্যাদিভ্যঃ উপপাতকেভ্যঃ প্রাণিহত্যাদিভ্যঃ) পূতঃ (পবিত্রো) ভবতি। স সর্ব্বেষু তীর্থেষু স্নাতো ভবতি (সর্ব্বতীর্থস্নানফলং লভতে), স সর্ব্বান্ বেদান্ অধীতো ভবতি (সর্ব্ববেদাধ্যায়ফল-ভাগ্ ভবতি) ; সর্ব্বান্ দেবান্ (ইন্দ্রাদীন্) জ্ঞাতো ভবতি, স সততং (নিরন্তরং) সকলরুদ্রমন্ত্রজাপী ভবতি, (নিরন্তরসকল-রুদ্রমন্ত্রজপফলভাগী ভবতি) স সকলভোগান্ ভুঙ্ক্তে, দেহং ত্যক্ত্বা শিবসাযুজ্যম্ (শিবতুল্যতাম্) এতি (প্রাপ্নোতি) স পুনঃ (ভূয়ঃ) ন আবর্ত্ততে (সংসারং প্রাপ্নোতি)। [বীপ্সা অধ্যায়পরিসমাপ্তৌ] কালাগ্নিরুদ্রঃ ইত্যেবং (উক্তপ্রকারম্) আহ (কথয়ামাস), যস্তু (জনঃ) এতৎ (উপনিষদ্রূপং বস্তু অধীতে) বা সোঽপি এবমেব (মোক্ষাদিসম্পন্নো ভবতি) ওঁ সত্যং (এতৎ সত্যং ভবতু) [ওঁ স্বীকারার্থে] ওঁ সহনাব-বত্বিতি শান্তিঃ।

অনুবাদ। যে জন উক্তপ্রকারে এই ত্রিপুণ্ড্রবিধি পালন করে, সে বিদ্বান্ বা ব্রহ্মচারী, গৃহী বা বানপ্রস্থাবলম্বী, অথবা যতি হউক না কেন, সে সমস্ত মহাপাতক এবং উপপাতক হইতে মুক্ত হয়। সে সকল তীর্থস্থানের পুণ্যলাভ করে, সকল

বেদাধ্যয়নের ফললাভ করে, সকল দেবগণকে জানিতে পারে, সতত সকল রুদ্রমন্ত্র জপের ফল প্রাপ্ত হয়, সকল ভোগভাগী হয়। দেহ-ত্যাগান্তে শিবসাযুজ্য প্রাপ্ত হয়। তাহার আর পুনর্ব্বার সংসারে আসিতে হয় না। ইহা ভগবান্ কালাগ্নিরুদ্র বলিয়াছিলেন।

ইতি কালাগ্নিরুদ্রোপনিষৎ সমাপ্ত।

যাজ্ঞবল্ক্যোপনিষৎ।

ওঁ পূর্ণমদ ইতি শান্তিঃ ॥

১। হরিঃ ওঁ অথ জনকো হ বৈদেহো যাজ্ঞবল্ক্যমুপসমেত্যোবাচ ভগবন্ সন্ন্যাসমনুব্রূহীতি কথং সংন্যাসলক্ষণম্। স হোবাচ যাজ্ঞবল্ক্যো ব্রহ্মচর্য্যং সমাপ্য গৃহী ভবেৎ। গৃহাদ্বনী ভূত্বা প্রব্রজেৎ। যদি বেতরথা ব্রহ্মচর্য্যাদেব প্রব্রজেদ্‌গৃহাদ্বা বনাদ্বা। অথ পুনর্ব্রতী বাব্রতী বা স্নাতকো বাঽস্নাতকো বা উৎসন্নাগ্নিরনগ্নিকো বা যদহরেব বিরজেৎ তদহরেব প্রব্রজেৎ। তদেকে প্রাজাপত্যামেবেষ্টিং কুর্ব্বন্তি অথবা ন কুর্য্যাদাগ্নেয্যামেব কুর্য্যাৎ। অগ্নির্হি প্রাণঃ। প্রাণমেবৈতয়া করোতি। ত্রৈধাতবীয়ামেব কুর্য্যাৎ। এতয়ৈব ত্রয়ো ধাতবো যদুত সত্ত্বং রজস্তম ইতি। অয়ং তে যোনির্ঋত্বিজো যতো জাতো অরোচথাঃ। তং জানন্নগ্ন আরোহাথানো বর্দ্ধয়ারয়িমিত্যনেন মন্ত্রেণাগ্নিমাজিঘ্রেৎ। এষ বা অগ্নের্যোনিঃ যঃ প্রাণম্। গচ্ছ স্বাং যোনিং

গচ্ছ স্বাহেত্যেবমেবৈতদাগ্রামাদগ্নিমাহৃত্য পূর্ব্ববদগ্নি-মাজিঘ্রেৎ, যদগ্নিং ন বিন্দেদপ্সু জুহুয়াদাপো বৈ সর্ব্বা দেবতাঃ সর্ব্বাভ্যো দেবতাভ্যো জুহোমি স্বাহেতি সাজ্যং হবিরনাময়ম্। মোক্ষমন্ত্রস্ত্রয্যেবং বেদং তদ্ ব্রহ্ম তদুপাসিতব্যম্। শিখাং যজ্ঞোপবীতং ছিত্বা সংন্যস্তং ময়েতি ত্রিবারমুচ্চরেৎ। এবমেবৈতদ্ভগবন্নিতি বৈ

ব্যাখ্যা। অথ (আরম্ভে) বৈদেহঃ) (বিদেহাধিপতিঃ) [রাজর্ষিঃ] জনকঃ যাজ্ঞবল্ক্যম (তন্নামধেয়ং মুনিম্) উপসমেত্য (তন্মুনিসকাশমাগত্য উবাচ (উক্তবান্) হ (ঐতিহ্যে) ভগবন্। (হে দেব) সন্ন্যাসম্ অনুব্রূহি (সন্ন্যাসবিষয়ে মামুপদিশতু ভবানিত্যর্থঃ)। সন্ন্যাসলক্ষণম্ (সন্ন্যাসস্ত স্বরূপং) কথং (কিংরূপমিত্যর্থঃ) সঃ (মুনিঃ) যাজ্ঞবল্ক্যঃ উবাচ হ ব্রহ্মচর্য্যং সমাপ্য (আদৌ ব্রহ্মচর্য্যাশ্রমকর্ত্তব্যং পরিপাল্য) গৃহী (গৃহস্থা-শ্রমী) ভবেৎ। গৃহাৎ (গৃহস্থাশ্রমকর্ত্তব্যপরিপালনানন্তরং) বনী ভূত্বা (বানপ্রস্থাশ্রমমবলম্ব্য) প্রব্রজেৎ (তদাশ্রমকর্ত্তব্যং পরিসমাপ্য প্রব্রজ্যাশ্রমং সন্ন্যাসমিত্যর্থঃ গৃহ্ণীয়াৎ)। যদি বা (অথবা) [যদি প্রবলতরবৈরাগ্যং সঞ্জায়তে তর্হীত্যর্থঃ] ইতরথা (প্রকারান্তরেণ) [যথোক্তক্রমং বিলঙ্ঘ্যেতি ভাবঃ] ব্রহ্ম-

চর্য্যাদেব (মধ্যবর্ত্তিনমাশ্রমদ্বয়মপরিগৃহ্যৈবেতি ভাবঃ) বা (কিংবা) গৃহাৎ (গার্হস্থ্যাশ্রমাৎ) বনাৎ (বানপ্রস্থাৎ) বা প্রব্রজেৎ (প্রব্রজ্যাশ্রমং স্বীকুর্ব্বীত) [যৎক্ষণ এব বিষয়েষু বৈরাগ্যমুৎপদ্যেত তৎক্ষণ এব ভৈক্ষ্যমবলম্বেত, নাত্র কালাকাল-বিচারঃ কর্ত্তব্য ইতি ভাবঃ] অথ পুনঃ (পক্ষান্তরে) অব্রতী (ব্রতানমুষ্ঠায়ী) বা, ব্রতী (ব্রহ্মচারী) বা স্নাতকঃ (ব্রহ্মচর্য্য-মবলম্ব্য গুরুগৃহে নিখিলবেদাধ্যয়নানন্তরং সমাবর্ত্তনকালে স্নানবিধিপরিপালয়িতা) বা অস্নাতকঃ (যথোক্তবিধেরনমু-ষ্ঠাতা) বা উৎসন্নাগ্নিঃ (নষ্টাগ্নিকঃ, মৃতভার্য্য ইত্যর্থঃ) বা (অথবা) অনগ্নিকঃ (অবিদ্যমানঃ অগ্নির্যস্য সঃ অবিবাহিত-ইত্যর্থঃ) যদহরেব (যস্মিন্নেব দিনে) বিরজেৎ (বিষয়েষু বিরক্তো ভবেৎ) তদহরেব (তস্মিন্নেব দিনে) প্রব্রজেৎ (পারি-ব্রাজ্যমাশ্রয়েৎ)। তৎ (তদনন্তরং সন্ন্যাসাশ্রমগ্রহণানন্তরম্) একে (সন্ন্যাসিনঃ) প্রাজাপত্যাম্ (প্রজাপতিদেবতাকাম্) এব ইষ্টিং (যজ্ঞং) কুর্ব্বন্তি (অনুতিষ্ঠন্তি)। অথবা (কিংবা) ন কুর্য্যাৎ (প্রাজাপত্যানামধেয়া ইষ্টির্নানুষ্ঠাতব্যা) আগ্নেয়ীম্ এব কুর্য্যাৎ (অগ্নিদেবতাকা এব ইষ্টিঃ করণীয়া)। হি (যতঃ) অগ্নিঃ [এব] প্রাণঃ এতয়া (পূর্ব্বোক্তয়া অগ্নিদেবতা-কয়া ইষ্ট্যা) প্রাণম্ এব করোতি (যজমানস্য প্রাণনশক্তিমেব বর্দ্ধয়তি)। [অথবা] ত্রৈধাতবীয়াম্ (ত্রিধাতুসম্বন্ধীয়াম্) এব [ইষ্টিং] কুর্য্যাৎ (অনুতিষ্ঠেৎ), সত্ত্বং, রজঃ, তম ইতি [নাম্না

প্রসিদ্ধাঃ] যৎ (যে) উত (এব) [পদার্থাঃ] এতে এব ত্রয়ো ধাতবঃ (ত্রিধাতুত্বেন লোকে প্রথিতাঃ) । অগ্নে । (হে বহ্নে) ঋত্বিজঃ (ঋতৌ ঋতৌ যজনশীলস্য পুরোহিতস্য) যতঃ (যস্মাৎ প্রাণাৎ প্রাণনশক্তেরিত্যর্থঃ) জাতঃ (উৎপন্নঃ) [ত্বং] অরোচথাঃ (দীপ্তিমলভথাঃ) অয়ং (এষঃ প্রাণঃ) তে (তব) যোনিঃ (উৎপত্তেরাদিকারণং) । তং (যথোক্তম্ ঋত্বিক্প্রাণং) জানন্ (ত্বদাদিকারণত্বেন অবগচ্ছন্) [হে] অগ্নে, [ত্বম্] আরোহাথাঃ (হোমাধারে আরোহণমকুরুথাঃ) [অত এব ত্বমিদানীং সন্তুষ্টঃ সন্] নঃ (অস্মাকং) রয়িম্ (অন্নং) বর্দ্ধয় (প্রাচুর্য্যং প্রাপয়) ইত্যনেন (যথোক্তেন) মন্ত্রেণ (মন্ত্রমুচ্চার্য্য ইত্যর্থঃ অগ্নিমাজিঘ্রেৎ (অগ্নিঘ্রাণং গৃহ্ণীয়াৎ) । যঃ প্রাণঃ (প্রাণনাম্না প্রসিদ্ধো যঃ পদার্থ), এষঃ বৈ (এব) হ (ঐতিহ্যে) অগ্নের্যোনিঃ (উৎপত্তিস্থলম্) ; এবমেব (এতস্মাদেব হেতোঃ) [হে অগ্নে, ত্বং] স্বাং (তব স্বকীয়াং) যোনিং (উৎপত্তিস্থলং) প্রাণং গচ্ছ [তুভ্যং] স্বাহা ইত্যেতৎ (বচনং) [সত্যমিত্যর্থঃ] । আগ্রামাৎ (গ্রামসীমাতঃ অগ্নিম্ আহৃত্য (সংগৃহ্য) পূর্ব্ববৎ অগ্নিমাজিঘ্রেৎ (তদগ্নিঘ্রাণং গৃহ্ণীয়াৎ) যৎ (যদি) অগ্নিং ন বিন্দেৎ (ন লভেত) [তদা] অপ্সু (জলেম্বেব) জুহুয়াৎ (হোমং কুর্য্যাৎ) ; বৈ (যতঃ) আপঃ [এব] সর্ব্বাঃ দেবতাঃ । স্বাহেতি [শব্দমুচ্চার্য্য] সর্ব্বাভ্যঃ দেবতাভ্যঃ জুহোমি (হোমমহং করোমি) ইতি [হুত্বা] অনাময়ম্ (অত্যুৎকৃষ্টং) সাজ্যং স-

ঘৃতং হবিঃ (হবনীয়দ্রব্যং) [প্রাশ্নীয়াদিতি শেষঃ]। ত্রয়ী (ব্রহ্মবিদ্যা) [এব] মোক্ষমন্ত্রঃ মোক্ষপ্রদো বেদভাগঃ) [তথা] তৎ (তত্র বেদভাগে) [বর্ণিতং] তৎ (প্রসিদ্ধং) ব্রহ্ম উপাসিতব্যমিত্যেবং [যঃ] বেদ (জানাতি) [স সন্ন্যাসীতি শেষঃ]। শিখাং যজ্ঞোপবীতং [চ] হিত্বা সন্ন্যস্তং (সন্ন্যাসাশ্রমং সংশ্রিতং) ময়েতি [বাক্যং] ত্রিবারং (বারত্রয়ম্) উচ্চরেৎ [সন্ন্যাসমবলম্বিতুমিচ্ছুর্জন ইতি শেষঃ]। ভগবন্ (দেব) যাজ্ঞবল্ক্য, এতৎ (সন্ন্যাসলক্ষণম্) এবমেব (ভবদুক্তবদেব) ইতি বৈ [উবাচ সঃ রাজর্ষির্জনকঃ]।

অনুবাদ। এক সময়ে বিদেহ দেশের অধিপতি রাজর্ষি জনক মহর্ষি যাজ্ঞবল্ক্যের নিকট উপস্থিত হইয়া বলিলেন যে, দেব, আপনি আমাকে সন্ন্যাস বিষয়ে উপদেশ প্রদান করুন এবং ইহার যথার্থ স্বরূপই বা কি, তাহাও বুঝাইয়া বলুন। তখন যাজ্ঞবল্ক্য বলিলেন যে, প্রথমে দ্বাদশ বৎসর গুরুগৃহে ব্রহ্মচর্য্য ব্রত অবলম্বন করিয়া বেদ পাঠ করা উচিত। তাহার পর গার্হস্থ্য ধর্ম্ম যথাযথ পালন করিয়া বানপ্রস্থাশ্রমী হইয়া সর্ব্বশেষে সন্ন্যাস গ্রহণ করিতে হয়।

* আর বৈরাগ্য যদি অতিশয় প্রবল পরিমাণে প্রকাশ পায়,তবে ব্রহ্মচর্য্যাশ্রমের কর্ত্তব্যগুলি পালন করার পরই সন্ন্যাস গ্রহণ করা যাইতে পারে। অথবা বৈরাগ্যের প্রবলতা বুঝিয়া গার্হস্থ্যাশ্রম বা বানপ্রস্থাশ্রমের পর সন্ন্যাস গ্রহণ করিতে হয়। কিন্তু যখনই লোকের সংসারের উপর তীব্র বিরাগ উপস্থিত হয়, তখনই সে সমস্ত ত্যাগ করিয়া সন্ন্যাস গ্রহণ করিতে পারে। তখন জীবনে সে ব্রতাবলম্বী ছিল কি না, সমগ্র বেদাধ্যয়ন তাহার সমাপ্ত হইয়াছিল কি না, সে বিবাহিত বা তাহার স্ত্রী মৃত কি না এ সকল কোন বিচারের আর আবশ্যক করে না। এক সম্প্রদায়ের সন্ন্যাসীরা প্রজাপতির উদ্দেশে যজ্ঞ করিয়া থাকেন, কেহ কেহ বা তাহা না করিয়া অগ্নির উদ্দেশে করিয়া থাকেন; কারণ অগ্নিই হইতেছেন প্রাণ; এইজন্য অগ্নির উদ্দেশে যজ্ঞ করিলে আমাদের প্রাণনশক্তি বৃদ্ধি পাইয়া থাকে। কেহ বা সত্ত্ব, রজঃ ও তম নামে যে তিনটী পদার্থ আমাদের এই শরীরকে ধারণ করিয়া রাখিয়াছে, তাহাদেরই উদ্দেশ্যে যজ্ঞ করিয়া

থাকেন। যাহা হউক, অগ্নির উদ্দেশে যজ্ঞ করিতে হইলে, প্রথমে, "হে অগ্নে!, যজনশীল পুরোহিতের যে প্রাণ হইতে তুমি জন্মলাভ করিয়া দীপ্তি পাইতেছ, তাহাকেই তোমার উৎপত্তির আদি কারণ মানিয়া তুমি ঐ হোমাধার-কুণ্ডে আরোহণ করিয়াছ, এখন অনুগ্রহ করিয়া আমাদের শস্যসম্পৎ যাহাতে বৃদ্ধি পায়, তাহার উপায় কর" এই বলিয়া সেই অগ্নিকে আঘ্রাণ করিতে হইবে। প্রাণ বলিয়া যে শক্তিস্রোতঃ রাত্রিদিন আমাদের এই জড় শরীরপিণ্ডটাকে স্পন্দিত করিয়া প্রবাহিত হইতেছে, তাহাকেই অগ্নির যোনি বলিয়া জানিবে। এইজন্যই দেখিতে পাই একস্থলে অগ্নিকে উদ্দেশ করিয়া বলা হইতেছে যে, "হে অগ্নে! এইবার আমি আমার সর্ব্বশেষের ঘৃতাহুতিটী তোমাকে প্রদান করিলাম; এখন তুমি তোমার আদিনিকেতন প্রাণশক্তির মধ্যে বিলীন হইয়া অবস্থান কর"। গ্রামসীমা হইতে অগ্নি সংগ্রহ করিয়া আনিয়া তাহাকে পূর্ব্বের ন্যায় আঘ্রাণ করিবে, অগ্নি যদি না পাওয়া যায়, তবে জলেতেই আহুতি

প্রদান করিতে হয় ; কেন না সব দেবতাই এই এক জলের মধ্যেই আছেন। "আমি সমস্ত দেবতার উদ্দেশে এই দ্রব্যগুলি আহুতি প্রদান করিতেছি", এই বলিয়া হোমশেষ করিয়া ঘৃতময় সেই অতি উৎকৃষ্ট হোমাগ্নিপক্ক দ্রব্যগুলি ভক্ষণ করিতে হয়। যিনি ত্রয়ী বিদ্যাকেই মুক্তিপ্রদ এবং তাহাতে যে ব্রহ্মের কথা বলা হইয়াছে, তিনিই একমাত্র উপাস্য,—এই কথাটী অধিক বুঝিয়াছেন, তিনিই যথার্থ সন্ন্যাসী। সন্ন্যাস গ্রহণ করিতে হইলে আশ্রমান্তরের চিহ্ন-রূপে বিরাজমান শিখা ও যজ্ঞসূত্র পরিত্যাগ করিয়া " আমি সন্ন্যাস গ্রহণ করিলাম" এই কথাটী তিনবার উচ্চারণ করিতে হয়। তখন রাজর্ষি জনক যাজ্ঞবল্ক্যকে সম্বোধন করিয়া বলিলেন যে, দেব ! আপনি সন্ন্যাসের স্বরূপ সম্বন্ধে যাহা বলিলেন। তাহা যথাযথ হইয়াছে।

২। অথ হৈনমত্রিঃ পপ্রচ্ছ যাজ্ঞবল্ক্যম্ যজ্ঞো-পবীতী কথং ব্রাহ্মণ ইতি। স হোবাচ যাজ্ঞবল্ক্য ইদং প্রণবমেবাস্য তদ্‌যজ্ঞোপবীতং য আত্মা। প্রাশ্যাচম্যায়ং

বিধিরথ বা—পরিব্রাড়্বিবর্ণবাসা মুণ্ডোঽপরিগ্রহঃ শুচিরদ্রোহী ভৈক্ষমাণো ব্রহ্মভূয়ায় ভবতি। এষ পন্থাঃ পরিব্রাজকানাং বীরাধ্বনি বাঽনাশকে বাপাং প্রবেশে বাগ্নিপ্রবেশেবা মহাপ্রস্থানে বা। এষ পন্থা ব্রহ্মণা হানুবিত্তস্তেনেতি স সংন্যাসী ব্রহ্মবিদিতি। এবমেবৈষ ভগবন্নিতি বৈ যাজ্ঞবল্ক্য।

ব্যাখ্যা। অথ জনকবচনানন্তরম্) অত্রিঃ (তন্নামা কশ্চিৎ ঋষিঃ) [যস্তদানীং যাজ্ঞবল্ক্যোক্তসন্ন্যাসলক্ষণং জনকেন সার্দ্ধমশ্রৌষীদিতি ভাবঃ] হ (ঐতিহ্যে) এনম্ (পূর্ব্বোক্তং) যাজ্ঞবল্ক্যং পপ্রচ্ছ (জিজ্ঞাসিতবান্) অযজ্ঞোপবীতী কথং ব্রাহ্মণঃ? [সন্ন্যাসমাশ্রিত্য ব্রাহ্মণস্য অসাধারণচিহ্নং যজ্ঞসূত্রং পরিত্যজ্য কথং স ভৈক্ষাশ্রমী ব্রাহ্মণশব্দভাগ্ ভবতীতি প্রশ্নকর্ত্তুরাশয়ঃ] ইতি (অত্রেরিমাং পৃচ্ছামাকর্ণ্য) সঃ যাজ্ঞবল্ক্যঃ হ (ঐতিহ্যে) উবাচ যঃ আত্মা (আত্মত্বেন প্রসিদ্ধঃ যশ্চৈতন্যময়ঃ পুরুষঃ ইদং প্রণবমেব (ওঙ্কারনামা স এব) অস্য (যজ্ঞসূত্রং পরিত্যজ্য সন্ন্যাসমাশ্রিতবতঃ জনস্য) তৎ (ব্রাহ্মণজাতেরসাধারণচিহ্নত্বেন প্রসিদ্ধং) যজ্ঞোপবীতং [ভবতীতি শেষঃ] প্রাশ্য (আদৌ ভুক্ত্বা) [পশ্চাৎ] আচম্য অয়ম্ (অনন্তরোক্তঃ) বিধিঃ (সন্ন্যাসিনামসাধারণং বিধানং) [পরিপালনীয়ম্ ইতি শেষঃ]। অথবা বিবর্ণবাসাঃ (গৈরিকবস্ত্রং পরিধায়) অপরি-

গ্রহঃ [বিষয়েষু নিস্পৃহতয়া পরেভ্যঃ কিমপ্যপ্রতিগৃহ্য] ভৈক্ষমাণঃ (ভিক্ষয়া কেবলং ভোজনান্নং লভমানঃ) অদ্রোহী (শমগুণা-ন্বিততয়া কস্মৈচিদপি দ্রোহমকুর্ব্বাণঃ) শুচিঃ (বাহ্যান্তরশৌচ-সম্পন্নঃ) মুণ্ডঃ (মুণ্ডিতমস্তকঃ) পরিব্রাট্ (সন্ন্যাসী) ব্রহ্মভূয়ায় ভবতি (ব্রহ্মত্বায় কল্পতে) [ব্রহ্মত্বসম্পন্নঃ ভবতি. ব্রহ্ম বিদিত্বা ব্রহ্মৈব ভবতীতি ভাবঃ]। বীরাধ্বনি (কুলাচারপদে) বা, অনাশকে (অনশনব্রতে বা, অপাং প্রবেশে (জলাবগাহনে) বা, অগ্নিপ্রবেশে বা মহাপ্রস্থানে (মরণকালে) বা, পরিব্রাজ-কানাম্ এষঃ (অনন্তরোক্তঃ এব) পন্থাঃ (মার্গঃ) [অবশ্যাচর-ণীয়োঽয়ং বিধিরনুষ্ঠাতব্য ইতি ভাবঃ]। তেন সৃষ্টিকর্ত্তৃতয়া প্রসিদ্ধেন) ব্রহ্মণা (প্রজাপতিনা) হ (ঐতিহ্যে) এষঃ (অনন্ত-রোক্তঃ) পন্থাঃ (মার্গঃ) অনুবিত্তঃ (পরিগৃহীতঃ) ইতি (এতস্মাদেব হেতোঃ) সঃ সন্ন্যাসী (চতুর্থাশ্রমকর্ত্তব্যপরিপালয়িতা সঃ ব্রহ্মা) ব্রহ্মবিৎ (ব্রহ্মজ্ঞঃ) ইতি [ভাষ্যতে ইতি শেষঃ]। ভগবন্ (হে দেব) যাজ্ঞবল্ক্য, এষঃ (সন্ন্যাসবিধিঃ) এবমেব (ভবদুক্ত-বদেব) ইতি বৈ (এব) [উবাচ সঃ অত্রিঃ]।

অনুবাদ। এতক্ষণ অত্রিনামে একজন ঋষি যাজ্ঞবল্ক্যের কথাগুলি মনোযোগপূর্ব্বক শুনিতে ছিলেন। তিনি এখন অবসর পাইয়া জিজ্ঞাসা করি-লেন যে, মহাশয় যে ব্যক্তি উপবীত ত্যাগ করিয়া

সন্ন্যাস গ্রহণ করিল, তাহাকে আর ব্রাহ্মণ কেমন করিয়া বলিব, তখন যাজ্ঞবল্ক্য উত্তর করিলেন, আত্মা বলিয়া যে জ্ঞানজ্যোতিঃ আমাদের অন্তর-গুহায় নিত্য দীপ্তি পাইতেছেন, যাঁহাকে আমরা সময়ে সময়ে ওঙ্কার শব্দে আহ্বান করিয়া থাকি, তিনিই হইতেছেন সেই সন্ন্যাসাশ্রমীর উপবীত; অত-এব বাহিরের উপবীত নাই বলিয়া তাঁহাকে অব্রাহ্মণ বলা যায় না। ভোজন করার পর আচমন করিয়া তবে সন্ন্যাসীদিগের যে অবশ্য পরিপাল্য নিয়মের কথা পূর্ব্বে উল্লেখ করা হইয়াছে, তাহার অনুষ্ঠান করিতে হয়। যিনি মস্তক মুণ্ডন করিয়া গৈরিক বস্ত্র পরিধান করেন, স্বেচ্ছায় কেহ কোন বস্ত্র দান করিলেও যিনি স্পৃহা না থাকায় তাহা গ্রহণ করেন না; স্বভাব অতি পবিত্র বলিয়া যিনি কায়মনোবাক্যে কখনও কাহার অপকার করিতে পারেন না, দেশে দেশে ভ্রমণ করিয়া যিনি কেবল ভিক্ষা দ্বারাই কোনমতে জীবন ধারণ করেন, সেই সন্ন্যাসাবলম্বী মহাপুরুষই কেবল পরমাত্মাকে আপন হৃদয়ে অনুভব করিয়া তাঁহার

মধ্যে ডুবিয়া যাইতে পারেন। কুলাচার পালনে কিংবা অনশনব্রতের উদ্‌যাপনে, অগ্নিপ্রবেশে বা সলিলাবগাহনে, এমন কি মরণকালেও পরিব্রাজক-দিগের এই একই পথ, একই নিয়মের অনুসরণ করিতে হয়। এই বিপুল বিশ্বের বিধাতৃপুরুষ সেই ব্রহ্মাও এই পথেরই অনুসরণ করিয়া সন্ন্যাসগ্রহণ করিয়াছিলেন বলিয়াই তিনি পরমাত্মাকে জানিতে পারিয়াছেন। তখন অত্রিও যাজ্ঞবল্ক্যের কথায় সম্মতি প্রকাশ করিয়া বলিলেন যে দেব, আপনি যথার্থই বলিয়াছেন।

৩। তত্র পরমহংসাঃ নাম সংবর্ত্তকারুণিশ্বেত-কেতুদুর্ব্বাসঋভুনিদাঘদত্তাত্রেয়শুকবামদেবহারীতক প্রভৃতয়োঽব্যক্তলিঙ্গাঽব্যক্তাচারা অনুন্মত্তা উন্মত্তবদাচরন্তঃ পরস্ত্রীপুরপরাঙ্মুখাস্ত্রিদণ্ডং কমণ্ডলুং মুক্তপাত্রং জল-পবিত্রং শিখাং যজ্ঞোপবীতং বহিরন্তশ্চেত্যেতৎ সর্ব্বং ভূঃ স্বাহেত্যপ্সু পরিত্যজ্যাত্মানমন্বিচ্ছেৎ। যথা জাতরূপধরা নির্দ্বন্দ্বা নিষ্পরিগ্রহাস্তত্ত্বব্রহ্মমার্গে সম্যক্ সম্পন্নাঃ শুদ্ধমানসাঃ প্রাণসংধারণার্থং

যথোক্তকালে বিমুক্তো ভৈক্ষমাচরন্নুদরমাত্রেণ লাভালাভৌ সমৌ ভূত্বা করপাত্রেণ বা কমণ্ডলূদকপো ভৈক্ষমাচরন্নুদরমাত্রসংগ্রহঃ পাত্রান্তরশূন্যো জলস্থলকমণ্ডলুরবাধকরহঃস্থলনিকেতনো লাভালাভৌসমৌ ভূত্বা শূন্যাগারদেবগৃহতৃণকূটবল্মীকবৃক্ষমূলকুলাল-শালাগ্নিহোত্রশালানদীপুলিন গিরিকুহরকোটরকন্দরনির্ঝরস্থণ্ডিলেম্বনিকেতনিবাস্যপ্রযত্নঃ শুভাশুভকর্ম্মনির্ম্মূলনপরঃ সন্ন্যাসেন দেহত্যাগং করোতি স পরমহংসো নামেতি। আশাম্বরো ননমস্কারো ন দারপুত্রাভিলাষী লক্ষ্যালক্ষ্যনির্ব্বর্ত্তকঃ পরিব্রাট্ পরমেশ্বরো ভবতি। অত্রৈতে শ্লোকা ভবন্তি।

ব্যাখ্যা। সংবর্ত্তকারুণিশ্বেতকেতুদুর্ব্বাসঋভুনিদাঘদত্তাত্রেয়শুক-বামদেব-হারীতকপ্রভৃতয়ঃ (তত্তন্নামধেয়াঃ মুনয়ঃ) তত্র (সন্ন্যাসাশ্রমিমধ্যে) পরমহংসা নাম (পরমহংসসংজ্ঞকসম্প্রদায়বিশেষান্তর্গতাঃ) [ভবন্তীতি শেষঃ]। [তে খলু] অনুন্মত্তাঃ [অপি] উন্মত্তবৎ (উন্মত্তা ইব) আচরন্তঃ (ব্যবহরন্তঃ) পরস্ত্রীপরাঙ্মুখাঃ (নৈব খলু পরদারপরায়ণাঃ) অব্যক্তলিঙ্গাঃ (অব্যক্তমপ্রকাশিতং লিঙ্গং চিহ্নং যেষাং তে) [তথা] অব্যক্তাচারাশ্চ (অপ্রকটিতব্যবহারাশ্চ) [ভবন্তীতি শেষঃ]। [তথা-

পরমহংসসম্প্রদায়বিশেষঃ] ত্রিদণ্ডং (দণ্ডত্রয়ং) কমণ্ডলুং, জলপবিত্রং ভুক্তপাত্রং (ভুক্তস্য ভোজনস্য পাত্রং) শিখাং, যজ্ঞোপবীতং [চ] সর্ব্বং "ভূঃ স্বাহা" ইতি [মন্ত্রমুচ্চার্য্য, ন কেবলং] বহিঃ (বাহ্যতঃ) [অপিতু] অন্তশ্চ (অন্তরতশ্চ) অপ্সু (জলেষু) পরিত্যজ্য (নিঃক্ষিপ্য) আত্মানম্ অন্বিচ্ছেৎ (আত্মজ্ঞানলাভায় প্রযতেত)। যথা জাতরূপধরাঃ (জাতস্য শিশোর্যৎ রূপং স্বভাবঃ, তমনতিক্রম্য যথাজাতরূপং, তস্য ধরন্তীতি ধরাঃ বালস্বভাবা ইত্যর্থঃ) নির্দ্বন্দ্বাঃ (সুখদুঃখাদ্যতীতাঃ) নিষ্পরিগ্রহাঃ (স্বেচ্ছয়া দাতৃভিঃ দত্তমপি বস্তু নিস্পৃহতয়া অগৃহ্ণন্তঃ)তত্ত্বব্রহ্মমার্গে (তত্ত্বং সংসারস্য যৎ যাথার্থ্যং, তদধিষ্ঠানতঃ সত্যমিত্যর্থঃ ব্রহ্ম বিদ্যতে, তস্য মার্গে, তদারাধনপথে) সম্যক্ সম্পন্নাঃ) (দৃঢ়লগ্নাঃ) [ব্রহ্মজ্ঞানপরায়ণাঃ] শুদ্ধমানসাশ্চ (পবিত্রচিত্তাশ্চ) [ভবন্তি তে পরিব্রাজকসম্প্রদায়বিশেষা ইতি শেষঃ] । [তথা সঃ পরমহংসসম্প্রদায়ঃ] যথোক্তকালে (জ্ঞানোদয়সময়ে) বিমুক্তঃ (স্খলিতসংসারবন্ধনঃ) [অপি] প্রাণসন্ধারণার্থং (জীবনরক্ষায়ৈ) লাভালাভৌ সমৌ (লাভালাভয়োঃ সম ইত্যর্থঃ) "[সুখেষু বিগতস্পৃহঃ দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ" ইতি ভাবঃ] ভূত্বা উদরপাত্রেণ (উৎ ঈষৎ, অরং অল্পকং ছিদ্রং যস্য, তৎ তাদৃশেন পাত্রেণ,ক্ষুদ্রপাত্রেণ ইত্যর্থঃ ; অথবা উদরমেব পাত্রং তেন) বা (কিংবা) করপাত্রেণ (করঃ করতলমেব পাত্রং তেন) ভৈক্ষম্ আচরন্ (ভিক্ষয়া অন্নং লভমানঃ [তিষ্ঠতীতি শেষঃ] [অথবা যঃ]

ভৈক্ষমাচরন্ (সন্ন্যাসমাশ্রয়ন্) লাভালাভৌ সমৌ ভূত্বা (লাভালাভয়োস্তুল্যঃ সন্) উদরমাত্রসংগ্রহঃ (জঠরপরিপূর্ত্তিপরিমিতান্নাহরণতৎপরঃ) [অত এবাসঞ্চয়িতয়া] পাত্রান্তরশূন্যঃ (উদররূপাৎ পাত্রাৎ অন্যস্য পাত্রস্য প্রয়োজনাভাববান্) জলস্থলকমণ্ডলুঃ (জলে স্থলে চ কমণ্ডলুপাণিঃ) কমণ্ডলূদকরূপঃ (কমণ্ডলুমধ্যস্থম্ উদকমেব পিবতীতার্থঃ) অবাধকরহঃস্থলনিকেতনঃ (অবাধকং ব্যাধিহীনং, যৎ রহঃস্থলং গোপনীয়স্থানং তত্রৈব নিকেতনং নিবাসো যস্য সঃ). [তথা] শূন্যাগারদেবগৃহতৃণকূটবল্মীকবৃক্ষমূলকুলালশালাগ্নিহোত্রশালানদীপুলিনগিরিকুহরকোটরকন্দরনির্ঝরস্থণ্ডিলেষু 'পরিত্যক্তাগারে, মন্দিরে, তৃণানাং কূটস্য বল্মীকস্য বৃক্ষস্য চ তলভাগে, কুম্ভকারস্য গৃহে, অগ্নিভবনে সরিত্তটে. পর্ব্বতগহ্বরে, তরুকোটরে, গিরিগুহায়াং. নির্ঝরপার্শ্বে, যজ্ঞিয়পরিষ্কৃতভূভাগে চ) অনিকেতনিবাসী (নিকেতনমনির্ম্মায় বাসশীলঃ) শুভাশুভকর্ম্মনির্ম্মূলনঃ (সঞ্চিতং যৎ শুভমশুভঞ্চ কর্ম্ম, তদুভয়োঃ প্রণাশপরায়ণঃ) সন্ন্যাসেন (সর্ব্বভোগবিবর্জ্জনেন) দেহত্যাগং করোতি (ভৌতিকশরীরং ত্যজতি) সঃ [এব জনঃ] পরমহংসঃ নাম (পরমহংসসংজ্ঞয়া প্রসিদ্ধঃ ইতি। আশাম্বরঃ (দিগম্বরঃ), ন নমস্কারঃ, (নমঃ নমস্কারং) [শ্রৌতাদবিসর্জ্জনীয়লোপঃ) গুণাধিকেষু বয়োজ্যেষ্ঠেষু কর্ত্তব্যতয়া স্মরতি যঃ. সঃ নমস্কারঃ, স ন ভবতীত্যর্থঃ) ন দারপুত্রাভিলাষী (ন স্ত্রীতনয়কামী) লক্ষ্যালক্ষ্যনির্বিতর্কঃ (ইদং

যে লক্ষ্যম্ অলক্ষ্যাঙ্ক ইতি বিচারবিবর্জ্জিতঃ অনাসক্ত ইত্যর্থঃ) পরিব্রাট্ (সন্ন্যাসী) পরমেশ্বরঃ ভবতি (ব্রহ্মজ্ঞতয়া ব্রহ্মৈব ভবতি)। অত্র (সন্ন্যাসিনাং বিধিনিষেধবিষয়ে) এতে (বক্ষ্যমাণাঃ) শ্লোকাঃ ভবন্তি (বিদ্যন্তে)॥

অনুবাদ। পূর্ব্বকালে যাঁহারা সন্ন্যাসগ্রহণ করিয়াছিলেন তাঁহাদের মধ্যে সংবর্ত্তক, আরুণি, শ্বেতকেতু, দুর্ব্বাসা, ঋভু, নিদাঘ, দত্তাত্রেয়, শুক, বামদেব এবং হারীতপ্রভৃতি মহামহা ঋষিগণ পরমহংসসম্প্রদায়ের অন্তর্ভুক্ত ছিলেন। তাঁহাদের মধ্যে অবশ্য কেহই সত্য সত্যই উন্মত্ত না হইলেও বাহিরের ব্যবহার দেখিয়া প্রত্যেককেই উন্মত্ত বলিয়া মনে হইত। পরস্ত্রীর গৃহপানে তাঁহারা ফিরিয়া চাহিতেন না। সাধারণের দৃষ্টিপথ হইতে আপনাদিগকে তাঁহারা এমন অন্তরাল করিয়া রাখিয়াছিলে যে, বাহিরের কোন আচার, ব্যবহার, বা লক্ষ দেখিয়া (তাঁহাদিগকে) একটুও চিনিতে পা যাইত না। যাঁহারা এই পরমহংস-সম্প্রদায়ের অ ভুক্ত হইতে ইচ্ছা করেন, তাঁহাদিগকে প্রথমে ত্রিদণ্ড, কমণ্ডলু, জলে ধৌত করিয়া পবিত্র ক ভোজনপাত্র, শিখা এবং যজ্ঞসূত্র এই সমস্তই "ওঁ ভূ

স্বাহা" বলিয়া জলে ফেলিয়া দিয়া আত্মজ্যোতিঃ যাহাতে ফুটিয়া উঠে, তাহার চেষ্টা করিতে হয়। কিন্তু ওগুলি কেবল বাহিরের লোককে জানাইয়া ফেলিয়া দিলেই হইল না, দেখিতে হইবে যে "আমি শান্তং শিবম্ অদ্বৈতম্," আমার আবার ওগুলিতে কিসের আবশ্যক, অন্তরে অন্তরে এমন কোন একটা ভাবের প্রেরণা পাওয়া যাইতেছে কি না। স্বভাব ইহাঁদের শিশুর মত সরল, চিত্ত ইহাঁদের গঙ্গাজলের মত পবিত্র, সাংসারিক সুখদুঃখ বা লাভালাভ কোনও দিনের জন্য ইহাঁদের বিবেকবুদ্ধিকে আচ্ছন্ন করিতে পারে না, স্বেচ্ছায় কেহ কিছু দান করিলেও এক আত্মা ছাড়া আর কিছুরই উপর স্পৃহা না থাকায় ইহাঁরা তাহা গ্রহণ করিতে পারেন না, এই বিরাট্ ব্রহ্মাণ্ডের মধ্যে যিনি "সত্যং" ইহাঁরা কেবল দৃঢ়চিত্তে তাঁহারই পথের অনুসরণ করিয়া চলিয়াছেন। যদিও সন্ন্যাসী আত্মজ্যোতিঃ ফুটিয়া উঠিলেই তাহারই আলোকে আপনার যথার্থ স্বরূপটী জানিতে পারিয়া মিথ্যা আতঙ্কের হাত হইতে মুক্তিলাভ করেন, তাহা

হইলেও তখনও তাঁহাকে জীবনরক্ষার জন্য সাংসারিক ক্ষতিবৃদ্ধিতে বিচলিত না হইয়া দ্বারে দ্বারে গিয়া কৃতাঞ্জলিপুটে ভিক্ষা করিতে হয়। কিংবা যিনি সন্ন্যাস গ্রহণ করিয়া আত্মজ্যোতিকে ফুটাইয়া তুলিবার যেখানে কোন বিঘ্ন ঘটে না, এমন নির্জ্জনস্থানে আসিয়া বাস করেন, সংসারের কোন লাভালাভকেই যিনি গণনার মধ্যে না আনিয়া জীবনরক্ষার জন্য কেবল উদরান্নের অন্বেষণ ছাড়া আর কিছুরই উপর কোন আকাঙ্ক্ষাই রাখেন না, কেবলমাত্র এক কমণ্ডলুই যাঁহার জলস্থলের সহচর হইয়া পিপাসার জল যোগাইয়া থাকে; যিনি গৃহহীন হইয়া দেশে দেশে ঘুরিয়া বেড়ান; পরিত্যক্ত জনহীন ভবন, নির্জ্জন দেবমন্দির, তৃণরাশি বল্মীক বা বিটপীর তলদেশ, অগ্নিগৃহ, নদীসৈকত, গিরি গহ্বর, কুম্ভকার গৃহ যজ্ঞধূমে পূত পরিষ্কৃতভূমি, তরুকোটর, পর্ব্বতগুহা বা নির্ঝর পার্শ্বে যাঁহার রাত্রিগুলি কাটিয়া যায়, ভালমন্দ উভয়বিধ কর্ম্মকেই যিনি মুক্তির পথের পরিপন্থী জানিয়া, তাহাদিগকে নাশ করিতে যত্নশীল,

অবশেষে সন্ন্যাস ব্রতের দ্বারাই যিনি এই জড়দেহ পরিত্যাগ করেন, তিনিই এই পরমহংসনামের যথার্থ যোগ্য পুরুষ। যিনি স্ত্রী, পুত্রের মধ্যে আপনাকে বদ্ধ করিয়া সংসারের পঙ্কিলতার মধ্যে ডুবিয়া থাকিতে ঘৃণাবোধ করেন, যাঁহার হৃদয়ে পরমাত্মজ্যোতিঃ স্ফুরিত হওয়ায় সমস্তই সেই একই অখণ্ড সত্তার অভিব্যক্তি বলিয়া প্রতিভাত হয়, তিনি আর কাহাকেও বিশেষদৃষ্টিতে নমস্য বলিয়া মনে করেন না, জীবনের প্রতিকার্য্যে যিনি সকলের পূর্ব্বে প্রয়োজন বা অপ্রয়োজনের বিচার করিতে প্রস্তুত হন না, সেই অনাসক্ত মহাসন্ন্যাসীই কেবল পরমাত্মাকে আপনার হৃদয়ে অনুভব করিয়া তাঁহার মধ্যে মগ্ন হইতে পারেন। সন্ন্যাসীদিগের সাধারণতঃ কি কি নিয়ম পালন বা পরিহার করিতে হয়, সে সম্বন্ধে এই কয়েকটী শ্লোকে কিছু বলা হইতেছে।

৪। যো ভবেৎ পূর্ব্বসন্ন্যাসী তুল্যো বৈ ধর্ম্মতো যদি। তস্মৈ প্রণামঃ কর্ত্তব্যো নেতরায় কদাচন॥

ব্যাখ্যা। যঃ (জনঃ) পূর্ব্বসন্ন্যাসী (আদিত এব সন্ন্যাস-

শ্রমী), [তথা] ধর্ম্মতঃ (ধর্ম্মবিষয়ে) যদি তুল্যঃ বৈ (সম এব) ভবেৎ [যদি সধর্ম্মী ভবেদিত্যর্থঃ; [তদা] তস্মৈ (জনায়) প্রণামঃ (নমস্কারঃ) কর্ত্তব্যঃ। ইতরায় (এতস্মাৎ অন্যস্মৈ জনায়) কদাচন (কদাপি) [প্রণামঃ] ন [কর্ত্তব্যঃ ইতি শেষঃ]।

অনুবাদ। সংসারের উপর বিরক্ত হইয়া যিনি প্রথমেই সন্ন্যাস গ্রহণ করেন, তিনি যদি স্বধর্ম্মাবলম্বী হন, তবে সন্ন্যাসী কেবল এক তাঁহাকেই প্রণাম করিতে পারেন; কিন্তু আর কাহাকেও নহে।

২। প্রমাদিনো বহিশ্চিত্তাঃ পিশুনাঃ কলহোৎসুকাঃ। সন্ন্যাসিনোঽপি দৃশ্যন্তে বেবসংদূষিতাশয়াঃ ॥

ব্যাখ্যা। প্রমাদিনঃ (অনবহিতাঃ) বহিশ্চিত্তাঃ (উন্মনসঃ) কলহোৎসুকাঃ (বিবাদশীলাঃ) পিশুনাঃ (ক্রূরজনাঃ) সন্ন্যাসিনোঽপি (সন্ন্যাসং গৃহীতবন্তোঽপি) বেদসংদূষিতাশয়াঃ (বেদেষু সংদূষিতঃ সম্যক্ দোষযুক্তঃ আশয়ঃ চিত্তং যেষাং তে) দৃশ্যন্তে।

অনুবাদ। যাহারা সাধারণতঃ বিবাদপটু, ক্রূর, উন্মনাঃ ও অনবধানপ্রকৃতির লোক, তাহারা সন্ন্যাস গ্রহণ করিলেও বেদের উপর শ্রদ্ধাশূন্যই হইয়া থাকে।

৩। নামাদিভ্যঃ পরে ভূম্নি স্বারাজ্যে চেৎ স্থিতোঽদ্বয়ে।
প্রণমেৎ কং তদাত্মজ্ঞো ন কার্য্যং কর্ম্মণা তদা॥

ব্যাখ্যা। নামাদিভ্যঃ (নামাদিপ্রাণান্তেভ্যঃ) পরে (প্রকৃষ্টতরে) অদ্বয়ে (দ্বৈতরহিতে) ভূম্নি (ভূমাখ্যে) স্বারাজ্যে (স্বরাজত্বে মুক্তৌ ইত্যর্থঃ) চেৎ (যদি) [কোঽপি সাধকঃ] স্থিতঃ ভবেৎ (অদ্বয়ভূমাত্মানমধিগচ্ছেৎ) তদা সঃ আত্মজ্ঞঃ সাধকঃ কং (জনং) প্রণমেৎ [ন কমপি ইত্যর্থঃ]; [তথা তস্য আত্মজ্ঞস্য] তদা (অদ্বয়াত্মজ্ঞানকালে) কর্ম্মণা কার্য্যং (প্রয়োজনমপি) ন (ন বিদ্যতে ইত্যর্থঃ)।

অনুবাদ। সনৎকুমার, নাম হইতে আরম্ভ করিয়া প্রাণপর্য্যন্ত যে কয়টী শ্রেষ্ঠ বস্তু নারদের নিকট উল্লেখ করিয়াছিলেন, স্বয়ং রাজা অদ্বিতীয় এই মহান্ ভূমা পুরুষ তাহাদের সকলের অপেক্ষাই শ্রেষ্ঠতর। যিনি এই ভূমাকে জানিয়াছেন, তিনি আর কাহাকে প্রণাম করিতে যাইবেন এবং তাহার কর্ম্মেরই বা আর কি আবশ্যক হইবে?

৪। ঈশ্বরো জীবকলয়া প্রবিষ্টো ভগবানিতি।
প্রণমেদ্দণ্ডবদ্ভূমাবাশ্বচণ্ডালগোখরম্॥

ব্যাখ্যা। ঈশ্বরঃ (পরমাত্মা) জীবকলয়া (জীবাংশেন) প্রবিষ্টঃ (দেহপঞ্জরাভ্যন্তরং গতঃ) [সন্] ভগবান্ ইতি [আখ্যায়তে]; [অতএব সন্ন্যাসী] আচণ্ডালগোখরম্ (চণ্ডালাদারভ্য গাবং গর্দ্দভং চ) দণ্ডবৎ ভূমৌ প্রণমেৎ [দণ্ড ইব ভূমৌ নিপতিতঃ সন্ঃ ভগবদ্‌বুদ্ধ্যা সাষ্টাঙ্গপ্রণিপাতং কুর্য্যাৎ ইত্যর্থঃ]।

অনুবাদ। পরমাত্মাই তাঁহার জীবরূপ অংশের দ্বারা প্রতিদেহ-পঞ্জরে প্রবিষ্ট হইয়া ভগবান্ বলিয়া অভিহিত হন। অতএব সন্ন্যাসী চণ্ডাল হইতে আরম্ভ করিয়া গো গর্দ্দভ, পশুপ্রভৃতি পর্য্যন্ত প্রত্যেককেই ভূমিতে দণ্ডবৎ হইয়া প্রণাম করিবেন।

৫। মাংসপাঞ্চালিকায়াস্তু যন্ত্রলোলেহঙ্গপঞ্জরে।
স্নায়্বস্থিগ্রন্থিশালিন্যাঃ স্ত্রিয়াঃ কিমিব শোভনম্ ॥

ব্যাখ্যা। স্নায়্বস্থিগ্রন্থিশালিন্যাঃ (শিরঃকঙ্কালসন্ধিস্থলযুক্তায়াঃ) মাংসপাঞ্চালিকায়াঃ (মাংসপুত্তলিকায়াঃ) স্ত্রিয়াঃ (ললনায়াঃ) যন্ত্রলোলে (যন্ত্রবৎ চঞ্চলে) অঙ্গপঞ্জরে (শরীরপিণ্ডে) তু (কিন্তু) শোভনং (শোভা) কিমিব)?।

অনুবাদ। রমণী যেন মাংসে গঠিত

একটী পুত্তলিকা। কতকগুলি শিরা, কঙ্কাল ও গ্রন্থিস্থলে সমাকীর্ণ, সর্ব্বদা যন্ত্রের মত চঞ্চল, তাহার শরীরপিণ্ডে যথার্থ শোভার বস্তু আর কি বা আছে।

৬। ত্বঙ্মাংসরক্তবাষ্পাম্বু পৃথক্কৃত্বা বিলোচনে।
সমালোকয় রম্যং চেৎ কিং মুধা পরিমুহ্যসি॥

ব্যাখ্যা। [হে রমণীমায়ামুগ্ধ বদ্ধজীব, ত্বং] বিলোচনে (ললনায়াঃ মনোহরং নয়নদ্বয়ং) ত্বঙ্মাংসরক্তবাষ্পাম্বু (লোচনোপাদানং ত্বচং, মাংসং রক্তমশ্রু চ) পৃথক্কৃত্বা (প্রত্যেকং বিভজ্য) সমালোকয় (সম্যগবলোকয়) চেৎ (যদি) রম্যং (রমণীয়ং) ভবতি [তৎ লোচনদ্বয়ং] তদা তত্র আসক্তঃ ভব অন্যথা] মুধা (মিথ্যা) কিং (কথং) পরিমুহ্যসি (তদবলোকনে পরিমুগ্ধো ভবসি) ?।

অনুবাদ। রমণীর নয়নপদ্মের ত্বক্, মাংস, রুধির ও অশ্রুকণিকা প্রভৃতি উপাদানগুলি বিশ্লেষণ করিয়া দেখ; যদি রমণীয় হয়, তবে তাহাতে আসক্ত হইও, নচেৎ বৃথা কেন মুগ্ধ হও ?

৭। মেরুশৃঙ্গতটোল্লাসিগঙ্গাজলরয়োপমা।
দৃষ্টা যস্মিন্মুনে মুক্তাহারস্যোল্লাসশালিতা॥

৮। শ্মশানেষু দিগন্তেষু স এব ললনাস্তনঃ।
শ্বভিরাস্বাদ্যতে কালে লঘুপিণ্ড ইবান্ধসঃ॥

ব্যাখ্যা। হে মুনে, যস্মিন্ (ললনাস্তনে)। [মেরুশৃঙ্গস্য] (সুমেরুপর্ব্বতশিখরস্য) তটোল্লাসী (তটভূমৌ উল্লাসসঞ্চারী) যঃ গঙ্গাজলরয়ঃ (মন্দাকিনীজলধারা) তেন উপমা: সাদৃশ্যং যস্যাঃ সা] মেরুশৃঙ্গতটোল্লাসিগঙ্গাজলরয়োপমা, মুক্তাহারস্য উল্লাসশালিতা (অপূর্ব্বশোভাশালিতা) দৃষ্টা, স এব (অপূর্ব্বোল্লাসশালী ললনাস্তনঃ) কালে (কালক্রমেণ যদাসৌ ললনা ম্রিয়তে, তদেত্যর্থঃ) শ্মশানেষু দিগন্তেষু (শ্মশানদিগন্তে) শ্বভিঃ (কুক্কুরৈঃ) অন্ধসঃ (অন্নস্য) লঘুঃ পিণ্ড ইব (পিণ্ডীকৃতাল্পপরিমিতান্নগ্রাস ইব ইত্যর্থঃ) আস্বাদ্যতে (স্বাদমাহৃত্য ভুজ্যতে ইত্যর্থঃ)।

অনুবাদ। হে ঋষিপ্রবর, যৌবনমদমোহিনী রমণীর যে পীনপয়োধরে একদিন সুমেরুশৃঙ্গের তটভূমিসঞ্চারিণী নন্দাকিনীর শুভ্র জলধারার ন্যায় মুক্তাহারের চিত্তহারী সৌন্দর্য্য অবলোকন করিয়াছিলে, কালে আবার রমণীর সেই লোভনীয় পীনপয়োধর শ্মশানের দিগন্তে লইয়া শৃগালকুক্কুরে ক্ষুদ্র অন্নপিণ্ডের ন্যায় সাদরে ভক্ষণ করিবে।

৯। কেশকজ্জলধারিণ্যো দুঃস্পর্শা লোচনপ্রিয়াঃ।
দুষ্কৃতাগ্নিশিখা নার্য্যো দহন্তি তৃণবন্নরম্॥

ব্যাখ্যা। কেশকজ্জলধারিণাঃ (কেশরূপং কজ্জলং ধর্ত্তুং শীলং যাসাং তাঃ) দুঃস্পর্শাঃ (দুঃসহাঃ) [অপি] লোচনপ্রিয়াঃ (নয়নলোভনীয়াঃ) দুষ্কৃতাগ্নিশিখাঃ (পাপানলস্য শিখা-রূপিণ্যঃ) নার্য্যঃ, নরং (পুরুষং) তৃণবৎ (তৃণমিব) দহন্তি সংসারদাবদগ্ধং কুর্ব্বন্তি)।

অনুবাদ। নারী যেন মানুষের প্রজ্জ্বলিত পাপাগ্নির দীপ্তিময়ী শিখা; নিত্য সে আমাদের নয়নমনকে আকর্ষণ করিতেছে, কিন্তু স্পর্শ করিতে গেলেই দগ্ধ হইয়া মরিতে হয়। তাহার গাঢ় কৃষ্ণ বর্ণের কুন্তলরাশিই এই অনলশিখার মসীময় ধূমপুঞ্জ। মানুষ সংসারারণ্যে সুস্বাদু ফলের আকাঙ্ক্ষায় আসিয়া পথ ভুলিয়া নিত্য এই দাবাগ্নিতে দগ্ধ হইতেছে।

১০। জ্বলতামতিদূরেঽপি সরসা অপি নীরসাঃ।
স্ত্রিয়ো হি নরকাগ্নীনামিন্ধনং চারু দারুণম্॥

ব্যাখ্যা। অতিদূরেঽপি (লোকান্তরে যমালয়েঽপি) জ্বলতাং নরকাগ্নীনাং সরসা অপি (আপাতরসময্যঃঽপি) নীরসাঃ

(অসারত্বয়া রসহীনাঃ) স্ত্রিয়ঃ হি (স্ত্রিয় এব) চারু (আপাত রমণীয়মপি) দারুণং (পরিণামভীষণম্) ইন্ধনম্ (কাষ্ঠম্)।

অনুবাদ। যৌবনবতী রমণীর মোহিনী মূর্ত্তি পুরুষের নিকট প্রথম দৃষ্টিতে বড়ই সরস ও লোভনীয় বলিয়া প্রতীয়মান হয়; কিন্তু শেষে যখন মোহস্বপ্ন ভঙ্গ হয় তখন তাহার সেই সরস ও শোভনীয় মূর্ত্তি পরিবর্ত্তিত হইয়া একেবারে শুষ্ক রসহীন হইয়া যায়। দূরে লোকান্তরে—যমভবনে রাত্রিদিন যে ভীষণ নরকাগ্নি প্রজ্জ্বলিত রহিয়াছে, এই মোহিনী মূর্ত্তি রমণীরাই তাহার আপাতরমণীয়, পরিণামভীষণ কাষ্ঠপুঞ্জ।

১১। কামনাম্না কিরাতেন বিকীর্ণা মুগ্ধচেতসাম্।
নার্য্যো নরবিহঙ্গানামঙ্গবন্ধনবাগুরাঃ ॥

ব্যাখ্যা। কামনাম্না (কামনামধেয়েন) কিরাতেন (ব্যাধেন) নার্য্যঃ (রমণ্যঃ) মুগ্ধচেতসাং (মূঢ়মনসাং) নরবিহঙ্গানাং (পুরুষপক্ষিণাম্) অঙ্গবন্ধনায় বাগুরাঃ (জাল এব) বিকীর্ণাঃ (সর্ব্বত্র বিস্তারিতা ইতি শেষঃ)।

অনুবাদ। সংসার যেন একটী সুবিস্তৃত

বনভূমি ; মনুষ্য যেন এই বনভূমির সরলচিত্ত বিহঙ্গম-কুল। কন্দর্প নামে একজন ধূর্ত্ত কিরাত যেন এই বিহঙ্গমগণকে ধরিবার জন্যই চিত্তবিমোহিনী যৌবন-ময়ী রমণী-ফাঁদ চারিদিকে পাতিয়া রাখিয়াছে। ১১

১২। জন্মপল্বলমৎস্যানাং চিত্তকর্দমচারিণাম্।
পুংসাং দুর্ব্বাসনারজ্জুর্নারী বড়িশপিণ্ডিকা ॥

ব্যাখ্যা। জন্মপল্বলমৎস্যানাং (সংসারদীর্ঘিকামীনানাং) চিত্তকর্দ্দমচারিণাং (মানসপঙ্কবিহারিণাং) পুংসাং (পুরুষাণাং সম্বন্ধে) নারী [এব] দুর্ব্বাসনারজ্জুঃ (দুষ্টা বাসনা এব রজ্জু-র্যস্যাঃ সা) বড়িশপিণ্ডিকা (বড়িশাগ্রলগ্নপিষ্টকপিণ্ডিকা ইত্যর্থঃ)।

অনুবাদ। এই সুবিস্তৃত সংসারক্ষেত্র যেন একটা বিস্তৃত জলাশয়। পুরুষগুলি যেন এই জলাশয়ের মৎস্য। তাহারা যখন আপনার চিত্তপঙ্কে বিলীন হইয়া অবস্থান করে, তখন সেখানে যে দুর্ব্বাসনার উদয় হয়, তাহাই যেন বড়িশের অগ্রলগ্ন মৎস্য ধরিবার সূত্র ; আর উন্মেষিতযৌবনা রমণীই স্বয়ং সেই বড়িশের উপরিলগ্ন পিষ্টকপিণ্ড।

১৩। সর্ব্বেষাং দোষরত্নানাং সুসমুদ্গিকয়ানয়া।
দুঃখশৃঙ্খলয়া নিত্যমলমস্তু মম স্ত্রিয়া ॥

ব্যাখ্যা। সর্ব্বেষাং দোষরত্নানাং (দোষা এব রত্নানি মণিমুক্তাদীনি তেষাং) সুসমুদ্গিকয়া (রক্ষণায় সুসম্পুটিকয়া [তথা] দুঃখশৃঙ্খলয়া (দুঃখানাং নিগড়স্থানীয়য়া) অনয়া স্ত্রিয়া মম অলং (নিষেধঃ) অস্তু; (অনয়া স্ত্রিয়া মম কিমপি প্রয়োজনং ন ভবতু ইত্যর্থঃ)।

অনুবাদ। লোকে যেমন নষ্ট হইবার ভয়ে মণি, মুক্তাপ্রভৃতি উৎকৃষ্ট রত্নগুলি একটী, ভাল কৌটার মধ্যে পুরিয়া সযত্নে রাখিয়া দেয়, রমণীগণও তেমনি নানা প্রকারের দোষগুলি বিবিধ স্থান হইতে সংগ্রহ করিয়া সযত্নে আপনাদের মধ্যে সংগ্রহ করিয়া রাখে। আবার এই জন্যই বিশ্বের বিপুল দুঃখভার ইহাদেরই নিকট শৃঙ্খলিত হইয়া অবস্থান করে; অতএব এমন রমণীতে আমাদের যেন কখনও কোন প্রয়োজন না হয়।

১৪। যস্য স্ত্রী তস্য ভোগেচ্ছা নিস্ত্রীকস্য ক ভোগভূঃ।
স্ত্রিয়ং ত্যক্‌ত্বা জগত্ত্যক্তং জগত্ত্যক্‌ত্বা সুখী ভবেৎ ॥

ব্যাখ্যা। যস্য (পুরুষস্য) স্ত্রী (পত্নী) [বর্ত্ততে] তস্য (পুরুষস্যৈব) ভোগেচ্ছা (ভোগ্যবিষয়ে স্পৃহা) [ভবতীতি শেষঃ]। নিস্ত্রীকস্য (অপত্নীকস্য) ক (কুত্র) ভোগভূঃ (ভোগভূমিরিত্যর্থঃ)? [অত এব] স্ত্রিয়ং (রমণীসংসর্গং) ত্যক্ত্বা [পরিত্যজ্য স্থিতস্য পুরুষস্য] জগৎ (এব) ত্যক্তং; [জগত্ত্যাগেন চ কিং ভবতীত্যাহ] জগৎ (সংসারং) ত্যক্ত্বা পরিত্যজ্য সুখী ভবেৎ।

অনুবাদ। যাঁহার স্ত্রী আছে, তাঁহারই ভোগে স্পৃহা দেখা যায়। যাঁহার স্ত্রী নাই, তাঁহার সেই ভোগস্পৃহা কাহাকে উপলক্ষ্য করিয়া জাগিয়া উঠিবে? অতএব যিনি, সমগ্র ভোগস্পৃহার জননী সেই রমণীকে পরিত্যাগ করিয়াছেন, তাঁহার সমগ্র জগৎকেই পরিত্যাগ করা হইয়াছে। এইরূপে তিনি জগতের বন্ধন হইতে আপনাকে মুক্ত করিয়া অনন্ত সুখের অধীশ্বর হন।

১৫। অলভ্যমানস্তনয়ঃ পিতরৌ ক্লেশয়েচ্চিরম্।
লব্ধো হি গর্ভপাতেন প্রসবেন চ বাধতে॥

১৬। জাতস্য গ্রহরোগাদি কুমারস্য চ ধূর্ত্ততা।
উপনীতেঽপ্যবিদ্যত্বমনুদ্বাহশ্চ পণ্ডিতে॥

১৭। যূনশ্চ পরদারাদি দারিদ্র্যং চ কুটুম্বিনঃ।
পুত্রদুঃখস্য নাস্ত্যন্তো ধনী চেন্‌ম্রিয়তে তদা॥

ব্যাখ্যা। তনয়ঃ (সন্তানঃ) অলভ্যমানঃ (অপ্রাপ্যমানঃ সন্) পিতরৌ (পিতরং মাতরং চ) চিরং, (দীর্ঘকালং ব্যাপ্য) ক্লেশয়েৎ (তয়োশ্চিত্তপীড়াং জনয়েৎ)। লব্ধোঽপি দেবানুগ্রহেণ অধিগতোঽপি) [স তনয়ঃ] গর্ভপাতেন প্রসবেন চ বাধতে (জননীং জনকং চ ক্লিশ্নাতি)।

ব্যাখ্যা। জাতস্য (শিশোঃ) গ্রহরোগাদি (পূতনানাম-ধেয়বালরোগপ্রভৃতি) কুমারস্য (কৌমার্য্যমধিগতবতস্তনয়স্য) চ ধূর্ত্ততা (শঠতা); উপনীতেঽপি (তনয়ে উপনয়নসংস্কারেণ সংস্কৃতেঽপি) অবিদ্যত্বম্ (তস্য মূর্খতা) পণ্ডিতে (তনয়ে লব্ধবিদ্যেঽপি) অনুদ্বাহতা (অবিবাহতা) চ [পিতরৌ বাধতে ইত্যর্থঃ)।

ব্যাখ্যা। যূনশ্চ (যৌবনমধিগতস্য পুত্রস্য চ) পরদা-রাদি (পরস্ত্রীগমনদোষাদি), কুটুম্বিনঃ (গৃহস্থস্য পরিবার-পোষণপরায়ণস্য) [অপি তনয়স্য] দারিদ্র্যং (দরিদ্রতা) [তথা] চেৎ (যদি) ধনী (আত্মপ্রতিভয়া অর্থোপার্জ্জনে ধনবান্ ভবেৎ তদা [সঃ] ম্রিয়তে (কদাচিৎ কালবশঃ ভবিতুমর্হতি ইত্যর্থঃ [অত এব] পুত্রদুঃখস্য (তনয়জন্মাজন্মজক্লেশপুঞ্জস্য) অন্ত (কদাচিৎ অবসানোঽপি) নাস্তি (ন বিদ্যতে)।

অনুবাদ। পিতামাতা যদি সন্তানলাভের সৌভাগ্য হইতে বঞ্চিত হন, তবে কেবল সেই একটী মাত্র কষ্টই দীর্ঘকাল ধরিয়া তাঁহাদের চিত্তকে পীড়িত করে। আর যদি তাঁহারা সেই সৌভাগ্যই লাভ করেন, তাহা হইলেও বিপুল ক্লেশভার স্বেচ্ছায় তাঁহাদের মস্তকে গ্রহণ করিতে হয়। সন্তানোৎপত্তির সম্ভাবনা হইল—গর্ভলক্ষণ প্রকাশ পাইল, ভাবী জনক জননীর হৃদয় আনন্দে নাচিয়া উঠিল; অমনি হয়ত সেই সময়ে অকালে সেটী নষ্ট হইয়া গেল; কিংবা প্রসব হইবার সময়ে কোনরূপ বিঘ্ন ঘটিল। যদিও বা অনেক কষ্টে মাতা সন্তানকে ক্রোড়ে ধারণ করিলেন, অমনি হয়ত কত প্রকারের বালরোগ আসিয়া তাহাকে আক্রমণ করিল। যদিও বা সেই ব্যাধি হইতে সে মুক্তিলাভ করিয়া বেশ সুস্থ ও সবল হইয়া একটু বৃদ্ধি পাইয়া উঠিল, অমনি তাহার অসহনীয় অত্যাচারে পিতামাতা ত্রস্ত হইয়া উঠিলেন। তাহার পর যখন সে আর একটু বড় হইয়া উঠিল, তখন পিতামাতা সানন্দে পুত্রের উপ-

নয়ন উৎসবসম্পন্ন করিলেন, কিন্তু হয়ত তাহার লেখা পড়া কিছু না হওয়ায় তাঁহাদের হৃদয়ে দারুণ দুঃখশেল বিঁধিয়া রহিল। যদিও বা সে অসামান্য প্রতিভায় নানাশাস্ত্র অধ্যয়ন করিয়া পণ্ডিত হইয়া উঠিল, অমনি হয়ত সংসারের উপর বীতরাগ হইয়া বিবাহিত জীবন যাপন করিতে অস্বীকার করিল; কিংবা যৌবনমদে মত্ত হইয়া পরস্ত্রীপরায়ণ হইয়া পড়িল। আর যদি তাহার কোনরূপ মন্দ অভ্যাস নাই হয় যদি সে বেশ শান্তশিষ্ট হইয়াই গার্হস্থ্য জীবন যাপন করিতে আরম্ভ করে; তাহা হইলে হয়ত তখন দারিদ্র্য আসিয়া তাহার জীবনের সমস্ত সুখশান্তি হরণ করিয়া লইল; যদিও বা এতগুলি বাধা বিঘ্ন অতিক্রম করিয়া সে একজন ধনবান্ হইয়াই উঠিল, অমনি হয়ত সেই সময়ে সে পিতামাতাকে শোকের অন্তহীন সাগরে ভাসাইয়া চিরদিনের জন্য চলিয়া গেল। অতএব যদিও আপাত-দৃষ্টিতে মনে হয় যে, সঙ্গহীন হইয়া কঠোর সন্ন্যাসের পথে যাত্রা করা অপেক্ষা স্ত্রীপুত্রপরিজনবেষ্টিত কোমল কুসুমাকীর্ণ গার্হস্থ্যজীবনের পথকেই বরণ

করিয়া লওয়া শ্রেয়ঃ, কিন্তু তাহা হইলেও ইহা এখন নিশ্চিত হইতেছে যে সংসারপথের ঐ কুসুমগুলির অন্তরালে মনুষ্য-জীবনবীর্য্যশোষী-হিংস্র কীটগুলি দুঃখ-দৈন্যের নামে আত্মগোপন করিয়া শিকারের আশায় অবস্থান করিতেছে।

১৮। ন পাণিপাদচপলো ন নেত্রচপলো যতিঃ।
ন চ বাক্‌চপলশ্চৈব ব্রহ্মভূতো জিতেন্দ্রিয়ঃ॥

ব্যাখ্যা। যতিঃ (সন্ন্যাসী) পাণিপাদচপলো ন, নেত্রচপলো ন, [তথা] বাক্‌চপলশ্চ ন [ভবতীতি শেষঃ]; [সর্ব্ববিধম্ অঙ্গচাঞ্চল্যং পরিত্যজ্য স্থিরাসনো ভবতি ইত্যর্থঃ] [পরন্তু সঃ] জিতেন্দ্রিয়ঃ (ইন্দ্রিয়জয়ী) ব্রহ্মভূতশ্চ (ব্রহ্মাত্মকশ্চ ভবতীত্যর্থঃ)।

অনুবাদ। সন্ন্যাসী, হস্তপদ বা নয়ন ও মুখের চপলতা পরিত্যাগ করিয়া এবং ইন্দ্রিয়জয়ী হইয়া সর্ব্বদা পরমাত্মার মধ্যে মগ্ন হইয়া থাকিবেন।

১৯। রিপৌ বদ্ধে স্বদেহে চ সমৈকাত্ম্যং প্রপশ্যতঃ।
বিবেকিনঃ কুতঃ কোপঃ স্বদেহাবয়বেম্বিব॥

ব্যাখ্যা। বদ্ধে (উৎপাদিতে) রিপৌ (শত্রৌ) স্বদেহে (আত্মশরীরে) [চ] সমৈকাত্ম্যং (তুল্যৈকাত্ম্যং) প্রপশ্যতঃ

(অবলোকয়তঃ) বিবেকিনঃ (বিবেকবুদ্ধিমতঃ পুরুষস্য) স্বদেহাবয়বেষু (আত্মশরীরাঙ্গেষু) ইব [অন্যেষু অরিপ্রভৃতিষু] কোপঃ (ক্রোধঃ) কুতঃ (কথং) (সম্ভবেৎ ?) [ন কদাপি সম্ভবেদিত্যর্থঃ]।

অনুবাদ। যিনি শত্রু হইয়া উপস্থিত হইয়াছেন, তাঁহার এবং নিজের মধ্যে—যে বিবেকী পুরুষ একই আত্মার অনুসন্ধান পাইয়াছেন—তিনি যেমন নিজের শরীরের কোন একটী অঙ্গের দ্বারা অত্যাচারিত হইয়াও তাহার উপর ক্রোধ করেন না, তেমনি কোন শত্রুর দ্বারা পীড়িত হইয়াও তাহার প্রতি ক্রুদ্ধ হন না।

২০। অপকারিণি কোপশ্চেৎ কোপে কোপঃ কথং ন তে। ধর্ম্মার্থকামমোক্ষাণাং প্রসহ্য পরিপন্থিনি ॥

ব্যাখ্যা। অপকারিণি (শত্রৌ) কোপঃ (ক্রোধঃ) চেৎ (যদি) [তদা] [হে কোপিন্] ধর্ম্মার্থকামমোক্ষাণাং (চতুর্ব্বিধপুরুষার্থানাং, প্রসহ্য (বলাৎ) পরিপন্থিনি (অপকারকারিণি) কোপে তে (তব) কোপঃ কথং ন [ভবতি ?], [অপকারিণ্যা ত্বত্রৈব তে কোপঃ ভবিতুমুচিত এব]।

অনুবাদ। যদি অপকার করিলেই তাহার

উপর ক্রোধ হয়; তবে হে আমার ক্রোধদেবতার ভক্ত উপাসক,তুমি তোমার ধর্ম্ম-অর্থ,কাম ও মোক্ষের প্রবল পরিপন্থী সেই কোপের উপর কেন না কুপিত হইতেছ?

২১। নমোঽস্তু মম কোপায় স্বাশ্রয়জ্বালিনে ভৃশম্।
কোপস্য মম বৈরাগ্যদায়িনে দোষবোধিনে॥

ব্যাখ্যা। মম কোপস্য দোষবোধিনে (দোষোদ্ঘাটকে) [অত এব] বৈরাগ্যদায়িনে (তস্মিন্ বিরাগতাপ্রদায়কে) ভৃশম্ (অত্যর্থং) স্বাশ্রয়জ্বালিনে (স্বনিবাসদাহকে) কোপায় মম (মদীয়ঃ) নমঃ (নমস্কারঃ) অস্তু (ভবতু)।

অনুবাদ। যিনি প্রিয় নিকেতনখানিকে বিবিধপ্রকারে দগ্ধ করিতে সঙ্কুচিত হন না, যিনি আমার ক্রোধের দোষ উদ্ঘাটন করিয়া তাহার উপর বৈরাগ্য উৎপাদন করেন, আমি আমার সেই ক্রোধ-দেবতার চরণতলে মস্তক নত করিতেছি।

২২। যত্র সুপ্তা জনা নিত্যং প্রবুদ্ধস্তত্র সংযমী।
প্রবুদ্ধা যত্র তে বিদ্বান্ সুষুপ্তিং যাতি যোগিরাট্॥

ব্যাখ্যা। যত্র (যস্মিন্ অধ্যাত্মবিষয়ে) নিত্যং (সর্ব্বদা) জনাঃ (সর্ব্বসাধারণাঃ প্রাকৃতা ইত্যর্থঃ) সুপ্তাঃ (নিদ্রিতাঃ, নিদ্রিতবৎ অজ্ঞা ইতি ভাবঃ) তত্র (তস্মিন্ অধ্যাত্মবিষয়ে) সংযমী (যতিঃ) প্রবুদ্ধঃ (জাগরিতঃ) যত্র (ইন্দ্রিয়বিষয়ে) তে (প্রাকৃতাঃ জনাঃ) প্রবুদ্ধাঃ (সাবধানাঃ) তত্র (তস্মিন্) বিদ্বান্ (ব্রহ্মজ্ঞঃ) যোগিরাট্ (যোগিশ্রেষ্ঠঃ) সুষুপ্তিং (প্রগাঢ় নিদ্রাং) যাতি।

অনুবাদ। সাংসারিক লোক নিদ্রিতের মত নয়নদুইটী নিমীলিত করিয়া অজ্ঞানতার পথে সুখের সন্ধানে বাহির হইয়া ইন্দ্রিয়কূপে পড়িয়া পচিতেছে কিন্তু সেই যথার্থ সুখস্বরূপ পরমাত্মজ্যোতির একটী রশ্মিও তাহাদের নিকট আসিয়া উপস্থিত হইতেছে না। আর সংযমশীল সন্ন্যাসীরা জাগরিতের ন্যায় নয়নদুইটী উন্মীলিত করিয়া জ্ঞানের পথে সুখের সন্ধানে বাহির হইয়া ইন্দ্রিয়কূপকে দূরে পরিহারপূর্ব্বক সেই যথার্থ সুখস্বরূপ পরমাত্মজ্যোতিতে অনন্ত সুখের অধীশ্বর হইতেছেন।

২৩। চিদিহাস্তীতি চিন্মাত্রমিদং চিন্ময়মেব চ।
চিত্ত্বং চিদহমেতে চ লোকাশ্চিদিতি ভাবয়॥

ব্যাখ্যা। ইহ (অত্রৈব) চিৎ (চৈতন্যং) অস্তি (বিদ্যতে) ইতি, ইদং (প্রত্যক্ষভূতং বস্তু) চিন্মাত্রং (চিদেব) [তথা] চিন্ময়মেব চ (চিদ্‌বিকারোঽপি ইত্যর্থঃ) অহম্ চিৎ (চৈতন্যং) চিত্বং চ, এতে লোকাশ্চ চিৎ ইতি ভাবয় অনবরতং চিন্তয়।

অনুবাদ। রাত্রিদিন কেবল এই চিন্তা কর যে, এখানে কেবল চৈতন্যই আছে, এই যে বস্তুটী আমি দেখিতেছি—ইহা চৈতন্যের বিকার, চৈতন্য ব্যতীত আর কিছুই নহে। আমি নিজেও চৈতন্য এবং সূর্য্যচন্দ্রপ্রভৃতি এই গ্রহলোকগুলিও রূপান্তরে চৈতন্য।

২৪। যতীনাং তদুপাদেয়ং পারহংস্যং পরং পদম্।
নাতঃ পরতরং কিঞ্চিদ্বিদ্যতে মুনিপুঙ্গব॥

ইত্যুপনিষৎ॥ ওঁ পূর্ণমদ ইতি শান্তিঃ॥ হরিঃ ওঁ তৎসৎ॥

ব্যাখ্যা। যতীনাং (সন্ন্যাসিনাং) উপাদেয়ং (গ্রাহ্যং) তৎ (প্রসিদ্ধং) পারহংস্যং (পরমহংসসম্বন্ধীয়ং) পদম্ (অবলম্বনং) পরং (সর্ব্বাবলম্বনেষু শ্রেষ্ঠং) (হে) মুনিপুঙ্গব, (মুনিশ্রেষ্ঠ অত্রে,) অতঃ (পারহংস্যপদাৎ) পরতরং (শ্রেষ্ঠতরং) কিঞ্চিৎ (কিমপি পদং) ন [বিদ্যতে]

অনুবাদ। সংযমশীল সন্ন্যাসীরা যে পথের যাত্রী, পরমহংসসম্প্রদায়ের অবলম্বনীয় সেই প্রসিদ্ধ পথই সমস্ত পথের মধ্যে শ্রেষ্ঠ। হে মুনিশ্রেষ্ঠ অত্রি, ইহা অপেক্ষা শ্রেষ্ঠতর আর কোন পথই বিদ্যমান নাই।

এতদূরে আসিয়া এই উপনিষৎখানি শেষ হইল। এখন "ওঁ পূর্ণমদঃ" প্রভৃতি মন্ত্রটী উচ্চারণ করিয়া অন্তেও শান্তি পাঠ করিবে।

রামরহস্যোপনিষৎ।

ওঁ ভদ্রং কর্ণেভিরিতি শান্তিঃ।

১। ওঁ রহস্যং রামতপনং বাসুদেবং চ মুদ্গলম্।
শাণ্ডিল্যং পৈঙ্গলং ভিক্ষুং মহচ্ছারীরকং শিখা॥

ব্যাখ্যা। রহস্যং (রামরহস্যোপনিষৎ) রামতপনং (শ্রীরামপূর্ব্বতাপনীয়োপনিষৎ, শ্রীরামোত্তরতাপনীয়োপনিষচ্চ) [তথা] বাসুদেবং, মুদ্গলং, শাণ্ডিল্যং, পৈঙ্গলং, ভিক্ষুং, মহচ্ছারীরকং শিখা [ইত্যেতাঃ শ্রীরামমাহাত্ম্যপ্রকাশিকাঃ উপনিষদঃ স্মর্ত্তব্যাঃ, এতাসাং, স্মরণমপি বিঘ্নবিঘাতকম্ ইতি তাৎপর্য্যম্]।

অনুবাদ। রামরহস্য, শ্রীরামপূর্ব্বতাপনীয়, শ্রীরামোত্তরতাপনীয়, বাসুদেব, মুদ্গল, শাণ্ডিল্য, পৈঙ্গল, ভিক্ষু, মহচ্ছারীরক ও শিখোপনিষৎ ইহারা প্রত্যেকেই ভগবান্ শ্রীরামচন্দ্রের মাহাত্ম্যপ্রকাশক। ইহাদের নামস্মরণেও বিঘ্ন নিবারিত হয়, সুতরাং গ্রন্থারম্ভে শান্তিপাঠের পরেই ইহাদের নাম কীর্ত্তিত হইয়াছে।

২। সনকাদ্যা যোগিবর্য্যা অন্যে চ ঋষয়স্তথা।
প্রহ্লাদাদ্যা বিষ্ণুভক্তা হনুমন্তমথাব্রুবন্॥

ব্যাখ্যা। [ইদানীম্ আখ্যায়িকাব্যাজেন ভগবতী শ্রুতিঃ উপদিশতি সনকাদ্যা ইতি], সনকাদ্যাঃ (সনক-ভরদ্বাজশাণ্ডিল্য-প্রভৃতয়ঃ) যোগিবর্য্যাঃ (যোগিশ্রেষ্ঠাঃ) তথা অন্যে চ [বহবঃ] ঋষয়ঃ, প্রহ্লাদাদ্যাঃ (প্রহ্লাদধ্রুবপ্রভৃতয়ঃ) বিষ্ণুভক্তাঃ চ হনুমন্তম্ (এতন্নামকং রুদ্রাবতারম্) অথ (প্রশ্নে) অব্রুবন্ (জিজ্ঞাসয়ামাসুঃ)।

অনুবাদ। সনক-ভরদ্বাজপ্রভৃতি শ্রেষ্ঠ যোগিগণ, অন্যান্য ঋষিগণ এবং প্রহ্লাদ-ধ্রুবপ্রভৃতি বিষ্ণুভক্তগণ রুদ্রাবতার হনুমান্‌কে জিজ্ঞাসা করিয়াছিলেন।

৩। বায়ুপুত্র মহাবাহো কিং তত্ত্বং ব্রহ্মবাদিনাম্।
পুরাণেষ্বষ্টাদশসু স্মৃতিষ্বষ্টাদশস্বপি ॥

ব্যাখ্যা। [হে] মহাবাহো ! (প্রভূতবলশালিন্ !) বায়ুপুত্র ! (হনুমন্ !) অষ্টাদশসু পুরাণেষু (শিব-বামনাদিষু) অষ্টাদশসু স্মৃতিষু (মন্বাদিপ্রণীতসংহিতাসু) অপি ব্রহ্মবাদিনাং (ব্রহ্মজ্ঞানাং) কিং তত্ত্বং [নিহিতং তৎ নঃ ব্রূহি ইতি শেষঃ]।

অনুবাদ। হে পরম-পরাক্রান্ত বায়ুপুত্র হনুমন্! শিব-বামনাদি-অষ্টাদশ পুরাণ এবং মনু যাজ্ঞবল্ক্যপ্রভৃতিপ্রণীত সংহিতায় ব্রহ্মবাদিগণের কি

তত্ত্ব নিহিত রহিয়াছে, অর্থাৎ ব্রহ্মজ্ঞগণের ব্রহ্মজ্ঞান লাভের কি কি উপায় বর্ণিত আছে, তাহা আমাদিগকে বল।

৪। চতুর্ব্বেদেষু শাস্ত্রেষু বিদ্যাস্বাধ্যাত্মিকেঽপি চ। সর্ব্বেষু বিদ্যাদানেষু বিঘ্নসূর্য্যেশশক্তিষু। এতেষু মধ্যে কিং তত্ত্বং কথয় ত্বং মহাবল॥

ব্যাখ্যা। চতুর্ব্বেদেষু (ঋগ্‌যজুঃসামাথর্ব্বাখ্যেষু) শাস্ত্রেষু বিদ্যাসু (আন্বীক্ষিক্যাদিষু) আধ্যাত্মিকেঽপি চ সর্ব্বেষু বিদ্যাদানেষু (বিদ্যাদানকারিষু শাস্ত্রেষু) বিঘ্নসূর্য্যেশশক্তিষু (গণেশ-সূর্য্য-শিব-শক্তিষু) এতেষু (দেবেষু) মধ্যে কিং তত্ত্বং (কঃ পরমার্থঃ সন্) [হে] মহাবল! ত্বং কথয়।

অনুবাদ। ঋক্ যজুঃ, সাম ও অথর্ব্ব এই চারি বেদে, আন্বীক্ষিকী (ন্যায়) প্রভৃতি চারিবিদ্যায়, অধ্যাত্মশাস্ত্রাদি এবং সমগ্র বিদ্যাদানকারিশাস্ত্রে গণেশ, সূর্য্য, শিব ও শক্তিপ্রভৃতি দেবতাগণের মধ্যে কে পরম তত্ত্ব বলিয়া নির্দ্দিষ্ট? হে মহাবল! তাহা আমাদিগকে বল।

তাৎপর্য্য—গণেশাদি চারি দেবতা এবং বিষ্ণু এই

পঞ্চ দেবতার উপাসনাই বহুলপরিমাণে প্রচলিত ; এই পঞ্চদেবতার অন্তর্গত গণেশাদি চারিদেবতার মধ্যে কে পরতত্ত্ব অর্থাৎ কে তারক ?]

৫। হনূমানুবাচ। ভো যোগীন্দ্রাশ্চৈব ঋষয়ো বিষ্ণুভক্তাস্তথৈব চ। শৃণুধ্বং মামকীং বাচং ভববন্ধবিনাশিনীম্ ॥

ব্যাখ্যা] হনূমান্ হ (নিশ্চয়ে) উবাচ। ভোঃ যোগীন্দ্রাঃ (সনকাদয়ঃ !) [ভোঃ] ঋষয়ঃ ! চ এব তথা বিষ্ণুভক্তাঃ ! এব চ [যূয়ং] ভববন্ধবিনাশিনীং (জন্মমরণাদি-সংসারবন্ধনোচ্ছেদকারিণীং) মামকীং (মদীয়াং) বাচং (বাক্যং) শৃণুধ্বম্।

অনুবাদ। হনূমান্ দৃঢ়তার সহিত বলিলেন, হে সনকাদিযোগিশ্রেষ্ঠগণ, অন্যান্য ঋষিগণ এবং বিষ্ণুভক্তগণ! তোমরা আমার জন্মমরণাদি-সংসারবন্ধন-উচ্ছেদকারী বাক্য শ্রবণ কর।

৬। এতেষু চৈব সর্ব্বেষু তত্ত্বং চ ব্রহ্মতারকম্। রাম এব পরং ব্রহ্ম রাম এব পরং তপঃ। রাম এব পরং তত্ত্বং শ্রীরামো ব্রহ্ম তারকম্।

ব্যাখ্যা। এতেষু চ এব সর্ব্বেষু (দেবেষু মধ্যে) ব্রহ্মতারকং

তত্ত্বং চ, রাম এব পরং ব্রহ্ম, রাম এব পরং (উৎকৃষ্টং) তপঃ, রাম এব পরং তত্ত্বং, শ্রীরামঃ [এব চ] তারকং ব্রহ্ম।

অনুবাদ। এই সকল দেবতার মধ্যে একমাত্র ব্রহ্মই তারক এবং পরমতত্ত্ব। রামই সেই পরব্রহ্ম রামই সর্ব্বোৎকৃষ্ট তপস্যা, রামই পরমতত্ত্ব, এবং শ্রীরামচন্দ্রই তারক ব্রহ্ম।

৭। বায়ুপুত্রেণোক্তাস্তে যোগীন্দ্রা ঋষয়ো বিষ্ণুভক্তা হনূমন্তং পপ্রচ্ছুঃ রামস্যাঙ্গানি নো ব্রূহীতি। হনূমান্‌হোবাচ। বায়ুপুত্রং বিঘ্নেশং বাণীং দুর্গাং ক্ষেত্রপালকং সূর্য্যং চন্দ্রং নারায়ণং নারসিংহং বায়ুদেবং বারাহং তৎসর্ব্বান্ সমাত্রান্ সীতাং লক্ষ্মণং শত্রুঘ্নং ভরতং বিভীষণং সুগ্রীবমঙ্গদং জাম্ববন্তং প্রণবমেতানি রামস্যাঙ্গানি জানীথাঃ। তান্যঙ্গানি বিনা রামো বিঘ্নকরো ভবতি॥

ব্যাখ্যা। বায়ুপুত্রেণ (হনূমতা) [এবম্] উক্তাঃ (কথিতাঃ) তে যোগীন্দ্রাঃ ঋষয়ঃ বিষ্ণুভক্তাঃ [চ] হনূমন্তং পপ্রচ্ছুঃ (জিজ্ঞাসয়ামাসুঃ) রামস্য অঙ্গানি নঃ (অস্মভ্যং) ব্রূহি ইতি। হনূমান্ হ (নিশ্চয়ে) উবাচ (বায়ুপুত্রং (হনূমন্তং) বিঘ্নেশং (গণেশং)

বাণীং, দুর্গাং ক্ষেত্রপালকং, সূর্য্যং, চন্দ্রং, নারায়ণং, নারসিংহং. বায়ুদেবং, বারাহং, তৎসর্ব্বান্ (এতৎ সর্ব্বান্) সমাত্রান্ (মাত্রয়া অংশেন সহ বর্ত্তমানাঃ সকলা ইত্যর্থঃ তান্) সীতাং, লক্ষ্মণং, শত্রুঘ্নং, ভরতং, বিভীষণং, সুগ্রীবম্, অঙ্গদং, জাম্ববন্তং, প্রণবম্, (ওঁকারং চ) এতানি (পূর্ব্বোক্তানি) রামস্য অঙ্গানি জানীথাঃ। তানি অঙ্গানি বিনা (এতেষাম্ অঙ্গানাম্ অসাধনে) রামঃ বিঘ্নকরঃ ভবতি (প্রীতঃ ন ভবতি ইত্যর্থঃ)।

অনুবাদ। বায়ুপুত্র হনুমান্ এই কথা বলিলে শ্রেষ্ঠ যোগিগণ, ঋষি ও বিষ্ণুভক্তগণ তাঁহাকে জিজ্ঞাসা করিয়াছিলেন, শ্রীরামের অঙ্গ কি? অর্থাৎ শ্রীরাম উপাসনায় অঙ্গরূপে কোন্ কোন্ দেবতার উপাসনা করিতে হয়, তাহা আমাদিগকে বল। তখন হনুমান্ বলিলেন — বায়ুপুত্র (হনুমান্) গণেশ, বাণী, দুর্গা, ক্ষেত্রপাল, সূর্য্য, চন্দ্র, নারায়ণ, নরসিংহ, বায়ু ও বরাহ ইহারা সকলেই পূর্ণাবয়বে এবং সীতা, লক্ষ্মণ, শত্রুঘ্ন, ভরত, বিভীষণ, সুগ্রীব; অঙ্গদ, জাম্বুবান্ এবং প্রণব ইহারাই শ্রীরামের অঙ্গ বলিয়া জানিবে। এই সমস্ত অঙ্গের সাধন না করিলে রাম বিঘ্নকারী হন, অর্থাৎ প্রীতিলাভ করেন না।

৮। পুনর্ব্বায়ুপুত্রেণোক্তাস্তে হনূমন্তং পপ্রচ্ছুঃ। আঞ্জনেয় মহাবল বিপ্রাণাং গৃহস্থানাং প্রণবাধিকারঃ কথং স্যাদিতি। স হোবাচ শ্রীরাম এবোবাচেতি। যেষামেব ষড়ক্ষরাধিকারো বর্ত্ততে তেষাং প্রণবাধিকারঃ স্যান্নান্যেষাম্। কেবলমকারোকারমকারার্ধমাত্রাসহিতং প্রণবমূহ্য যো রামমন্ত্রং জপতি তস্য শুভকরোঽহং স্যাম্। তস্য প্রণবস্যাকারস্যোকারস্য মকারস্যার্দ্ধমাত্রায়াশ্চ ঋষিশ্ছন্দো দেবতা তত্তদ্বর্ণাবর্ণবস্থানং স্বরবেদাগ্নিগুণানুচ্চার্য্যান্বহং প্রণবমন্ত্রাদ্ দ্বিগুণং জপ্ত্বা পশ্চাদ্রামমন্ত্রং যো জপেৎ স রামো ভবতীতি রামেণোক্তাস্তস্মাদ্রামাঙ্গং প্রণবঃ কথিত ইতি॥

ব্যাখ্যা। বায়ুপুত্রেণ উক্তাঃ তে (যোগীন্দ্রাদয়ঃ হনূমন্তং পুনঃ পপ্রচ্ছুঃ। [হে] মহাবল! আঞ্জনেয়! (অঞ্জনানন্দন অঞ্জনা ইতি হনূমতঃ মাতুঃ নাম) গৃহস্থানাং বিপ্রাণাং (ব্রাহ্মণানাং) প্রণবাধিকারঃ (প্রণবে অধিকারঃ) কথং স্যাৎ ইতি? সঃ (হনূমান্) হ উবাচ শ্রীরামঃ এব ইতি (এবম্) উবাচ। যেষাং (জনানাম্) এব ষড়ক্ষরাধিকারঃ ("রাং রামায় নমঃ" ইতি ষড়ক্ষরমন্ত্রে অধিকারঃ) বর্ত্ততে তেষাং প্রণবাধিকারঃ স্যাৎ ন অন্যেষাম্। কেবলম্ অকারোকারমকারার্দ্ধমাত্রাসহিতম্

(অকারেণ উকারেণ মকারেণ অর্দ্ধমাত্রয়া চ সহিতং) প্রণবম্ (ওঁকারম্) উক্ত্ব (উচ্চার্য্য) যঃ রামমন্ত্রং জপতি তস্য অহং শুভকরঃ (মঙ্গলপ্রদঃ) স্যাম্। তস্য :প্রণবস্য অকারস্য উকারস্য মকারস্য অর্দ্ধমাত্রায়াঃ চ ঋষিঃ ছন্দঃ দেবতা তত্তদ্বর্ণাবর্ণাবস্থানং (তত্তদবর্ণানাম্ অকারাদীনাম্ অবর্ণানাং নাদাদীনাম্ অবস্থানং সন্নিবেশং স্বরবেদাগ্নিগুণান্ (স্বরাঃ উদাত্তাদয়ঃ, বেদাঃ ঋগাদয়ঃ, অগ্নয়ঃ গার্হপত্যাদয়ঃ, গুণাঃ সত্বাদয়ঃ তান্ প্রণবে বর্ত্তমানান্) উচ্চার্য্য (জ্ঞাত্বা) অন্বহং (প্রত্যহং) প্রণবমন্ত্রাৎ (প্রণবমন্ত্রং) দ্বিগুণং জপ্ত্বা পশ্চাৎ (অনন্তরং) রামমন্ত্রং যঃ জপেৎ সঃ রামঃ ভবতি ইতি (বাচঃ) রামেণ উক্তাঃ (কথিতাঃ) তস্মাৎ, প্রণবঃ রামাঙ্গং কথিতঃ ইতি।

অনুবাদ। বায়ুপুত্র এইরূপ বলিলে যোগীন্দ্রাদি সকলেই তাঁহাকে পুনর্ব্বার জিজ্ঞাসা করিয়াছিলেন। হে মহাবল অঞ্জনানন্দন! গৃহস্থ ব্রাহ্মণগণের কিরূপে প্রণবে অধিকার হইবে? হনুমান্ বলিলেন, শ্রীরাম স্বয়ং বলিয়াছেন, যাহাদের "রাং রামায় নমঃ" এই ষড়ক্ষর মন্ত্র উচ্চারণে অধিকার আছে, তাহাদেরই প্রণব উচ্চারণে অধিকার আছে, অপরের নহে। কেবলমাত্র অকার, উকার, মকার ও অর্দ্ধমাত্রার সহিত প্রণব উচ্চারণ করিয়া যে রামমন্ত্রজপ

করে আমি তাহার সকল অভীষ্ট পূর্ণ করিয়া থাকি। সেই প্রণবের অকার, উকার, মকারও অর্দ্ধমাত্রার, ঋষি, ছন্দঃ ও দেবতা, সেই সেই অকারাদি বর্ণ এবং নাদাদি অবর্ণের অবস্থান, প্রণবের অন্তর্গত উদাত্তাদি স্বর, ঋগাদি বেদ.গার্হপত্যাদি অগ্নি ও সত্ত্বাদি গুণসমূহ সম্যক্ অবগত হইয়া প্রত্যহ প্রণবমন্ত্র দ্বিগুণ জপপূর্ব্বক যে রামমন্ত্র জপ করে, সে রামতুল্য হয়, এই কথা রাম স্বয়ং বলিয়াছেন, সুতরাং প্রণব রামাঙ্গ বলিয়া কথিত হইল।

৯। বিভীষণ উবাচ॥ সিংহাসনে সমাসীনং রামং পৌলস্ত্যসূদনম্। প্রণম্য দণ্ডবদ্ভূমৌ পৌলস্ত্যো বাক্যমব্রবীৎ॥ রঘুনাথ মহাবাহো কেবলং কথিতং ত্বয়া। অঙ্গানাং সুলভং চৈব কথনীয়ং চ সৌলভম্॥

ব্যাখ্যা। বিভীষণঃ উবাচ। সিংহাসনে সমাসীনম্ (উপবিষ্টং) পৌলস্ত্যসূদনং (রাবণবিনাশিনং) রামং দণ্ডবৎ ভূমৌ প্রণম্য পৌলস্ত্যঃ (বিভীষণঃ) [ইদং] বাক্যম্ অব্রবীৎ (অকথয়ৎ)। [হে] মহাবাহো (অপ্রমেয়বলশালিন্) রঘুনাথ! ত্বয়া কেবলম্ অঙ্গানাং সুলভং চ, কথনীয়ম্ এব চ সৌলভম্ [ইতি] কথিতং [তদ্ ব্রূহি ইদানীম্]।

অনুবাদ। বিভীষণ বলিলেন,—সিংহাসন-সমুপবিষ্ট, রাবণবিনাশী, রামচন্দ্রকে ভূমিতে দণ্ডবৎ প্রণাম করিয়া পৌলস্ত্য (বিভীষণ) জিজ্ঞাসা করিয়াছিলেন, হে মহাবাহো রঘুনাথ! আপনি কেবল বলিয়াছিলেন, আপনার অঙ্গসকল নিতান্ত সুলভ এবং উহা সুলভে বলা যাইতে পারে,এখন তাহা বলুন।

১০। শ্রীরাম উবাচ। অথ পঞ্চ দণ্ডকানি পিতৃঘ্নো মাতৃঘ্নঃ ব্রহ্মঘ্নো গুরুহননঃ কোটিযতিঘ্নোঽনেক-কৃতপাপো যো মম ষণ্ণবতিকোটিনামানি জপতি স তেভ্যঃ পাপেভ্যঃ প্রমুচ্যতে। স্বয়মেব সচ্চিদানন্দ-স্বরূপো ভবেন্ন কিম্। পুনরুবাচ বিভীষণঃ। তত্রাপ্য-শক্তোঽয়ং কিং করোতি। স হোবাচেমম্ কৈকসেয় পুরশ্চরণবিধাবশক্তো যো মম মহোপনিষদং মম গীতাং মন্নামসহস্রং মদ্বিশ্বরূপং মমাষ্টোত্তরশতং রামশতাভিধানং নারদোক্তস্তবরাহজং হনূমৎপ্রোক্তং মন্ত্ররাজাত্মকস্তবং সীতাস্তবং চ রামষড়ক্ষরীত্যাদিভি-র্মন্ত্রৈর্যো মাং নিত্যং স্তৌতি তৎসদৃশো ভবেন্ন কিং ভবেন্ন কিম্॥ ইতি প্রথমোঽধ্যায়ঃ॥

ব্যাখ্যা। শ্রীরামঃ উবাচ। অথ পঞ্চ (পিতৃহন্তৃত্বাদীনি মহান্তি পাতকানি দণ্ডকানি (দণ্ডযোগ্যানি) [ভবন্তি] পিতৃঘ্নঃ (পিতৃঘাতী) মাতৃঘ্নঃ মাতৃঘাতী)ব্রহ্মঘ্নঃ (ব্রহ্মঘাতী) গুরুহননঃ(গুরুঘাতী কোটি যতিঘ্নঃ (কোটিসন্ন্যাসিঘাতী) [ইত্থম্] অনেককৃতপাপঃ (বহু-পাপাচারঃ) যঃ (জনঃ) মম ষণ্ণবতিকোটিনামানি জপতি, সঃ তেভ্যঃ পাপেভ্যঃ প্রমুচ্যতে। স্বয়ম্ এব সচ্চিদানন্দস্বরূপঃ কিং ন ভবেৎ ?[অপি তু ভবতি এব ইতি ভাবঃ]। বিভীষণঃ পুনঃ উবাচ। তত্র (ষণ্ণবতিকোটিনামজপে) অশক্তঃ (অসমর্থঃ) অয়ং (জনঃ) কিং করোতি ? (করিষ্যতি ?)। সঃ (রামচন্দ্রঃ) হ উবাচ ইমং (বক্ষ্যমাণং বাক্য-নিবহং)। নৈকষেয়! (নিকষানন্দন! বিভীষণ!) পুরশ্চরণবিধৌ (পুরশ্চরণকর্ম্মণি) অশক্তঃ [সন্] যঃ মম মহোপনিষদং (রামরহস্যাদিরূপাং) মমগীতাং, মন্নামসহস্রং, মদ্বিশ্বরূপং মম অষ্টোত্তরশতং রামশতাভিধানং (রামশতনামকং) নারদোক্তং (নারদকথিতং) স্তবরাজং (স্তব-শ্রেষ্ঠং) হনুমৎপ্রোক্তং (হনুমতা কথিতং) মন্ত্ররাজাত্মকস্তব (মন্ত্ররাজ স্বরূপং স্তবং) সীতাস্তবং চ রামষড়ক্ষরী রামস্য ষন্নাম্ অ রাণাং সমাহারঃ)ইত্যাদিভিঃ মন্ত্রৈঃ [সহ] যঃ মাং নিত্যং স্তৌতি তৎসদৃশঃ (তস্য রামস্য সদৃশঃ) কিং ন ভবেৎ ? [অপি তু ভবতি এব ইতি ভাবঃ, দ্বিরুক্তিঃ অধ্যায়সমাপ্ত্যর্থা]।

অনুবাদ। শ্রীরাম বলিলেন—পিতৃহত্যা পাঁচটী অতীব দণ্ডযোগ্য মহাপাতক। এই

মহাপাতকী; অর্থাৎ পিতৃঘাতী ব্রহ্মঘাতী, গুরুঘাতী ও কোটী কোটি সন্ন্যাসিঘাতী এইরূপে বহুবিধ পাপাচারী ব্যক্তিও যদি আমার ছিয়ানব্বই কোটি নাম জপ করে, তবে সে সেই পাপ হইতেও মুক্ত হয়, এমন কি স্বয়ংই সচ্চিদানন্দ ব্রহ্মস্বরূপ কি হয় না? অবশ্য হয়। বিভীষণ পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন, আচ্ছা যদি কেহ তাহাতে অশক্ত হয়, তবে সেই ব্যক্তি কি করিবে? অর্থাৎ তাহার কি আর সেই পাপ হইতে পরিত্রাণের উপায় নাই? রামচন্দ্র তাহার উত্তরে নিম্নলিখিত বাক্যসমূহ বলিলেন। হে নিকষানন্দন বিভীষণ! পুরশ্চরণ কার্য্যে অশক্ত হইয়া যে আমার রামরহস্যাদি মহা উপনিষৎ, আমার গীতা, আমার সহস্র নাম, আমার বিশ্বরূপ, আমার অষ্টোত্তর শত মন্ত্র, রামশতক নামক নারদোক্ত স্তবরাজ, হনুমানের কথিত মন্ত্ররাজস্বরূপ স্তব এবং গীতাস্তব; এই সকল আমার ষড়ক্ষরী মন্ত্রের সহিত পাঠ করিয়া যিনি আমার স্তব করেন, তিনি কি রামসদৃশ হন না? অবশ্যই হন! অবশ্যই হন!

প্রথম অধ্যায় সমাপ্ত।

দ্বিতীয়ঃ অধ্যায়ঃ।

১। সনকাদ্যা মুনয়ো হনূমন্তং পপ্রচ্ছুঃ। আঞ্জনেয় মহাবল তারকব্রহ্মণো রামচন্দ্রস্য মন্ত্রগ্রামং নো ব্রূহীতি। হনূমান্ হোবাচ। বহ্নিস্থং শয়নং বিষ্ণোরর্দ্ধচন্দ্রবিভূষিতম্। একাক্ষরো মনুঃ প্রোক্তো মন্ত্ররাজঃ সুরদ্রুমঃ॥ ব্রহ্মা মুনিঃ স্যাদ্গায়ত্রং ছন্দো রামোঽস্য দেবতা। দীর্ঘার্দ্ধেন্দুযুজাঙ্গানি কুর্য্যাদ্বহ্ন্যাত্মনো মনোঃ॥ বীজশক্ত্যাদিবীজেন ইষ্টার্থে বিনিযোগং॥ সরযূতীরমন্দারবেদিকাপঙ্কজাসনে॥ শ্যামং বীরাসনাসীনং জ্ঞানমুদ্রোপশোভিতম্। বামোরুন্যস্তহস্তং সীতালক্ষ্মণসংযুতম্॥ অবেক্ষমাণমাত্মানমাত্মন্যমিততেজসম্। শুদ্ধস্ফটিকসঙ্কাশং কেবলং মোক্ষকাঙ্ক্ষয়া॥ চিন্তয়ন্ পরমাত্মানং ভানুলক্ষং জপেন্মনুম্॥

ব্যাখ্যা। সনকাদ্যাঃ মুনয়ঃ হনূমন্তং পপ্রচ্ছুঃ। [হে] মহাবল আঞ্জনেয়! (অঞ্জনানন্দন!) তারকব্রহ্মণঃ রামচন্দ্রস্য মন্ত্রগ্রামং (মন্ত্রসমূহং) নঃ (অস্মভ্যং) ব্রূহি ইতি। হনূমান্ হ (নিশ্চয়ে) উবাচ। বহ্নিস্থং (বহ্নিঃ রেফঃ তত্র তিষ্ঠতি যৎ) বিষ্ণোঃ

শরমম্ (অনন্তঃ আকারঃ) [তৎ] অর্দ্ধচন্দ্রবিভূষিতং (অনুস্বারযুক্তং সৎ) [রামস্ত] একাক্ষরঃ মনুঃ (মন্ত্রঃ) প্রোক্তঃ (কথিতঃ) [অয়ং মন্ত্রঃ] মন্ত্ররাজঃ (মন্ত্রশ্রেষ্ঠঃ) সুরদ্রুমঃ (কল্পতরুঃ ইব সাধকাভীষ্টফলপ্রদঃ) ব্রহ্মা মুনিঃ (ঋষিঃ) গায়ত্রং ছন্দঃ রামঃ দেবতা (মন্ত্রস্য দেবতা) স্যাৎ। বহ্ন্যাত্মনঃ (অহংস্বরূপস্য একস্বরূপস্য ইত্যর্থঃ) মনোঃ মন্ত্রস্য দীর্ঘার্দ্ধেন্দুযুক্তাঙ্গানি। দীর্ঘাঃ দীর্ঘস্বরাঃ অর্দ্ধেন্দুঃ অনুস্বারঃ তদ্‌যুক্তানি অঙ্গানি অঙ্গন্যাসাদীনি কুর্য্যাৎ। বীজশক্ত্যাদিবীজেন (বীজং শক্তিঃ কীলকং তেষাং ইতি বীজেন কুর্য্যাৎ) ইষ্টার্থে বিনিযোজয়েৎ। [ততঃ ধ্যায়েৎ] সরযূতীরমন্দারবেদিকা-পঙ্কজাসনে (সরযূনদ্যাঃ তীরে মন্দারবেদিকায়াং পঙ্কজনির্ম্মিতা-সনে) বীরাসনাসীনং (বীরাসনে উপবিষ্টং) শ্যামং (শ্যামাঙ্গং) জ্ঞানমুদ্রোপশোভিতং (দক্ষহস্তে জ্ঞানমুদ্রাং দধানং) বামোরু-ন্যস্ততদ্ধস্তং (বামজানু-বিন্যস্তবামহস্তং) সীতালক্ষ্মণ-সংযুতং (সীতালক্ষ্মণয়োঃ সমন্বিতং) কেবলং মোক্ষকাঙ্ক্ষয়া শুদ্ধ-স্ফটিকসঙ্কাশং (বিশুদ্ধস্ফটিকবদ্ দীপ্তিমন্তং) অমিততেজসম্ (অপ্রমেয়তেজস্করম্) আত্মানম্ আত্মনি অবেক্ষ্যমাণং পরমাত্মানং চিন্তয়ন্ মনুং (মন্ত্রং) ভানুলক্ষং (দ্বাদশলক্ষং) জপেৎ।

অনুবাদ। সনকাদি ঋষিগণ হনুমান্‌কে জিজ্ঞাসা করিয়াছিলেন—হে মহাবল অঞ্জনানন্দন!

তারকব্রহ্ম শ্রীরামচন্দ্রের মন্ত্রসমূহ আমাদিগকে বলুন। হনূমান্ বলিতে আরম্ভ করিলেন, বহ্নি অর্থাৎ রেফের সহিত অনন্ত বা আকার এবং অনুস্বার যোগ করিয়া 'রাং' রূপে রামচন্দ্রের একাক্ষর মন্ত্র কথিত হইয়াছে। এই মন্ত্রই সর্ব্বশ্রেষ্ঠ এবং কল্পতরুর ন্যায় সাধকের সর্ব্বাভীষ্টফলপ্রদ। ব্রহ্মা ইহার ঋষি, গায়ত্রী ছন্দঃ শ্রীরাম ইহার দেবতা। বহ্নি রেফ বা রকারস্বরূপ মন্ত্রের সহিত দীর্ঘস্বরযোগ করিয়া অঙ্গন্যাসাদি করিতে হয়। যথা—রাং হৃদয়ায় নমঃ রীং শিরসে স্বাহা, রূং শিখায়ৈ বষট্, রৈং কবচায় হুং, রৌং নেত্রত্রয়ায় বৌষট্, রঃ করতলপৃষ্ঠাভ্যমস্ত্রায় ফট্। এইরূপ করন্যাস—রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, রীং তর্জ্জনীভ্যাং স্বাহা, রূং মধ্যমাভ্যাং বষট্, রৈং অনামিকাভ্যাং হুং, রৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্, রঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্। বীজ, শক্তি ও কীলক এই বীজ দ্বারাই করিতে হয়। যথা রাং বীজং, রাং শক্তিং, রাং কীলকং। ইষ্টার্থে এই মন্ত্রের বিনিয়োগ করিবে।

ধ্যান—শ্রীরামচন্দ্র সরযূনদীর তীরে মন্দারবেদিকায়

পদ্মনির্ম্মিতাসনে বীরাসনে সমুপবিষ্ট আছেন। তাঁহার দেহকান্তি উজ্জ্বল শ্যামবর্ণ। ইঁহার এক হস্তে জ্ঞানমুদ্রা ও বামহস্ত জানুর উপরি বিন্যস্ত। একপার্শ্বে সীতাদেবী ও অপর পার্শ্বে লক্ষ্মণ অবস্থিত। একমাত্র মোক্ষাকাঙ্ক্ষায় শুভ্র স্ফটিকের ন্যায় শুভ্রবর্ণ অতিশয় দীপ্তিশালী আত্মাকে স্বীয় আত্মায় অবলোকন করিতেছেন, অর্থাৎ যিনি আত্মারাম সেই পরমাত্মস্বরূপ রামচন্দ্রকে চিন্তা করিতে করিতে এই একাক্ষর মন্ত্র দ্বাদশলক্ষবার জপ করিবে। [এই দ্বাদশলক্ষজপে একাক্ষর মন্ত্রের পুরশ্চরণ হয়।

২। বহ্নির্নারায়ণোনাঢ্যো জাঠরঃ কেবলোঽপি চ॥
দ্ব্যক্ষরো মন্ত্ররাজোঽয়ং সর্ব্বাভীষ্টপ্রদস্ততঃ।
একাক্ষরোক্তমৃষ্যাদি স্যাদাদ্যেন ষড়ঙ্গকম্॥

ব্যাখ্যা। বহ্নিঃ (রেফঃ) নারায়ণেন (আকারেণ) আঢ্যঃ (যুক্তঃ) কেবলঃ জাঠরঃ (মকারঃ) অপি চ, [অনেন 'রাম' ইতি সিদ্ধম্] অয়ং দ্ব্যক্ষরঃ মন্ত্ররাজঃ সর্ব্বাভীষ্টপ্রদঃ স্যাৎ। একাক্ষরোক্তং (একাক্ষরমন্ত্রে কথিতং) ঋষ্যাদিঃ স্যাৎ। আদ্যেন ('রাং' ইত্যনেন) ষড়ঙ্গকং (ষড়ঙ্গন্যাসং [কুর্য্যাৎ ইতি শেষঃ]।

অনুবাদ। আকারযুক্ত রকার ও কেবল

মকার, অর্থাৎ 'রাম' ইহাই দ্ব্যক্ষর মন্ত্র। এই শ্রেষ্ঠ মন্ত্র সাধকের সকল অভীষ্ট ফল প্রদান করে। একাক্ষর মন্ত্রের ঋষি, ছন্দঃপ্রভৃতি যাহা, ইহারও তাহাই। অঙ্গন্যাস এবং করন্যাসও পূর্ব্ববৎ।

৩। তারমায়ারমানঙ্গবাক্ স্ববীজৈশ্চ ষড়্বিধঃ।
ত্র্যক্ষরো মন্ত্ররাজঃ স্যাৎ সর্ব্বাভীষ্টফলপ্রদঃ॥

ব্যাখ্যা। তারমায়ারমানঙ্গবাক্ স্ববীজৈঃ ('তারঃ প্রণবঃ, মায়া হ্রীং, রমা শ্রীং, অনঙ্গঃ ক্লীং, বাক্ ঐং, স্ববীজং রাং' এতৈঃ) ষড়্-বিধঃ (ষট্‌প্রকারঃ) ত্র্যক্ষরঃ মন্ত্ররাজঃ [সাধকানাং] সর্ব্বাভীষ্ট-ফলপ্রদঃ স্যাৎ।

অনুবাদ। ওঁ রাম, হ্রীং রাম, শ্রীং রাম, ক্লীং রাম, ঐং রাম, রাং রাম, এই ষড়্‌বিধ ত্র্যক্ষর মন্ত্র সর্ব্বমন্ত্রপ্রধান এবং সাধকের সর্ব্বাভীষ্ট ফল প্রদান করে।

৪। দ্ব্যক্ষরশ্চন্দ্রভদ্রান্তো দ্বিবিধশ্চতুরক্ষরঃ।
ঋষ্যাদি পূর্ব্ববজ্‌জ্ঞেয়মেতয়োশ্চ বিচক্ষণৈঃ॥

ব্যাখ্যা। দ্ব্যক্ষরঃ (রাম ইতিরূপঃ) চন্দ্রভদ্রান্তঃ (রাম-চন্দ্রঃ রামভদ্র ইতি) দ্বিবিধঃ চতুরক্ষরঃ [মন্ত্রঃ]। বিচক্ষণৈঃ

বিষ্বস্তিঃ) এতয়োঃ (ত্র্যক্ষরচতুরক্ষরমন্ত্রয়োঃ) ঋষ্যাদি পূর্ব্ববৎ) (একাক্ষরমন্ত্রোক্তবৎ) জ্ঞেয়ম্।

অনুবাদ। দ্ব্যক্ষর 'রাম' এই মন্ত্র চন্দ্র ও ভদ্রান্ত হইয়া দ্বিবিধ চতুরক্ষর মন্ত্র হইয়াছে। যথা 'রামচন্দ্র' ও 'রামভদ্র'। সুধীগণ এই ত্র্যক্ষর ও চতুরক্ষর মন্ত্রের ঋষি, ছন্দঃপ্রভৃতি এবং অঙ্গন্যাস, করন্যাস একাক্ষর মন্ত্রের ন্যায় জানিবেন।

৫। সপ্রতিষ্ঠৌ রমৌ বায়ুঃ হৃৎপঞ্চার্ণো মনুর্ম্মতঃ। বিশ্বামিত্র ঋষিঃ প্রোক্তঃ পঙ্‌ক্তিশ্ছন্দোঽস্য দেবতা॥ রামভদ্রো বীজশক্তী প্রথমার্ণমিতি ক্রমাৎ। ভ্রূমধ্যে হৃদি নাভ্যূর্ব্বোঃ পাদয়োর্ব্বিন্যসেন্মনুম্॥ ষড়ঙ্গং পূর্ব্ববদ্বিন্যান্মন্ত্রার্ণৈর্ম্মনুনাস্ত্রকম্॥

ব্যাখ্যা। সপ্রতিষ্ঠৌ (প্রতিষ্ঠয়া আকারেণ সহ বর্ত্তমানৌ) রমৌ (রকার-মকারৌ তেন রামা ইতি সিদ্ধং) বায়ুঃ (যকারঃ) হৃৎ (নমঃ) [তেন 'রামায় নমঃ' ইতি সিদ্ধম্) [ইতি] পঞ্চার্ণঃ (পঞ্চবর্ণাত্মকঃ) মনুঃ (মন্ত্রঃ) মতঃ (সম্মতঃ)। অস্য (মন্ত্রস্য) বিশ্বামিত্র ঋষিঃ প্রোক্তঃ (কথিতঃ) পঙ্‌ক্তিঃ ছন্দঃ, রামভদ্রঃ

দেবতা, বীজ শক্তী (বীজং শক্তিঃ চ) প্রথমার্ণম্ ইতি ক্রমাৎ (প্রথমমন্ত্রবর্ণক্রমেণ) [জানীয়াৎ ইতি শেষঃ]। ভ্রূমধ্যে, হৃদি, নাভ্যূর্ব্বোঃ (নাভৌ উরুদ্বয়ে চ) পাদয়োঃ [ক্রমাৎ] মনুং বিন্যসেৎ, যথা ভ্রূমধ্যে 'রা' হৃদি মা, নাভৌ য়, উরুদ্বয়ে ন পাদয়োঃ মঃ ইতি বিন্যাসক্রমঃ। মন্ত্রার্ণৈঃ (মন্ত্রবর্ণৈঃ) পূর্ব্ববৎ ষড়ঙ্গং (ষড়ঙ্গন্যাসাদিকং) মনুনা (মন্ত্রেণ) অস্ত্রকং (অস্ত্রায় ফট্ ইত্যাদিকং) বিন্যাৎ (কুর্য্যাৎ ইত্যর্থঃ)।

অনুবাদ। আকারের সহিত র ও ম এবং যকার ও নমঃ শব্দ মিলিয়া পঞ্চাক্ষর মন্ত্র সিদ্ধ হইয়াছে। সুতরাং 'রামায় নমঃ' ইহাই পঞ্চাক্ষর মন্ত্র। এই মন্ত্রের ঋষি বিশ্বামিত্র, পঙ্‌ক্তি ছন্দঃ, রামভদ্র দেবতা; বীজ-শক্তিপ্রভৃতি প্রথমবর্ণক্রমে জানিবে ভ্রূমধ্যে, হৃদয়ে, নাভি, উরুদ্বয় ও পাদদ্বয়ে ক্রমশঃ এই মন্ত্রের বিন্যাস করিবে। যথা ভ্রূমধ্যে রা, হৃদয়ে মা, নাভিতে য়, উরুদ্বয়ে ন, এবং পাদদ্বয়ে ম। পূর্ব্বের ন্যায় মন্ত্রবর্ণ দ্বারা অঙ্গন্যাস ও করন্যাস এবং মন্ত্র দ্বারা অস্ত্রায় ফট্, এই মন্ত্র পাঠ করিবে।

৬। মধ্যে বনং কল্পতরোর্ম্মূলে পুষ্পলতাসনে ॥

লক্ষ্মণেন প্রগুণিতমক্ষ্ণঃ কোণেন সায়কম্ ।
অবেক্ষমাণং জানক্যা কৃতব্যজনমীশ্বরম্ ॥
জটাভারলসচ্ছীর্ষং শ্যামং মুনিগণাবৃতম্ ।
লক্ষ্মণেন ধৃতচ্ছত্রমথবা পুষ্পকোপরি ॥
দশাস্যমথনং শান্তং সসুগ্রীববিভীষণম্ ।
এবং লব্ধ্বা জয়ার্থী তু বর্ণলক্ষং জপেন্মনুম্ ॥

ব্যাখ্যা। মধ্যে বনং (বনস্য মধ্যে) কল্পতরোঃ মূলে পুষ্পলতাসনে (পুষ্পলতানির্ম্মিতাসনে) [উপবিষ্টং] লক্ষ্মণেন প্রগুণিতং (সজ্জীকৃতং) সায়কম্ অক্ষ্ণঃ কোণেন অবেক্ষমাণং, জানক্যা (সীতয়া) কৃতব্যজনম্ ঈশ্বরং, জটাভারলসচ্ছীর্ষং (জটাজূটশোভিতশিরোদেশং), শ্যামং (শ্যামবর্ণং), মুনিগণাবৃতং (মুনিগণপরিবেষ্টিতং), লক্ষ্মণেন ধৃতচ্ছত্রম্। অথবা পুষ্পকোপরি পুষ্পকরথোপরি বর্ত্তমানং দশাস্যমথনং (দশাননবিনাশিনং), শান্তং সসুগ্রীববিভীষণং (সুগ্রীবেণ বিভীষণেন চ সহ বর্ত্তমানম্), এবম্ (এবংবিধং) লব্ধ্বা (ধ্যানেন জ্ঞাত্বা), জয়ার্থী (জয়াভিলাষি-জনঃ) বর্ণলক্ষং (চতুর্লক্ষং) মনুং জপেৎ।

অনুবাদ। শ্রীরামচন্দ্র বনের মধ্যে কল্পতরুর মূলে পুষ্পলতা বিনির্ম্মিত আসনে উপবিষ্ট হইয়া লক্ষ্মণকর্ত্তৃক সজ্জিত সায়কসমূহ অবলোকন করিতে-

ছেন। সীতাদেবী সেই ঈশ্বরকে ব্যজন করিতেছেন। তিনি শ্যামবর্ণ, তাঁহার শিরোদেশ জটাজূটপরিশোভিত। মুনিগণ তাঁহাকে চতুর্দ্দিকে বেষ্টন করিয়া আছেন এবং লক্ষ্মণ তাঁহার মস্তকে ছত্র ধারণ করিয়াছেন, অথবা তিনি পুষ্পক রথোপরি উপবিষ্ট, রাবণবিনাশকারী ও শান্তমূর্ত্তি এবং সুগ্রীব ও বিভীষণ তাঁহার সম্মুখে বর্ত্তমান। এইরূপে ধ্যানযোগে জানিয়া জয়ার্থী ব্যক্তি চারি লক্ষ মন্ত্র জপ করিবেন।

৭। স্বকামশক্তিবাগ্লক্ষ্মীতারাদ্যঃ পঞ্চবর্ণকঃ।
ষড়ক্ষরঃ ষড়্বিধঃ স্যাচ্চতুর্ব্বর্গফলপ্রদঃ॥

ব্যাখ্যা। স্ব-কাম-শক্তি-বাগ্-লক্ষ্মী-তারাদ্যঃ (স্বং রাং, কামঃ ক্লীং, শক্তিঃ হ্রীং, বাক্ ঐং, লক্ষ্মী শ্রীং তারঃ প্রণবঃ এতে আদ্যাঃ যস্য সঃ) পঞ্চবর্ণকঃ (রামায় নমঃ ইতি) ষড়ক্ষরঃ ষড়্বিধঃ চতুর্ব্বর্গফলপ্রদঃ স্যাৎ।

অনুবাদ। রাং, ক্লীং, হ্রীং ঐং, শ্রীং, ওঁ, এই ছয়টী বীজ 'রামায় নমঃ' এই পঞ্চাক্ষর রামবীজের আদিতে মিলিত হইয়া ছয় প্রকার ষড়ক্ষর মন্ত্র হইয়াছে। যথা—রাং রামায় নমঃ, ক্লীং রামায় নমঃ,

হ্রীং রামায় নমঃ, ঐং রামায় নমঃ, শ্রীং রামায় নমঃ, ওঁ রামায় নমঃ। এই ষড়ক্ষর মন্ত্র প্রত্যেকেই ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ব্বর্গ ফল প্রদান করিয়া থাকে।

৮। পঞ্চাশন্মাতৃকাবর্ণপ্রত্যেকপূর্ব্বকো মনুঃ।
লক্ষ্মীবাঙ্মন্মথাদিশ্চ তারাদিঃ স্যাদনেকধা ॥

ব্যাখ্যা। পঞ্চাশন্মাতৃকাবর্ণপ্রত্যেকপূর্ব্বকঃ (অকারাদি-পঞ্চাশন্মাতৃকাবর্ণানাং প্রত্যেকং পূর্ব্বে যস্য পঞ্চাক্ষরস্য মনোঃ সঃ) মনুঃ লক্ষ্মীবাঙ্মন্মথাদিঃ (লক্ষ্মীঃ শ্রীং বাক্ ঐং, মন্মথঃ ক্লীং ইত্যাদিঃ) চ তারাদিঃ (প্রণবাদিঃ) [ইত্থং ষড়ক্ষরঃ মন্ত্রঃ] অনেকধা স্যাৎ।

অনুবাদ। 'রামায় নমঃ' এই পঞ্চাক্ষর মন্ত্রের পূর্ব্বে, অকারাদি পঞ্চাশন্মাতৃকাবর্ণের এক একটী বর্ণ যোগ করিলে পঞ্চাশ প্রকার ষড়ক্ষর মন্ত্র হয়। যথা অ রামায় নমঃ, আ রামায় নমঃ ইত্যাদি, এইরূপে শ্রীং, ঐং ক্লীং ও প্রণবযোগেও ষড়ক্ষর মন্ত্র বহুবিধ হইয়া থাকে।

৯। শ্রীমায়ামন্মথৈকৈকবীজান্তন্তর্গতো মনুঃ।
চতুর্বর্গঃ স এব স্যাৎ ষড়র্ণো বাঞ্ছিতপ্রদঃ ॥

স্বাহান্তো হুংফড়ন্তো বা নত্যন্তো বা ভবেদয়ম্ ॥
অষ্টাবিংশত্যুত্তরশতভেদঃ ষড়্বর্ণ ঈরিতঃ ॥

ব্যাখ্যা। শ্রীমায়ামন্মথৈকৈকবীজাদ্যন্তর্গতঃ (দ্ব্যক্ষররামবীজস্য আদ্যন্তর্গতঃ শ্রীমায়ামন্মথানাম্ একৈকঃ) মনুঃ স এব চতুর্বর্ণঃ স্যাৎ [যথা শ্রীং রাম শ্রীং, হ্রীং রাম হ্রীং ক্লীং রাম ক্লীং ইতি] অয়ং (চতুরক্ষরঃ মনুঃ) স্বাহান্তঃ (স্বাহা' ইত্যন্তঃ) হুং ফট্ অন্তঃ বা নত্যন্তঃ (নমঃশব্দান্তঃ) বা ভবেৎ [যথা শ্রীং রাম শ্রীং স্বাহা, শ্রীং রাম, শ্রীং হুং ফট্, শ্রীং রাম শ্রীং নমঃ ইত্যাদি] [ইত্থং] ষড়্বর্ণঃ ষড়ক্ষর মনুঃ) অষ্টাবিংশত্যুত্তরশতভেদঃ ঈরিতঃ (কথিতঃ)।

অনুবাদ। দ্ব্যক্ষর 'রাম' এই মন্ত্রের আদি ও অন্তে শ্রীং, হ্রীং, ক্লীং যোগ করিলে চতুরক্ষর মন্ত্র হইয়া থাকে। যথা—শ্রীং রাম শ্রীং, হ্রীং রাম হ্রীং, ক্লীং রাম ক্লীং। এই প্রত্যেক মন্ত্রের শেষে 'স্বাহা অথবা 'হুং ফট্' অথবা 'নমঃ' শব্দ যোগ করিলে ষড়ক্ষর মন্ত্র হয়। যথা শ্রীং রাম শ্রীং স্বাহা,' 'শ্রীং রাম শ্রীং হুং ফট্, শ্রীং রাম শ্রীং নমঃ। এইরূপ হ্রীং রাম হ্রীং স্বাহা ইত্যাদি রূপে ষড়ক্ষর মন্ত্র একশত আঠাইশ প্রকারের হইতে পারে।

১০। ব্রহ্মা সম্মোহনঃ শক্তির্দক্ষিণামূর্ত্তিরেব চ।
অগস্ত্যশ্চ শিবঃ প্রোক্তা মুনয়োঽনুক্রমাদিমে ॥
ছন্দো গায়ত্রসংজ্ঞং চ শ্রীরামশ্চৈব দেবতা ॥

ব্যাখ্যা। [রাং রামায় নমঃ, ক্লীং রামায় নমঃ, হ্রীং রামায় নমঃ, ঐং রামায় নমঃ, শ্রীং রামায় নমঃ, ওঁ রামায় নমঃ ইতি ষড়্‌বিধস্য ষড়ক্ষরমন্ত্রস্য] ব্রহ্মা সম্মোহনঃ শক্তিঃ দক্ষিণামূর্ত্তিঃ এব চ অগস্ত্য শিবঃ চ ইমে মুনয়ঃ (ঋষয়ঃ) অনুক্রমাৎ প্রোক্তাঃ। ছন্দঃ গায়ত্রসংজ্ঞং চ শ্রীরামঃ চ এব দেবতা।

অনুবাদ। রাং রামায় নমঃ, ক্লীং রামায় নমঃ, হ্রীং রামায় নমঃ, ঐং রামায় নমঃ, শ্রীং রামায় নমঃ, ওঁ রামায় নমঃ, এই সকল মন্ত্রের ঋষি পৃথক্ পৃথক্। প্রথম মন্ত্রের ঋষি ব্রহ্মা, দ্বিতীয় মন্ত্রের ঋষি সম্মোহন, তৃতীয় মন্ত্রের ঋষি শক্তি, চতুর্থ মন্ত্রের ঋষি দক্ষিণামূর্ত্তি, পঞ্চম মন্ত্রের ঋষি অগস্ত্য, ষষ্ঠ মন্ত্রের ঋষি শিব। ইহার গায়ত্রী ছন্দঃ, শ্রীরাম দেবতা।

১১। অথবা কামবীজাদেবিশ্বামিত্রো মুনির্ম্মনোঃ।
ছন্দো দেব্যাদিগায়ত্রী রামভদ্রোঽস্য দেবতা।

বীজশক্তী যথাপূর্ব্বং ষড়্বর্ণান্ বিন্যসেৎ ক্রমাৎ ॥
ব্রহ্মরন্ধ্রে ভ্রুবোর্ম্মধ্যে হৃন্নাভ্যূরুষু পাদয়োঃ।
বীজৈঃ ষড়্দীর্ঘযুক্তৈর্ব্বা মন্ত্রার্ণৈর্ব্বা ষড়ঙ্গকম্ ॥

ব্যাখ্যা। অথবা অস্য কামবীজাদেঃ মনোঃ বিশ্বামিত্রঃ মুনিঃ (ঋষিঃ), ছন্দঃ দেব্যাদিগায়ত্রী, রামভদ্রঃ দেবতা। বীজ-শক্তী যথাপূর্ব্বং (পূর্ব্ববৎ) ষড়্বর্ণান্ ক্রমাৎ বিন্যসেৎ ব্রহ্মরন্ধ্রে ভ্রুবোঃ মধ্যে হৃন্নাভ্যূরুষু (হৃদয়ে নাভৌ উর্বৌ চ), বীজৈঃ (ষড়ক্ষরবীজৈঃ) ষড়্দীর্ঘযুক্তৈঃ (রাং রীং রূং ইত্যাদিরূপৈঃ) বা মন্ত্রার্ণৈঃ (মন্ত্রবর্ণৈঃ) বা ষড়ঙ্গকম্ (অঙ্গন্যাসকরন্যাসাদিকং) [কুর্য্যাৎ]।

অনুবাদ। অথবা 'ক্লীং রামায় নমঃ' এই মন্ত্রের ঋষি বিশ্বামিত্র, গায়ত্রী ছন্দঃ, রামভদ্র দেবতা। বীজ-শক্তি প্রভৃতি পূর্ব্ববৎ জানিবে। ক্লীং, রা, মা, য়, ন, মঃ, এই ছয়টি বর্ণ ক্রমশঃ ব্রহ্মরন্ধ্রে, ভ্রূমধ্যে, হৃদয়ে, নাভিতে ও ঊরুদ্বয়ে বিন্যাস করিবে। ষড়ক্ষর বীজ, অথবা রাং হৃদয়ায় নমঃ, রীং শিরসে স্বাহা ইত্যাদি রূপে, অথবা মন্ত্রবর্ণসমূহ দ্বারা করাঙ্গন্যাস করিবে।

১২। কালাম্ভোধরকান্তিকান্তমনিশং বীরাসনা-

ধ্যাসিনং মুদ্রাং জ্ঞানময়ীং দধানমপরং হস্তাম্বুজং জানুনি। সীতাং পার্শ্বগতাং সরোরুহকরাং বিদ্যুন্নিভাং রাঘবং পশ্যন্তং মুকুটাঙ্গদাদিবিবিধাকল্পোজ্জ্বলাঙ্গং ভজে।

ব্যাখ্যা। [ধ্যানম্] কালাম্ভোধরকান্তিকান্তং (কৃষ্ণমেঘাম্ম-নোজ্ঞদেহকান্তিম্) অনিশং (সততং) বীরাসনাধ্যাসিনং (বীরাসনো-পবিষ্টং) জ্ঞানময়ীং মুদ্রাং দধানম্, অপরং হস্তাম্বুজং (পদ্মহস্তং) জানুনি [বিন্যস্তং] সরোরুহকরাং (পদ্মহস্তাং) বিদ্যুন্নিভাং (সৌদামিনীবর্ণাং) পার্শ্বগতাং (পার্শ্বস্থিতাং) সীতাং পশ্যন্তং রাঘবং মুকুটাঙ্গদাদিবিবিধাকল্পোজ্জ্বলাঙ্গং (মুকুটাঙ্গদাদিবিবিধবেশ-রচনাদ্রব্যেণ দীপ্তিমচ্ছরীরং) ভজে।

অনুবাদ। শ্রীরামের দেহকান্তি মেঘের ন্যায় কৃষ্ণবর্ণ, ইনি অতি কোমলাঙ্গ ও বীরাসনে উপ-বিষ্ট, ইহাঁর এক হস্তে জ্ঞানমুদ্রা ও অপর হস্ত জানুর উপরে বিন্যস্ত, পার্শ্বদেশে পদ্মহস্তা সৌদামিনীবর্ণা সীতাদেবী উপবিষ্টা আছেন; রামচন্দ্র সীতাদেবীকে দৃষ্টি করিতেছেন, তাঁহার মস্তকে রত্নমুকুট এবং অঙ্গ-দাদি বিবিধ রত্নভূষণে শরীর উজ্জ্বল, এই প্রকার রাঘবকে ভজনা করি।

১৩। রামশ্চন্দ্রভদ্রান্তো ঙেন্তো নতিযুতো দ্বিধা।
সপ্তাক্ষরো মন্ত্ররাজঃ সর্ব্বকামফলপ্রদঃ॥
তারাদিসহিতঃ সোঽপি দ্বিবিধোঽষ্টাক্ষরো মতঃ।
তারং রামশ্চতুর্থ্যন্তঃ ক্রোড়াস্ত্রং বহ্নিবল্লভা॥
অষ্টার্ণোঽয়ং পরো মন্ত্রো ঋষ্যাদিঃ স্যাৎ ষড়র্ণবৎ।
পুনরষ্টাক্ষরস্যাথ রাম এব ঋষিঃ স্মৃতঃ॥
গায়ত্রং ছন্দ ইত্যস্য দেবতা রাম এব চ।
তারং শ্রীবীজযুগ্মং চ বীজশক্ত্যাদয়ো মতাঃ॥
ষড়ঙ্গং চ ততঃ কুর্য্যান্মন্ত্রার্ণৈরেব বুদ্ধিমান্।
তারং শ্রীবীজযুগ্মং চ রামায় নম উচ্চরেৎ॥

ব্যাখ্যা। ঙেন্তঃ (চতুর্থ্যন্তঃ) রামঃ চন্দ্রভদ্রান্তঃ (রামচন্দ্র-রামভদ্র ইতিরূপঃ) নতিযুতঃ (নমঃশব্দযুক্তঃ) দ্বিধা সপ্তাক্ষরঃ মন্ত্ররাজঃ (সর্ব্বমন্ত্রশ্রেষ্ঠঃ) সর্ব্বকামফলপ্রদঃ (সর্ব্বাভিলষিতং প্রদদাতি ইত্যর্থঃ) তারাদিসহিতঃ (প্রণবাদ্যঃ) সঃ (সপ্তাক্ষরঃ) অপি দ্বিবিধঃ অষ্টাক্ষরঃ মতঃ। তারং (প্রণবঃ) রামঃ চতুর্থ্যন্তঃ (রামায় ইতি) ক্রোড়াস্ত্রং (ক্রোড়ে অভ্যন্তরে 'ফট্' ইতি) বহ্নি-বল্লভা (স্বাহা) অয়ং পরঃ (শ্রেষ্ঠঃ) অষ্টার্ণঃ (অষ্টাক্ষরঃ) মন্ত্রঃ, [অস্য মন্ত্রস্য] ঋষ্যাদিঃ ষড়র্ণবৎ স্যাৎ, অথ পুনঃ অষ্টাক্ষরস্য (মন্ত্রস্য) রাম এব ঋষিঃ স্মৃতঃ(কথিতঃ),গায়ত্রং ছন্দঃ ইতি, অস্য

দেবতা রামঃ এব চ। বীজশক্ত্যাদয়ঃ তারং (প্রণবঃ) শ্রীবীজ-যুগ্মং (শ্রীং শ্রীং ইতি চ মতাঃ (কথিতাঃ)। বুদ্ধিমান্ ষড়ঙ্গং চ (ষড়ঙ্গন্যাসাদিকং) ততঃ, মন্ত্রার্ণৈঃ (মন্ত্রবর্ণৈঃ) এব কুর্য্যাৎ। তারং (প্রণবঃ) শ্রীবীজযুগ্মং ('শ্রীং শ্রীং' ইতি) চ রামায় নমঃ [ইতি] উচ্চরেৎ।

অনুবাদ। চতুর্থীবিভক্তিযুক্ত রাম শব্দের অন্তে 'চন্দ্র' ও 'ভদ্র' শব্দ যোগ করিয়া সর্ব্ব-শেষে 'নমঃ' শব্দযোগ করিলে, দুই প্রকার সপ্তাক্ষর মন্ত্রের উদ্ভব হয়। যথা— 'রামচন্দ্রায় নমঃ'। রাম-ভদ্রায় নমঃ। এই সপ্তাক্ষর মন্ত্র সকল মন্ত্রের শ্রেষ্ঠ এবং সকল অভীষ্ট ফলপ্রদ। এই সপ্তাক্ষর মন্ত্রের পূর্ব্বে প্রণব যোগ করিলে দ্বিবিধ অষ্টাক্ষর মন্ত্র হয়। যথা—'ওঁ রামচন্দ্রায় নমঃ'। 'ওঁ রামভদ্রায় নমঃ'। প্রণব ও চতুর্থী-বিভক্তিযুক্ত রামশব্দের অন্তে স্বাহাশব্দ যোগ করিয়া ইহার ক্রোড়ে বা অভ্যন্তরে ফট্‌শব্দ যোগ করিলে অন্যবিধ অষ্টাক্ষর মন্ত্র হয়। যথা— 'ওঁ রামায় ফট্ স্বাহা'। এই সকল অষ্টাক্ষর মন্ত্রের ঋষি রাম, ছন্দ গায়ত্রী, দেবতাও রাম। বীজ ও শক্তিপ্রভৃতি প্রণব ও শ্রীবীজদ্বয়। যথা 'ওঁ শ্রীং শ্রীং'। জ্ঞানবান্

ব্যক্তি করাঙ্গন্যাসাদি এই মন্ত্রবর্ণ দ্বারাই করিবেন এবং ওঁ শ্রীং শ্রীং রামায় নমঃ' ইহা উচ্চারণ করিবেন।

১৪। গ্লৌমোং বীজং বদেন্মায়াং হ্রীং রামায় পুনশ্চ তাম্।
শিবোমারামমন্ত্রোঽয়ং বস্বর্ণস্তু বসুপ্রদঃ॥
ঋষিঃ সদাশিবঃ প্রোক্তো গায়ত্রং ছন্দ উচ্যতে।
শিবোমারামচন্দ্রোঽত্র দেবতা পরিকীর্ত্তিতঃ॥
দীর্ঘয়া মায়য়াঙ্গানি তারপঞ্চার্ণযুক্তয়া॥

ব্যাখ্যা। গ্লৌং ওঁ বীজং (রাং) [ততঃ] মায়াং (হ্রীং) বদেৎ [ততঃ] হ্রীং (নমঃ) রামায় পুনঃ চ তাং (মায়াং হ্রীং ইত্যর্থঃ বদেৎ) [এতেন গ্লৌং ওঁ রাং হ্রীং রামায় হ্রীং রামায় ইতি মন্ত্রস্বরূপঃ জাতঃ] অয়ং বস্বর্ণঃ (অষ্টাক্ষরঃ) শিবোমারামমন্ত্রঃ (শিবস্য উমায়াঃ রামস্য চ মন্ত্রঃ) বসুপ্রদঃ (ধনদায়কঃ) [স্যাৎ] [অস্য মন্ত্রস্য] ঋষিঃ সদাশিবঃ প্রোক্তঃ, গায়ত্রং ছন্দঃ উচ্যতে। অত্র দেবতা শিবোমা-রামচন্দ্রঃ পরিকীর্ত্তিতঃ। তারপঞ্চার্ণযুক্তয়া (তারেণ প্রণবেন পঞ্চার্ণৈঃ 'রামায় নমঃ ইতি পঞ্চাক্ষরৈঃ যুক্তয়া) দীর্ঘয়া মায়য়া (হ্রাং হ্রীং হ্রূং ইত্যাদিরূপয়া) অঙ্গানি (অঙ্গন্যাসাদীনি কুর্য্যাৎ ইতি শেষঃ)।

অনুবাদ। প্রথমতঃ গ্লৌং, ওঁ, বীজ, অর্থাৎ

রাং মন্ত্র বলিয়া মায়া বা হ্রীং মন্ত্র বলিবে পরে নমঃ রামায় বলিয়া পুনর্ব্বার হ্রীং বলিবে। এই অষ্টাক্ষর মন্ত্র শিব, উমা এবং রামচন্দ্রের মন্ত্র. এই মন্ত্র জপ করিলে প্রভূত ধনসম্পত্তি লাভ হয়। ইহার ঋষি সদাশিব ; ছন্দঃ গায়ত্রী শিব, উমা ও রামচন্দ্র ইহার দেবতা। প্রণবযুক্ত 'রামায় নমঃ' এই পঞ্চাক্ষর মন্ত্র দীর্ঘস্বরবিশিষ্ট মায়া বীজের সহিত যোগ করিয়া অঙ্গন্যাসাদি করিবে। যথা ওঁ রামায় নমঃ হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ওঁ রামায় নমঃ, হ্রীং তর্জ্জনীভ্যাং স্বাহা ইত্যাদি।

১৩। রামং ত্রিনেত্রং সোমার্দ্ধধারিণং শূলিনং পরম্।
ভস্মোদ্ধূলিতসর্ব্বাঙ্গং কপর্দিনমুপাস্মহে ॥

ব্যাখ্যা। রামং ত্রিনেত্রং সোমার্দ্ধধারিণম্ অর্দ্ধচন্দ্রবিভূষিতং) শূলিনং (শূলধারিণং) পরং (শ্রেষ্ঠং) ভস্মোদ্ধূলিত-সর্ব্বাঙ্গং (ভস্মবিলেপিতগাত্রং) কপর্দ্দিনং (কপর্দ্দঃ শিবজটা স বিদ্যতে যস্য তং) উপাস্মহে (আরাধয়ামঃ বয়মিতি শেষঃ)।

অনুবাদ। যিনি ত্রিনেত্র, অর্দ্ধচন্দ্র,

শূলধারী, ভস্মবিলেপিতগাত্র ও জটাধারী, আমরা সেই সর্ব্বশ্রেষ্ঠ দেব রামচন্দ্রের আরাধনা করিতেছি।

১৬। রামাভিরামাং সৌন্দর্য্যসীমাং সোমাবতংসিকাম্।
পাশাঙ্কুশধনুর্ব্বাণধরাং ধ্যায়েৎ ত্রিলোচনাম্॥

ব্যাখ্যা। রামাভিরামাং (রামবন্মনোজ্ঞাং) সৌন্দর্য্যসীমাং (সৌন্দর্য্যপরাকাষ্ঠাং) সোমাবতংসিকাং (চন্দ্রভূষণাং) পাশাঙ্কুশধনুর্ব্বাণধরাং ত্রিলোচনাং ধ্যায়েৎ।

অনুবাদ। যিনি শ্রীরামচন্দ্রের ন্যায় নয়নাভিরাম,: সৌন্দর্য্যের আদর্শভূমি ও চন্দ্রভূষণা সেই পাশাঙ্কুশধনুর্ব্বাণধারিণী ত্রিলোচনাকে ধ্যান করিবেন।

১৭। ধ্যায়ন্নেবং বর্ণলক্ষং জপতর্পণতৎপরঃ।
বিল্বপত্রৈঃ ফলৈঃ পুষ্পৈস্তিলাজ্যৈঃ পঙ্কজৈর্হুনেৎ।
স্বয়মায়ান্তি নিধয়ঃ সিদ্ধয়শ্চ সুরেপ্সিতাঃ॥

ব্যাখ্যা। এবং (পূর্ব্বোক্তপ্রকারেণ) ধ্যায়ন্ (চিন্তয়ন্) জপতর্পণতৎপরঃ [সন্] বর্ণলক্ষং (চতুর্লক্ষং) জপেৎ, ততঃ [তদ্দশাংশসংখ্যকৈঃ] বিল্বপত্রৈঃ, ফলৈঃ, পুষ্পৈঃ,

তিলাজ্যৈঃ পঙ্কজৈঃ হুনেৎ (হোমং কুর্য্যাদিত্যর্থঃ)। [এবং কৃতে] সিদ্ধয়ঃ (অণিমাদয়ঃ) স্বয়ম্ আয়ান্তি নিধয়ঃ সুরেপ্সিতাঃ।

অনুবাদ। এইরূপে ধ্যান করিয়া জপ ও তর্পণ-পরায়ণ হইয়া চারিলক্ষ জপ করিবে। পরে তাহার দশাংশ সংখ্যায় বিল্বপত্র, ফল, পুষ্প, তিল, ঘৃত অথবা পদ্মপুষ্প দ্বারা হোম করিবে। (তাহার দশাংশ সংখ্যায় তর্পণ করিয়া ব্রাহ্মণভোজন করাইবে)। এই নিয়মে জপাদি করিলে পদ্ম, শঙ্খাদি নিধি এবং দেবতাগণেরও অভিলষিত অণিমাদি অষ্ট ঐশ্বর্য্য স্বয়ং আসিয়া তাঁহার করায়ত্ত হয়।

১৮। পুনরষ্টাক্ষরস্যাথ ব্রহ্মগায়ত্ররাঘবাঃ।
ঋষ্যাদয়স্তু বিজ্ঞেয়াঃ শ্রীবীজং মম শক্তিকম্ ॥
তৎপ্রীত্যৈ বিনিয়োগশ্চ মন্ত্রার্ণৈরঙ্গকল্পনা ॥

ব্যাখ্যা। অথ পুনঃ অষ্টাক্ষরস্য (অস্য মন্ত্রস্য) তু ব্রহ্ম-গায়ত্ররাঘবাঃ ঋষ্যাদয়ঃ বিজ্ঞেয়াঃ। মম (রামবীজস্য) শ্রীবীজং (শ্রীং ইতি) শক্তিকং তৎপ্রীত্যৈ (রামপ্রীত্যর্থং) বিনিয়োগঃ। মন্ত্রার্ণৈঃ (মন্ত্র-বর্ণৈঃ) চ অঙ্গকল্পনা (ষড়ঙ্গন্যাসঃ) [কর্ত্তব্যেতি শেষঃ]।

অনুবাদ। এই অষ্টাক্ষর মন্ত্রের কিন্তু ঋষি ব্রহ্মা. ছন্দঃ গায়ত্রী, দেবতা রাঘব, শ্রীবীজ অর্থাৎ শ্রীং এই মন্ত্র রামবীজের শক্তি, শ্রীরামের প্রীতির নিমিত্ত এই মন্ত্রের বিনিয়োগ হইয়া থাকে। মন্ত্র-বর্ণসমূহ দ্বারা করাঙ্গন্যাসাদি করিতে হয়।

১৯। কেয়ূরাঙ্গদকঙ্কণৈর্ম্মণিগণৈর্বিদ্যোতমানং সদা, রামং পার্ব্বণচন্দ্রকোটিসদৃশচ্ছত্রেণ বৈ রাজিতম্। হেমস্তম্ভসহস্রষোড়শযুতে মধ্যে মহামণ্ডপে দেবেশং ভরতাদিভিঃ পরিবৃতং রামং ভজে শ্যামলম্॥

ব্যাখ্যা। [ধ্যানম্] কেয়ূরাঙ্গদকঙ্কণৈঃ মণিগণৈঃ (মণি-সমূহৈঃ) সদা বিদ্যোতমানং (দ্যুতি-সম্পন্নং) পার্ব্বণচন্দ্রকোটি-সদৃশচ্ছত্রেণ (কোটিপূর্ণচন্দ্র সমপ্রভচ্ছত্রেণ) বৈ রাজিতং (দীপ্তি-মন্তং) রামং হেমস্তম্ভসহস্রষোড়শযুতে (ষোড়শ-সহস্র-হেমস্তম্ভ-সমন্বিতে) মহামণ্ডপমধ্যে ভরতাদিভিঃ পরিবৃতং (পরি-বেষ্টিতং) শ্যামলং (শ্যামবর্ণং) দেবেশং রামং ভজে।

অনুবাদ। কেয়ূর, অঙ্গদ, কঙ্কণপ্রভৃতি মণি-সমূহ দ্বারা সর্ব্বদা উজ্জ্বলকান্তি, কোটিপূর্ণচন্দ্রসদৃশ-প্রভাযুক্ত ছত্র দ্বারা শোভমান, ষোড়শ সহস্র হেমস্তম্ভ-

সমন্বিত মহামণ্ডপমধ্যে ভরতাদিকর্ত্তৃক পরিবেষ্টিত, শ্যামলকান্তি দেবাদিদেব শ্রীরামচন্দ্রকে ভজনা করি।

২০। কিং মন্ত্রৈর্ব্বহুভির্ব্বিনশ্বরফলৈরায়াসসাধ্যৈর্বৃথা, কিঞ্চিল্লোভবিতানমাত্রবিফলৈঃ সংসারদুঃখাবহৈঃ। একঃ সন্নপি সর্ব্বমন্ত্রফলদো লোভাদিদোষোজ্ঝিতঃ। শ্রীরামঃ শরণং মমেতি সততং মন্ত্রোঽয়মষ্টাক্ষরঃ॥

ব্যাখ্যা। বিনশ্বরফলৈঃ (যেষাং মন্ত্রাণাং ফলস্য চিরস্থায়িত্বং নাস্তি তাদৃশৈঃ) বৃথা আয়াসসাধ্যৈঃ (কেবলক্লেশবহুলৈঃ) বহুভিঃ মন্ত্রৈঃ কিং [প্রয়োজনমিতি শেষঃ]। [যতঃ তৈঃ] কিঞ্চিল্লোভবিতানমাত্রবিফলৈঃ (কিঞ্চিৎ স্বর্গাদিলোভং জনয়িত্বা তাবন্মাত্রফলং প্রদায় বিনশ্যদ্ভিঃ) [পুনঃ] সংসারদুঃখাবহৈঃ (জননদুঃখং প্রদদদ্ভিঃ)] বহুভিঃ মন্ত্রৈঃ কিং প্রয়োজনম্ ?] লোভাদিদোষোজ্ঝিতঃ (স্বর্গাদিলোভবিরহিতঃ মুক্তিপ্রদ ইতি ভাবঃ) সর্ব্বমন্ত্রফলদঃ (সর্ব্বেষাং মন্ত্রাণাং ফলং যঃ দদাতি তাদৃশঃ) একঃ সন্ অপি শ্রীরামঃ (শ্রীরামস্বরূপঃ) অয়ম্ অষ্টাক্ষরঃ মন্ত্রঃ সততং মম শরণম্ (আশ্রয়স্থানম্) [অস্তু ইতি শেষঃ]।

অনুবাদ। যে সকল মন্ত্রজপের ফল চির-স্থায়ী নহে, সেইরূপ বৃথা আয়াসসাধ্য বহু মন্ত্রজপের প্রয়োজন কি? কারণ ঐ সকল মন্ত্র স্বর্গাদি প্রলোভন জন্মাইয়া কিছুদিনের জন্য ঐ ফল প্রদান করে বটে, কিন্তু তাহা চিরস্থির নহে, তাহাকে পুনর্ব্বার দুঃখময় সংসারে প্রত্যাবর্ত্তন করিতে হয়, সুতরাং তাদৃশ বহুমন্ত্রজপেও চিরতর ফলোদয়ের সম্ভাবনা নাই। কাজেই লোভাদিদোষপরিশূন্য সমগ্র মন্ত্রফলপ্রদানে সমর্থ একমাত্র শ্রীরামস্বরূপপ্রকাশক এই অষ্টাক্ষর মন্ত্র সর্ব্বদা আমার অবলম্বনীয় হৌক।

২১। এবমষ্টাক্ষরঃ সম্যক্ সপ্তধা পরিকীর্ত্তিতঃ।
রামসপ্তাক্ষরো মন্ত্র আদ্যন্তে তারসংযুতঃ॥
নবার্ণো মন্ত্ররাজঃ স্যাচ্ছেষং ষড়্বর্ণবন্ন্যসেৎ।

ব্যাখ্যা। (সপ্তপ্রকারঃ) এবম্ (উক্তক্রমেণ) অষ্টাক্ষরঃ (অষ্টাক্ষরমন্ত্রঃ) সপ্তধা সম্যক্ পরিকীর্ত্তিতঃ (কথিতঃ)। রাম-সপ্তাক্ষরঃ (রামস্য সপ্তাক্ষরঃ) মন্ত্রঃ আদ্যন্তে (আদৌ অন্তে চ) তারসংযুতঃ (প্রণবযুক্তঃ) [সন্] নবার্ণঃ (নবাক্ষরঃ) মন্ত্ররাজঃ স্যাৎ। শেষং ষড়্বর্ণবৎ ন্যসেৎ।

অনুবাদ। এইরূপে অষ্টাক্ষর মন্ত্র সপ্ত-প্রকার কথিত হইয়াছে। রামচন্দ্রের সপ্তাক্ষর মন্ত্রের আদি ও অন্তে প্রণব যোগ করিলে নবাক্ষর মন্ত্র হয়। যথা 'ওঁ রামচন্দ্রায় নমঃ ওঁ। এই নবাক্ষর মন্ত্র সকল-মন্ত্রের শ্রেষ্ঠ। অবশিষ্ট ন্যাসাদি ষড়ক্ষর মন্ত্রন্যাসবৎ জানিবে।

২২। জানকীবল্লভং ঙেন্তং বহ্নের্জায়াহুমাদিকম্॥ দশাক্ষরোঽয়ং মন্ত্রঃ স্যাৎ সর্ব্বাভীষ্টফলপ্রদঃ। দশাক্ষরস্য মন্ত্রস্য বসিষ্ঠোঽস্য ঋষির্ব্বিরাট্ ছন্দোঽস্য দেবতা রামঃ সীতাপাণিপরিগ্রহঃ। আদ্যৌ বীজং দ্বিঠঃ শক্তিঃ কামেনাঙ্গক্রিয়া মতা॥

ব্যাখ্যা। ঙেন্তং (চতুর্থ্যন্তং) জানকীবল্লভং [তেন 'জানকীবল্লভায়' ইতি সিদ্ধং] হুমাদিকং (হুং ইতি আদির্যস্য জানকীবল্লভস্য) [ততঃ] বহ্নিজায়া ('স্বাহা' ইতি) [এতেন 'হুং জানকীবল্লভায় স্বাহা' ইতি] দশাক্ষরঃ অয়ং মন্ত্রঃ সর্ব্বাভীষ্ট-ফলপ্রদঃ স্যাৎ। অস্য দশাক্ষরস্য মন্ত্রস্য বসিষ্ঠঃ ঋষিঃ, বিরাট্ ছন্দঃ, সীতাপাণিপরিগ্রহঃ (গৃহীতসীতাপাণিঃ) রামঃ অস্য দেবতা। আদ্যঃ (হুঙ্কারঃ) বীজং, দ্বিঠঃ (স্বাহা) শক্তিঃ,

কামেন (ক্লীমিতিকামবীজেন) অঙ্গক্রিয়া (করাঙ্গন্যাসক্রিয়া) মতা।

অনুবাদ। 'হুং জানকীবল্লভায় স্বাহা' রামচন্দ্রের এই দশাক্ষর মন্ত্র সর্ব্বপ্রকার অভীষ্ট ফল প্রদান করে। এই দশাক্ষর মন্ত্রের ঋষি বসিষ্ঠ, গৃহীত-সীতাপাণি রামচন্দ্র ইহার দেবতা, হুং বীজ, স্বাহা শক্তি, 'ক্লীং' এই কামবীজ দ্বারা করন্যাস ও অঙ্গন্যাস করিতে হয়।

২৩। শিরোললাটভ্রূমধ্য তালুকণ্ঠেষু হৃদ্যপি।
নাভ্যূরুজানুপাদেষু দশার্ণান্ বিন্যসেন্মনোঃ॥

ব্যাখ্যা। শিরোললাট ভ্রূমধ্য-তালু কণ্ঠেষু হৃদি অপি নাভ্যূরুজানুপাদেষু মনোঃ (দশাক্ষরমন্ত্রস্য) দশার্ণান্) বিন্যসেৎ।

অনুবাদ। মস্তকে 'হুং নমঃ,' ললাটে-'জাং নমঃ,' ভ্রূমধ্যে 'নং নমঃ,' তালুতে 'কীং নমঃ,' কণ্ঠে 'বং নমঃ,' হৃদয়ে 'লং নমঃ,' নাভিতে 'ভাং নমঃ,' ঊরুতে 'য়ং নমঃ,' জানুতে 'স্বাং নমঃ' এবং পাদদ্বয়ে 'হাং নমঃ' এই মন্ত্রন্যাস করিবে।

২২। অযোধ্যানগরে রত্নচিত্রে সৌবর্ণমণ্ডপে। মন্দারপুষ্পৈরাবদ্ধবিতানে তোরণাঙ্কিতে॥ সিংহাসনে সমাসীনং পুষ্পকোপরি রাঘবম্। রক্ষোভির্হরিভির্দেবৈর্দিব্যযানগতৈঃ শুভৈঃ॥ সংস্তূয়মানং মুনিভিঃ সর্ব্বতঃ পরিশোভিতম্। সীতালঙ্কৃতবামাঙ্গং লক্ষ্মণেনোপসেবিতম্॥ শ্যামং প্রসন্নবদনং সর্ব্বাভরণভূষিতম্। ধ্যায়ন্নেবং জপেন্মন্ত্রং বর্ণলক্ষমনন্যধীঃ॥

ব্যাখ্যা। [ধ্যানম্] অযোধ্যানগরে রত্নচিত্রে (রত্নৈর্বিচিত্রে) সৌবর্ণমণ্ডপে (সুবর্ণনির্ম্মিত-মণ্ডপে) মন্দারপুষ্পৈঃ তোরণাঙ্কিতে (তোরণেন অঙ্কিতে পূজিতে শ্রেষ্ঠে ইত্যর্থঃ) আবদ্ধবিতানে (সম্বদ্ধচন্দ্রাতপে) পুষ্পকোপরি সিংহাসনে সমাসীনং রাঘবং (রামং) শুভৈঃ দিব্যযানগতৈঃ রক্ষোভিঃ (রাক্ষসৈঃ) হরিভিঃ (বানরৈঃ) দেবৈঃ সংস্তূয়মানং, মুনিভিঃ সর্ব্বতঃ পরিশোভিতং সীতালঙ্কৃতবামাঙ্গং (সীতয়া অলঙ্কৃতং বামাঙ্গং যস্য তং) লক্ষ্মণেনোপসেবিতং শ্যামং (শ্যামবর্ণং) প্রসন্নবদনং (প্রফুল্লাননং) সর্ব্বাভরণভূষিতং ধ্যায়েৎ। এবম্ অনন্যধীঃ (অনন্যবুদ্ধিঃ সন্) বর্ণলক্ষং (চতুর্লক্ষং) মন্ত্রং জপেৎ॥

অনুবাদ। অযোধ্যানগরীতে বিবিধরত্নমণ্ডিত সুবর্ণনির্ম্মিত মণ্ডপ, তাহাতে মন্দারপুষ্প

শোভিত সুবৃহৎ তোরণ ও চন্দ্রাতপ আবদ্ধ, তন্মধ্যে পুষ্পকোপরি সিংহাসনস্থিত রামকে দিব্যযানারূঢ় রাক্ষস, বানর ও দেবগণ স্তব করিতেছেন। মুনিগণ চতুর্দ্দিকে বসিয়া শোভাবর্দ্ধন করিতেছেন, সীতাদেবী বামাঙ্গে উপবিষ্টা আছেন, লক্ষ্মণ ইহাঁর নিরন্তর সেবা করিতেছেন। ইনি শ্যামবর্ণ প্রসন্নবদন সর্ব্বালঙ্কারে ভূষিত, এইরূপে শ্রীরামচন্দ্রের ধ্যান করিবে এবং অনন্যমনা হইয়া চারিলক্ষ মন্ত্র জপ করিবে।

২৫। রামং ঙেন্তং ধনুষ্পাণয়েহন্তঃ স্যাদ্বহ্নি-সুন্দরী। দশাক্ষরোঽয়ং মন্ত্রঃ স্যান্মুনির্ব্রহ্মা বিরাট্ স্মৃতঃ॥ ছন্দস্তু দেবতা প্রোক্তো রামো রাক্ষসমর্দনঃ। শেষং তু পূর্ব্ববৎ কুর্য্যাচ্চাপবাণধরং স্মরেৎ॥

ব্যাখ্যা। ঙেন্তং (চতুর্থ্যন্তং) রামং [ততঃ] ধনুষ্পাণয়ে অন্তঃ (অবশেষে) বহ্নিসুন্দরী (স্বাহা) স্যাৎ। অয়ং দশাক্ষরঃ মন্ত্রঃ স্যাৎ। ব্রহ্মা মুনিঃ স্মৃতঃ, বিরাট্ ছন্দঃ, রাক্ষসমর্দ্দনঃ (রাক্ষসবিনাশী) রামঃ দেবতা প্রোক্তঃ। শেষং (এতদবশিষ্টং ন্যাসাদিকং) পূর্ব্ববৎ কুর্য্যাৎ, চাপবাণধরং (ধনুর্ব্বাণধারিণং রামং) স্মরেৎ।

অনুবাদ। 'রামায় ধনুষ্পাণয়ে স্বাহা' ইহা শ্রীরামের দশাক্ষর মন্ত্র। এই মন্ত্রের ঋষি ব্রহ্মা, ছন্দঃ বিরাট্, রাক্ষসবিনাশন রামচন্দ্র ইহার দেবতা। অন্যান্য ন্যাসাদি সকলই পূর্ব্বের ন্যায় করিবে এবং ধনুর্ব্বাণধারী শ্রীরামচন্দ্রের চিন্তা করিবে।

২৬। তারমায়ারমানঙ্গবাক্ স্ববীজৈশ্চ ষড়্বিধঃ। দশার্ণো মন্ত্ররাজঃ স্যাদ্রুদ্রবর্ণাত্মকো মনুঃ॥ শেষং ষড়র্ণবজ্জ্ঞেয়ং ন্যাসধ্যানাদিকং বুধৈঃ॥

ব্যাখ্যা। দশার্ণঃ (দশাক্ষরঃ) মন্ত্ররাজঃ তারমায়ারমানঙ্গ-বাক্স্ববীজৈঃ (তারঃ প্রণবঃ, মায়া হ্রীং, রমা শ্রীং, অনঙ্গঃ ক্লীং, বাক্ ঐং স্ববীজং রাং ইত্যেতৈঃ) [যুক্তঃ সন্] রুদ্রবর্ণাত্মকঃ (একাদশবর্ণস্বরূপঃ একাদশাক্ষর ইত্যর্থঃ) মনুঃ (মন্ত্রঃ) ষড়্-বিধঃ (ষট্প্রকারঃ) স্যাৎ। শেষম্ (অবশিষ্টং) ন্যাসধ্যানা-দিকং বুধৈঃ (বিদ্বদ্ভিঃ) ষড়্বর্ণবৎ জ্ঞেয়ম্।

অনুবাদ। এই মন্ত্রই ওঁ, হ্রীং, শ্রীং, ক্লীং, ঐং অথবা রাং মন্ত্রযোগে একাদশাক্ষর হয়। যথা ওঁ রামায় ধনুষ্পাণয়ে স্বাহা, হ্রীং রাময়ে ধনুষ্পাণয়ে স্বাহা, শ্রীং রামায় ধনুষ্পাণয়ে স্বাহা, ক্লীং রামায় ধনুষ্পাণয়ে

স্বাহা, ঐং রামায় ধনুষ্পাণয়ে স্বাহা এবং রাং রামায় ধনুষ্পাণয়ে স্বাহা। এইরূপে একাদশাক্ষর মন্ত্র ছয় প্রকার। অবশিষ্ট ন্যাস ও ধ্যানাদি ষড়ক্ষর মন্ত্রের ন্যায়ই জানিবে।

২৭। দ্বাদশাক্ষরমন্ত্রস্য শ্রীরাম ঋষিরুচ্যতে॥ জগতী চ্ছন্দ ইত্যুক্তং শ্রীরামো দেবতা মতঃ। প্রণবো বীজমিত্যুক্তঃ ক্লীং শক্তি হ্রীং চ কীলকম্॥ মন্ত্রেণাঙ্গানি বিন্যস্য শিষ্টং পূর্ব্ববদাচরেৎ। তারং মায়াং সমুচ্চার্য্য ভরতাগ্রজ ইত্যপি॥ রামং ক্লীং বহ্নিজায়ান্তং মন্ত্রোঽয়ং দ্বাদশাক্ষরঃ॥

ব্যাখ্যা। দ্বাদশাক্ষরমন্ত্রস্য ঋষিঃ শ্রীরামঃ উচ্যতে (কথ্যতে) ছন্দঃ জগতী ইত্যুক্তং দেবতা শ্রীরামঃ মতঃ (সর্ব্বসম্মতঃ) প্রণবঃ (ওঁকারঃ) বীজম্ ইত্যুক্তঃ, ক্লীং শক্তিঃ হ্রীং কীলকং মন্ত্রেণ (অনেন) অঙ্গানি (করাঙ্গন্যাসাদীনি) বিন্যস্য শিষ্টম্ (অবশিষ্টং) পূর্ব্ববৎ আচরেৎ (ব্যবহরেৎ)। তারং (ওঁকারং) মায়াং (হ্রীং) সমুচ্চার্য্য ভরতাগ্রজ ইতি অপি রামং ক্লীং বহ্নিজায়ান্তং (স্বাহান্তম্) অয়ং দ্বাদশাক্ষরঃ মন্ত্রঃ।

অনুবাদ। দ্বাদশাক্ষর মন্ত্রের ঋষি শ্রীরাম;

ছন্দঃ জগতী, দেবতা শ্রীরাম, ওঁকার ইহার বীজ, ক্লীং শক্তি, হ্রীং কীলক ; এই দ্বাদশাক্ষর মন্ত্র দ্বারাই কর-ন্যাস ও অঙ্গন্যাসাদি সম্পাদন করিবে এবং অবশিষ্ট পূর্ব্বের ন্যায় করিবে। দ্বাদশাক্ষর মন্ত্রটী এই 'ওঁ হ্রীং ভরতাগ্রজ রামং ক্লীং স্বাহা'।

২৮। ওঁ হৃদ্ভগবতে রামচন্দ্রভদ্রৌ চ ঙেযুতৌ। অর্কার্ণৌ দ্বিবিধোঽপ্যস্য ঋষিধ্যানাদিপূর্ব্ববৎ ছন্দস্তু জগতী চৈব মন্ত্রার্ণৈরঙ্গকল্পনা।

ব্যাখ্যা। ওঁ হৃৎ (নমঃ) ভগবতে ঙেযুতৌ (চতুর্থ্যন্তৌ রামচন্দ্রভদ্রৌ চ (রামচন্দ্রায় রামভদ্রায় চ ইতি) অর্কার্ণঃ (দ্বাদশাক্ষর মন্ত্রঃ) দ্বিবিধঃ, অস্য (মন্ত্রস্য) ঋষিধ্যানাদি পূর্ব্ববৎ। ছন্দঃ তু জগতী চ এব মন্ত্রার্ণৈঃ (মন্ত্রবর্ণৈঃ) অঙ্গকল্পনা (অঙ্গন্যাসাদিকল্পনা ইত্যর্থঃ)।

অনুবাদ। 'ওঁ নমো ভগবতে রামচন্দ্রায়', 'ওঁ নমো ভগবতে রামভদ্রায়' এই দুইটী অন্যবিধ দ্বাদশাক্ষর মন্ত্র, ইহাদের ঋষি ও ধ্যানাদি পূর্ব্বের ন্যায়, ছন্দঃ ও সেই জগতী। কেবল মন্ত্রবর্ণসমূহ দ্বারা অঙ্গ-ন্যাসাদি করিবে, এইমাত্র পার্থক্য।

২৯। শ্রীরামেতি পদং চোক্ত্বা জয়রাম ততঃ পরম্। জয়দ্বয়ং বদেৎ প্রাজ্ঞো রামেতি মনুরাজকঃ ত্রয়োদশার্ণ ঋষ্যাদি পূর্ব্ববৎ সর্ব্বকামদঃ। পদদ্বয়দ্বিরাবৃত্তেরঙ্গং ধ্যানং দশার্ণবৎ ॥

ব্যাখ্যা। 'শ্রীরাম' ইতি পদং চ উক্ত্বা জয় রাম [ইতি বদেৎ] ততঃ পরং প্রাজ্ঞঃ (জনঃ) জয়দ্বয়ং ('জয় জয়' ইতি) 'রাম' ইতি [চ] বদেৎ। [অয়ম্] মনুরাজকঃ (সর্ব্বমন্ত্রশ্রেষ্ঠঃ ইত্যর্থঃ) ত্রয়োদশার্ণঃ (ত্রয়োদশাক্ষরঃ) সর্ব্বকামদঃ (সর্ব্বাভিলষিতফলদায়ী)। ঋষ্যাদি পূর্ব্ববৎ। পদদ্বয়দ্বিরাবৃত্তেঃ (ত্রয়োদশাক্ষরমন্ত্রস্থপদদ্বয়স্য আবৃত্তিদ্বয়েন) অঙ্গং (অঙ্গন্যাসাদিকং) দশার্ণবৎ (দশাক্ষরমন্ত্রবৎ) ধ্যানং [চ কুর্য্যাদিতি শেষঃ]।

অনুবাদ। "শ্রীরাম জয় রাম জয় জয় রাম', এই ত্রয়োদশাক্ষর মন্ত্র শ্রেষ্ঠ এবং সকল অভীষ্ট ফলপ্রদ। এই মন্ত্রের ন্যায় ইহার পদদ্বয় দুইবার আবৃত্তি করিয়া অঙ্গন্যাসাদি ক্রিয়া সম্পাদন করিবে। দশাক্ষর মন্ত্রের ধ্যানের ন্যায় ইহার ধ্যান।

৩০। তারাদিসহিতঃ সোঽপি স চতুর্দ্দশবর্ণকঃ।

ত্রয়োদশার্ণমুচ্চার্য্য পশ্চাদ্রামেতি যোজয়েৎ ॥ স বৈ পঞ্চদশার্ণস্তু জপতাং কল্পভূরুহঃ ॥

ব্যাখ্যা। তারাদি সহিতঃ (তারঃ প্রণবঃ আদিঃ যস্য মন্ত্রস্য তেন সহিতঃ) সঃ (ত্রয়োদশাক্ষরঃ) অপি সঃ চতুর্দ্দশ-বর্ণকঃ [স্যাৎ]। ত্রয়োদশাক্ষরমন্ত্রবর্ণম্) উচ্চার্য্য পশ্চাৎ (অনন্তরং) 'রাম' ইতি যোজয়েৎ সঃ বৈ (প্রসিদ্ধো) জপতাং কল্পভূরুহঃ (কল্পতরুঃ ইব) পঞ্চদশার্ণঃ (পঞ্চাদশাক্ষরমন্ত্রঃ) [স্যাৎ]।

অনুবাদ। 'ওঁ শ্রীরাম জয়রাম জয় জয় রাম' ইহা চতুর্দ্দশাক্ষর মন্ত্র। ত্রয়োদশাক্ষর মন্ত্রের শেষে 'রাম' শব্দযোগ করিলে পঞ্চদশাক্ষর মন্ত্র হয়। যথা 'শ্রীরাম জয় রাম জয় জয় রাম রাম'। এই মন্ত্র জপকারীকে কল্পতরুর ন্যায় অভীষ্ট ফল প্রদান করিয়া থাকে।

৩১। নমশ্চ সীতাপতয়ে রামায়েতি হনদ্বয়ম্। ততস্তু কবচাস্ত্রান্তঃ ষোড়শাক্ষর ঈরিতঃ। তস্যাগস্ত্যা-ঋষিশ্ছন্দো বৃহতী দেবতা চ সঃ॥ রাং বীজং শক্তি-রস্ত্রং চ কীলকং হুমিতীরিতম্। দ্বিপঞ্চত্রিচতুর্ব্বর্ণৈঃ সর্ব্বৈরঙ্গং ন্যসেৎ ক্রমাৎ॥

ব্যাখ্যা। নমঃ চ সীতাপতয়ে রামায় ইতি (ইত্যনন্তরং) হনদ্বয়ং (হন হন ইতি) ততঃ তু কবচাস্ত্রান্তঃ (হুঃ ফট্ ইত্যন্তঃ) ষোড়শাক্ষরঃ (মন্ত্রঃ) ঈরিতঃ (কথিতঃ)। তস্য (ষোড়শাক্ষর-মন্ত্রস্য) অগস্ত্যঃ ঋষিঃ, বৃহতী ছন্দঃ, দেবতা চ সঃ (রামচন্দ্র এব)। রাং বীজং, ফট্ শক্তিঃ হুং কীলকম্ ঈরিতং (কথিতম্), দ্বিপঞ্চত্রিচতুর্ব্বর্ণৈঃ সর্ব্বৈঃ [চ] ক্রমাৎ অঙ্গং ন্যসেৎ (অঙ্গন্যাসং কুর্য্যাৎ)।

অনুবাদ। 'নমঃ সীতাপতয়ে রামায় হন হন হুঃ ফট্' ইহা ষোড়শাক্ষর মন্ত্র; এই মন্ত্রের ঋষি অগস্ত্য, ছন্দঃ বৃহতী, দেবতা শ্রীরামচন্দ্র। রাং ইহার বীজ, ফট্ শক্তি, হুং কীলক। 'নমঃ' এই বর্ণদ্বয় 'সীতাপতয়ে' এই পঞ্চবর্ণ 'রামায় এই বর্ণত্রয়, 'হন হন' এই চতুর্ব্বর্ণ এবং সর্ব্ববর্ণ দ্বারা ক্রমশঃ অঙ্গন্যাস করিবে। যথা নমঃ হৃদয়ায় নমঃ, সীতাপতয়ে শিরসে স্বাহা, রামায় শিখায়ৈ বষট্ ইত্যাদি।

৩২। তারাদিসহিতঃ সোঽপি মন্ত্রঃ সপ্তদশাক্ষরঃ। তারং নমো ভগবতে রামং ঙেন্তং মহা ততঃ ॥ পুরুষায় পদং পশ্চাদ্ধৃদন্তোঽষ্টাদশাক্ষরঃ। বিশ্বামিত্রো মুনিশ্ছন্দো গায়ত্রং দেবতা চ সঃ ॥

ব্যাখ্যা। সঃ (ষোড়শাক্ষরঃ) অপি মন্ত্রঃ তারাদিসহিতঃ (তারং প্রণবঃ স এব আদিঃ তৎসহিতঃ) সপ্তদশাক্ষরঃ মন্ত্রঃ [স্যাৎ]। তারং নমঃ ভগবতে ঙেন্তং (চতুর্থ্যন্তং) রামং ততঃ মহাপুরুষায় পদং (পুরুষায় ইদং পদং) [বদেৎ হৃদন্তঃ ('নমঃ'-শব্দান্তঃ অষ্টাদশাক্ষরঃ [মন্ত্রঃ স্যাৎ অস্ত] বিশ্বামিত্রঃ মুনিঃ, গায়ত্রং ছন্দঃ, সঃ চ (রামচন্দ্র এব) দেবতা।

অনুবাদ। সেই ষোড়শাক্ষর মন্ত্রই প্রণবের সহিত মিলিত হইয়া সপ্তদশাক্ষর মন্ত্র হয়। যথা 'ওঁ নমঃ সীতাপতয়ে রামায় হন হন হুং ফট্'। 'ওঁ নমো ভগবতে রামায় মহাপুরুষায় নমঃ'। ইহা অষ্টাদশাক্ষর-মন্ত্র এই মন্ত্রের ঋষি বিশ্বামিত্র, ছন্দঃ গায়ত্রী, দেবতা শ্রীরামচন্দ্র।

৩৩। কামাদিসহিতঃ সোঽপি মন্ত্র একোন, বিংশকঃ। তারং নমো ভগবতে রামায়েতি পদং বদেৎ॥ সর্ব্বশব্দং সমুচ্চার্য্য সৌভাগ্যং দেহি মে বদেৎ। বহ্নিজায়াং ততোচ্চার্য্য মন্ত্রো বিংশার্ণকে মতঃ॥ তারং নমো ভগবতে রামায় সকলং বদেৎ আপন্নিবারণায়েতি বহ্নিজায়াং ততো বদেৎ। এব বিংশার্ণকো মন্ত্রঃ সর্ব্বাভীষ্টফলপ্রদঃ॥

ব্যাখ্যা। সঃ অপি (অষ্টাদশাক্ষর মন্ত্রঃ এব) কামাদি-সহিতঃ (ক্লীং ইতিযুক্তঃ) [সন্] একোনবিংশকঃ (একোন-বিংশত্যক্ষরঃ স্যাৎ)। তারং (প্রণবঃ) নমো ভগবতে রামায় ইতি পদং বদেৎ, সর্ব্বশব্দং সমুচ্চার্য্য সৌভাগ্যং দেহি মে [ইতি] বদেৎ। ততঃ (পরং) বহ্নিজায়াং (স্বাহা ইতি) উচ্চার্য্য (উচ্চারয়েৎ) [তেন] বিংশার্ণকঃ (বিংশবর্ণাত্মকঃ) মন্ত্রঃ মতঃ (সম্মতঃ স্যাৎ)। তারং (প্রণবং) নমো ভগবতে রামায় [ততঃ] সকলং (সকল ইতি) বদেৎ, [ততঃ] আপন্নিবারণায় ইতি ততঃ বহ্নিজায়াং (স্বাহা ইতি) বদেৎ। একবিংশার্ণকঃ (একবিংশবর্ণকঃ) মন্ত্রঃ সর্ব্বাভীষ্টফলপ্রদঃ [স্যাৎ]।

অনুবাদ। অষ্টাদশাক্ষর মন্ত্রই 'ক্লীং', এই মন্ত্রযুক্ত হইয়া উনিশ অক্ষর হয়। যথা 'ক্লীং ওঁ নমো ভগবতে রামায় মহাপুরুষায় নমঃ। ওঁ নমঃ ভগবতে রামায় সর্ব্বসৌভাগ্যং দেহি মে স্বাহা, ইহা বিশ অক্ষর মন্ত্র। 'ওঁ নমো ভগবতে রামায় সকলা-পন্নিবারণায় স্বাহা' ইহা একুশ অক্ষর মন্ত্র। এই মন্ত্র সকল অভীষ্ট ফল প্রদান করে।৩৩

৩৪। তারং রমাং স্ববীজং চ ততো দাশরথায় চ। ততঃ সীতাবল্লভায় সর্ব্বাভীষ্টপদং বদেৎ। ততো দায় হৃদন্তোঽয়ং মন্ত্রো দ্বাবিংশদক্ষরঃ॥

ব্যাখ্যা। তারং (প্রণবং) রমাং (শ্রীং ইতি) স্ববীজং (রাং ইতি) চ ততঃ দাশরথায় চ, ততঃ সীতাবল্লভায় সর্ব্বাভীষ্টপদং (সর্ব্বাভীষ্ট ইতি পদং) ততঃ দায় [ইতি] বদেৎ হৃদন্তঃ (নমঃশব্দান্তঃ) অয়ং দ্বাবিংশদক্ষরঃ মন্ত্রঃ।

অনুবাদ। 'ওঁ শ্রীং রাং দাশরথায় সীতাবল্লভায় সর্ব্বাভীষ্টদায় নমঃ'। ইহা বাইশ অক্ষর মন্ত্র।

৩৫। তারং নমো ভগবতে বীররামায় সংবদেৎ। কল শত্রূন্ হন দ্বন্দ্বং বহ্নিজায়াং ততো বদেৎ॥ ত্রয়োবিংশাক্ষরো মন্ত্রঃ সর্ব্বশত্রুনিবর্হণঃ। বিশ্বামিত্রো মুনিঃ প্রোক্তো গায়ত্রীচ্ছন্দ উচ্যতে॥ দেবতা বীররামোঽসৌ বীজাদ্যাঃ পূর্ব্ববন্মতাঃ। মূলমন্ত্রবিভাগেন ন্যাসান্ কৃত্বা বিচক্ষণঃ॥ শরং ধনুষি সন্ধায় তিষ্ঠন্তং রাবণোন্মুখম্। বজ্রপাণিরথারূঢ়ং রামং ধ্যাত্বা জপেন্মনুম্॥

ব্যাখ্যা। তারং (প্রণবং নমো ভগবতে বীররামায় [ইতি] সংবদেৎ, কল শত্রূন্ হন দ্বন্দ্বং (হন হন ইতি) ততঃ বহ্নিজায়াং (স্বাহা ইতি) বদেৎ। [অয়ং] সর্ব্বশত্রুনিবর্হণঃ (সর্ব্বশত্রুবিনাশনঃ) ত্রয়োবিংশদক্ষরঃ মন্ত্রঃ। [অস্য মন্ত্রস্য]

বিশ্বামিত্রঃ মুনিঃ প্রোক্তঃ গায়ত্রীচ্ছন্দ উচ্যতে, অসৌ (প্রসিদ্ধঃ) বীররামঃ দেবতা, বীজাদ্যাঃ পূর্ব্ববৎ মতাঃ (জ্ঞেয়াঃ)। বিচক্ষণঃ (বিদ্বান্) মূলমন্ত্রবিভাগেন ন্যাসং কৃত্বা শরং ধনুষি সন্ধায় (স্থাপয়িত্বা) রাবণোন্মুখং (রাবণাভিমুখং মুখং বিধায়) বজ্রপাণিরথারূঢ়ং (ইন্দ্ররথারূঢ়ং) রামং ধ্যাত্বা মনুং (মন্ত্রং) জপেৎ।

অনুবাদ। 'ওঁ নমো ভগবতে বীররামায় কলশক্রন্ হন হন স্বাহা'। এই ত্রয়োবিংশাক্ষর মন্ত্র সকল শত্রুবিনাশক। এই মন্ত্রের ঋষি বিশ্বামিত্র, গায়ত্রী ছন্দঃ সেই রামচন্দ্রই দেবতা, বীজাদি আর সকলই পূর্ব্বের ন্যায়। জ্ঞানবান্ লোক মূলমন্ত্র বিভাগপূর্ব্বক অঙ্গন্যাসাদি করিয়া ইন্দ্রপ্রেরিত রথে সমারূঢ় হইয়া ধনুতে বাণ সংযোজনপূর্ব্বক রাবণাভিমুখ হইয়া অবস্থিত শ্রীরামচন্দ্রের ধ্যান করিয়া এই মন্ত্র জপ করিবেন।

৩৬। তারং নমো ভগবতে শ্রীরামায় পদং বদেৎ। তারকব্রহ্মণে চোক্ত্বা মাং তারয় পদং বদেৎ॥ নমস্তারাত্মকো মন্ত্রশ্চতুর্বিংশতিবর্ণকঃ।

বীজাদিকং যথাপূর্ব্বং সর্ব্বং কুর্য্যাৎ ষড়র্ণবৎ ॥ কাম-স্তারো নতিশ্চৈব ততো ভগবতে পদম্। রামচন্দ্রায় চোচ্চার্য্য সকলেতি পদং বদেৎ ॥ জনবশ্যকরায়েতি স্বাহা কামাত্মকো মনুঃ। সর্ব্ববশ্যকরো মন্ত্রঃ পঞ্চবিংশতিবর্ণকঃ ॥ আদৌ তারেণ সংযুক্তো মন্ত্রঃ ষড়্বিংশদক্ষরঃ। অন্তেঽপি তারসংযুক্তঃ সপ্তবিংশতিবর্ণকঃ।

ব্যাখ্যা। তারং (প্রণবং) নমো ভগবতে শ্রীরামায় [ইতি] পদং বদেৎ [ততঃ] তারকব্রহ্মণে [ইতি] চ উক্ত্বা মাং তারয় [ইতি] পদং বদেৎ নমুঃ তারাত্মকঃ (প্রণবযুক্তঃ) মন্ত্রঃ চতুর্ব্বিংশতিবর্ণকঃ (চতুর্ব্বিংশতিবর্ণবিশিষ্টঃ)। বীজাদিকং সর্ব্বং যথাপূর্ব্বং (পূর্ব্বানুরূপং) ষড়র্ণবৎ (ষড়ক্ষরমন্ত্রবৎ) কুর্য্যাৎ। কামঃ (ক্লীং ইতি) তারঃ (প্রণবঃ) নতিঃ (নমঃ শব্দঃ) চ এব ততঃ ভগবতে [ইতি] পদং [ততঃ] রামচন্দ্রায় [ইতি] চ উচ্চার্য্য সকল ইতি পদং জনবশ্যকরায় স্বাহা ইতি বদেৎ [ইতি] কামাত্মকঃ (কামবীজান্বিতঃ) মনুঃ। [অয়ং] পঞ্চবিংশতিবর্ণকঃ মন্ত্রঃ সর্ব্ববশ্যকরঃ। আদৌ তারেণ (প্রণবেন) সংযুক্তঃ মন্ত্রঃ ষড়্বিংশদক্ষরঃ। অন্তেঽপি (আদৌ অন্তে চ তারসংযুক্তঃ সপ্তবিংশতিবর্ণকঃ [মনুঃ স্যাৎ]।

অনুবাদ। 'ওঁ নমো ভগবতে শ্রীরামা তারকব্রহ্মণে মাং তারয় নমঃ ওঁ।' ইহা চতুর্ব্বিংশ

অক্ষর মন্ত্র। বীজশক্তিপ্রভৃতি সকলই পূর্ব্বের ন্যায় ষড়ক্ষরমন্ত্রানুসারে জানিবে। 'ক্লীং ওঁ নমো ভগবতে রামচন্দ্রায় সকলজনবশ্যকরায় স্বাহা।' ইহা কাম-বীজযুক্ত পঞ্চবিংশতি অক্ষর মন্ত্র। এই মন্ত্র সকলের বশ্যকারী, অর্থাৎ এই মন্ত্র জপ করিলে সকলেই জপ-কর্ত্তার বশীভূত হয়। এই মন্ত্রের আদিতে প্রণব যোগ করিলে ষড়বিংশ এবং আদ্যন্তে প্রণব যোগ করিলে সপ্তবিংশতি অক্ষর মন্ত্র হয়। ক্রমশঃ যথা 'ওঁ ক্লীং ওঁ নমো ভগবতে রামচন্দ্রায় সকলজনবশ্যকরায় স্বাহা' এবং 'ওঁ ক্লীং ওঁ নমো ভগবতে রামচন্দ্রায় সকলজন-বশ্যকরায় স্বাহা ওঁ।'

৩৭। তারং নমো ভগবতে রক্ষোঘ্নবিশদায় চ। সর্ব্ববিঘ্নান্ সমুচ্চার্য্য নিবারয় পদদ্বয়ম্॥ স্বাহান্তো মন্ত্ররাজোঽয়মষ্টাবিংশতিবর্ণকঃ। অন্তে তারেণ সংযুক্ত একোনত্রিংশদক্ষরঃ॥

ব্যাখ্যা। তারং (প্রণবং) নমো ভগবতে রক্ষোঘ্নবিশদায় চ সর্ব্ববিঘ্নান্ [ইতি] সমুচ্চার্য্য নিবারয় পদদ্বয়ং (নিবারয় ইতি পদং দ্বয়মুচ্চরেৎ) স্বাহান্তঃ (মন্ত্রাবসানে স্বাহেতি পদযুক্তঃ) [অয়ম্] অষ্টাবিংশতিবর্ণকঃ মন্ত্ররাজঃ (সর্ব্বমন্ত্রশ্রেষ্ঠঃ)। অন্তে

তারেণ (প্রণবেন) সংযুক্তঃ [অয়ং মন্ত্রঃ] একোনত্রিংশদক্ষরঃ [স্যাৎ]।

অনুবাদ। 'ওঁ নমো ভগবতে রক্ষোঘ্নবিশদায় সর্ব্ববিঘ্নান্ নিবারয় নিবারয় স্বাহা।' ইহা সর্ব্বমন্ত্রশ্রেষ্ঠ অষ্টাবিংশতি-অক্ষর মন্ত্র। ইহার অন্তে প্রণব যোগ করিলে একোনত্রিংশৎ (উনত্রিশ) অক্ষর মন্ত্র হয়। যথা 'ওঁ নমো ভগবতে রক্ষোঘ্নবিশদায় সর্ব্ববিঘ্নান্ নিবারয় নিবারয় স্বাহা ওঁ।

৩৮। আদৌ স্ববীজসংযুক্তস্ত্রিংশদ্বর্ণাত্মকো-মনুঃ। অন্তেঽপি তেন সংযুক্ত একত্রিংশাত্মকঃ স্মৃতঃ॥ রামভদ্র মহেষ্বাস রঘুবীর নৃপোত্তম। ভো দশাস্যান্তকাস্মাকং শ্রিয়ং দাপয় দেহি মে॥ আনুষ্টুভ ঋষী রামশ্ছন্দোঽনুষ্টুপ্ স দেবতা। রং বীজমস্য যং শক্তিরিষ্টার্থে বিনিয়োজয়েৎ॥ পাদং হৃদি চ বিন্যস্য পাদং শিরসি বিন্যসেৎ। শিখায়াং পঞ্চভির্ন্যস্য ত্রিবর্ণৈঃ কবচং ন্যসেৎ॥ নেত্রয়োঃ পঞ্চবর্ণৈশ্চ দাপয়েত্যস্ত্রমুচ্যতে॥

ব্যাখ্যা। আদৌ (মন্ত্রাদৌ) স্ববীজসংযুক্তঃ (স্ববীজং রাং

ইতি) ত্রিংশদ্বর্ণাত্মকঃ (ত্রিংশদক্ষরস্বরূপঃ) মনুঃ (মন্ত্রঃ স্যাৎ) অন্তেঽপি তেন (রামিতি স্ববীজেন) সংযুক্তঃ একত্রিংশাত্মকঃ (একত্রিংশদ্বর্ণযুক্তঃ) [মন্ত্রঃ] স্মৃতঃ। রামভদ্র ! মহেষ্বাস ! (মহাধনুর্ধারিন্ !) রঘুবীর ! নৃপোত্তম ! ভো ! দশাস্যান্তক ! (দশাননবিনাশিন্ !) অস্মাকং শ্রিয়ং দাপয়, মে (মহ্যং) দেহি। আনুষ্টুভঃ (অনুষ্টুপ্ সম্বন্ধী) ঋষিঃ রামঃ, ছন্দঃ অনুষ্টুপ্, সঃ (রামঃ) দেবতা রাং বীজং, যং শক্তিঃ ইষ্টার্থে বিনিযোজয়েৎ। [অনুষ্টুপ্মন্ত্রস্য] পাদং হৃদি চ বিন্যস্য, পাদং শিরসি বিন্যসেৎ। শিখায়াং পঙ্ক্তিঃ (মন্ত্রাক্ষরৈঃ) ন্যস্য ত্রিবর্ণৈঃ কবচং ন্যসেৎ, নেত্রয়োঃ পঞ্চবর্ণৈঃ চ দাপয় ইতি (ইত্যনেন) অস্ত্রং (ফট্) উচ্যতে।

অনুবাদ। উনত্রিশ অক্ষর মন্ত্রের আদিতে স্ববীজ, অর্থাৎ রাং' যোগ করিলে ত্রিশ অক্ষর এবং অন্তেও রাং যোগ করিলে একত্রিশ অক্ষর মন্ত্র হয়। যথা 'রাং ওঁ নমো ভগবতে...স্বাহা ওঁ, ইহা ত্রিশ অক্ষর মন্ত্র এবং রাং ওঁ নমো ভগবতে···স্বাহা ওঁ রাং, ইহা একত্রিশ অক্ষর মন্ত্র। হে রামভদ্র ! হে মহাধনুর্ধারিন্ রঘুবীর ! হে নৃপোত্তম দশাননবিনাশিন্ ! আমাদের ঐশ্বর্য্যপ্রাপ্তির বিধান কর, আমাকে ঐশ্বর্য্য দাও।

এই অনুষ্টুপের ঋষি রাম, ছন্দঃ অনুষ্টুপ্. সেই রামচন্দ্রই দেবতা রাং ইহার বীজ, যং শক্তি, ইষ্টসিদ্ধির নিমিত্ত ইহার বিনিয়োগ করিবে। এই অনুষ্টুপ্ মন্ত্রের প্রথম পাদ, অর্থাৎ 'রামভদ্র মহেষ্বাস' এই মন্ত্র হৃদয়ে বিন্যাস করিবে দ্বিতীয় পাদ অর্থাৎ রঘুবীর নৃপোত্তম ইহা শিরোদেশে বিন্যাস করিবে। শিখাতে পঞ্চমন্ত্রাক্ষর, অর্থাৎ 'ভো দশাস্যান্ত' ইহা বিন্যাস করিবে। 'কাম্মাকং' এই বর্ণত্রয় কবচে ন্যাস করিবে। শ্রিয়ং দেহি মে' এই পঞ্চবর্ণ নেত্রদ্বয়ে এবং 'দাপয়' এই বর্ণত্রয় দ্বারা অস্ত্রায় ফট্ বলিবে। অর্থাৎ রামভদ্র মহেষ্বাস হৃদয়ায় নমঃ, রঘুবীর নৃপোত্তম শিরসে স্বাহা, দশাস্যান্ত শিখায়ৈ বষট্, কাম্মাকং কবচায় হুং, 'শ্রিয়ং দেহি মে নেত্রদ্বয়ায় বৌষট্, দাপয় করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্।

৩৯। চাপবাণধরং শ্যামং সসুগ্রীববিভীষণম্। হত্বা রাবণমায়ান্তং কৃতত্রৈলোক্যরক্ষণম্। রামভদ্রং হৃদি ধ্যাত্বা দশলক্ষং জপেন্মনুম্॥ বদেদ্দাশরথায়েতি বিদ্মহেতি পদং ততঃ। সীতাপদং সমুদ্ধৃত্য বল্লভায়

ততো বদেৎ॥ ধীমহীতি বদেত্তন্নো রামশ্চাপি প্রচোদয়াৎ। তারাদিরেষা গায়ত্রী মুক্তিমেব প্রযচ্ছতি॥

ব্যাখ্যা। চাপবাণধরং (ধনুর্ব্বাণধারিণং) শ্যামং (শ্যামবর্ণং রাবণং হত্বা কৃতত্রৈলোক্যরক্ষণং (ত্রৈলোক্যরক্ষাং কৃত্বা) সসুগ্রীববিভীষণম্ আয়ান্তম্ (আগচ্ছন্তং) রামভদ্রং হৃদি (হৃদয়ে) ধ্যাত্বা দশলক্ষং মনুং জপেৎ। 'দাশরথায়' ইতি ততঃ 'বিদ্মহে' ইতি পদং বদেৎ [ততঃ] সীতাপদং ('সীতা' ইতি পদং) সমুদ্ধৃত্য 'বল্লভায়' [ইতি] বদেৎ ততঃ ধীমহি ইতি 'তন্নো রামঃ' চ অপি 'প্রচোদয়াৎ' ইতি বদেৎ। তারাদিঃ (প্রণবাদিঃ) এষা গায়ত্রী মুক্তিম্ এব প্রযচ্ছতি।

অনুবাদ। শ্রীরামচন্দ্র ধনুর্ব্বাণধারী ও শ্যামবর্ণ; তিনি রাবণকে নিহত করিয়া ত্রৈলোক্যের রক্ষার বিধানপূর্ব্বক সুগ্রীব ও বিভীষণের সহিত সমাগত হইতেছেন, এইরূপ ভাবে তাঁহাকে হৃদয়ে ধ্যান করিয়া দশলক্ষ মন্ত্র জপ করিবে। পরে 'ওঁ দাশরথায় বিদ্মহে সীতাবল্লভায় ধীমহি তন্নো রামঃ প্রচোদয়াৎ' এই মুক্তিদাত্রী গায়ত্রী পাঠ করিবে।

৮০। মায়াদিরপি বৈদুষাং রামাদিশ্চ শ্রিয়ঃ পদম্; মদনেনাপি সংযুক্তঃ স মোহয়তি মেদিনীম্॥ পঞ্চ

ত্রীণি ষড়্বর্ণৈশ্চ ত্রীণি চত্বারি বর্ণকৈঃ। চত্বারি চ চতুর্বর্ণৈরঙ্গন্যাসং প্রকল্পয়েৎ॥ বীজধ্যানাদিকং সর্ব্বং কুর্য্যাৎ ষড়্বর্ণবৎ ক্রমাৎ।

ব্যাখ্যা। [ইয়ং গায়ত্রী] মায়াদি (হ্রীমিত্যাদিঃ) বৈদূষ্যং (বিগতং দূষ্যং দোষঃ যস্য সঃ বিদূষ্যঃ তস্য ভাবঃ তৎ রাগাদি-রাহিত্যম্, দোষপ্রবর্ত্তনালক্ষণরাগাদিপ্রবৃত্তিজনকঃ তদ্রহিতঃ তত্ত্বম্, এতৎ চিত্তস্থৈর্য্যাদিকং দদাতি কিম্বুত বিদ্যাবত্ত্বাদিনা।) রামাদিঃ (শ্রীমিত্যাদিঃ) চ শ্রিয়ঃ পদং (লক্ষ্ম্যাপদং) [প্রদদাতি] মদনেন (ক্লীমিত্যনেন সংযুক্তঃ সঃ (মন্ত্রঃ) মেদিনীং মোহয়তি। পঞ্চ (পঞ্চভিঃ) ত্রীণি (ত্রিভিঃ) ষড়্বর্ণৈশ্চ (ষড়্-বর্ণৈশ্চ) ত্রীণি (ত্রিভিঃ) চত্বারি (চতুর্ভিশ্চ) বর্ণকৈঃ চত্বারি (চতুর্ভিঃ চতুর্ভিঃ) বর্ণৈঃ অঙ্গন্যাসঃ প্রকল্পয়েৎ (কুর্য্যাৎ). বীজং (রাম ইতি বীজং) [তস্য] ধ্যানাদিকং (ধ্যানম্ আদির্যস্য-তৎ) ক্রমাৎ (ক্রমেণ) সর্ব্বং ষড়্বর্ণবৎ (ষড়ক্ষরমন্ত্রবৎ কুর্য্যাৎ)।

অনুবাদ। এই গায়ত্রী যখন মায়াদি অর্থাৎ 'হ্রীং এই বীজাদি হন, তখন তিনি বিদ্যাবত্ত্বাদির কথা কি বলিব, চিত্তস্থৈর্য্যাদিও দান করেন। যখন শ্রীং বীজাদি হন, তখন সম্পৎ প্রদান করেন।

আর যখন ক্লীং বীজাদি হন, তখন সমগ্র জগৎ মোহিত করিয়া থাকেন। রামষড়ক্ষর মন্ত্রের পাঁচ, তিন, ছয়, তিন, চারি এবং চারি চারি বর্ণের দ্বারা অঙ্গন্যাস করিবে। পরে ষড়ক্ষর মন্ত্রের ন্যায় রামবীজের ধ্যানাদি করিবে।

৪১। তারং নমো ভগবতে চতুর্থ্যা রঘুনন্দনম্ রক্ষোঘ্নবিশদং তদ্বন্মধুরেতি বদেত্ততঃ। প্রসন্নবদনং ঙেন্তং বদেদমিততেজসে॥ বলরামৌ চতুর্থ্যন্তৌ বিষ্ণুং ঙেন্তং নতিস্ততঃ। প্রোক্তো মালামনুঃ সপ্তচত্বারিংশদ্ভিরক্ষরৈঃ ঋষিছন্দো দেবতাদ্যাঃ ব্রহ্মানুষ্টুভরাঘবাঃ। সপ্তর্তুসপ্তদশষড়্রুদ্রসংখ্যৈঃ ষড়ঙ্গকম্॥ ধ্যানং দশাক্ষরং প্রোক্তং লক্ষমেকং জপেন্মনুম্॥

ব্যাখ্যা। তারং (প্রণবং) নমো ভগবতে চতুর্থ্যা রঘুনন্দনং (রঘুনন্দনায় ইতি) তদ্বৎ (চতুর্থ্যন্তং) রক্ষোঘ্ন বিশদং [বদেৎ] ততঃ মধুর ইতি বদেৎ [ততঃ] ঙেন্তং (চতুর্থ্যন্তং) প্রসন্নবদনং, অমিততেজসে [ইতি চ] বদেৎ, চতুর্থ্যন্তৌ বলরামৌ (বলায় রামায় চ) ঙেন্তং (চতুর্থ্যন্তং) বিষ্ণুং (বিষ্ণবে ইতি) তত নতিঃ (নমঃশব্দঃ) সপ্তচত্বারিংশদ্ভিঃ অক্ষরৈঃ মালামনুঃ প্রোক্তঃ। ঋষিচ্ছন্দো দেবতাদ্যাঃ [ক্রমশঃ] ব্রহ্মানুষ্টুভরাঘবাঃ (ব্রহ্মা ঋষিঃ অনুষ্টুপ্ ছন্দঃ, রাঘবঃ দেবতা), সপ্তর্তুসপ্তদশ-

ষড়্‌রুদ্রসংখ্যৈঃ (সপ্তচত্বারিংশন্মন্ত্রবর্ণানাং ক্রমশঃ সপ্ত ষট্ সপ্ত-দশ-ষট্ একাদশসংখ্যাক-বর্ণৈঃ) ষড়ঙ্গকং (ষড়ঙ্গন্যাসাদিকং) [কুর্য্যাৎ]। দশাক্ষরং (দশাক্ষরমন্ত্রোক্তং) ধ্যানং প্রোক্তং, একং লক্ষং মনুং জপেৎ।

অনুবাদ। 'ওঁ নমো ভগবতে রঘুনন্দনায় রক্ষোঘ্নবিশদায় মধুরপ্রসন্নবদনায় অমিততেজসে বলায় রামায় বিষ্ণবে নমঃ।' এই সাতচল্লিশ অক্ষর শ্রীরামচন্দ্রের মালামন্ত্র। ইহার ঋষি ব্রহ্মা, ছন্দঃ অনুষ্টুপ্, দেবতা রাঘব। এই মন্ত্রের ক্রমশঃ সাত, ছয়, সতের, ছয় ও একাদশ অক্ষর গ্রহণপূর্ব্বক অঙ্গন্যাস করিবে। যথা— ওঁ নমো ভগবতে হৃদয়ায় নমঃ, রঘুনন্দনায় শিরসে স্বাহা ইত্যাদি। দশাক্ষর মন্ত্রকথিত ধ্যান করিবে। এই মন্ত্রের পুরশ্চরণে একলক্ষ জপ করিতে হয়।

৫২। শ্রিয়ং সীতা চতুর্থ্যন্তা স্বাহান্তোঽয়ং ষড়ক্ষরঃ॥ জনকোঽস্য ঋষিশ্ছন্দো গায়ত্রী দেবতা মনোঃ। সীতা ভগবতী প্রোক্তা শ্রীং বীজং শক্তিরন্ত্যজৌ॥ কীলং সীতা চতুর্থ্যন্তা ইষ্টার্থে বিনিয়োজয়েৎ। দীর্ঘস্বরযুতাদ্যেন ষড়ঙ্গানি প্রকল্পয়েৎ॥

স্বর্ণাভামম্বুজকরাং রামালোকনতৎপরাম্। ধ্যায়েৎ ষট্‌কোণমধ্যস্থরামাঙ্কোপরি শোভিতাম্॥

ব্যাখ্যা। শ্রিয়ং (শ্রীং) সীতা চতুর্থ্যন্তা (সীতায়ৈ) স্বাহান্তঃ অয়ং ষড়ক্ষরঃ [সীতামন্ত্রঃ]। অস্য মনোঃ জনকঃ ঋষিঃ গায়ত্রী ছন্দঃ, ভগবতী সীতা দেবতা প্রোক্তা, শ্রীং বীজং, শক্তিঃ অগ্নজৌ (স্বাহা)। কীলং (কীলকং) চতুর্থ্যন্তা সীতা (সীতায়ৈ) ইষ্টার্থে বিনিযোজয়েৎ। দীর্ঘস্বরযুতাদ্যেন (শ্রাং শ্রীং শ্রূং ইত্যাদিরূপেণ) ষড়ঙ্গানি প্রকল্পয়েৎ। [ততঃ] স্বর্ণাভাং (স্বর্ণকান্তিং) অম্বুজকরাং (পদ্মহস্তাং) রামালোকনতৎপরাং (রামদর্শনাভিনিবিষ্টাং) ষট্‌কোণমধ্যস্থরামাঙ্কোপরি শোভিতাং [সীতাং] ধ্যায়েৎ (চিন্তয়েৎ)।

অনুবাদ। 'শ্রীং সীতায়ৈ স্বাহা' এই ষড়ক্ষর সীতামন্ত্র। এই মন্ত্রের ঋষি জনক, ছন্দঃ গায়ত্রী, ভগবতী সীতা দেবতা, শ্রীং বীজ, স্বাহা শক্তি, 'সীতায়ৈ' কীলক, ইষ্টার্থসিদ্ধির জন্য ইহার বিনিয়োগ করিবে। দীর্ঘস্বরযুক্ত মন্ত্রের আদ্যাক্ষর দ্বারা অঙ্গন্যাস করিবে। যথা শ্রাং হৃদয়ায় নমঃ, শ্রীং শিরসে স্বাহা ইত্যাদি। সীতাদেবীর কান্তি স্বর্ণের ন্যায় উজ্জ্বল, তিনি পদ্মহস্তা এবং সর্ব্বদা শ্রীরামের দর্শনাভিলাষিণী

হইয়া তৎপ্রতি দৃষ্টিনিক্ষেপ করিয়া আছেন। তিনি ষট্‌কোণের মধ্যবর্ত্তী শ্রীরামচন্দ্রের ক্রোড় অলঙ্কৃত করিতেছেন, এই রূপে তাঁহার ধ্যান করিবে।

৪৩। লকারং তু সমুদ্ধৃত্য লক্ষ্মণায় নমোহস্তকঃ। অগস্ত্য ঋষিরস্যাথ গায়ত্রং ছন্দ উচ্যতে॥ লক্ষ্মণো দেবতা প্রোক্তো লং বীজং শক্তিরস্য হি। নমস্তু বিনিযোগো হি পুরুষার্থচতুষ্টয়ে॥ দীর্ঘভাজা স্ববীজেন ষড়ঙ্গানি প্রকল্পয়েৎ। দ্বিভুজং স্বর্ণরুচিরতনুং পদ্মনিভেক্ষণম্॥ ধনুর্ব্বাণধরং দেবং রামারাধনতৎপরম্॥

ব্যাখ্যা। লকারং তু সমুদ্ধৃত্য লক্ষ্মণায় নমোহস্তকঃ [লং লক্ষ্মণায় নমঃ ইতি লক্ষ্মণমন্ত্রঃ]। অথ অস্য (মন্ত্রস্য) অগস্ত্যঃ ঋষিঃ, গায়ত্রং ছন্দঃ উচ্যতে, লক্ষ্মণঃ দেবতা, প্রোক্তঃ (কথিতঃ) লং বীজং, শক্তিঃ অস্য (মন্ত্রস্য) হি 'নমঃ', পুরুষার্থচতুষ্টয়ে হি বিনিয়োগঃ। দীর্ঘভাজা (দীর্ঘস্বরযুক্তেন) স্ববীজেন (লং ইত্যনেন) ষড়ঙ্গানি (অঙ্গন্যাসাদীনি) প্রকল্পয়েৎ (কুর্য্যাৎ)। দ্বিভুজং স্বর্ণরুচিরতনুং (স্বর্ণবন্মনোজ্ঞশরীরং) পদ্মনিভেক্ষণং (পদ্মতুল্যনয়নং) ধনুর্ব্বাণধরং দেবং রামারাধনতৎপরং (রামসেবানিপুণং) [ধ্যায়েদিতি শেষঃ]।

অনুবাদ। 'লং লক্ষ্মণায় নমঃ' ইহা লক্ষ্মণ-

মন্ত্র। এই মন্ত্রের ঋষি অগস্ত্য, ছন্দঃ গায়ত্রী, লক্ষণ দেবতা, লং ইহার বীজ ; নমঃ শক্তি ; ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই পুরুষার্থচতুষ্টয়ের নিমিত্ত এইমন্ত্রের বিনিয়োগ হয়। দীর্ঘস্বরযুক্ত 'লং' এই বীজ দ্বারা অঙ্গ-ন্যাসাদি করিবে। যথা লাং হৃদয়ায় নমঃ, লীং শিরসে স্বাহা ইত্যাদি। পরে দ্বিভুজ,স্বর্ণের ন্যায় মনোহরকান্তি-বিশিষ্ট, পদ্মলোচন, ধনুর্ব্বাণধারী, শ্রীরামের শুশ্রূষায় নিরত দেব লক্ষ্মণের ধ্যান করিবে।

৪৪। ভকারং তু সমুদ্ধৃত্য ভরতায় নমোঽন্তকঃ অগস্ত্যঋষিরস্যাথ শেষং পূর্ব্ববদাচরেৎ। ভরতং শ্যামলং শান্তং রামসেবাপরায়ণম্ ॥ ধনুর্ব্বাণধরং বীরং কৈকেয়ীতনয়ং ভজে ॥

ব্যাখ্যা। ভকারং তু সমুদ্ধৃত্য ভরতায় নমোঽন্তকঃ [ভং ভরতায় নমঃ ইতি ভরতমন্ত্রঃ] অথ অস্য (মন্ত্রস্য) ঋষিঃ অগস্ত্যঃ শেষং (অবশিষ্টং পূর্ব্ববৎ (লক্ষ্মণমন্ত্রবৎ) আচরেৎ (ব্যবহরেৎ)। ভরতং শ্যামলং (শ্যামবর্ণবিশিষ্টং) শান্তং রাম-সেবাপরায়ণং ধনুর্ব্বাণধরং বীরং কৈকেয়ীতনয়ং ভজে [ইত্যনেন ভরতং ধ্যায়েৎ]।

অনুবাদ। 'ভং ভরতায় নমঃ' ইহা ভরত-

মন্ত্র। এই মন্ত্রের ঋষি অগস্ত্য, অন্যান্য সকলই লক্ষ্মণ-মন্ত্রের ন্যায় জানিবে। ভরত শ্যামবর্ণ শান্ত, রাম-সেবায় নিয়ত নিযুক্ত, ধনুর্ব্বাণধারী ও কৈকেয়ীর তনয়, আমরা তাঁহার ভজনা করি, এইরূপে ধ্যান করিবে।

৪৫। শং বীজং তু সমুদ্ধৃত্য শত্রুঘ্নায় নমোঽন্তকঃ। ঋষ্যাদয়ো যথাপূর্ব্বং বিনিয়োগোঽরিনিগ্রহে॥ দ্বিভুজং স্বর্ণবর্ণাভং রামসেবাপরায়ণম্। লবণাসুর-হন্তারং সুমিত্রাতনয়ং ভজে॥

ব্যাখ্যা। শং বীজং সমুদ্ধৃত্য শত্রুঘ্নায় নমোঽন্তকঃ ['শং শত্রুঘ্নায় নমঃ' ইতি শত্রুঘ্নমন্ত্রঃ] ঋষ্যাদয়ঃ (ঋষিচ্ছন্দোদেবতা-প্রভৃতয়ঃ) (পূর্ব্ববৎ লক্ষ্মণ-মন্ত্রবৎ ইত্যর্থঃ) অরিনিগ্রহে (শত্রু-বিজয়ে) বিনিয়োগঃ [কর্ত্তব্যঃ ইতি শেষঃ]। দ্বিভুজং স্বর্ণ-বর্ণাভং (স্বর্ণবর্ণবৎকান্তিবিশিষ্ট) রামসেবাপরায়ণং লবণাসুর-হন্তারং (লবণনামকদৈত্যবিনাশিনং) সুমিত্রাতনয়ং ভজে (অহমিতি শেষঃ)।

অনুবাদ। 'শং শত্রুঘ্নায় নমঃ'। ইহা শত্রুঘ্নমন্ত্র। ঋষি, ছন্দঃপ্রভৃতি লক্ষ্মণমন্ত্রের ন্যায় জানিবে। কেবলমাত্র এই মন্ত্রের বিনিয়োগ অরি-

নিগ্রহে এই বিশেষত্ব। শত্রুঘ্ন দ্বিভুজ, সুবর্ণের ন্যায় মনোহরকান্তি, সর্ব্বদা রামের সেবায় নিরত, লবণ-নামক দানববিনাশী, সুমিত্রার তনয়, আমরা তাঁহার ভজনা করি।' এইরূপ ইঁহার ধ্যান করিবে।

৪৬। হ্বং হনুমাংশ্চতুর্থ্যন্তঃ হৃদন্তো মন্ত্ররাজকঃ। রামচন্দ্রঋষিঃ প্রোক্তো যোজয়েৎ পূর্ব্ববৎ ক্রমাৎ॥ দ্বিভুজং স্বর্ণবর্ণাভং রামসেবাপরায়ণম্। মৌঞ্জী-কৌপীনসহিতং মাং ধ্যায়েদ্রামসেবকম্ ইতি॥

ইতি রামরহস্যোপনিষদি দ্বিতীয়োঽধ্যায়ঃ॥

ব্যাখ্যা। হ্বং হনুমান্ চতুর্থ্যন্তঃ (হনুমতে ইতি) হৃদন্তঃ (নমঃশব্দান্তঃ) মন্ত্ররাজকঃ (মন্ত্রশ্রেষ্ঠঃ)। [অস্য মন্ত্রস্য] রামচন্দ্রঃ ঋষিঃ প্রোক্তঃ পূর্ব্ববৎ (লক্ষ্মণমন্ত্রবৎ) ক্রমাৎ [সর্ব্বং] যোজয়েৎ। দ্বিভুজং স্বর্ণবর্ণাভং (স্বর্ণবদ্বর্ণবিশিষ্টং) রামসেবা-পরায়ণং মৌঞ্জীকৌপীনসহিতং (মেখলাকৌপীনধারিণং) মাং হনুমন্তং (রামসেবকং) ধ্যায়েৎ। [ইতি হনুমদুক্তিঃ]।

অনুবাদ। 'হ্বং হনুমতে নমঃ' ইহা হনু-মানের সর্ব্বশ্রেষ্ঠ মন্ত্র। এইমন্ত্রের ঋষি রামচন্দ্র।

ছন্দঃপ্রভৃতি সকলই লক্ষ্মণমন্ত্রানুসারে জানিবে। (হনূমান বলিতেছেন, দ্বিভুজ, সুবর্ণের ন্যায় মনোজ্ঞ-কান্তি রামের সেবায় সতত নিরত, মেখলা ও কৌপীন-ধারী শ্রীরামের সেবকরূপে আমার ধ্যান করিবে।

রামরহস্য উপনিষদের দ্বিতীয় অধ্যায় সমাপ্ত।

তৃতীয়ঃ অধ্যায়ঃ

১। সনকাদ্যা মুনয়ো হনূমন্তং পপ্রচ্ছুঃ। আঞ্জনেয় মহাবল পূর্ব্বোক্তমন্ত্রাণাং পূজাপীঠমনু-ব্রূহীতি। হনূমান্ হোবাচ। আদৌ ষট্‌কোণম্। তন্মধ্যে রামবীজং সশ্রীকম্। তদধোভাগে দ্বিতী-য়ান্তং সাধ্যম্॥ বীজোর্দ্ধভাগে ষষ্ঠ্যন্তং সাধকম্॥ পার্শ্বে দৃষ্টিবীজে॥ তৎপরিতো জীবপ্রাণশক্তিবশ্য-বীজানি॥ তৎসর্ব্বং সম্মুখোন্মুখাভ্যাং প্রণবাভ্যাং বেষ্টনম্॥ অগ্নীশাসুরবায়ব্যপুরঃপৃষ্ঠেষু ষট্‌কোণেষু দীর্ঘভাঞ্জি হৃদয়াদিমন্ত্রাঃ ক্রমেণ॥ রাং রীং রূং রৈং

রৌং র ইতি দীর্ঘভাজি তদ্যুক্তহৃদয়াদ্যস্ত্রান্তম্ ॥ ষট্‌কোণপার্শ্বে রমামায়াবীজে ॥ কোণাগ্রে বারাহং হুমিতি। তদ্বীথ্যন্তরালে কামবীজম্। পরিতো বাগ্‌ভবম্ ॥

ব্যাখ্যা। সনকাদ্যাঃ মুনয়ঃ হনূমন্তং পপ্রচ্ছুঃ। আঞ্জনেয়। (অঞ্জনানন্দন!) মহাবল! পূর্বোক্তমন্ত্রাণাং পূজাপীঠং (পূজা যন্ত্রম্) অনুব্রূহি (আনুপূর্বিকং কথয়) ইতি। হনূমান্ হ (নিশ্চয়ে) উবাচ আদৌ (প্রথমতঃ) ষট্‌কোণং [কুর্যাদিতি শেষঃ।] তন্মধ্যে (ষট্‌কোণমধ্যে) রামবীজং (রাং ইতি) সশ্রীকং (শ্রীং ইতি শ্রীবীজসহিতং) তদধোভাগে (সশ্রীকরামবীজস্য নিম্নভাগে) দ্বিতীয়ান্তং সাধ্যং (যৎ সাধনীয়ং) বীজোর্দ্ধভাগে (রামবীজস্যোর্দ্ধ ভাগে) ষষ্ঠ্যন্তং সাধকং। পার্শ্বে দৃষ্টিবীজে (রামবীজস্য পার্শ্বদ্বয়ে দৃষ্টিবীজদ্বয়ং লিখেৎ) তৎপরিতঃ (তস্য বীজস্য চতুর্দ্দিক্ষু) জীবপ্রাণশক্তিবশ্যবীজানি [ক্রমশঃ লিখেৎ] তৎ সর্বং (বীজজাতং) সম্মুখোন্মুখাভ্যাং (অভিমুখবিমুখাভ্যাং) প্রণবাভ্যাং বেষ্টনং [কুর্যাৎ]। অগ্নীশাসুরবায়ব্যপুরঃপৃষ্ঠেষু (অগ্নীশাননৈঋতবায়ুপুরঃপৃষ্ঠেষু) ষট্ কোণেষু দীর্ঘভাজি (দীর্ঘস্বরযুক্তাঃ) হৃদয়াদিমন্ত্রাঃ (রাং হৃদয়ায় নমঃ ইত্যাদি মন্ত্রাঃ) ক্রমেণ [বিন্যসনীয়াঃ] [যথা] রাং, রীং, রৈং রৌং র ইতি দীর্ঘভাজি (দীর্ঘং ভজতি তচ্ছীলং) তদ্যুক্ত-

হৃদয়াদ্যস্ত্রান্তং ('রাং হৃদয়ায় নমঃ ইত্যাদি' 'রঃ করতলপৃষ্ঠাভ্যা-মস্ত্রায় ফট্' ইত্যন্তং) [ক্রমেণ বিন্যসেৎ] ষট্‌কোণপার্শ্বে রমামায়াবীজে (শ্রীঃ হ্রীং ইতি) কোণাগ্রে বারাহং 'হুং' ইতি। তদ্বীজান্তরালে (তদ্বীজমধ্যে) কামবীজং (ক্লীং ইতি) পরিতঃ (চতুর্দ্দিক্ষু) বাগ্‌ভবং (বীজং 'ঐং' ইতি) [লিখেৎ]।

অনুবাদ। সনকাদি মুনিগণ হনূমান্‌কে জিজ্ঞাসা করিয়াছিলেন, হে মহাবল অঞ্জনানন্দন! পূর্ব্বে যে সকল মন্ত্র বলিলে, তাহার পূজাযন্ত্র আমা-দিগকে আনুপূর্ব্বিক বল। তখন হনূমান্ বলিলেন, প্রথমতঃ একটী ষট্‌কোণ নির্ম্মাণ করিতে হইবে, তন্মধ্যে, 'রাং শ্রীং' লিখিয়া তাহার নিম্নে যাহা সাধ-নীয়, তাহা দ্বিতীয়াবিভক্তিযুক্ত করিয়া লিখিবে, যথা 'অমুকং কুরু' ইত্যাদি। সেই বীজমন্ত্রের ঊর্দ্ধভাগে ষষ্ঠীবিভক্তিযুক্ত করিয়া সাধকের নাম লিখিবে, যথা 'অমুকস্য'। তাহার উভয়পার্শ্বে দৃষ্টিবীজদ্বয় এবং চতুর্দ্দিকে জীব, প্রাণ, শক্তি ও বশ্যবীজ চারিটী যথা-ক্রমে লিখিবে। এই প্রত্যেক বীজমন্ত্রেরই উভয়পার্শ্বে মুখামুখী করিয়া দুই দুইটী প্রণব লিখিতে হইবে।

অগ্নিকোণ, ঈশানকোণ, নৈঋতকোণ, বায়ুকোণ এবং সম্মুখ ও পশ্চাদ্ভাগে দীর্ঘস্বরযুক্ত হৃদয়াদি মন্ত্রসকল ক্রমশঃ লিখিবে। যথা রাং হৃদয়ায় নমঃ, রীং শিরসে স্বাহা, রূং শিখায়ৈ বষট্, রৈং কবচায় হুং, রৌং নেত্রত্রয়ায় বৌষট্, রঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্। ষট্‌কোণ-পার্শ্বে শ্রীং হ্রীং এইবীজদ্বয়, কোণাগ্রভাগে হুং, সেই বীজদ্বয়ের মধ্যভাগে ক্লীং এবং চতুর্দ্দিকে ঐং বীজ লিখিবে।

২। ততো বৃত্তত্রয়ং সাষ্টপত্রম্। তেষু দলেষু স্বরানষ্টবর্গান্‌প্রতিদলং মালামনুবর্ণষট্‌কম্। অন্তে পঞ্চাক্ষরম্। তদ্দলকপোলেষষ্টবর্ণান্। পুনরষ্টদল-পদ্মম্। তেষু দলেষু নারায়ণাষ্টাক্ষরীমন্ত্রঃ। তদ্দল-কপোলেষু শ্রীবীজম্। ততো বৃত্তম্। ততো দ্বাদশ-দলম্। তেষু দলেষু বাসুদেবদ্বাদশাক্ষরীমন্ত্রঃ। তদ্দ লকপোলেষ্বাদিত্যান্ ততো বৃত্তম্ ততঃ ষোড়শদলম্। তেষু দলেষু হুং ফট্ নতিসহিতরামদ্বাদশাক্ষরম্। তদ্দলকপোলেষু মায়াবীজম্। সর্ব্বত্র প্রতিকপোলং দ্বিরাবৃত্ত্যা হ্রং স্রং ভ্রং ব্রং ভ্রমং শ্রুং জ্রম্॥

ব্যাখ্যা। ততঃ বৃত্তত্রয়ং সাষ্টপত্রম্ (অষ্টপত্রসহিতং চ) [লিখেৎ] তেষু দলেষু (পত্রেষু) স্বরান্ (অকারদীন্) অষ্ট বর্গান্ (কচটতপযশলক্ষান্) প্রতিদল (প্রতিপত্রে) মালামনু বর্ণষট্কং (মালামন্ত্রান্তর্গতপ্রাথমিকবর্ণ ষট্কং) অন্তে পঞ্চাক্ষরং (মালামন্ত্রস্যাবশিষ্টং) তদ্দলকপোলেষু (পদ্মপত্রগণ্ডেষু কর্ণিকায় ইত্যর্থঃ) অঙ্গবর্ণান্ (তদবশিষ্টান্) [লিখেৎ]। পুনঃ অষ্টদলপদ্মং তেষু দলেষু নারায়ণাষ্টাক্ষরী মন্ত্রঃ ('ওঁ নমো নারায়ণায়, ইতি) তদ্দলকপোলেষু শ্রীবীজং (শ্রীং ইতি) ততঃ বৃত্তং ততঃ (তদ্বহিঃ) দ্বাদশদলং (পদ্মং) তেষু দলেষু বাসুদেবদ্বাদশাক্ষরী মন্ত্রঃ ('ওঁ নমো ভগবতে বাসুদেবায় ইতি)। তদ্দলকপোলেষু আদিত্যান্ (দ্বাদশ) ততঃ [পুনঃ] বৃত্তং ততঃ ষোড়শদলঃ (পদ্মং) তেষু দলেষু 'হুং ফট্ নতিসহিতরামদ্বাদশাক্ষরং (নমঃশব্দেন সহ 'ওঁ নমো ভগবতে রামচন্দ্রায়' ইতি দ্বাদশাক্ষরমন্ত্রং) তদ্দলকপোলেষু মায়াবীজং (হ্রীং ইতি) [লিখেৎ] সর্ব্বত্র প্রতিকপোলং (প্রত্যেকদলগণ্ডেষু) ভ্রুং, স্রং ভ্রং, ব্রং, ভ্রমং, শ্রুং, জ্রম্ [ইতি] দ্বিরাবৃত্ত্যা (বারদ্বয়ং) [লিখেৎ]।

অনুবাদ। তাহার পরে ক্রমশঃ তিনটী বৃত্ত ও তাহার বাহিরে আটটী পত্ররচনা করিবে। সেই পত্রে অকারাদি স্বরবর্ণ এবং ক, চ, ট, ত, প, য,

শ ও লক্ষ এই অষ্টবর্গ ক্রমশঃ লিখিবে। প্রত্যেক পত্রে পূর্ব্বোক্ত মালামন্ত্রের ছয়টী ছয়টী করিয়া বর্ণ লিখিবে। সর্ব্বশেষে পাঁচ অক্ষর এবং সেই দলের কপোলদেশে অষ্টাক্ষর মন্ত্র লিখিবে। পুনর্ব্বার আর একটী অষ্টদল পদ্ম অঙ্কিত করিবে, তাহার প্রত্যেক দলে 'ওঁ নমো নারায়ণায়' এই অষ্টাক্ষর মন্ত্র ও দলের কপোলদেশে 'শ্রীং' এই শ্রীবীজ লিখিবে। তাহার পরে আরও একটী বৃত্ত এবং তাহার বাহিরে দ্বাদশদল পদ্ম অঙ্কিত করিয়া, ঐ দলে 'ওঁ নমো ভগবতে বাসুদেবায়', বাসুদেবের এই দ্বাদশাক্ষর মন্ত্র এবং ঐ দলগণ্ডে দ্বাদশ আদিত্যনাম লিখিবে। পুনর্ব্বার আরও একটী বৃত্ত ও তাহার বাহিরে ষোড়শদল পদ্ম অঙ্কিত করিয়া প্রত্যেক পত্রে 'হুং ফট্ নমঃ ওঁ নমো ভগবতে রামচন্দ্রায়' এই ষোড়শাক্ষর মন্ত্রের এক একটী অক্ষর এবং প্রত্যেকদলের গণ্ডদেশে হ্রং, স্রং, ভ্রং ব্রং, ভ্রমং, শ্রং, জ্রং' এই মন্ত্রাক্ষর দুই দুই বার করিয়া লিখিবে।

৩। ততো বৃত্তম্। ততো দ্বাত্রিংশদ্দলপদ্মম্।

তেষু দলেষু নৃসিংহমন্ত্ররাজানুষ্টুভমন্ত্রঃ। তদ্দলকপোলেষ্টবস্বেকাদশরুদ্রদ্বাদশাদিত্যমন্ত্রাঃ প্রণবাদিনমোহন্তাশ্চতুর্থ্যন্তাঃ ক্রমেণ। তদ্বহির্বষট্কারং পরিতঃ। ততো রেখাত্রয়যুক্তং ভূপুরম্। দ্বাদশদিক্ষু রাশ্যাদিভূষিতম্। অষ্টনাগৈরধিষ্ঠিতম্। চতুর্দিক্ষু নারসিংহবীজম্। বিদিক্ষু বারাহবীজম্। এতৎ সর্বাত্মকং যন্ত্রং সর্বকামপ্রদং মোক্ষপ্রদং চ॥

ব্যাখ্যা। ততঃ [পুনঃ] বৃত্তং ততঃ (বহিঃ) দ্বাত্রিংশদ্দলপদ্মং তেষু দলেষু নৃসিংহ মন্ত্ররাজানুষ্টুভমন্ত্রঃ (নৃসিংহস্য মন্ত্রশ্রেষ্ঠঃ যঃ অনুষ্টুভমন্ত্রঃ) [সঃ লেখনীয়ঃ] তদ্দলকপোলেষু চতুর্থ্যন্তাঃ প্রণবাদি নমোহন্তাঃ [চ] অষ্টবস্বেকাদশরুদ্রদ্বাদশাদিত্যমন্ত্রাঃ ক্রমেণ [লেখ্যাঃ] তদ্বহিঃ পরিতঃ (সর্বতঃ) বষট্কারং (বষট্ ইতি) ততঃ রেখাত্রয়যুক্তং ভূপুরং দ্বাদশদিক্ষু রাশ্যাদিভূষিতং (দ্বাদশরাশিযুক্তং) অষ্টনাগৈঃ অধিষ্ঠিতং, চতুর্দিক্ষু নারসিংহবীজং (নরসিংহসম্বন্ধিমন্ত্রং) বিদিক্ষু (কোণেষু) বারাহবীজং (বরাহসম্বন্ধিবীজমন্ত্রং) [লিখেৎ] সর্বাত্মকং (এতৎ সর্বমন্ত্রসম্বলিতং) যন্ত্রং সর্বকামদং মোক্ষদং চ।

অনুবাদ। পুনর্বার একটী বৃত্ত ও তাহার বাহিরে বত্রিশটী পত্রযুক্ত একটী পদ্ম অঙ্কিত করিবে।

সেই পদ্মের পত্রে নৃসিংহের সর্ব্বপ্রধান অনুষ্টুভ মন্ত্র এবং তাহার কপোলদেশে প্রথমতঃ প্রণব এবং অন্তে নমঃশব্দ যোগ করিয়া চতুর্থী বিভক্তিযুক্ত অষ্ট বসু, একাদশ রুদ্র ও দ্বাদশ আদিত্য মন্ত্র ক্রমশঃ লিখিবে। তাহার বাহিরে চতুর্দ্দিকে 'বষট্' এই মন্ত্র লিখিবে। পরে রেখাত্রয়যুক্ত ভূপুর ও দ্বাদশ দিকে অনন্তাদি অষ্টনাগাধিষ্ঠিত দ্বাদশরাশিচক্র অঙ্কিত করিয়া চতুর্দ্দিকে নরসিংহবীজমন্ত্র ও কোণে বরাহবীজমন্ত্র লিখিবে। এই সকল মন্ত্রযুক্ত যন্ত্র, সমগ্র ইষ্টফল এমন কি মোক্ষপর্য্যন্ত প্রদান করিয়া থাকে।

৪। একাক্ষরাদিনবাক্ষরান্তানামেতদ্‌যন্ত্রং ভবতি তদ্দশাবরণাত্মকং ভবতি। ষট্‌কোণমধ্যে সাঙ্গং রাঘবং যজেৎ। ষট্‌কোণেষঙ্গৈঃ প্রথমাবৃতিঃ। অষ্টদলমূলে অ আত্মাবরণম্। তদগ্রে বাসুদেবাত্মাবরণম্। দ্বিতীয়াষ্টদলমূলে ধৃষ্টাত্মাবরণম্। তদগ্রে হনুমদাত্মাবরণম্। দ্বাদশদলেষু বসিষ্ঠাত্মাবরণম্ ষোড়শদলেষু নীলাত্মাবরণম্। দ্বাত্রিংশদ্দলেষু ধ্রুবাত্মাবরণম্। এবমভ্যর্চ্য মনুং জপেৎ॥

ব্যাখ্যা। একাক্ষরাদিনবাক্ষরান্তানাং (রামস্য একাক্ষরা-বধিনবাক্ষরপর্য্যন্তানাং মন্ত্রাণাম্) এতৎ যন্ত্রং ভবতি। তৎ (যন্ত্রং) দশাবরণাত্মকং (দশবিধাবরণ স্বরূপং) ভবতি। তদ্ যথা] ষট্‌কোণমধ্যে সাঙ্গং (অঙ্গদেবতাভিঃ সহ] রাঘবং যজেৎ (পূজয়েৎ)। ষট্‌কোণেষু অঙ্গৈঃ (দেবৈঃ) প্রথমাবৃত্তিঃ (প্রথমাবরণং) [ভবতি]। অষ্টদলমূলে (অষ্টদলপদ্মস্য মূলদেশে) আত্মাদ্যাবরণং। তদগ্রে (অষ্টদলাগ্রে) বাসুদেবা-দ্যাদবরণম্। দ্বিতীয়াষ্টদলমূলে ধৃষ্ট্যাদ্যাবরণং (ধৃষ্টিজয়ন্তপ্রভৃতী-নামাবরণং) তদগ্রে (দ্বিতীয়াষ্টদলাগ্রে) হনুমদাদ্যাবরণং। দ্বাদশদলেষু (পদ্মস্য) বসিষ্ঠাদ্যাবরণং। ষোড়শদলেষু নীলাদ্যা-বরণং। দ্বাত্রিংশদ্দলেষু ধ্রুবাদ্যাবরণং। ভূপুরান্তঃ (ভূপুরাভ্য-ন্তরে) ইন্দ্রাদ্যাবরণং। তদ্বাহিঃ (ভূপুরস্য বহির্দ্দেশে) বজ্রাদ্যা বরণং (বজ্রাদ্যস্ত্রাণামাবরণং) এবং (উক্তপ্রকারেণ) অভ্যর্চ্চ্য (পূজয়িত্বা) মনুং (মন্ত্রং) জপেৎ।

অনুবাদ। এক অক্ষর হইতে নয় অক্ষর-পর্য্যন্ত রামমন্ত্রের এই একই যন্ত্র। এই যন্ত্র দশবিধ আবরণ স্বরূপ, অর্থাৎ এই যন্ত্রে দশবিধ আবরণ দেবতার পূজা করিতে হয় ক্রমশঃ তাহা বলা যাইতেছে। প্রথমতঃ ষট্‌কোণমধ্যে অঙ্গদেবতার সহিত রাম-চন্দ্রের পূজা করিবে। এই ষট্‌কোণেই অঙ্গ

দেবতা দ্বারা প্রথম আবরণ প্রতিষ্ঠিত হইয়াছে। অষ্ট-দল পদ্মের মূলদেশে আত্মাদি দেবতার আবরণ। সেই পদ্মের অগ্রে বাসুদেবাদি দেবতার আবরণ। তীয় অষ্টদল পদ্মের মূলদেশে ধৃষ্টি জয়ন্তপ্রভৃতি দবতার আবরণ, তাহার অগ্রে হনুমান, সুগ্রীব, ভরত, বভীষণপ্রভৃতির আবরণ। দ্বাদশদল পদ্মে বশিষ্ঠ বাম-বাদির আবরণ। ষোড়শদলে নীলনলপ্রভৃতির মাবরণ। ভূপুরের অভ্যন্তরে ইন্দ্র, বহ্নি, যমপ্রভৃতির আবরণ। তাহার বাহিরে বজ্রাদি অস্ত্রের আবরণ। থানিয়মে এই সকল আবরণদেবতার পূজা করিয়া মূল ন্ত্র জপ করিবে। [আবরণদেবতার বিশেষ বিবরণ শ্রীরামপূর্ব্বতাপনীয় উপনিষদে বর্ণিত হইয়াছে।]

৫। অথ দশাক্ষরাদিদ্বাত্রিংশদক্ষরান্তানাং মন্ত্রাণাং পূজাপীঠমুচ্যতে। আদৌ ষট্‌কোণম্। তন্মধ্যে সাধ্যনামানি। এবং কামবীজবেষ্টনম্। তং শিষ্টেন নবার্ণেন বেষ্টনম্। ষট্‌কোণেষু ষড়ঙ্গান্যগ্নীশাসুর-ায়ব্যপূর্ব্বপৃষ্ঠেষু তৎকপোলেষু শ্রীমায়েকোণাগ্রে ক্রোধম্॥

ব্যাখ্যা। অথ (অনন্তরং) দশাক্ষরাদি দ্বাত্রিংশদক্ষ-

রাস্তানাং মন্ত্রাণাং পূজাপীঠং [পূজাযন্ত্রম্) উচ্যতে (আদৌ (প্রথমতঃ) ষট্কোণং, তন্মধ্যে (ষট্কোণমধ্যে) স্ববীজং ('রাং' ইতি রামবীজং) তন্মধ্যে (ষট্কোণমধ্যে) সাধ্যনামানি [লিখেৎ]। এবং [লিখিয়িত্বা] কামবীজবেষ্টনং (ক্লীং ইতি কামবীজেন বেষ্টনং কুর্য্যাৎ)। তং (মন্ত্রং) শিষ্টেন (দশাক্ষরাবশিষ্টেন) নবার্ণেন (নবাক্ষরমন্ত্রেণ) বেষ্টনং [কুর্য্যাৎ]। ষট্কোণেষু অগ্নীশাসুরবায়ব্যপূর্ব্বপৃষ্ঠেষু (অগ্নীশাননৈঋতবায়ুপুরঃ পৃষ্ঠেষু) ষড়ঙ্গানি (রাং হৃদয়ায় নমঃ ইত্যাদি মন্ত্রান্) তৎ কপোলেষু (ষট্কোণপার্শ্বেষু) শ্রীমায়ে ('শ্রীং হ্রীং ইতি) কোণাগ্রে ক্রোধং ('হুং' ইতি) [লিখেৎ]।

অনুবাদ। ইহার পরে দশ অক্ষর অবধি বত্রিশ অক্ষর পর্য্যন্ত মন্ত্রের পূজাযন্ত্র বলা যাইতেছে প্রথমতঃ ষট্কোণ অঙ্কিত করিয়া তন্মধ্যে 'রাং' এই মন্ত্র এবং যাহা সাধন করিতে হইবে তাহা (অমুক কুরু ইত্যাদি) লিখিবে। পরে উহা 'ক্লীং' এই কামবীজ দ্বারা এবং দশাক্ষর মন্ত্রের অবশিষ্ট ন অক্ষর দ্বারা বেষ্টন করিবে। অগ্নি, ঈশান, নৈঋ বায়ুকোণ এবং সম্মুখ ও পশ্চাতে এই ষট্কোণে র হৃদয়ায় নমঃ ইত্যাদি ষড়ঙ্গমন্ত্র লিখিবে। তৎপা

শ্রীং হ্রীং এই বীজদ্বয় ও কোণাগ্রভাগে 'হুং' বীজ লিখিতে হইবে।

৬। ততো বৃত্তম্। ততোঽষ্টদলম্। তেষু দলেষু ষট্সংখ্যয়া মালামনুবর্ণান্। তদ্দলকপোলেষু ষোড়শ স্বরাঃ। ততো বৃত্তম্। তৎপরিত আদিক্ষান্তম্। তদ্বর্হিভূপুরং সাষ্টশূলাগ্রম্। দিক্ষু বিদিক্ষু নারসিংহবারাহে। এতন্মহাযন্ত্রম্॥

ব্যাখ্যা। ততঃ (তদন্তরং) বৃত্তং ততঃ (তদ্বহিঃ) অষ্টদলং (পদ্মং), তেষু দলেষু [প্রত্যেকশঃ] ষট্ সংখ্যয়া মালামনুবর্ণান্ [লিখেৎ]। তদ্দলকাপোলেষু ষোড়শস্বরান্ (অকারাদি বিসর্গান্তান্) ততঃ [পুনঃ] বৃত্তং তৎ পরিতঃ (চতুর্দ্দিক্ষু) আদিক্ষান্তং (অকারাদিক্ষকারান্তং) [লিখেৎ]। তদ্বহিঃ সাষ্টশূলাগ্রং ভূপুরং দিক্ষু বিদিক্ষু নারসিংহবারাহে (দিক্ষু নরসিংহমন্ত্রং কোণেষু বরাহমন্ত্রং) [লিখেৎ] এতৎ মহাযন্ত্রং [ভবতি]।

অনুবাদ। তাহার বাহিরে একটী বৃত্ত ও অষ্টদল পদ্ম অঙ্কিত করিয়া প্রত্যেক দলে শ্রীরামমালামন্ত্রের ছয় ছয়টী বর্ণ লিখিবে। ঐ দলের পাশ্বে

অকার অবধি অং অঃ পর্য্যন্ত ষোড়শ স্বরবর্ণ লিখিয়া পুনর্ব্বার আর একটী বৃত্ত ও তাহার চতুর্দ্দিকে অকার অবধি ক্ষপর্য্যন্ত বর্ণমালা লিখিতে হইবে। তাহার বাহিরে অষ্টশূলাগ্রের সহিত, ভূপুর এবং পূর্ব্বদিকে নরসিংহমন্ত্র ও কোণে বরাহমন্ত্র লিখিবে। ইহাই মহাযন্ত্র।

৭। আধারশক্ত্যাদিবৈষ্ণবপীঠম্। অঙ্গৈঃ প্রথমাবৃত্তিঃ। মধ্যে রামম্। বামভাগে সীতাম্। তৎপুরতঃ শার্ঙ্গং শরং চ। অষ্টদলমূলে হনূমদাদি-দ্বিতীয়াবরণম্। ধৃষ্ট্যাদিতৃতীয়াবরণম্। ইন্দ্রাদিভিশ্চতুর্থী। বজ্রাদিভিঃ পঞ্চমী। এতদ্যন্ত্রারাধন-পূর্ব্বকং দশাক্ষরাদিমন্ত্রং জপেৎ॥

ইতি রামরহস্যোপনিষদি তৃতীয়োঽধ্যায়ঃ॥

ব্যাখ্যা। [এতদেব] আধারশক্ত্যাদিবৈষ্ণবপীঠং (আধার-শক্তিকূর্ম্মাদিবৈষ্ণবযন্ত্রং) অঙ্গৈঃ (অঙ্গভূতৈঃ দেবৈঃ) প্রথমাবৃত্তিঃ (প্রথমাচরণং) মধ্যে রামং বামভাগে সীতাং তৎপুরতঃ (তদগ্রতঃ) শার্ঙ্গং (ধনুঃ শরং চ [পূজয়েৎ]।

অষ্টদলমূলে হনূমদাদিদ্বিতীয়াবরণং (হনূমদাদিভিঃ নির্ম্মিতং দ্বিতীয়াবরণং) ধৃষ্ট্যাদিতৃতীয়াবরণং (ধৃষ্টিজয়ন্তপ্রভৃতিভিঃ নির্ম্মিতং তৃতীয়াবরণং) ইত্যাদিভিঃ (দেবৈঃ) চতুর্থী (চতুর্থং) বজ্রাদিভিঃ (অস্ত্রৈঃ) পঞ্চমী (পঞ্চমমাবরণং) এতদ্যন্ত্রারাধনপূর্ব্বকং দশাক্ষরাদি মন্ত্রং জপেৎ।

অনুবাদ। ইহাই আধার শক্ত্যাদিনামক বৈষ্ণব যন্ত্র, ইহাতেই অঙ্গদেবতা দ্বারা প্রথম আবরণ প্রতিষ্ঠিত হইয়াছে। এই যন্ত্রের মধ্যভাগে রাম, বামভাগে সীতা এবং সম্মুখে ধনুঃ ও শরের পূজা করিবে। অষ্টদলপদ্মের মূলদেশে হনূমান্ সুগ্রীবপ্রভৃতি দ্বারা দ্বিতীয় আবরণ, ধৃষ্টি, জয়ন্ত প্রভৃতি দ্বারা তৃতীয় আবরণ, ইন্দ্র বহ্নিপ্রভৃতি দ্বারা চতুর্থ আবরণ এবং বজ্রাদি-অস্ত্র দ্বারা পঞ্চম আবরণ প্রতিষ্ঠিত হইয়াছে। এইযন্ত্রের আরাধনা করিয়া দশাক্ষরাদি মন্ত্র জপ করিবে।

রামরহস্যোপনিষদের তৃতীয় অধ্যায় সমাপ্ত।

চতুর্থ অধ্যায়।

১। সনকাদ্যা মুনয়ো হনূমন্তং পপ্রচ্ছুঃ। শ্রীরাম মন্ত্রাণাং পুরশ্চরণবিধিমনুব্রূহীতি। হনূমান্ হোবাচ।

নিত্যং ত্রিষবণস্নায়ী পয়োমূলফলাদিভুক্। অথবা পায়সাহারো হবিষ্যান্নাদ এব বা॥ ষড়্রসৈশ্চ পরিত্যক্তঃ স্বাশ্রমোক্তবিধিং চরন্। বনিতাদিষু বাক্কর্ম্মমনোভির্নিঃস্পৃহঃ শুচিঃ॥ ভূমিশায়ী ব্রহ্মচারী নিষ্কামো গুরুভক্তিমান্। স্নানপূজাজপধ্যানহোমতর্পণতৎপরঃ॥ গুরূপদিষ্টমার্গেণ ধ্যায়ন রামমনন্যধীঃ। সূর্য্যেন্দুগুরুদীপাদিগোব্রাহ্মণসমীপতঃ॥ শ্রীরামসন্নিধৌ মৌনী মন্ত্রার্থমনুচিন্তয়ন্। ব্যাঘ্রচর্ম্মাসনে স্থিত্বা স্বস্তিকাদ্যাসনক্রমাৎ॥ তুলসীপারিজাতশ্রীবৃক্ষমূলাদিকস্থলে। পদ্মাক্ষতুলসীকাষ্ঠরুদ্রাক্ষকৃতমালয়া॥ মাতৃকামালয়া মন্ত্রী মনসৈব মনুং জপেৎ॥

ব্যাখ্যা। সনকাদ্যাঃ মুনয়ঃ হনুমন্তং পপ্রচ্ছুঃ। শ্রীরামমন্ত্রাণাং পুরশ্চরণবিধিম্ অনুব্রূহি ইতি। হনুমান্ হ (নিশ্চয়ে) উবাচ। নিত্যং (প্রত্যহং) ত্রিষবণস্নায়ী (প্রাতর্মধ্যাহ্নসায়ং স্নানকারী) পয়োমূলফলাদিভুক্ অথবা পায়সাহারঃ (পায়সঃ আহারঃ যস্য মিষ্টান্নভুক্ ইত্যর্থঃ) বা (অথবা) হবিষ্যান্নাদঃ (হবিষ্যান্নভোজী) [সন্] ষড়্রসৈঃ চ পরিত্যক্তঃ (ষড়্রসবর্জ্জনং কৃত্বা) স্বাশ্রমোক্তবিধিং চরন্ (বর্ণাশ্রমোক্তনিয়মং প্রতিপালয়ন) বনিতাদিষু (ভার্য্যাসুবর্ণাদিষু) বাক্কর্ম্মমনোভিঃ

(যথা বাচা তথা কর্ম্মণা মনসাপি তথা) নিঃস্পৃহঃ (স্পৃহাহীনঃ) শুচিঃ [সন্] ভূমিশায়ী [ন তু খট্টারূঢ়ঃ] ব্রহ্মচারী (স্মরণ-কীর্ত্তনাদ্যষ্টবিধমৈথুনাভাববান্) [অত এব] নিষ্কামঃ (কামনা-পরিশূন্যঃ) গুরুভক্তিমান্ স্নানপূজা-জপ ধ্যান হোম-তর্পণতৎ-পরঃ, অনন্যধীঃ (অনন্যবুদ্ধিঃ একচিত্তঃ সন্) গুরূপদিষ্টমার্গেণ (গুরুপ্রদর্শিতপথানুসারেণ) রামং ধ্যায়ন্ (চিন্তয়ন্) সূর্য্যেন্দু-গুরুদীপাদিগোব্রাহ্মণসমীপতঃ (এতেষাং সন্নিধৌ দীপাদী-ত্যাদিশব্দাৎ ধূপনৈবেদ্যানাং গ্রহণং) শ্রীরামসন্নিধৌ (শ্রীরাম-বিগ্রহসন্নিকটে) মৌনী (বাঙ্‌নিয়মবান্) মন্ত্রার্থম্ (মন্ত্রৈরর্থ্যতে যঃ তং) অনুচিন্তয়ন্ (অনুধ্যায়ন্) স্বস্তিকাদ্যাসনক্রমাৎ (স্বস্তিকপদ্মাদ্যাসনক্রমেণ) ব্যাঘ্রচর্ম্মাসনে (ব্যাঘ্রচর্ম্মনির্ম্মি-তাসনে) তুলসীপারিজাতশ্রীবৃক্ষমূলাদিকস্থলে স্থিত্বা পদ্মাক্ষ-তুলসীকাষ্ঠকদ্রাক্ষকৃতমালয়া মাতৃকামালয়া (মাতৃকামালামন্ত্রানু-রূপেণ) মন্ত্রী (গৃহীতমন্ত্র মননশীল ইত্যর্থঃ) মনসা এব (ন তু উচ্চৈঃ) মনুং (মন্ত্রং) জপেৎ।

অনুবাদ। সনকাদি ঋষিগণ হনুমান্‌কে জিজ্ঞাসা করিয়া ছিলেন, শ্রীরামমন্ত্রের পুরশ্চরণবিধি কি, তাহা আমাদিগকে বল। তখন হনুমান্ বলি-লেন,—প্রত্যহ প্রাতঃ, মধ্যাহ্ন ও সায়ংকাল এই ত্রি-সন্ধ্যাস্নায়ী হইয়া দুগ্ধ, মূল, ফলাদি ভক্ষণ বা কেবল

মিষ্টান্ন ভক্ষণ, অথবা হবিষ্যান্ন ভক্ষণ করিয়া ছয়টী রসের লোভ পরিত্যাগ ও বর্ণাশ্রমধর্ম্মোক্ত নিয়ম প্রতিপালন পূর্ব্বক কামিনীকাঞ্চনাদিতে কায়মনোবাক্যে নিঃস্পৃহ এবং শুচি হইয়া ভূমিতে শয়ন ও ব্রহ্মচর্য্য অবলম্বন, অর্থাৎ বনিতা স্মরণ বা তাহাদের রূপকীর্ত্তনাদিরূপ অষ্টবিধ মৈথুন বর্জ্জন পূর্ব্বক নিষ্কাম হইবে। পরে গুরুভক্তিসহকারে স্নান, পূজা, জপ, ধ্যান, হোম, তর্পণ-প্রভৃতিতে অভিনিবিষ্ট হইয়া একমনে গুরুপ্রদর্শিত-পদ্ধতি অনুসারে শ্রীরামচন্দ্রের ধ্যান করিবে; অর্থাৎ সূর্য্যচন্দ্রসন্নিধানে (দিবারাত্রিতে) গুরু, ধূপ, দীপ, নৈবেদ্যাদি উপচার, গো, ব্রাহ্মণ এবং শ্রীরামচন্দ্রের শ্রীবিগ্রহসান্নিধানে মৌনাবলম্বনপূর্ব্বক মন্ত্রার্থ বা মন্ত্র-প্রার্থিত দেবতার ধ্যান করিবে। তুলসী, পারিজাত বা বিল্বমূলে ব্যাঘ্রচর্ম্মনির্ম্মিত আসনে, স্বস্তিকাসন বা পদ্মাদি আসনে অবস্থানপূর্ব্বক পদ্মবীজ তুলসীকাষ্ঠ বা রুদ্রাক্ষমালা দ্বারা মননশীল ব্যক্তি মাতৃকামালা-মন্ত্রানুরূপে মনে মনে মন্ত্র জপ করিবে।

২। অভ্যর্চ্য বৈষ্ণবে পীঠে জপেদক্ষরলক্ষকম্॥ তর্পয়ে-

ত্তদ্দশাংশেন পায়সাত্তদ্দশাংশতঃ। জুহুয়াদ্গোঘৃতেনৈব ভোজয়েত্তদ্দশাংশতঃ॥ ততঃ পুষ্পাঞ্জলিং মূলমন্ত্রেণ বিধিবচ্চরেৎ। ততঃ সিদ্ধমনুর্ভূত্বা জীবন্মুক্তো ভবেন্মুনিঃ॥ অণিমাদির্ভজত্যেনং যূনং বরবধূরিব। ঐহিকেষু চ কার্য্যেষু মহাপৎসু চ সর্ব্বদা॥ নৈব যোজ্যো রামমন্ত্রঃ কেবলং মোক্ষসাধকঃ॥

ব্যাখ্যা। বৈষ্ণবে পীঠে (যন্ত্রে) অভ্যর্চ্চ্য (পূজয়িত্বা) অক্ষরলক্ষকং (মন্ত্রবর্ণং লক্ষসংখ্যকং) জপেৎ। তদ্দশাংশেন (লক্ষদশাংশেন অযুতসংখ্যকেন) পায়সাৎ (পয়সা) তর্পয়েৎ। তদ্দশাংশতঃ (সহস্রসংখ্যকেন) (গোঘৃতেনৈব) জুহুয়াৎ। তদ্দশাংশতঃ (হোমদশাংশতঃ শতং ব্রাহ্মণান্ ইত্যর্থঃ) ভোজয়েৎ। ততঃ (অনন্তরং) মূলমন্ত্রেণ বিধিবৎ পুষ্পাঞ্জলিং চরেৎ (দদ্যাৎ ইত্যর্থঃ) ততঃ সিদ্ধমনুঃ (সিদ্ধমন্ত্রঃ) ভূত্বা মুনিঃ জীবন্মুক্তঃ (জীবন্ সন্ মুক্তঃ) ভবেৎ। যূনং (যুবানং) বরবধূঃ ইব এনং (মুক্তপুরুষম্) অণিমাদিঃ (বিভূতিঃ) ভজতি (সেবতে)। ঐহিকেষু (ইহলোকে লভ্যফলেষু) কার্য্যেষু চ মহাপৎসু চ সর্ব্বদা রামমন্ত্রঃ নৈব যোজ্যঃ (ন জপনীয়ঃ) যতঃ অয়ং মন্ত্রঃ] কেবলং মোক্ষসাধকঃ।

অনুবাদ। এইরূপে বৈষ্ণব যন্ত্রে পূজা করিয়া

লক্ষ মন্ত্রজপ করিবে। এই জপের দশাংশসংখ্যায় দুগ্ধ দ্বারা তর্পণ, তাহার দশাংশসংখ্যায় গোঘৃত দ্বারা হোম ও তাহার দশাংশসংখ্যায় ব্রাহ্মণ ভোজন করাইবে। ইহার পরে মূল মন্ত্র দ্বারা যথাবিধি পুষ্পাঞ্জলি প্রদান করিবে। এইরূপে ক্রিয়ার অনুষ্ঠান করিলে যখন মন্ত্র সিদ্ধ হইবে, তখন সেই সিদ্ধমন্ত্র মুনি জীবন্মুক্ত হইতে পারিবেন। বরবধূ যেরূপ যুবকের অনুসরণ করে, অণিমাদি বিভূতিও সেইরূপ জীবন্মুক্ত পুরুষের অনুসরণ করে; অর্থাৎ অনিচ্ছায়ও জীবন্মুক্ত পুরুষের অণিমাদি ঐশ্বর্য্য করায়ত্ত হয়। ইহলোকের সুখসাধনের নিমিত্ত বা সর্ব্বদা আপৎ নিবারণের জন্য রামমন্ত্রের প্রয়োগ করিবে না, কারণ এই মন্ত্র মুক্তি-সাধন। সুতরাং সাধারণ লোকব্যবহারে ইহা প্রয়োজ্য নহে।

৩। ঐহিকে সমনুপ্রাপ্তে মাং স্মরেদ্রামসে কম্॥ যো রামং সংস্মরেন্নিত্যং ভক্ত্যা মনুপরায়ণঃ তস্যাহমিষ্টসংসিদ্ধ্যৈ দীক্ষিতোঽস্মি মুনীশ্বরাঃ॥ বা

তার্থং প্রদাস্যামি ভক্তানাং রাঘবস্য তু! সর্ব্বথা জাগরূকোঽস্মি রামকার্য্যধুরন্ধরঃ॥

ইতি রামরহস্যোপনিষদি চতুর্থোঽধ্যায়ঃ॥

ব্যাখ্যা। ঐহিকে (ইহলৌকিকে ভয়ে) সমনুপ্রাপ্তে [সতি] রামসেবকং মাং (হনূমন্তং) স্মরেৎ। যঃ মন্ত্রপরায়ণঃ (মন্ত্রৈকশরণঃ সন্) নিত্যং (অহরহঃ) ভক্ত্যা রামং সংস্মরেৎ, হে মুনীশ্বরাঃ? (মুনীন্দ্রাঃ) তস্য ইষ্টসংসিদ্ধ্যৈ (অভিলাষসংপূর্ত্ত্যৈ) অহং দীক্ষিতঃ (গৃহীতব্রতঃ) অস্মি। রাঘবস্য তু ভক্তানাং বাঞ্ছিতার্থং প্রদাস্যামি, [যতঃ] রামকার্য্যধুরন্ধরঃ (রামকার্য্যভারবাহী সন্) সর্ব্বদা [অহং] জাগরূকঃ (প্রতীক্ষমানঃ) অস্মি।

অনুবাদ। ইহলোকে ভয় উপস্থিত হইলে আমাকে স্মরণ করিবে, কারণ আমি তাঁহার সেবক। যে ব্যক্তি একমাত্র রামমন্ত্রের শরণাপন্ন হইয়া সর্ব্বদা ভক্তির সহিত শ্রীরামচন্দ্রের অনুধ্যান করে, হে মুনীন্দ্রগণ, আমি তাহার অভিলাষপূরণের জন্য এই ব্রত গ্রহণ করিয়াছি যে, শ্রীরামচন্দ্রের ভক্তগণের অভিলষিত বিষয় প্রদান করিব, কারণ রামচন্দ্রের

কার্য্যভার আমার উপরেই ন্যস্ত সুতরাং সর্ব্বদা আমি তাহারই প্রতীক্ষা করিতেছি।

শ্রীরামরহস্য উপনিষদের চতুর্থ অধ্যায় সমাপ্ত।

পঞ্চম অধ্যায়।

১। সনকাদ্যা মুনয়ো হনূমন্তং পপ্রচ্ছুঃ। শ্রীরামমন্ত্রার্থমনুব্রূহীতি। হনূমান্ হোবাচ। সর্ব্বেষু রামমন্ত্রেষু মন্ত্ররাজঃ ষড়ক্ষরঃ। একধা দ্বিবিধা ত্রেধা চতুর্ধা পঞ্চধা তথা॥ ষট্‌সপ্তধাষ্টধা চৈব বহুধায়ং ব্যবস্থিতঃ। ষড়ক্ষরস্য মাহাত্ম্যং শিবো জানাতি তত্ত্বতঃ॥

ব্যাখ্যা। (সনকাদ্যাঃ মুনয়ঃ হনূমন্তং পপ্রচ্ছুঃ। শ্রীরামমন্ত্রার্থম্ অনুব্রূহি ইতি। হনূমান্ হ (নিশ্চয়) উবাচ। সর্ব্বেষু রামমন্ত্রেষু [মধ্যে] ষড়ক্ষরঃ মন্ত্ররাজঃ (মন্ত্রশ্রেষ্ঠঃ)। একধা (একপ্রকারঃ) দ্বিবিধা (দ্বেধা দ্বিপ্রকারঃ) ত্রেধা, চতুর্দ্ধা পঞ্চধা, তথা ষট্‌সপ্তধা, (ষড়্ধা সপ্তধা চ এব [ইত্থম্] অয়ং (ষড়ক্ষরমন্ত্রঃ) বহুধা ব্যবস্থিতঃ। ষড়ক্ষরস্য মাহাত্ম্যং তত্ত্বতঃ (যথার্থতঃ) শিবঃ জানাতি [নান্যঃ]।

অনুবাদ। সনকাদি ঋষিগণ হনূমানকে

বলিয়া ছিলেন যে, :আপনি অনুগ্রহপূর্ব্বক শ্রীরাম-মন্ত্রের অর্থ আমাদিগকে বলুন। তখন হনূমান্ বলিলেন, সকল রামমন্ত্রের মধ্যে ষড়ক্ষর মন্ত্রই সর্ব্বশ্রেষ্ঠ। এই ষড়ক্ষর মন্ত্র একধা দ্বেধা, ত্রেধা, চতুর্ধা, পঞ্চধা, ষড়্ধা, সপ্তধা এইরূপ বহুপ্রকারে অবস্থিত। ইহার প্রকৃত মাহাত্ম্য একমাত্র শিব জানেন।

২। শ্রীরামমন্ত্ররাজস্য সম্যগর্থোঽয়মুচ্যতে। নারায়ণাষ্টাক্ষরে চ শিবপঞ্চাক্ষরে তথা। সার্থকার্ণ-দ্বয়ং রামো রমন্তে যত্র যোগিনঃ॥

ব্যাখ্যা। শ্রীরামমন্ত্ররাজস্য অয়ম্ অর্থঃ সম্যক্ উচ্যতে। নারায়ণাষ্টাক্ষরে (ওঁ নমো নারায়ণায় ইত্যষ্টাক্ষরে মন্ত্রে) তথা শিবপঞ্চাক্ষরে (নমঃ শিবায়, ইতি পঞ্চাক্ষরমন্ত্রে) চ [অনয়োঃ মন্ত্রয়োঃ মধ্যে যৎ সার্থকাং বর্ত্ততে তস্মাৎ অপি] রামঃ [ইতি] সার্থকার্ণদ্বয়ং (রাম ইতি মন্ত্রাক্ষরদ্বয়ং সার্থকং) যত্র যোগিনঃ রমন্তে [সঃ রামঃ ইত্যন্বর্থশ্রয়ণাৎ ইতি ভাবঃ]।

অনুবাদ। শ্রীরামমন্ত্ররাজের অর্থ সম্যক্-রূপে বলিতেছি। ‘ওঁ নমো নারায়ণায়” নারায়ণের এই অষ্টাক্ষর মন্ত্রে এবং “নমঃ শিবায়” শিবের এই

পঞ্চাক্ষর মন্ত্রে, যে সার্থকতা, তদপেক্ষাও 'রাম" এই মন্ত্রাক্ষরদ্বয়ে সার্থকতা অধিক, কারণ যোগিগণ যাঁহাকে পাইয়া পরম তৃপ্তি অনুভব করেন, তিনিই রাম। ২

৩। রকারো বহ্নিবচনঃ প্রকাশঃ পর্যাবস্যতি ॥ সচ্চিদানন্দরূপোঽস্য পরমাত্মার্থ উচ্যতে। ব্যঞ্জনং নিষ্কলং ব্রহ্ম প্রাণো মায়েতি চ স্বরঃ ॥ ব্যঞ্জনৈঃ স্বরসংযোগং বিদ্ধি তৎপ্রাণযোজনম্। রেফো জ্যোতি র্ময়ঃ তস্মিন্ কৃতমাকারযোজনম্ ॥ মকারোঽভ্যু দয়ার্থত্বাৎ স মায়েতি চ কীর্ত্ত্যতে। সোঽয়ং বীজ স্বকং যস্মাৎ সমায়ং ব্রহ্ম চোচ্যতে ॥

ব্যাখ্যা। রকারঃ বহ্নিবচনঃ (বহ্নিবাচকঃ) প্রকাশঃ পর্যা বস্যতি (প্রকাশঃ ফলমিত্যর্থঃ)। অস্য (রকারস্য) সচ্চিদানন্দ রূপঃ পরমাত্মা অর্থঃ উচ্যতে। ব্যঞ্জনং (ব্যঞ্জনবর্ণঃ) নিষ্কল (নিরংশং) ব্রহ্ম, স্বরঃ (স্বরবর্ণঃ) প্রাণঃ (প্রাণস্বরূপঃ চ ইতি। মায়া চ ইতি। ব্যঞ্জনৈঃ [সহ] স্বরসংযোগং ত প্রাণযোজনং (ব্রহ্মপ্রাণযোজনং) বিদ্ধি (জানীহি)। রে জ্যোতির্ময়ঃ তস্মিন্ আকারযোজনং কৃতং [চেৎ] অভ্যুদয়

র্থত্বাৎ স মকারঃ মায়া ইতি চ কীর্ত্ত্যতে। সঃ (রাম ইতি স্বরূপঃ) যস্মাৎ স্বকং (স্বকীয়ং) বীজং [তস্মাৎ] অয়ং (রাম-স্বরূপঃ) সমায়ং (মায়য়া সহ বর্ত্তমানং) ব্রহ্ম চ উচ্যতে।

অনুবাদ। রকার বহ্নির বাচক সুতরাং প্রকাশ উহার ফল, বস্তুতঃ রকারের অর্থ সচ্চিদানন্দ-স্বরূপ পরব্রহ্ম। ব্যঞ্জনবর্ণ নিষ্কল ব্রহ্মের বোধক, স্বরবর্ণ প্রাণ এবং মায়া উভয়ের বাচক, সুতরাং ব্যঞ্জন বর্ণের সহিত স্বরবর্ণের যোগ অর্থই ব্রহ্ম ও প্রাণের একত্র সমাবেশ জানিবে। রেফ (রকার) বহ্নিবোধক বলিয়া জ্যোতির্ম্ময়, উহাতে আকার (স্বর) যোগ করিলে জ্যোতির্ম্ময় ব্রহ্মের সহিত প্রাণোপাধিক আত্মার সমাবেশ হয়; রাম শব্দের অন্তর্গত মকার অভ্যুদয়ার্থের প্রকাশক, সুতরাং মায়া নামে কীর্ত্তিত। অতএব যেহেতু 'রাম' এই রূপ স্বকীয় বীজমন্ত্র, সেই জন্য রাম মায়োপহিত চৈতন্যনামে অভিহিত।

৮। স বিন্দুঃ সোঽপি পুরুষঃ শিবসূর্য্যেন্দুরূপবান্।
জ্যোতিস্তস্য শিখা রূপং নাদঃ স প্রকৃতির্ম্মতঃ॥
প্রকৃতিঃ পুরুষশ্চোভৌ সমায়াদ্ব্রহ্মণঃ স্মৃতৌ। বিন্দু-

নাদাত্মকং বীজং বহ্নিসোমকলাত্মকম্ ॥ অগ্নীষোমাত্মকং রূপং রামবীজে প্রতিষ্ঠিতম্ ॥

ব্যাখ্যা। স বিন্দুঃ, শিবসূর্য্যেন্দুরূপবান্ (শিবসূর্য্যচন্দ্রসদৃশঃ) পুরুষঃ সোঽপি। তস্য (পুরুষস্য) জ্যোতিঃ শিখারূপং (শিখাসদৃশং) নাদঃ (ধ্বনিঃ) সপ্রকৃতিঃ (প্রকৃত্যা সহ বর্ত্তমানঃ) মতঃ (কথিতঃ)। প্রকৃতিঃ পুরুষশ্চ উভৌ সমায়াৎ ব্রহ্মণঃ স্মৃতৌ। বিন্দুনাদাত্মকং (বিন্দুনাদস্বরূপং) বীজং বহ্নিসোমকলাত্মকং (বহ্নিচন্দ্রকলাস্বরূপং) [তস্য] রূপং অগ্নীষোমাত্মকম্ (অগ্নিচন্দ্রস্বরূপং) [তৎ] রামবীজে (শ্রীরামবীজমধ্যে) প্রতিষ্ঠিতম্ (অবস্থিতমিত্যর্থঃ)।

অনুবাদ। তিনি বিন্দুস্বরূপ এবং শিব, সূর্য্য, চন্দ্রসদৃশ পুরুষও তিনিই। তাঁহার জ্যোতিঃ শিখাস্বরূপ এবং স্বয়ং প্রকৃতির সহিত বর্ত্তমান থাকিয়া নাদরূপে অভিব্যক্ত। প্রকৃতি ও পুরুষ উভয়েই মায়ার সহিত অবস্থিত ব্রহ্ম হইতে অভিব্যক্ত হইয়াছেন। বিন্দু ও নাদস্বরূপ বীজমন্ত্র অগ্নি ও চন্দ্রকলাসদৃশ, তাঁহার রূপও অগ্নি চন্দ্রস্বরূপ এবং তিনি স্বয়ং রামবীজে প্রতিষ্ঠিত।

৫। যথৈব বটবীজস্থঃ প্রাকৃতশ্চ মহান্ দ্রুমঃ ॥ তথৈব রামবীজস্থং জগদেতচ্চরাচরম্। বীজোক্তমুভয়ার্থত্বং রামনামনি দৃশ্যতে ॥ বীজং মায়াবিনির্মুক্তং পরং ব্রহ্মেতি কীর্ত্ত্যতে। মুক্তিদং সাধকানাং চ মকারো মুক্তিদো মতঃ ॥ মারূপত্বাদতো রামো ভুক্তিমুক্তিফলপ্রদঃ ॥

ব্যাখ্যা। [দৃষ্টান্তমাহ] যথা প্রাকৃতঃ মহান্ দ্রুমঃ (বৃক্ষঃ) বটবীজস্থঃ এব (বটবীজাভ্যন্তরে এব বর্ত্ততে) তথা এতৎ চরাচরং জগৎ রামবীজস্থম্ এব [বর্ত্ততে]। রামনামনি বীজোক্তম্ উভয়ার্থত্বং (মায়াব্রহ্মার্থত্বং) দৃশ্যতে, মায়াবিনির্মুক্তং (মায়ারহিতং) বীজং পরং ব্রহ্ম ইতি কীর্ত্ত্যতে [মনীষিভিরিতি শেষঃ]। [তৎবীজং] সাধকানাং মুক্তিদং চ [যতঃ] মকারঃ (রামবীজান্তর্গতঃ) মুক্তিদঃ মতঃ (কথিতঃ) মারূপত্বাৎ (লক্ষ্মীস্বরূপত্বাৎ [ভুক্তিপ্রদশ্চ] অতঃ রামঃ ভুক্তিমুক্তিফলপ্রদঃ [ভবতি, ভোগং মুক্তিঞ্চ প্রযচ্ছতীত্যর্থঃ]।

অনুবাদ। যেরূপ পরিদৃশ্যমান প্রকাণ্ড বটবৃক্ষ সূক্ষ্মরূপে ক্ষুদ্র বটবীজের অভ্যন্তরেই বর্ত্তমান থাকে, সেইরূপ এই চরাচর জগৎ রামবীজাভ্যন্তরেই

বর্ত্তমান রহিয়াছে। রামনামে এই বীজোক্ত মায়া ও ব্রহ্ম এই উভয় ভাবই দেখিতে পাওয়া যায়। আবার এই রামবীজই মায়াবিনির্ম্মুক্ত হইলে পরম ব্রহ্ম বলিয়া কীর্ত্তিত হন। তখন ইহা সাধকের মুক্তি প্রদান করিয়া থাকে, কারণ রাম-বীজান্তর্গত মকার মুক্তিপ্রদ এবং ইহা লক্ষ্মীস্বরূপ বলিয়া ভোগপ্রদও বটে, সুতরাং রাম ভোগ ও মুক্তি উভয়ই প্রদান করিয়া থাকেন।

৬। আদ্যো রা তৎপদার্থঃ স্যান্মকারস্ত্বংপদার্থবান্॥ তয়োঃ সংযোজনমসীত্যর্থে তত্ত্ববিদো বিদুঃ। নমস্ত্বমর্থো বিজ্ঞেয়ো রামস্তৎপদমুচ্যতে॥ অসীত্যর্থে চতুর্থী স্যাদেবং মন্ত্রেষু যোজয়েৎ। তত্ত্বমস্যাদিবাক্যং তু কেবলং মুক্তিদং যতঃ॥ ভুক্তিমুক্তিপ্রদং চৈতত্ত্ব্যস্মাদপ্যতিরিচ্যতে॥

ব্যাখ্যা। আদ্যঃ (প্রথমতঃ) 'রা' তৎপদার্থঃ (তৎপদ অর্থঃ তৎপদপ্রতিপাদ্যঃ ব্রহ্মস্বরূপঃ ইত্যর্থঃ) স্যাৎ, মকারঃ ত্বংপদার্থস্বরূপঃ) তয়োঃ (রা-ম শব্দয়োঃ সংযোজনং তত্ত্ববি. (তত্ত্বজ্ঞাঃ) অসি ইত্যর্থে বিদুঃ (জানন্তি)। [অথবা] নম (নমঃ শব্দঃ) ত্বমর্থঃ বিজ্ঞেয়ঃ, রামঃ তৎপদম্ উচ্যতে, অ.

চার্থে চতুর্থী (বিভক্তিঃ) স্যাৎ মন্ত্রেষু এবম্ (অর্থং) যোজয়েৎ।
; তত্ত্বমস্যাদিবাক্যং (এতদ্‌বাক্যজন্যজ্ঞানমিত্যর্থঃ) কেবলং
ক্তিদং [অতঃ] তস্মাৎ অপি (তত্ত্বমস্যাদিবাক্যাদপি)
ক্তিমুক্তিপ্রদং (ভোগমোক্ষোভয়প্রদায়কং) এতৎ (রাম-
ন্ত্রম্) অতিরিচ্যতে (বিশিষ্যতে)।

অনুবাদ। প্রথমতঃ 'তৎপদপ্রতিপাদ্য
|, 'ত্বং' পদপ্রতিপাদ্য 'ম' এবং অসি এই অর্থে রা
ন এই উভয়ের সংযোগ হইয়াছে বলিয়া তত্ত্ববিদ্‌
বলেন ; অর্থাৎ রাম' শব্দ 'তত্ত্বমসি' এই বেদান্ত-
তিপাদ্য মহাবাক্যও প্রতিপাদন করিতেছে।
বা নমঃ শব্দ 'ত্বং' পদের অর্থ, রাম তৎপদের এবং
তুর্থী বিভক্তি অসি এই পদের অর্থ প্রকাশ করি-
তেছে। অর্থাৎ 'রামায় নমঃ' এই রাম মন্ত্রও 'তত্ত্ব-
মসি' এই মহাবাক্যের বোধক, সুতরাং রামমন্ত্রে
পূর্বোক্ত অর্থের যোজনা করিবে। শুধু তাহাই নহে,
তত্ত্বমস্যাদি বাক্য জন্য জ্ঞান কেবলমাত্র মুক্তি প্রদান
করে, কিন্তু রামমন্ত্র ভোগ ও মুক্তি উভয়ই প্রদান
করিয়া থাকে ; সুতরাং রামমন্ত্র তত্ত্বমস্যাদি বাক্য
অপেক্ষাও শ্রেষ্ঠ।

৭। মনুষ্যেষু সর্ব্বেষামধিকারোহস্তি দেহিনাম্। মুমুক্ষূণাং বিরক্তানাং তথা চাশ্রমবাসিনাম্। প্রণবত্বাৎ সদা ধ্যেয়ো যতীনাং চ বিশেষতঃ। রামমন্ত্রার্থবিজ্ঞানী জীবন্মুক্তো ন সংশয়ঃ॥

ব্যাখ্যা। এতেষু পূর্ব্বোক্তেষু) মন্ত্রেষু (মন্ত্রেষু) বিরক্তানাং (বিষয় বাসনা রহিতানাং) মুমুক্ষূণাং (মোক্তুমিচ্ছূনাং) তথা সর্ব্বেষাম্ আশ্রমবাসিনাং দেহিনাং (শরীরিণাম্) অধিকারঃ অস্তি। প্রণবত্বাৎ (প্রণবস্বরূপত্বাদিত্যর্থঃ) যতীনাং চ বিশেষতঃ ধ্যেয়ঃ। রামমন্ত্রার্থবিজ্ঞানী (রামমন্ত্রার্থতত্ত্বজ্ঞঃ) জীবন্মুক্তঃ (জীবন্ সন্ মুক্তঃ) [ভবতি অত্র] সংশয়ঃ ন [অস্তীতি শেষঃ]।

অনুবাদ। যাঁহারা বিষয়বাসনা পরিত্যাগ করিয়াছেন, যাঁহারা মুক্তি অভিলাষী, যাঁহারা ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বা বানপ্রস্থ আশ্রমাবলম্বী, তাঁহাদের, এমন কি দেহধারী মাত্রেরই এই রামমন্ত্রে অধিকার আছে। এই মন্ত্র প্রণবতুল্য বলিয়া সন্ন্যাসিগণেরও বিশেষভাবে ধ্যানযোগ্য। ফলকথা—যিনি রামমন্ত্রের তত্ত্বার্থ অবগত হইয়াছেন, তিনিই জীবন্মুক্ত, এবিষয়ে অনুমাত্রও সংশয় নাই।

৮। য ইমামুপনিষদমধীতে সোঽগ্নিপূতো ভবতি। স বায়ুপূতো ভবতি। সুরাপানাৎ পূতো ভবতি। স্বর্ণস্তেয়াৎ পূতো ভবতি। ব্রহ্মহত্যাৎ পূতো ভবতি। স রামমন্ত্রাণাং কৃতপুরশ্চরণো রামচন্দ্রো ভবতি। তদেতদৃচাপ্যুক্তম্। সদা রামোঽহমস্মীতি তত্ত্বতঃ প্রবদন্তি যে। ন তে সংসারিণো নূনং রাম এব ন সংশয়ঃ॥

ওঁ সত্যমিত্যুপনিষৎ॥ ওঁ ভদ্রং কর্ণেভিরিতি শান্তিঃ॥ ইতি শ্রীরামরহস্যোপনিষৎ সমাপ্তা॥

ব্যাখ্যা। যঃ (জনঃ) ইমাং (রামরহস্যনাম্নীম্) উপনিষদম্ অধীতে সঃ অগ্নিপূতঃ (অগ্নিনা পবিত্রঃ ইব) ভবতি। স বায়ুপূতঃ ভবতি। সুরাপানাৎ (সুরাপানজনিতপাপাৎ) পূতঃ ভবতি। স্বর্ণস্তেয়াৎ (স্বর্ণাপহরণজপাপাৎ) পূতঃ ভবতি ব্রহ্মহত্যাৎ (ব্রাহ্মণহননজপাপাৎ) পূতঃ ভবতি। সঃ [যদি] রামমন্ত্রাণাং কৃতপুরশ্চরণঃ [স্যাৎ তদা] রামচন্দ্রঃ (রামচন্দ্রতুল্যঃ) ভবতি। তৎ এতৎ [সর্ব্বং] ঋচা (ঋঙ্-মন্ত্রেণ) অপি উক্তং [তদ্ যথা] অহং রামঃ অস্মি (ভবামি) ইতি সদা যে তত্ত্বতঃ (যথার্থতঃ) প্রবদন্তি তে নূনং (নিশ্চিতং) সংসারিণঃ ন [ভবন্তি] রামঃ এব [তত্র] সংশয়ঃ ন [অস্তীতি শেষঃ]।

অনুবাদ। যে ব্যক্তি এই রামরহস্য-নামক উপনিষৎ অধ্যয়ন করেন, তিনি অগ্নিসংস্পর্শে পবিত্রের ন্যায় পবিত্র হন, তিনি বায়ুপূত হন, তিনি সুরাপানজনিত পাপ হইতে মুক্তিলাভ করেন, তিনি ব্রাহ্মণসুবর্ণাপহরণ এবং ব্রহ্মহত্যাজনিত পাপ হইতে মুক্তিলাভ করেন। তিনি যদি রামমন্ত্রের পুরশ্চরণ করেন, তবে রামচন্দ্রতুল্য হইতে পারেন। এই কথা ঋকৃমন্ত্রদ্বারাও অভিহিত হইয়াছে। সেই মন্ত্রটি এই.— আমিই রাম,এই কথা যিনি যথার্থরূপে অবগত হইয়া বলিতে পারেন, তিনি নিশ্চয়ই সাধারণ সংসারী নহেন, তিনিই রামচন্দ্র, ইহাতে কোনই সংশয় নাই।

ওঁ সত্যম্ ইতি উপনিষৎ [সমাপ্তা]।

ওঁ ভদ্রং কর্ণেভিঃ। এই মন্ত্র দ্বারা শান্তি পাঠ করিবে।

শ্রীরামরহস্যোপনিষৎ সমাপ্ত।

শাস্ত্র প্রকাশের বিরাট অনুষ্ঠান।

ঠিকানা—১২ নং হরীতকী বাগান লেন, কলিকাতা।

তালপাতায়

সমুদয় গ্রন্থই পুঁথির আকারে, বরাত বিহীন
ও বড় অক্ষরে

১। শ্রীশ্রীচণ্ডী (পূজাবিধি, অর্গল, কীলকপ্রভৃতি স্তব সহ)	১৲
২। ঐ নাগরী অক্ষরে	১৲
৩। রুদ্রচণ্ডী	।৵৹
৪। গীতা	১৲
৫। শ্রীশ্রীদুর্গাপূজা পদ্ধতি (কালিকাপুরাণোক্ত)	১॥৹
৬। শ্রীশ্রীদুর্গাপূজা পদ্ধতি (দেবীপুরাণোক্ত)	১॥৹
৭। শ্রীশ্রীদুর্গাপূজা পদ্ধতি (বৃহন্নন্দিকেশ্বর)	১॥৹

৮। কালীপূজা পদ্ধতি (শ্মশানকালী, দক্ষিণাকালী, রক্ষাকালীপ্রভৃতি সকল কালীপূজাই আছে)

৯। জগদ্ধাত্রীপূজা পদ্ধতি

১০। পঞ্চদেবীপূজাপদ্ধতি (লক্ষ্মী, সরস্বতী, শীতলা, মনসা, ও গঙ্গা)

১১। রাসদোলযাত্রা পদ্ধতি

১২। অন্নপূর্ণাপূজাপদ্ধতি

১৩। ব্রতমালা (প্রসিদ্ধ সমুদয় ব্রত সন্নিবেশিত)

১৪। ভবদেব

(সামবেদীয় দশসংস্কার পদ্ধতি)

১৫। পশুপতি

(যজুর্ব্বেদীয় দশসংস্কার পদ্ধতি)

১৬। সন্ধ্যা (সামবেদীয়)

১৭। সন্ধ্যা (যজুর্ব্বেদীয়

১৮। সন্ধ্যা (ঋগ্বেদীয়)